প্রভাবশালী ব্রাহ্মণ! তোমার বিবাহের পর হইতে সকল লোকেই তোমাকে দেখিবে যে, তোমার বানরের রূপ হইয়াছে, নিজের রূপ আর নাই' ॥২৫॥

সেই মাতুল নারদ পর্ব্বতের সেই কথা শুনিয়া ক্রোধবশতঃ ভাগিনেয় পর্ব্বতকেও অভিসম্পাত করিলেন—॥২৬॥

'পর্ব্বত! তুমি তপস্যা, ব্রহ্মচর্য্য, সত্য ও জিতেন্দ্রিয়শালী হইয়াও এবং সর্ব্বদা ধর্ম্মচারী থাকিয়াও আর স্বর্গে যাইতে পারিবে না' ॥২৭॥

ক্রুদ্ধ ও অসহিষ্ণুচিত্ত নারদ এবং পর্ব্বতমুনি এইরূপ পরস্পর অভিসম্পাত করিয়া, ক্রুদ্ধ দুইটা উত্তম হস্তীর ন্যায় পরস্পর বিভিন্নস্থানে গমন করিলেন ॥২৮॥

ভরতনন্দন! ক্রমে মহামতি পর্ব্বত সমগ্র পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন; তৎকালে পৃথিবীর লোকেরা তাঁহার তেজে তাঁহার প্রতি সম্মান করিতে থাকিল ॥২৯॥

তাহার পর, ব্রাহ্মণশ্রেষ্ঠ নারদ ধর্ম্ম অনুসারে সেই অনিন্দ্যসুন্দরী সৃঞ্জয়নন্দিনী সুকুমারীকে ভার্য্যারূপে লাভ করিলেন ॥৩০॥

সুকুমারী চ দেবর্ষিং বানরপ্রতিমাননম্ ।
নৈবাবমন্যত তদা প্রীতিমত্যেব চাভবৎ ॥৩২॥
উপতস্থে চ ভর্ত্তারং ন চান্যং মনসাপ্যগাৎ ।
দেবং মুনিং বা যক্ষং বা পতিত্বে পতিবৎসলা ॥৩৩॥
ততঃ কদাচিদ্‌ভগবান্ পর্ব্বতোঽনুচচার হ ।
বনং বিরহিতং কিঞ্চিত্তত্রাপশ্যৎ স নারদম্ ॥৩৪॥
ততোঽভিবাদ্য প্রোবাচ নারদং পর্ব্বতস্তদা ।
ভবান্ প্রসাদং কুরুতাৎ স্বর্গদেশায় মে প্রভো ! ॥৩৫॥
তমুবাচ ততো দৃষ্ট্বা পর্ব্বতং নারদস্তথা ।
কৃতাঞ্জলিমুপাসীনং দীনং দীনতরঃ স্বয়ম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

সেতি। শাপমনতিক্রম্যেতি যথাশাপং পর্ব্বতশাপাদ্বানররূপমপীত্যর্থঃ। পাণিগ্রহণমন্ত্রাণাম্ "অঘোরচক্ষুরপতিঘ্নী" ইত্যাদীনাং নিয়োগাদেব দদর্শ ন পুনস্তৎসৌন্দর্য্যাদিত্যাশয়ঃ ॥৩১॥

তৎ কিং বানরদর্শনেন তস্যা ঘৃণৈবাসীদিত্যাহ সুকুমারীতি। পতিব্রতারূপত্বাদিত্যাশয়ঃ ॥৩২॥

উপেতি। উপতস্থে উপাসাঞ্চক্রে। পূর্ব্ববদেব ভাবঃ ॥৩৩॥

তত ইতি। বিরহিতং মানুষান্তরবিহীনম্ ॥৩৪॥

তত ইতি। প্রসাদং মদনুগ্রহম্, কুরুতাৎ করোতু, স্বর্গদেশায় স্বর্গলোকগমনায় ॥৩৫॥

তমিতি। উপাসীনমনুনয়ন্তম্, দীনং কাতরম্ ॥৩৬॥

কিন্তু সেই সুকুমারী পাণিগ্রহণ মন্ত্রের অর্থ অনুসরণ করিয়াই পর্ব্বতমুনির অভিশাপে বানররূপ প্রাপ্ত নারদকে দর্শন করিলেন ॥৩১॥

তৎকালে সুকুমারী বানরবদন নারদকে দেখিয়া, অবজ্ঞা ত করিলেনই না, বরং প্রীতিমতীই হইলেন ॥৩২॥

পতিবৎসলা সুকুমারী ভর্ত্তা নারদেরই সেবা করিতে লাগিলেন; কিন্তু মনে মনেও পতিরূপে অন্য কোন দেবতা, মুনি কিংবা যক্ষকে ভাবেন নাই ॥৩৩॥

তাহার পর, কোন সময়ে ভগবান্ পর্ব্বতমুনি কোন মনুষ্যবিহীন বনমধ্যে বিচরণ করিতেছিলেন, এমন সময়ে নারদমুনিকে দর্শন করিলেন ॥৩৪॥

তাহার পর, পর্ব্বতমুনি তখনই যাইয়া নারদকে অভিবাদন করিয়া বলিলেন— 'প্রভাবশালী মাতুল ! পুনরায় স্বর্গলোকে গমন করিবার জন্য আপনি আমার প্রতি অনুগ্রহ করুন' ॥৩৫॥

---

(৩৫)···স্বর্গাদেশায়···বঙ্গ বর্দ্ধ নি।

ত্বয়াহং প্রথমং শপ্তো বানরস্ত্বং ভবিষ্যসি।
ইত্যুক্তেন ময়া পশ্চাচ্ছপ্তস্ত্বমপি মৎসরাৎ ॥৩৭॥
অদ্যপ্রভৃতি বৈ বাসং স্বর্গে নাবাপ্স্যসীতি বৈ।
তব নৈতদ্ধি সদৃশং পুত্রস্থানে হি মে ভবান্ ॥৩৮॥
নিবর্ত্তয়েতাং তৌ শাপাবন্যোন্যেন তদা মুনী।
শ্রীসমৃদ্ধং তদা দৃষ্ট্বা নারদং দেবরূপিণম্ ॥৩৯॥
সুকুমারী প্রদুদ্রাব পরপত্যভিশঙ্কয়া।
তাং পর্ব্বতস্ততো দৃষ্ট্বা প্রদ্রবন্তীমনিন্দিতাম্ ॥৪০॥
অব্রবীত্তব ভর্ত্তৈব নাত্র কার্য্যা বিচারণা।
ঋষিঃ পরমধর্ম্মাত্মা নারদো ভগবান্ প্রভুঃ ॥৪১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ত্বয়েতি। মৎসরাৎ দ্বেষাৎ। অতস্ত্বমেব প্রথমং তং শাপমপসারয় পশ্চাদহমপসারয়িষ্যামীতি ভাবঃ ॥৩৭॥

অদ্যেতি। এতৎ মাং প্রতি শাপদানম্, পুত্রস্থানে বর্ত্ততে ভাগিনেয়ত্বাৎ ॥৩৮॥

নীতি। নিবর্ত্তয়েতামিত্যড়াগমাভাব আর্যঃ। শ্রীসমৃদ্ধং মানুষকান্তিসম্পন্নম্। প্রদুদ্রাব তস্মাৎ স্থানাৎ দ্রুতমপসসার। প্রভুস্তপঃপ্রভাবশালী ॥৩৯—৪১॥

পর্ব্বতমুনি সেইভাবে কৃতাঞ্জলি ও কাতর হইয়া অনুনয় করিতে লাগিলে, নারদ তাঁহাকে দেখিয়া নিজেও অত্যন্ত দুঃখিত হইয়া বলিলেন—॥৩৬॥

'পর্ব্বত! 'তুমি বানর হইবে' এই কথা বলিয়া তুমিই প্রথমে আমাকে অভিসম্পাত করিয়াছিলে; পরে আমিও তোমাকে বিদ্বেষবশতঃ অভিসম্পাত করিয়াছি—॥৩৭॥

'আজ হইতে তুমি স্বর্গে বাস করিতে পারিবে না'। আমার প্রতি এইরূপ অভিসম্পাত করা তোমার উচিত হয় নাই। কারণ, তুমি আমার পুত্রস্থানীয়' ॥৩৮॥

তখন সেই নারদ ও পর্ব্বতমুনি পরস্পর শাপের নিবৃত্তি করিলেন। পরে সুকুমারী নারদের মানুষাকৃতি দেখিয়া পরপুরুষ আশঙ্কা করিয়া বেগে সে স্থান হইতে অপসৃত হইতে লাগিলেন। সেই সময় পর্ব্বতমুনি অনিন্দ্যসুন্দরী সুকুমারীকে অপসৃত হইতে দেখিয়া বলিলেন—'ইনি তোমার ভর্ত্তাই বটেন, এবিষয়ে তুমি কোন আশঙ্কা করিও না। ইনি পরম ধর্ম্মাত্মা ও তপঃপ্রভাবশালী ভগবান্ নারদ ঋষি' ॥৩৯—৪১॥

---

(৩৮)···নৈতদ্বিসদৃশম্···বঙ্গ বৰ্দ্ধ নি। (৪০)···প্রাদ্রবন্তীম্···পি।

তবৈবাভেদ্যহৃদয়ো মা তেঽভূদত্র সংশয়ঃ।
সানুনীতা বহুবিধং পর্ব্বতেন মহাত্মনা ॥৪২॥
শাপদোষঞ্চ তং ভর্ত্তুঃ শ্রুত্বা প্রকৃতিমাগতা।
পর্ব্বতোঽথ যযৌ স্বর্গং নারদোঽভ্যগমদ্‌গৃহান্ ॥৪৩॥ (যুগ্মকম্)

বাসুদেব উবাচ।

প্রত্যক্ষকর্ত্তা সর্ব্বস্য নারদো ভগবানৃষিঃ।
এষ বক্ষ্যতি তে পৃষ্টো যথাবৃত্তং নরোত্তম! ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে নারদপর্ব্বতোপাখ্যানে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥ *

———:*:———

ভারতকৌমুদী

তবেতি। অভেদ্যং কেনাপ্যবিচ্ছেদনীয়ং হৃদয়ং যস্যাঃ সা। "মম চিত্তমনু চিত্তন্তেঽস্তু" ইতি মন্ত্রলিঙ্গাদিতি ভাবঃ। প্রকৃতিং সুস্থতাম্ ॥৪২—৪৩॥

প্রত্যক্ষেতি। সর্ব্বস্য সুবর্ণষ্ঠীবিবৃত্তান্তস্য। তে ত্বয়া ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

———:*:———

ভারতভাবদীপঃ

স ইতি ॥১-৫॥ হবিঃপবিত্রভোজ্যেন শাল্যন্নেন, দেবভোজ্যেন ঘৃতেন, তাভ্যাং বিহর্ত্তুকামাবিতি সম্বন্ধঃ ॥৬—১০॥ প্রগুণীভবানুকূলো ভব ॥১১—১৩॥ সুকুমারী নাম্না, সৌম্যমুত্তমম্ ॥১৪—২১॥ প্রবর্ত্তন্তং প্রবর্ত্তমানম্ ॥২২॥ তে ত্বাম্ ॥২৩—৪৩॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩০॥

———:*:———

দেবি! ইনি তোমারই অভেদ্যহৃদয় পতি এবিষয়ে তোমার যেন কোন সন্দেহ হয় না'। মহাত্মা পর্ব্বত ক্রমে বহুবিধ অনুনয় করিলে, সুকুমারী সেই শাপের বৃত্তান্ত শুনিয়া প্রকৃতিস্থ হইলেন। পর্ব্বতমুনি স্বর্গে চলিয়া গেলেন, নারদও নিজ গৃহের অভিমুখে গমন করিলেন' ॥৪২—৪৩॥

কৃষ্ণ বলিলেন—'নরশ্রেষ্ঠ! ভগবান্ নারদমুনি সেই সমস্ত বৃত্তান্তই প্রত্যক্ষ করিয়াছিলেন। অতএব আপনি জিজ্ঞাসা করিলে, যথাবৎ বৃত্তান্ত বলিবেন' ॥৪৪॥

———:*:———

* '…উনত্রিংশোঽধ্যায়ঃ'—নি।

একত্রিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততো রাজা পাণ্ডুসুতো নারদং প্রত্যভাষত।
ভগবন্! শ্রোতুমিচ্ছামি সুবর্ণষ্ঠীবিসম্ভবম্ ॥১॥
এবমুক্তস্তু স মুনির্ধর্ম্মরাজেন নারদঃ।
আচচক্ষে যথাবৃত্তং সুবর্ণষ্ঠীবিনং প্রতি ॥২॥

নারদ উবাচ।

এবমেতন্মহাবাহো! যথায়ং কেশবোঽব্রবীৎ।
কার্য্যস্যাস্য তু যচ্ছেষং তত্তে বক্ষ্যামি পৃচ্ছতঃ ॥৩॥
অহঞ্চ পর্ব্বতশ্চৈব স্বস্রীয়ো মে মহামুনিঃ।
বস্তুকামাবভিগতৌ সৃঞ্জয়ং জয়তাং বরম্ ॥৪॥
তত্রাবাং পূজিতৌ তেন বিধিদৃষ্টেন কর্ম্মণা।
সর্ব্বকামৈঃ সুবিহিতৌ নিবসাবোঽস্য বেশ্মনি ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। সুবর্ণষ্ঠীবিনস্তদাখ্যস্য সৃঞ্জয়পুত্রস্য সম্ভবমুৎপত্তিম্। এতেন তদানীং বিশেষেণৈব যুধিষ্ঠিরস্য শোকলাঘবং সঞ্জাতমিতি প্রত্যেতব্যম্ ॥১॥

এবমিতি। বৃত্তং বৃত্তান্তমনতিক্রম্যেতি যথাবৃত্তম্ ॥২॥

এবমিতি। কার্য্যস্য বৃত্তান্তস্য, শেষমবশিষ্টো ভাগঃ ॥৩॥

অহমিতি। স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। বস্তুকামৌ স্থাতুমিচ্ছু ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, রাজা যুধিষ্ঠির নারদকে কহিলেন—'ভগবন্! আমি আপনার নিকট সুবর্ণষ্ঠীবীর উৎপত্তি বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি' ॥১॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, দেবর্ষি নারদ সুবর্ণষ্ঠীবীর বৃত্তান্ত বলিতে আরম্ভ করিলেন ॥২॥

নারদ বলিলেন—'মহাবাহু যুধিষ্ঠির! এই কৃষ্ণ যাহা বলিলেন, এই বৃত্তান্ত এইরূপই বটে; তবে এই বৃত্তান্তের যাহা অবশিষ্ট আছে, তাহা আমি তোমার নিকট বলিব ॥৩॥

আমি এবং আমার ভাগিনেয় মহর্ষি পর্বত আমরা দুইজন বাস করিবার ইচ্ছায় বিজয়িশ্রেষ্ঠ সৃঞ্জয়রাজার ভবনে গমন করিয়াছিলাম ॥৪॥

ব্যতিক্রান্তাসু বর্ষাসু সময়ে গমনস্য চ ।
পর্ব্বতো মামুবাচেদং কালে বচনমর্থবৎ ॥৬॥
আবামস্য নরেন্দ্রস্য গৃহে পরমপূজিতৌ ।
উষিতৌ সময়ে ব্রহ্মংস্তদ্বিচিন্তয় সাম্প্রতম্ ॥৭॥
ততোঽহমব্রুবং রাজন্ ! পর্ব্বতং শুভদর্শনম্ ।
সর্ব্বমেতত্ত্বয়ি বিভো ! ভাগিনেয়োপপদ্যতে ॥৮॥
বরেণ চ্ছন্দ্যতাং রাজা লভতাং যদ্যদিচ্ছতি ।
আবয়োস্তপসা সিদ্ধিং প্রাপ্নোতু যদি মন্যসে ॥৯॥
তত আহূয় রাজানং সৃঞ্জয়ং জয়তাং বরম্ ।
পর্ব্বতোঽনুমতো বাক্যমুবাচ কুরুপুঙ্গব ! ॥১০॥

ভারতকৌমুদী

তত্রেতি। সর্ব্বকামৈঃ সর্ব্বাভীষ্টসম্পাদনৈঃ, সুবিহিতৌ সমাদৃতৌ ॥৫॥
ব্যতীতি। কালে তৎকালোচিতম্, অর্থবৎ যুক্তিযুক্তঞ্চ ॥৬॥
আবামিতি। উষিতৌ কৃতবাসৌ। সাম্প্রতম্ আবয়োর্যুক্তং কর্ত্তব্যম্ ॥৭॥
তত ইতি। এতৎ সুখবাসনিষ্ক্রয়করণম্। উপপদ্যতে সম্ভবতি ॥৮॥
বরেণেতি। ছন্দ্যতাং বর্দ্ধ্যতাম্, রাজা সৃঞ্জয়ঃ। সিদ্ধিং সর্ব্বেষামেবাভীষ্টানাম্ ॥৯॥
তত ইতি। অনুমতো ময়ানুজ্ঞাতঃ ॥১০॥

তখন সৃঞ্জয়রাজা শাস্ত্রদৃষ্ট নিয়ম অনুসারে আমাদের সম্মান করিলেন এবং সমস্ত অভীষ্ট পূরণ করিয়া সমাদর করিতে লাগিলেন। এইভাবে আমরা উঁহার বাড়ীতে বাস করিতে লাগিলাম ॥৫॥

ক্রমে বর্ষাকাল অতীত হইলে, আমাদের প্রস্থান করিবার সময়ে পর্বত আমাকে তৎকালোচিত যুক্তিযুক্ত বাক্য বলিলেন—॥৬॥

'ব্রাহ্মণ ! আমরা এই রাজার গৃহে অত্যন্ত সম্মানিত হইয়া বাস করিয়াছি। সুতরাং বর্ত্তমান সময়ে আমাদের যুক্তিযুক্ত কর্ত্তব্য বিষয় চিন্তা করুন' ॥৭॥

রাজা ! তাহার পর আমি সৌম্যমূর্ত্তি পর্বতকে বলিলাম—'প্রভাবশালী দেবর্ষি ! এ সমস্তই তোমাতে সম্ভবপর হইতে পারে ॥৮॥

পর্বত ! বর দান করিয়া সৃঞ্জয় রাজার উন্নতি বিধান কর। তিনি যাহা যাহা ইচ্ছা করেন তাহাই লাভ করুন; অথবা তুমি যদি মনে কর তাহা হইলে, তিনি আমাদের তপোবলে সর্বাভীষ্ট সিদ্ধিই লাভ করুন' ॥৯॥

কৌরবশ্রেষ্ঠ ! তদনন্তর পর্বত আমার অনুমতি ক্রমে বিজয়িশ্রেষ্ঠ সৃঞ্জয় রাজাকে আহ্বানপূর্বক আনয়ন করিয়া এইকথা বলিলেন—॥১০॥

প্রীতৌ স্বো নৃপ! সৎকারৈর্ভবদার্জবসম্ভৃতৈঃ।
আবাভ্যামভ্যনুজ্ঞাতো বরং নৃবর! চিন্তয় ॥১১॥
দেবানামবিহিংসায়াং যদ্ভবেন্মানুষক্ষমম্।
তদ্গৃহাণ মহারাজ! পূজার্হো নৌ মতো ভবান্ ॥১২॥

সৃঞ্জয় উবাচ।

প্রীতৌ ভবন্তৌ যদি মে কৃতমেতাবতা মম।
এষ এব পরো লাভো নির্বৃত্তো মে মহাফলঃ ॥১৩॥
তমেবংবাদিনং ভূয়ঃ পর্ব্বতঃ প্রত্যভাষত।
বৃণীষ্ব রাজন্! সঙ্কল্পং যত্তে হৃদি চিরং স্থিতম্ ॥১৪॥

সৃঞ্জয় উবাচ। *

অভীপ্সামি সুতং বীরং বীর্য্যবন্তং দৃঢ়ব্রতম্।
আয়ুষ্মন্তং মহাভাগং দেবরাজসমদ্যুতিম্ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রীতাবিতি। ভবত আর্জ্জবেন সরলতয়া সংভৃতৈর্জনিতৈঃ ॥১১॥

দেবানামিতি। অবিহিংসায়াং হিংসাং বিনেত্যর্থঃ, মানুষস্য ক্ষমং যোগ্যম্। পূজার্হো নারদস্য শ্বশুরত্বাৎ মমাপি চ মাতুলশ্বশুরত্বাদিতি ভাবঃ। নৌ আবয়োঃ ॥১২॥

প্রীতাবিতি। এতাবতা অভীষ্টবরদানপ্রযত্নেন, কৃতমলম্। নির্বৃত্তো নিষ্পন্নঃ ॥১৩॥

তমিতি। সঙ্কল্পং সঙ্কল্পবিষয়ীভূতম্ ॥১৪॥

'নরশ্রেষ্ঠ রাজা! আপনার সরলতানিবন্ধন সৎকারে আমরা প্রীতিলাভ করিয়াছি! অতএব আপনি আমাদের অনুমতিক্রমে কি বর লইবেন তাহা চিন্তা করুন ॥১১॥

মহারাজ! আপনি আমাদের সম্মানের যোগ্য; অতএব দেবগণের হিংসাব্যতীত যাহা মানুষের যোগ্য সেই বর আপনি গ্রহণ করুন' ॥১২॥

সৃঞ্জয় বলিলেন—'আপনারা যদি আমার উপর সন্তুষ্ট হইয়া থাকেন তাহা হইলে, এত করিবার আর প্রয়োজন কি? আপনাদের সন্তোষই যে আমার পক্ষে মহাফলজনক মহালাভ' ॥১৩॥

সৃঞ্জয়রাজা এইরূপ বলিতে লাগিলে, পর্বতমুনি পুনরায় তাঁহাকে বলিলেন—'রাজা! চিরকাল আপনার মনে যে বিষয় রহিয়াছে তাহাই আপনি আমাদের নিকট বররূপে গ্রহণ করুন' ॥১৪॥

(১২)···ন ভবেন্মানুষক্ষয়ম্···বঙ্গ বর্দ্ধ,···ন ভবেন্মানুষে ক্ষমম্···নি। (১৪)···শৃণু রাজন্! সুসঙ্কল্পং···নি! * অত্র দাক্ষিণাত্যপুস্তকে মহান্ পাঠভেদঃ।

পর্ব্বত উবাচ।

ভবিষ্যত্যেষ তে কামো ন ত্বায়ুষ্মান্ ভবিষ্যতি।
দেবরাজাভিভূত্যর্থং সঙ্কল্পো হ্যেষ তে হৃদি ॥১৬॥
খ্যাতঃ সুবর্ণষ্ঠীবীতি পুত্রস্তব ভবিষ্যতি।
রক্ষ্যশ্চ দেবরাজাৎ স দেবরাজসমদ্যুতিঃ ॥১৭॥
তচ্ছ্রুত্বা সৃঞ্জয়ো বাক্যং পর্ব্বতস্য মহাত্মনঃ।
প্রসাদয়ামাস তদা নৈতদেবং ভবেদিতি ॥১৮॥
আয়ুষ্মান্মে ভবেৎ পুত্রো ভবতস্তপসা মুনে!।
ন চ তং পর্ব্বতঃ কিঞ্চিদুবাচেন্দ্রব্যপেক্ষয়া ॥১৯॥
তমহং নৃপতিং দীনমব্রুবং পুনরেব চ।
স্মর্ত্তব্যোঽস্মি মহারাজ! দর্শয়িষ্যামি তে সুতম্ ॥২০॥

ভারতকৌমুদী

অতীতি। বীরং যুদ্ধনিপুণম্, দৃঢ়ব্রতমনিবার্যায়ুদ্ধোদ্যমম্ ॥১৫॥

ভবিষ্যতীতি। কাম্যত ইতি কামঃ, আয়ুষ্মান্ দীর্ঘায়ুঃ। কথং নায়ুষ্মান্ ভবিষ্যতীত্যাহ দেবেতি। যেন হি দেবরাজস্য অভিভূত্যর্থং পরাভবার্থম্, তে হৃদি এষ সঙ্কল্পো জাতঃ ॥১৬॥

খ্যাত ইতি। রক্ষ্যস্ত্বয়া রক্ষনীয়ঃ, অন্যথা বিদ্বেষিদেবরাজাৎ তস্যানিষ্টসম্ভব ইত্যাশয়ঃ ॥১৭॥

তদিতি। এতৎ তব বরদানম্, এবং ভাবিপুত্রস্য অল্পায়ুষ্কতাসূচকং ন ভবেৎ ॥১৮॥

আয়ুষ্মানিতি। ইন্দ্রস্য ব্যপেক্ষয়া অনিষ্টাশঙ্কয়া, আত্মন ইন্দ্রস্য প্রজারূপত্বাদিত্যাশয়ঃ ॥১৯॥

সৃঞ্জয় বলিলেন—'দেবর্ষি! বীর, বলবান, দৃঢ়াধ্যবসায়ী, দীর্ঘায়ু, বিশেষভাগ্যবান্ এবং ইন্দ্রের তুল্য তেজস্বী একটী পুত্র আমি কামনা করি' ॥১৫॥

পর্বতমুনি বলিলেন—'রাজা! আপনার এই অভিলাষ পূর্ণ হইবে বটে; কিন্তু সে দীর্ঘায়ু হইবে না। কারণ, ইন্দ্রকে পরাভূত করিবার জন্যই আপনার মনে এই সঙ্কল্প হইয়াছে ॥১৬॥

মহারাজ! 'সুবর্ণষ্ঠীবী' এইনামে বিখ্যাত আপনার একটী পুত্র হইবে; কিন্তু দেবরাজের ন্যায় তেজস্বী সেই পুত্রটীকে সর্ব্বদাই আপনি সাবধানে দেবরাজ হইতে রক্ষা করিবেন' ॥১৭॥

মহাত্মা পর্ব্বতের সেই বাক্য শুনিয়া সৃঞ্জয়রাজা অনুনয়সহকারে পর্ব্বতমুনিকে বলিলেন—'আপনার বরদানটী যেন এরূপ হয় না (আমার সেই পুত্র যেন অল্পায়ু হয় না) ॥১৮॥

মুনি! আপনার তপস্যার প্রভাবে আমার পুত্র যেন দীর্ঘায়ু হয়'। কিন্তু পর্ব্বতমুনি ইন্দ্রের অপেক্ষায় তখন সৃঞ্জয়রাজাকে কিছুই বলিলেন না ॥১৯॥

অহং তে দয়িতং পুত্রং প্রেতরাজবশং গতম্।
পুনর্দাস্যামি তদ্রূপং মা শুচঃ পৃথিবীপতে! ॥২১॥
এবমুক্ত্বা তু নৃপতিং প্রয়াতৌ স্বো যথেপ্সিতম্।
সৃঞ্জয়শ্চ যথাকামং প্রবিবেশ স্বমন্দিরম্ ॥২২॥
সৃঞ্জয়স্যাথ রাজর্ষেঃ কস্মিংশ্চিৎ কালপর্য্যয়ে।
জজ্ঞে পুত্রো মহাবীর্য্যস্তেজসা প্রজ্বলন্নিব ॥২৩॥
ববৃধে স যথাকালং সরসীব মহোৎপলম্।
বভূব কাঞ্চনষ্ঠীবী যথার্থং নাম তস্য তৎ ॥২৪॥
তদদ্ভুততমং লোকে পপ্রথে কুরুসত্তম!।
বুবুধে তচ্চ দেবেন্দ্রো বরদানং মহর্ষিতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বমিতি। অহং নারদঃ। স্মর্ত্তব্যঃ পুত্রস্য বিপৎকালে ॥২০॥
উক্তমেবার্থং বিবৃণ্বন্নাহ অহমিতি। প্রেতরাজবশং গতং মৃতমপি ॥২১॥
এবমিতি। স্ব আবাং নারদপর্ব্বতৌ ॥২২॥
সৃঞ্জয়স্যেতি। কালস্য পর্য্যয়ে অতিক্রমে। জজ্ঞে জাতঃ, মহাবীর্য্যো ভাবী ॥২৩॥
ববৃধ ইতি। সরসি জলাশয়ে, মহোৎপলং পদ্মম্। যথার্থং কাঞ্চনাবির্ভাবনাৎ ॥২৪॥
তদিতি। পপ্রথে প্রথিতং বভূব। মহর্ষিতো মহর্ষেঃ পর্ব্বতস্য ॥২৫॥

কিন্তু আমি পুনরায় সেই কাতরচিত্ত সৃঞ্জয়রাজাকে বলিলাম—মহারাজ! আপনি পুত্রের বিপদ সময় আমাকে স্মরণ করিবেন। আমি আপনার সেই পুত্রকেই আবার দেখাইব ॥২০॥

রাজা! আপনার সেই প্রিয়পুত্র যমালয়ে গমন করিলেও আমি পুনরায় তাহাকে সেইরূপেই দান করিব। আপনি শোক করিবেন না' ॥২১॥

রাজা সৃঞ্জয়কে এইরূপ বলিয়া, আমরা স্ব স্ব অভীষ্ট স্থানে চলিয়া গেলাম; সৃঞ্জয়ও ইচ্ছানুসারে আপন ভবনে যাইয়া প্রবেশ করিলেন ॥২২॥

তাহার পর কিছুকাল অতীত হইলে, রাজর্ষি সৃঞ্জয়ের মহাবল একটী পুত্র জন্মগ্রহণ করিল এবং সে তৎকালেই যেন তেজে জ্বলিতে লাগিল ॥২৩॥

সেই পুত্রটী যথাসময়ে জলাশয়স্থ পদ্মের ন্যায় বৃদ্ধি পাইতে লাগিল এবং তাহার 'কাঞ্চনষ্ঠীবী' এই নামটীও যথার্থই হইতে থাকিল ॥২৪॥

কৌরবশ্রেষ্ঠ! সেই গুরুতর অদ্ভুত ব্যাপার জগতে বিখ্যাত হইয়া পড়িল এবং দেবরাজ ইন্দ্রও বুঝিলেন যে, ইহা মহর্ষি পর্ব্বতের বরদানেরই প্রভাব ॥২৫॥

ততঃ স্বাভিভবাদ্ভীতো বৃহস্পতিমতে স্থিতঃ।
কুমারস্যান্তরপ্রেক্ষী বভূব বলবৃত্রহা ॥২৬॥
চোদয়ামাস তদ্বজ্রং দিব্যাস্ত্রং মূর্ত্তিমৎস্থিতম্।
ব্যাঘ্রো ভূত্বা জহীমং ত্বং রাজপুত্রমিতি প্রভো! ॥২৭॥
প্রবৃদ্ধঃ কিল বীর্য্যেণ মামেষোঽভিভবিষ্যতি।
সৃঞ্জয়স্য সুতো বজ্র! যথৈনং পর্ব্বতোঽব্রবীৎ ॥২৮॥
এবমুক্তস্তু শক্রেণ বজ্রঃ পরপুরঞ্জয়ঃ।
কুমারমন্তরপ্রেক্ষী নিত্যমেবান্বপদ্যত ॥২৯॥
সৃঞ্জয়োঽপি সুতং প্রাপ্য দেবরাজসমদ্যুতিম্।
হৃষ্টঃ সান্তঃপুরো রাজা বননিত্যো বভূব হ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। কুমারস্য কাঞ্চনষ্ঠীবিনঃ, অন্তরপ্রেক্ষী রন্ধ্রান্বেষী ॥২৬॥

চোদয়েতি। চোদয়ামাস প্রেরয়ামাস। মূর্ত্তিমন্মানুষাকারবৎ ॥২৭॥

অস্য হননে কিং কারণমিত্যাহ প্রবৃদ্ধ ইতি। তৎ পর্ব্বতবচনঞ্চ "দেবরাজাভিভূত্যর্থং সঙ্কল্পো হ্যেষ তে হৃদি" ॥ ইতি প্রাক্তনরূপম্ ॥২৮॥

এবমিতি। পরপুরঞ্জয়ো বিপক্ষনগরবিজয়ী। অন্বপদ্যত অন্বসরৎ ॥২৯॥

সৃঞ্জয় ইতি। অন্তঃপুরেণ অন্তঃপুরস্থয়া ভার্য্যয়া সহেতি সান্তঃপুরঃ। বনং বনবিহার এব নিত্যং যস্য সঃ ॥৩০॥

তদনন্তর বলাসুর ও বৃত্রাসুরহন্তা ইন্দ্র নিজের পরাভবের ভয়ে ভীত হইয়া, বৃহস্পতির মত অনুসরণ করিয়া কুমার কাঞ্চনষ্ঠীবীর রন্ধ্র অনুসন্ধান করিতে লাগিলেন ॥২৬॥

রাজা! ক্রমে ইন্দ্র তাঁহার বজ্রকে আহ্বান করিলেন, বজ্রও মানুষের আকারে আসিয়া তাঁহার সম্মুখে দাঁড়াইল; তখন ইন্দ্র তাহাকে এই বলিয়া প্রেরণ করিলেন যে, 'বজ্র তুমি যাও, যাইয়া ব্যাঘ্র হইয়া এই রাজপুত্র কাঞ্চনষ্ঠীবীকে বধ কর ॥৭॥

বজ্র! দেবর্ষি পর্ব্বত যেমন বলিয়াছিলেন, তেমন এই সৃঞ্জয়রাজার পুত্র বৃদ্ধি পাইয়া শক্তির প্রভাবে আমাকে পরাভূত করিবে' ॥২৮॥

ইন্দ্র এইরূপ বলিলে, বিপক্ষনগরবিজয়ী বজ্র ছিদ্রান্বেষণ করিতে থাকিয়া সর্ব্বদাই রাজকুমার কাঞ্চনষ্ঠীবীর অনুসরণ করিতে লাগিল ॥২৯॥

সৃঞ্জয়রাজাও ইন্দ্রের তুল্য তেজস্বী পুত্র লাভ করিয়া, আনন্দিত হইয়া ভার্য্যার সহিত যাইয়া সর্ব্বদা বনবিহার করিতে লাগিলেন ॥৩০॥

(৩০)···স্বান্তঃপুরে রাজা বলনিত্যো বভূব হ—পি।

ততো ভাগীরথীতীরে কদাচিন্নির্জনে বনে।
ধাত্রীদ্বিতীয়ো বালঃ স ক্রীড়ার্থং পর্য্যধাবত ॥৩১॥
পঞ্চবর্ষকদেশীয়ো বালো নাগেন্দ্রবিক্রমঃ।
সহসোৎপতিতং ব্যাঘ্রমাসসাদ মহাবলম্ ॥৩২॥
স বালস্তেন নিষ্পিষ্টো বেপমানো নৃপাত্মজঃ।
ব্যসুঃ পপাত মেদিন্যাং ততো ধাত্রী বিচুক্রুশে ॥৩৩॥
হত্বা তু রাজপুত্রং স তত্রৈবান্তরধীয়ত।
শার্দ্দূলো দেবরাজস্য মায়য়ান্তর্হিতস্তদা ॥৩৪॥
ধাত্র্যাস্তু নিনদং শ্রুত্বা রুদত্যাঃ পরমার্ত্তবৎ।
অভ্যধাবত তং দেশং স্বয়মেব মহীপতিঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ধাত্রী দ্বিতীয়া যস্য সঃ। পর্য্যধাবত ইতস্ততো দ্রুতং ব্যচরৎ ॥৩১॥

পঞ্চেতি। পঞ্চবর্ষকদেশীয়ঃ পঞ্চভ্যো বৎসরেভ্য ঈষন্ন্যূনবয়স্কঃ, নাগেন্দ্রস্য গজেন্দ্রস্য বিক্রম ইব বিক্রমো যস্য সঃ। আসসাদ প্রাপ ॥৩২॥

স ইতি। বিগতা অসবঃ প্রাণা যস্য স ব্যসুঃ। বিচুক্রুশে জনান্তরমুচ্চৈরাজুহাব ॥৩৩॥

হত্বেতি। অথ ব্যাঘ্রস্য কথমন্তর্ধানশক্তিরিত্যাহ শার্দ্দূল ইতি ॥৩৪॥

ধাত্র্যা ইতি। মহীপতিঃ সৃঞ্জয়ঃ ॥৩৫॥

তাহার পর কোন সময়ে সেই বালকটী কেবল ধাত্রীর সঙ্গে থাকিয়া গঙ্গাতীরে নির্জ্জন বনমধ্যে প্রবেশ করিয়া, খেলা করিবার জন্য নানাদিকে ছুটাছুটী করিতে লাগিল ॥৩১॥

তৎকালে সেই বালকটীর পাঁচবৎসরের কম বয়স হইলেও মহাহস্তীর তুল্য বিক্রম হইয়াছিল। সেই অবস্থায় মহাবল একটা ব্যাঘ্র হঠাৎ আসিয়া সেই বালকটীর উপরে লাফাইয়া পড়িল ॥৩২॥

ব্যাঘ্র পতিত হইয়া ভূতলে নিষ্পেষণ করিলে, সেই বালক রাজপুত্রটী ছট্‌ফট্ করিতে থাকিয়া প্রাণবিহীন হইয়া ভূমিতে পতিত হইল। তখন ধাত্রী উচ্চস্বরে অন্যলোকদিগকে ডাকিতে লাগিল ॥৩৩॥

ব্যাঘ্র রাজপুত্রকে বধ করিয়া সেইস্থানেই অন্তর্হিত হইল। কারণ, দেবরাজের মায়ার প্রভাবে সেই ব্যাঘ্রের অন্তর্ধানের শক্তি ছিল ॥৩৪॥

ওদিকে রোদনপ্রবৃত্ত ধাত্রীর গুরুতর পীড়িতার ন্যায় চীৎকার শুনিয়া রাজা সৃঞ্জয় নিজেই সেইস্থানে ছুটিয়া আসিলেন ॥৩৫॥

স দদর্শ শয়ানং তং গতাসুং পীতশোণিতম্ ।
কুমারং বিগতানন্দং নিশাকরমিব চ্যুতম্ ॥৩৬॥
স তমুৎসঙ্গমোরোপ্য পরিপীড়িতমানসঃ ।
পুত্রং রুধিরসংসিক্তং পর্য্যদেবয়দাতুরঃ ॥৩৭॥
ততস্তা মাতরস্তস্য রুদত্যঃ শোককর্ষিতাঃ ।
অভ্যধাবন্ত তং দেশং যত্র রাজা স সৃঞ্জয়ঃ ॥৩৮॥
ততঃ স রাজা সস্মার মামেব গতমানসঃ ।
তদাহং চিন্তিতং জ্ঞাত্বা গতবাংস্তস্য দর্শনম্ ॥৩৯॥
ময়ৈতানি চ বাক্যানি শ্রাবিতঃ শোকলালসঃ ।
যানি তে যদুবীরেণ কথিতানি মহীপতে ! ॥৪০॥

ভারতকৌমুদী

স ইতি। গতাসুং নির্গতপ্রাণম্, ব্যাঘ্রেণ পীতং শোণিতং রক্তং যস্য তম্ ॥৩৬॥
স ইতি। উৎসঙ্গং ক্রোড়ম্। পর্য্যদেবয়ৎ বিলপৎ ॥৩৭॥
তত ইতি। তস্য কাঞ্চনষ্ঠীবিনঃ, শোকেন কর্ষিতা আকুলীকৃতচিত্তাঃ ॥৩৮॥
তত ইতি। মাং নারদম্। গতং প্রাপ্তং মানসং পুত্রজীবনাশা যেন সঃ ॥৩৯॥
ময়েতি। শোকেন লালসঃ অস্থিরঃ, "লালসো লোলযাচ্ঞয়োঃ" ইতি হেমচন্দ্রঃ। যানি "সুখদুঃখৈরহং ত্বঞ্চ প্রজাঃ সর্ব্বাশ্চ সৃঞ্জয় !" ইত্যাদীনি পূর্ব্বমুক্তানি ॥৪০॥

সৃঞ্জয় যাইয়া দেখিলেন—বালকটী আকাশচ্যুত চন্দ্রের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছে। তাহার প্রাণ চলিয়া গিয়াছে, ব্যাঘ্র রক্ত পান করিয়াছে এবং সে আনন্দের খেলা আর নাই ॥৩৬॥

তখন সৃঞ্জয় শোকে আকুল ও পীড়িত হইয়া, রক্তাক্তদেহ বালকটীকে কোলে তুলিয়া লইয়া বিলাপ করিতে লাগিলেন ॥৩৭॥

তাহার পর রাজা সৃঞ্জয় যেস্থানে ছিলেন, সেইস্থানে সেই বালকটীর মাতারা শোকাকুলচিত্তে রোদন করিতে করিতে ছুটিয়া আসিলেন ॥৩৮॥

তাহার পর সৃঞ্জয় আমার পূর্ব্ববাক্য অনুসারে পুত্রের জীবনের আশা করিয়া আমাকেই স্মরণ করিলেন এবং তিনি আমাকে চিন্তা করিতেছেন জানিয়া তখনই আমি যাইয়া তাঁহার দৃষ্টিপথে উপস্থিত হইলাম ॥৩৯॥

(৩৯)···মামান্তর্গতমানসঃ···পি,···চিন্তনং জ্ঞাত্বা···বঙ্গ বৰ্দ্ধ নি। (৪০) সময়ৈতানি বাক্যানি···পি।

সঞ্জীবিতশ্চাপি পুনর্বাসবানুমতে তদা।
ভবিতব্যং তথা তচ্চ ন তচ্ছক্যমতোঽন্যথা ॥৪১॥
তত ঊর্দ্ধং কুমারস্তু স্বর্ণষ্ঠীবী মহাযশাঃ।
চিত্তং প্রসাদয়ামাস পিতুর্মাতুশ্চ বীর্য্যবান্ ॥৪২॥
কারয়ামাস রাজ্যঞ্চ পিতরি স্বর্গতে নৃপ!।
বর্ষাণাং শতমেকঞ্চ সহস্রং ভীমবিক্রমঃ ॥৪৩॥
তত ঈজে মহাযজ্ঞৈর্বহুভির্ভূরিদক্ষিণৈঃ।
তর্পয়ামাস দেবাংশ্চ পিতৃংশ্চৈব মহাদ্যুতিঃ ॥৪৪॥
উৎপাদ্য চ বহূন্ পুত্রান্ কুলসন্তানকারিণঃ।
কালেন মহতা রাজন্! কালধর্ম্মমুপেয়িবান্ ॥৪৫॥

ভারতকৌমুদী

সমিতি। বাসবস্য ইন্দ্রস্য অনুমতে মদনুরোধাদনুমতৌ সত্যাম্। অথ তর্হি কথং তস্য মরণমেব জাতমিত্যাহ ভবীতি। দৈবপ্রাবল্যাদিত্যাশয়ঃ ॥৪১॥

তত ইতি। ঊর্দ্ধং পরম্। মহাযশাঃ পুনর্জীবনলাভাদেবেতি ভাবঃ ॥৪২॥

কারয়েতি। কারয়ামাসেতি স্বার্থে ইন্। পিতরি সৃঞ্জয়ে ॥৪৩॥

তত ইতি। ঈজে যজনঞ্চকার। মহাদ্যুতিঃ কাঞ্চনষ্ঠীবী ॥৪৪॥

উৎপাদ্যেতি। কুলস্য বংশস্য সন্তানং বিস্তারং কুর্ব্বন্তীতি তান্। কালধর্ম্মং মৃত্যুম্, উপেয়িবান্ প্রাপ্তবান্ ॥৪৫॥

রাজা যুধিষ্ঠির! অব্যবহিত পূর্ব্বে কৃষ্ণ তোমার নিকট যে সকল কথা বলিয়াছেন; আমি তৎকালে সেই সকল কথাই শোকে অস্থিরচিত্ত সৃঞ্জয়কে শুনাইলাম ॥৪০॥

তখন আমার অনুরোধে ইন্দ্রের অনুমতিক্রমে সেই বালকটী পুনরায় জীবনলাভ করিল; তবে দৈববশতঃ সেইভাবে তাহার মৃত্যু হওয়া নির্দ্দিষ্ট ছিল। সুতরাং মানুষ তাহার অন্যরূপ করিতে পারিত না ॥৪১॥

তাহার পর পুনরায় জীবিত মহাযশা ও বলবান কাঞ্চনষ্ঠীবী পিতা ও মাতার মন আনন্দিত করিল ॥৪২॥

রাজা! পিতা সৃঞ্জয় স্বর্গলোকে গমন করিলে, ভয়ঙ্করবিক্রমশালী কাঞ্চনষ্ঠীবী একহাজার একশ' একবৎসর রাজত্ব করিলেন ॥৪৩॥

তন্মধ্যে মহাতেজা কাঞ্চনষ্ঠীবী প্রচুরদক্ষিণাযুক্ত বহুতর মহাযজ্ঞ করিলেন এবং পূজা ও শ্রাদ্ধপ্রভৃতিদ্বারা দেবলোক ও পিতৃলোকগণের তৃপ্তি সাধন করিলেন ॥৪৪॥

স ত্বং রাজেন্দ্র ! সঞ্জাতং শোকমেনং নিবর্ত্তয় ।
যথা ত্বাং কেশবঃ প্রাহ ব্যাসশ্চ সুমহাতপাঃ ॥৪৬॥
পিতৃপৈতামহং রাজ্যমাস্থায় ধুরমুদ্বহ ।
ইষ্ট্বা পুণ্যৈর্মহাযজ্ঞৈরিষ্টং লোকমবাপ্স্যসি ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে স্বর্ণষ্ঠীবিসম্ভবোপাখ্যানে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ।

———*:———

বৈশম্পায়ন উবাচ ।
তূষ্ণীম্ভূতন্তু রাজানং শোচমানং যুধিষ্ঠিরম্ ।
তপস্বী ধর্ম্মতত্ত্বজ্ঞঃ কৃষ্ণদ্বৈপায়নোঽব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

জিজ্ঞাসিতমুপসংহরন্নুপদিশতি স ইতি। সঞ্জাতং স্বজনবিনাশাৎ ॥৪৬॥

পিত্রিতি। আস্থায় গৃহীত্বা, ধুরং শাসনভারম্। ইষ্ট্বা যজনং কৃত্বা। অত্রাপি পূর্ব্বোক্ত-বিরোধঃ কল্পভেদাঙ্গীকারাৎ পরিহর্ত্তব্যঃ ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৬॥ সাম্প্রতং কল্যাণম্ ॥৭—১১॥ দেবানামিতি। যেন দেবপীড়ামনুষ্যক্ষয়শ্চ ন ভবতি তত্তাদৃশং বরং গৃহাণেতি ভাবঃ ॥১২—৪৭॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

রাজা ! কাঞ্চনষ্ঠীবী ক্রমে বংশবৃদ্ধিকারী বহুতর পুত্র উৎপাদন করিয়া দীর্ঘকাল জীবিত থাকিয়া পরলোকে গমন করিলেন ॥৪৫॥

রাজশ্রেষ্ঠ ! কৃষ্ণ ও মহাতপা বেদব্যাস তোমাকে যেরূপ বলিলেন ; তুমি সেইরূপে এই আত্মীয়স্বজনের শোক নিবৃত্তি কর ॥৪৬॥

এখন তুমি পৈতৃক রাজ্য গ্রহণ করিয়া তাহার শাসনভার বহন কর ; ক্রমে পুণ্যজনক বহুতর যজ্ঞ করিয়া পরিশেষে অভীষ্ট স্বর্গলাভ করিবে' ॥৪৭॥

* '…ত্রিংশোধ্যায়ঃ—নি।

ব্যাস উবাচ।

প্রজানাং পালনং ধর্ম্মো রাজ্ঞাং রাজীবলোচন !।
ধর্ম্মঃ প্রমাণং লোকস্য নিত্যং ধর্ম্মানুবর্ত্তিনঃ ॥২॥
অনুতিষ্ঠস্ব তদ্রাজন্ ! পিতৃপৈতামহং পদম্।
ব্রাহ্মণেষু তপো ধর্ম্মঃ স নিত্যো বেদনিশ্চিতঃ ॥৩॥
তৎপ্রমাণং ব্রাহ্মণানাং শাশ্বতং ভরতর্ষভ !।
তস্য ধর্ম্মস্য কৃৎস্নস্য ক্ষত্রিয়ঃ পরিরক্ষিতা ॥৪॥
যঃ স্বয়ং প্রতিহন্তি স্ম শাসনং বিষয়ে রতঃ।
স বাহুভ্যাং বিনিগ্রাহ্যো লোকযাত্রাবিঘাতকঃ ॥৫॥
প্রমাণমপ্রমাণং যঃ কুর্য্যান্মোহবশং গতঃ।
ভৃত্যো বা যদি বা পুত্রস্তপস্বী বাথ কশ্চন ॥৬॥

ভারতকৌমুদী

তূষ্ণীমিতি। তদানীমপি তাদৃগবস্থাদর্শনেনানুমিতশোকাপনোদনায়াব্রবীদিতি ভাবঃ ॥১॥

প্রজানামিতি। হে রাজীবলোচন ! পদ্মনয়ন ! যুধিষ্ঠির !। প্রমাণং প্রমাণতয়া গ্রাহ্যঃ ॥২॥

অম্বিতি। অনুতিষ্ঠস্ব অবলম্বস্ব। নন্থ তপোঽনুষ্ঠানে কো দোষ ইত্যাহ ব্রাহ্মণেষ্বিতি ॥৩॥

তদিতি। তৎ তপঃ প্রমাণং প্রমাজ্ঞানজনকশাস্ত্রবোধিততয়া গ্রাহ্যম্ ॥৪॥

য ইতি। প্রতিহন্তি ত্যাগেন নিষ্ফলং করোতি। শিষ্যতে অনেনেতি শাসনং শাস্ত্রম্। বাহুভ্যাং বাহ্বোঃ, বিনিগ্রাহ্যো বন্ধনেন রাজ্ঞা দণ্ডনীয়ঃ। যেন খল্বসৌ লোকযাত্রাবিঘাতকঃ সমাজশৃঙ্খলা-বিনাশকঃ, অতস্তবাপি শাস্ত্রলঙ্ঘনে দণ্ডঃ প্রসজতীতি ভাবঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা যুধিষ্ঠির তখন নীরব হইয়া শোক করিতে লাগিলে, তপস্বী ও ধর্ম্মতত্ত্বজ্ঞ বেদব্যাস বলিতে থাকিলেন ॥১॥

বেদব্যাস বলিলেন—'পদ্মনয়ন যুধিষ্ঠির ! প্রজাপালন করাই রাজাদের ধর্ম্ম; আবার ধর্ম্মানুবর্ত্তী লোকের সর্ব্বদাই ধর্ম্ম অনুসরণ করা কর্ত্তব্য ॥২॥

অতএব রাজা ! তুমি পৈতৃক পদ অবলম্বন কর। তপস্যা ব্রাহ্মণেরই ধর্ম্ম; সেই ধর্ম্ম আবার তাহার পক্ষে বেদনির্দ্দিষ্ট বলিয়া চিরাচরণীয় ॥৩॥

অতএব ভরতশ্রেষ্ঠ ! বেদবোধিত বলিয়া সেই তপস্যা ব্রাহ্মণগণের নিত্যানুষ্ঠেয়; আর ক্ষত্রিয় সেই সমস্ত ধর্ম্মের রক্ষক ॥৪॥

যে লোক বিষয়ে নিরত থাকিয়া সেই শাস্ত্র লঙ্ঘন করে, সে, সমাজে শৃঙ্খলা নষ্ট করে বলিয়া রাজা তাহার বাহুবন্ধনপূর্ব্বক দণ্ড করিবেন ॥৫॥

ভৃত্যই হউক, পুত্রই হউক কিংবা তপস্বীই হউক, যে লোক মোহের বশীভূত হইয়া প্রমাণকে অপ্রমাণ করে; রাজা সমস্ত উপায়ে সেই পাপাত্মাদিগের দণ্ড করিবেন

পাপান্ সর্ব্বৈরুপায়ৈস্তান্ নিয়চ্ছেচ্ছাতয়ীত বা।
ততোঽন্যথা বর্ত্তমানো রাজা প্রাপ্নোতি কিল্বিষম্ ॥৭॥ (যুগ্মকম্)
ধর্ম্মং বিনশ্যমানং হি যো ন রক্ষেৎ স ধর্ম্মহা।
তে ত্বয়া ধর্ম্মহন্তারো নিহতাঃ সপদানুগাঃ ॥৮॥
স্বধর্ম্মে বর্ত্তমানস্ত্বং কিং নু শোচসি পাণ্ডব!।
রাজা হি হন্যাদ্দদ্যাচ্চ প্রজা রক্ষেচ্চ ধর্ম্মতঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ।

ন তেঽভিশঙ্কে বচনং যদ্ব্রবীষি তপোধন!।
অপরোক্ষো হি তে ধর্ম্মঃ সর্ব্বধর্ম্মবিদাং বর! ॥১০॥
ময়া ত্ববধ্যা বহবো ঘাতিতা রাজ্যকারণাৎ।
তানি কর্ম্মাণি মে ব্রহ্মন্! দহন্তি চ পচন্তি চ ॥১১॥

ভারতকৌমুদী

প্রমাণমিতি। অপ্রমাণম্ অপ্রমাণবৎ লঙ্ঘিতম্। নিয়চ্ছেৎ দময়েৎ, শাতয়ীত অপরাধগুরুত্বে হন্যাদ্বা রাজা। পূর্ব্ববদেব ভাবঃ ॥৬—৭॥

ধর্ম্মমিতি। বিনশ্যমানং বিনশ্যন্তম্। ধর্ম্মহা ধর্ম্মহন্তা। তে দুর্য্যোধনাদয়ঃ ॥৮॥

স্বেতি। হন্যাৎ ধর্ম্মবিরোধিনঃ, দদ্যাৎ পাত্রেভ্যঃ ॥৯॥

নেতি। অভিশঙ্কে সংশয়ে। সংশয়াভাবে হেতুমাহ অপরোক্ষ ইতি। অপরোক্ষঃ প্রত্যক্ষঃ ॥১০॥

ময়েতি। অবধ্যা ভীষ্মদ্রোণাদয়ঃ। দহন্তি ভস্মীকুর্ব্বন্তীব, পচন্তি মজ্জপর্য্যন্তং তাপয়ন্তীব ॥১১॥

কিংবা অপরাধ গুরুতর হইলে একেবারে বধই করিবেন। রাজা ইহার অন্যভাবে চলিলে পাপভাগী হইয়া থাকেন ॥৬—৭॥

ধর্ম্ম বিনষ্ট হইতে থাকিলে, যে—সে ধর্ম্মকে রক্ষা না করে, সে ধর্ম্মহন্তাই হয়। অতএব তুমি অনুচরবর্গের সহিত সেই ধর্ম্মহন্তাদিগকেই বধ করিয়াছ ॥৮॥

পাণ্ডুনন্দন! তুমি আপন ধর্ম্মেই রহিয়াছ; সুতরাং কেন শোক করিতেছ। কারণ, রাজা ধর্ম্মহন্তাদিগকে বধ করিবেন, সৎপাত্রে দান করিবেন এবং ন্যায় অনুসারে প্রজা পালন করিবেন' ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'হে সর্ব্বধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ তপোধন! আপনি যাহা বলিতেছেন, সে বাক্যের উপরে আমার কোন সংশয়ই হইতেছে না। কারণ, ধর্ম্ম আপনার প্রত্যক্ষ হইয়া রহিয়াছে ॥১০॥

(৭)…ঘাতয়ীত বা…পি।

ব্যাস উবাচ।

ঈশ্বরো বা ভবেৎ কর্ত্তা পুরুষো বাপি ভারত ! ।
হঠো বা বর্ত্ততে লোকে কর্ম্মজং বা ফলং স্মৃতম্ ॥১২॥
ঈশ্বরেণ নিযুক্তো হি সাধ্বসাধু চ ভারত ! ।
কুরুতে পুরুষঃ কর্ম্ম ফলমীশ্বরগামি তৎ ॥১৩॥
যথা হি পুরুষশ্ছিন্দ্যাদ্‌বৃক্ষং পরশুনা বনে।
ছেত্তুরেব ভবেৎ পাপং পরশোর্ন কথঞ্চন ॥১৪॥
অথবা তদুপাদানাৎ প্রাপ্নুয়াৎ কর্ম্মণঃ ফলম্।
দণ্ডশস্ত্রকৃতং পাপং পুরুষে তন্ন বিদ্যতে ॥১৫॥

ভারতকৌমুদী

ঈশ্বর ইতি। ঈশ্বরো বা কর্ত্তা পূর্ব্বকর্ম্মানুসারেণ প্রযোজকো ভবেৎ, পুরুষো বা সাক্ষাৎ কর্ত্তা ভবেৎ। হঠঃ অবিমৃশ্যকারিত্বম্। কর্ম্মীভূতস্য ফলং নাশাদিপ্রাপ্তিঃ কর্ম্মজং প্রাক্তনাৎ কর্ম্মণো জাতং বা স্মৃতম্ ইতি চত্বারঃ কল্পাঃ ॥১২॥

তত্র প্রথমকল্পে প্রবোধয়তি ঈশ্বরেণেতি। ভৃত্যক্রিয়ায়াং যথা ফলং স্বামিগামি তদ্বদীশ্বরগামি। অতস্তে নাস্তি দোষ ইতি ভাবঃ ॥১৩॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ যথেতি। পাপং ভবেৎ ছেদনেন তজ্জীবননাশাৎ। কথঞ্চনাপি পরশোঃ পাপং ন ভবেদিতি সম্বন্ধঃ। পুরুষপ্রযুক্ততয়া তস্যাবশত্বাদিত্যাশয়ঃ ॥ ৪॥

ভারতভাবদীপঃ

তূষ্ণীংভূতমিতি ॥১—২॥ তত্তস্মাদ্ধর্ম্মমনুতিষ্ঠস্ব পদং পালয়েতি চ সম্বন্ধঃ ॥৩—৬॥ শাতয়ীত মারয়েৎ ॥৭—১০॥ মে মাং দহন্তি হৃদয়ং পচন্তি শরীরং শোষয়ন্তি ॥১১॥ ময়া বহবো ঘাতিতা ইত্যুক্তং তৎ কিং হননক্রিয়ায়াং তব প্রযোজ্যকর্ত্তৃত্বং প্রযোজককর্ত্তৃত্বং বা বধ্যস্য চ কর্ম্মত্বং বা প্রাকৃতকর্ম্মফলভোক্তৃত্বং বেতি বিকল্পানাহ—ঈশ্বর ইতি ॥১২॥ নাদ্য ইত্যাহ—ঈশ্বরেণেতি।

কিন্তু, ব্রাহ্মণ ! আমি রাজত্বের জন্য বহুতর অবধ্যকে বধ করিয়াছি, সেই কার্য্যগুলিই আমাকে যেন দগ্ধ করিতেছে এবং যেন অন্তস্তল পর্য্যন্ত সন্তপ্ত করিতেছে' ॥১১॥

বেদব্যাস বলিলেন—'ভরতনন্দন ! ঈশ্বর কর্ত্তা হইতে পারেন, কিংবা পুরুষও কর্ত্তা হইতে পারে, অথবা হঠকারিতা হইতে পারে বা অপরের কর্ম্মের ফল ফলিতে পারে ॥১২॥

ভরতনন্দন ! মানুষ ঈশ্বর-প্রযুক্ত হইয়া যে ভাল বা মন্দ কার্য্য করে; তাহার ফল ঈশ্বরের উপরে যায় ॥১৩॥

যেমন মানুষ কুঠারদ্বারা বনমধ্যে বৃক্ষ ছেদন করে, তাহাতে সেই ছেদনকর্ত্তারই পাপ হয়; কিন্তু কোন প্রকারেই কুঠারের পাপ হয় না ॥১৪॥

ন চৈতদিষ্টং কৌন্তেয়! যদন্যেন কৃতং ফলম্।
প্রাপ্নুয়াদিতি যস্মাচ্চ ঈশ্বরে তন্নিবেশয় ॥১৬॥
অথাপি পুরুষঃ কর্ত্তা কর্ম্মণোঃ শুভপাপয়োঃ।
ন পরো বিদ্যতে তস্মাদেবমেতচ্ছুভং কৃতম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অথ পরশোরচেতনত্বেনাত্মনঃ প্রবৃত্ত্যসম্ভবাৎ পাপং ন স্যাদিত্যাশয়েন দ্বিতীয়কল্পে প্রবোধয়তি অথবেতি। অথবা, প্রযোজককর্ত্রা পত্রমানয়েত্যাদিষ্টঃ প্রযোজ্যকর্ত্তা তস্য জীবতো বৃক্ষস্য উপাদানাং পত্রানয়নায়ৈব সামীপ্যেন সম্যক্ খণ্ডনাৎ, কর্ম্মণস্তস্য খণ্ডনস্য, ফলং পাপম্, প্রাপ্নুয়াৎ; কিন্তু দণ্ডেন শস্ত্রেণ বা কৃতং প্রযুক্তম্, তৎ খণ্ডননিবন্ধনং পাপম্, পুরুষে প্রযোজককর্ত্তরি, ন বিদ্যতে। পত্রানয়নাংশ এব তস্য প্রয়োগাৎ খণ্ডনে চ প্রযোজ্যস্য স্বয়ং প্রবৃত্তেঃ। এবঞ্চ শক্রন্ জয়েতি ত্বয়াদিষ্টেন প্রযোজ্যেন বন্ধনতো জয়সম্ভবেঽপি বধেন সম্পাদিতং পাপং ত্বয়ি ন বিদ্যত ইতি ভাবঃ ॥১৫॥

অথ ময়ৈব বহব এব বীরা সাক্ষান্নিহতা ইত্যর্থে তৃতীয়কল্পে প্রবোধয়তি ন চেতি। হে কৌন্তেয়! এতন্ন চেষ্টম্, যৎ অন্যেন কৃতং ফলং পুণ্যং পাপং বা অন্যঃ প্রাপ্নুয়াৎ, ইতি নিয়মো যস্মাৎ তস্মাৎ তৎ পুণ্যপাপাত্মকং ফলম্, ঈশ্বরে নিবেশয় অর্পয় "ত্বয়া হৃষীকেশ! হৃদি স্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি" ইতি ন্যায়েন তস্যৈব সর্ব্বপ্রযোজকত্বাৎ পুণ্যপাপাভ্যাঞ্চ তস্য বৃদ্ধিক্ষত্যসম্ভবাৎ তেনৈব তে নিষ্পাপত্বাবশ্যম্ভাবাদিত্যাশয়ঃ ॥১৬॥

নন্বু তর্হি সর্ব্ব এব পাপী তস্মিন্ পাপসমর্পণেন নিষ্পাপঃ স্যাদিত্যাশয়েন চতুর্থকল্পে প্রবোধয়তি অথাপীতি। অথাপি পুরুষঃ, শুভপাপয়োঃ পুণ্যপাপজনকয়োঃ কর্ম্মণোঃ, কর্ত্তা তৎ ফলভোক্তাপি

ভারতভাবদীপঃ

পরশোরিব পরপ্রযোজ্যস্য তব হন্তৃত্বং নাস্তীত্যর্থঃ ॥১৩—১৪॥ পরপ্রযোজ্যোঽপ্যহং পরশোঃ প্রযোক্তাস্মি ন তু পরশুবদচেতনোঽস্মীতি মম পাপসম্বন্ধোঽস্ত্যেবেত্যাহ—অথবেতি। প্রাপ্নুয়াৎ পরশোরুপাদাতা। এবং তর্হি যেন পরশোর্দণ্ডঃ শাস্ত্রং পরশুশ্চ কৃতস্তমেব পাপং কর্ত্তৃ নাপ্নুয়াৎ তস্য প্রথমপ্রযোজ্যত্বাৎ, পুরুষে উপাদাতরি তন্ন বিদ্যতে তস্য জঘন্যত্বাৎ ॥১৫॥ ন চেতি। যদি চৈতন্নেষ্টম্ এতৎ কিং যদন্যেন প্রহর্ত্রা কৃতং পাপং তস্য ফলং শাস্ত্রকর্ত্তা আপ্নুয়াদিতি। তর্হি জঘন্যপ্রযোজ্যে ত্বয্যপি পাপাভাবাদীশ্বরে এব তন্নিবেশয় ॥১৬॥ অথাপীতি। যদা পুরুষ এব কর্ত্তা পর ঈশ্বরো

অথবা 'পত্র আনয়ন কর' এইরূপ কেহ আদেশ করিলে পর, অন্য কেহ যদি পত্র আনয়ন করিবার জন্য বৃক্ষ ছেদনই করে, তবে সেই কার্য্যের ফল সেই ছেদনকর্ত্তাই ভোগ করিবে; কিন্তু দণ্ড বা অস্ত্রদ্বারা সেই জীবিত বৃক্ষের ছেদননিবন্ধন পাপ পূর্ব্বোক্ত প্রযোজককর্ত্তার উপরে বর্ত্তিবে না ॥১৫॥

কুন্তীনন্দন! ইহা কেহই মনে করে না যে, অন্যলোক পুণ্য বা পাপ করিয়াছে, তাহার ফল পাইবে অন্যলোক। অতএব সর্ব্বপ্রযোজককর্ত্তা ঈশ্বরের উপরে তোমার এই কর্ম্মের ফল তুমি সমর্পণ কর ॥১৬॥

নহি কশ্চিৎ কচিদ্রাজন্! দিষ্টং প্রতিনিবর্ত্ততে।
দণ্ডশস্ত্রকৃতং পাপং পুরুষে তন্ন বিদ্যতে ॥১৮॥
যদি বা মন্যসে রাজন্! শুভমেকং প্রতিষ্ঠিতম্।
এবমপ্যশুভং কর্ম্ম ন ভূতং ন ভবিষ্যতি ॥১৯॥

ভারতকৌমুদী

স এব, কিন্তু পরঃ ফলভোক্তা ন বিদ্যতে; তস্মান্নিয়মাৎ এবং যুদ্ধেন এতদ্বীরহননম্, ত্বয়া শুভমেব কৃতম্। তৈর্বীরৈর্হি পূর্ব্বজন্মনি স্বহননোপযোগি পাপকর্ম্মকরণাৎ ত্বয়া চ হননেন তৎপাপক্ষপণাদিত্যাশয়ঃ ॥১৭॥

কিঞ্চ দৈবাদেব তবেয়ং স্বজনবধপ্রবৃত্তিরিতি নাস্তি দোষ ইত্যাহ নহীতি। হে রাজন্! কশ্চিদপি জনঃ, ক্বচিৎ কদাচিদপি, দিষ্টং দৈবং প্রতি দৈবে ফলজননায়োন্মুখীভূতে সতীত্যর্থঃ; নহি নিবর্ত্ততে পাপাদপাপাদ্বা কার্য্যাৎ নির্বর্ত্তিতুং নহি শক্নোতি দৈবেনৈব প্রসহ্য প্রবর্ত্তনাৎ। তত্তস্মাৎ দণ্ডায় শত্রুদমনায় যৎ শস্ত্রং তেন কৃতম্ অবধ্যবধাদিনা সম্পাদিতং পাপম্, পুরুষে হন্তরি, ন বিদ্যতে ॥১৮॥

অস্মাভিস্তু তে রাজ্যলাভ এব সর্ব্বথা শুভো জাত ইতি মন্যতে, তত্র তথাপি চেৎ সম্মতিরস্তি তদাহ যদীতি। একং রাজ্যোপাদানম্। এবমপি, স্বজনহননাদিরূপম্ অশুভং কর্ম্ম, ন ভূতং পরহননেঽপি বা ন ভবিষ্যতি, তল্লাভে কর্ত্তব্যে তদ্ধননস্যাবশ্যকত্বাদিতি ভাবঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

নাস্তি তস্মাদপি হেতোস্ত্বয়া এতচ্ছুভমেব কৃতম্ ॥১৭॥ যতঃ কশ্চিদপি দিষ্টং প্রত্যদৃষ্টস্য প্রতিকূলো ভূত্বাবশ্যম্ভাবিনঃ কর্ম্মণঃ সকাশান্ন নিবর্ত্ততে, দৈবস্য দুর্লঙ্ঘ্যত্বাদিতি ভাবঃ। নহু দিষ্টমপি জন্মান্তরীয়ঃ স্বীয়োঽপরাধ ইত্যাশঙ্ক্যাহ—দণ্ডেতি। পূর্ব্বপূর্ব্বাপরাধস্যোত্তরোত্তরহেতুত্বমিত্যনাদিত্বাদিদানীন্তনস্য কর্ত্তুর্নাপরাধোঽস্ত্যাত্যতঃ প্রাচীনকর্ত্তা দণ্ডশস্ত্রকৃদিব ন পর্য্যনুযোজ্য ইতি ভাবঃ ॥১৮॥ তৃতীয়ং পক্ষং দর্শয়তি—প্রতিষ্ঠিতং নিশ্চিতং যথা স্যাত্তথা যদি পুরুষং হতং হননক্রিয়ায়াঃ কর্ম্মীভূতমেব মন্যসে, তর্হি

অথবা, যে মানুষ পুণ্য ও পাপ কার্য্য করে, সেই মানুষই সেই কর্ম্মের শুভ বা অশুভ ফল পায়; কিন্তু অন্য মানুষ নহে। অতএব তুমি এই যুদ্ধে স্বজনবিনাশ করিয়া ভাল কার্য্যই করিয়াছ। (কেন না, সেই স্বজনগণ তাহাদের কর্ম্মের ফলেই মরিয়াছে) ॥১৭॥

রাজা! দৈব ফল জন্মাইতে আরম্ভ করিলে, কোন মানুষই কোন সময়েই কার্য্য হইতে নিবৃত্তি পাইতে পারে না। অতএব শত্রু দমনের জন্য অস্ত্রদ্বারা সম্পাদিত পাপ হন্তা পুরুষের হয় না। (যে হেতু সেই নিহত মানুষ তাহার দৈববশতঃ নিহত হইতেই যুদ্ধে আসিয়া থাকে) ॥১৮॥

রাজা! তা'র পর, তুমি যদি মনে কর যে, এই যুদ্ধে একমাত্র রাজ্যলাভই শুভ

অথাভিপত্তির্লোকস্য কর্ত্তব্যা পুণ্যপাপয়োঃ।
অভিপন্নমিদং লোকে রাজ্ঞামুদ্ধতদণ্ডনম্ ॥২০॥
তথাপি লোকে কর্ম্মাণি সমাবর্ত্তন্তি ভারত !।
শুভাশুভফলং চৈতে প্রাপ্নুবন্তীতি মে মতিঃ ॥২১॥
এবমপ্যশুভং কর্ম্ম কর্ম্মণস্তৎফলাত্মকম্ ।
ত্যজ ত্বং রাজশার্দ্দূল ! মৈবং শোকে মনঃ কৃথাঃ ॥২২॥

ভারতকৌমুদী

কিঞ্চ তাদৃশস্য শক্তিমতঃ পক্ষে রাজ্যগ্রহণমবশ্যমেব কর্ত্তব্যমিত্যাহ অথেতি। অথ শক্তিমতা পুণ্যপাপয়োর্লোকস্য, অভিপত্তির্ন্যায্যব্যবহারঃ, কর্ত্তব্যা পুণ্যাচরণে পুরস্কারঃ পাপাচরণে চ তিরস্কারঃ কর্ত্তব্য ইত্যর্থঃ। অতএব লোকে জগতি, উদ্ধতানাম্ অন্যায়গর্ব্বিতানাং জনানাং দণ্ডনম্, রাজ্ঞামভিপন্নং যুক্তম্ ; অতস্তে দুর্য্যোধনাদিবধো যুক্ত এব জাত ইত্যাশয়ঃ ॥২০॥

পক্ষান্তরমাহ তথেতি। তথাপি অপি চেত্যর্থঃ। কর্ম্মাণি শুভাশুভরূপাণি, সমাবর্ত্তন্তি পুরুষাণাং স্বয়মেবাপতন্তি। তত এব চৈতে পুরুষাঃ শুভাশুভফলং প্রাপ্নুবন্তি। ইত্থঞ্চ দুর্য্যোধনাদীনামন্যায্যাচরণাৎ যুদ্ধমুপস্থিতম্, তত্র প্রবৃত্তেন চ ত্বয়া জয়েন শুভমেব প্রাপ্তমিতি ভাবঃ ॥২১॥

নন্বু রাজ্যলাভেন শুভে জাতেঽপি স্বজনবধেন ততো গরীয়ানেবাশুভো জাত ইত্যাহ এবমিতি। এবমপি রাজ্যলাভেন শুভে জাতেঽপি কর্ম্মণো যুদ্ধস্য, ফলাত্মকং ফলরূপম্, অশুভং কর্ম্ম স্বজনশোচনং ত্যজ। পরত্রাপি এবং শোকে মনো মা কৃথাঃ তস্য নিষ্ফলত্বাদিত্যভিপ্রায়ঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

স্বভাববাদিনস্তে ভূতভাবাশুভাভাবাদবৃথৈব শোক ইত্যর্থঃ ॥১৯॥ চতুর্থপক্ষমাহ—অথেতি। পুণ্যপাপয়োঃ সুখদুঃখয়োঃ অভিপত্তিরুপপত্তিঃ কর্ত্তব্যা সা চ ধর্ম্মাধর্ম্মাবন্তরেণ ন ঘটতে, তৌ চ শাস্ত্রৈকগম্যাবিতি চেদ্রাজ্ঞামুদ্ধতদণ্ডনমুদ্ধতদমনং লোকে শাস্ত্রে চোপপন্নতরমিত্যর্থঃ ॥২০॥ অত্র শঙ্কতে—তথাপীতি।

হইয়াছে ; তাহা হইলেও (আমি বলিব—) তাহাতে কোন অশুভ কার্য্যই হয় নাই বা হইবে না ॥১৯॥

অথবা, মানুষ ভাল বা মন্দ কার্য্য করিলে, তাহার উপরে ন্যায্য ব্যবহার করা শক্তিশালীর কর্ত্তব্য। অতএব জগতে উদ্ধত লোকের দণ্ড করা রাজাদের পক্ষে যুক্তিসঙ্গত ॥২০॥

ভরতনন্দন ! তা'র পর, আমার এই ধারণা যে, জগতে মানুষের সম্মুখে শুভাশুভ কর্ম্ম আপনা আপনি উপস্থিত হয় এবং মানুষ তাহার শুভ ও অশুভরূপ ফল পাইয়া থাকে ॥২১॥

রাজশ্রেষ্ঠ ! যুদ্ধের ফলে তোমার রাজ্যলাভরূপ শুভ হইয়াছে, পক্ষান্তরে স্বজনবধরূপ অশুভ হইয়া থাকিলেও তাহার শোক তুমি ত্যাগ কর। ভবিষ্যতেও শোকের দিকে মন দিও না। (কারণ, শোক করায় কোন ফল নাই) ॥২২॥

স্বধর্ম্মে বর্ত্তমানস্য সাপবাদেঽপি ভারত ! ।
এবমাত্মপরিত্যাগস্তব রাজন্ ! ন শোভনঃ ॥২৩॥
বিহিতানি হি কৌন্তেয় ! প্রায়শ্চিত্তানি কর্ম্মণাম্ ।
শরীরবাংস্তানি কুর্য্যাদশরীরঃ পরাভবেৎ ॥২৪॥
তদ্রাজন্ ! জীবমানস্ত্বং প্রায়শ্চিত্তং করিষ্যসি ।
প্রায়শ্চিত্তমকৃত্বা তু প্রেত্য তপ্তাসি ভারত ! ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে প্রায়শ্চিত্তোপাখ্যানে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

নমু নিষ্ঠুরতয়া ক্ষত্রিয়ধর্ম্ম এব মে ন রোচত ইত্যাহ স্বধর্ম্ম ইতি। হে ভারত! রাজন্! সাপবাদেঽপি নিষ্ঠুরতয়া নিন্দাযুক্তেঽপি, স্বধর্ম্মে ক্ষত্রিয়ধর্ম্মে, বর্ত্তমানস্য ক্ষত্রিয়জাতৌ জন্মলাভাদেবাগত্যা তিষ্ঠতস্তব, এবমনেন স্বজনবধেন হেতুনা, আত্মনঃ স্বভাবস্য রাজত্বস্য পরিত্যাগো ন শোভনঃ। জাতেঃ পরিত্যাগাসম্ভবাৎ প্রকৃতকার্য্যকালে সর্ব্বথা নিষ্ঠুরাচরণাচ্চেতি ভাবঃ ॥২৩॥

অথ রাজ্যগ্রহণে কৃতাবধ্যবধপাপনাশং কথং ভবেদিত্যাহ বিহিতানীতি। বিহিতানি মন্বাদিভিঃ। কর্ম্মণাম্ অবধ্যবধাদিকর্ম্মজনিতপাপানাম্। অশরীরঃ প্রায়শ্চিত্তাচরণাৎ পূর্ব্বং ত্যক্তশরীরো মৃত ইত্যর্থঃ; পরাভবেৎ পাপেন গ্রস্যেত। তথা চ রাজ্যং গৃহীত্বা তৎপাপক্ষয়ায় প্রায়শ্চিত্তং কুরুষেত্যাশয়ঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

নম্বেবং তথাপি লোকে শাম্যমানে কর্ম্মাণি শুভান্যশুভানি চ সমাপতন্ত্যবশ্যমায়াস্তি ফলঞ্চ প্রযচ্ছন্ত্যতো মম প্রায়োপবেশনমেব বরমিতি ভাবঃ ॥২১॥ সমাধত্তে—এবমিতি। যস্মাৎ কর্ম্মণঃ পাপাদশুভফলাত্মকং পাপপ্রবৃত্তিরূপং কর্ম্ম ভবতি তৎ পাপমূলং কর্ম্ম ত্যজ ॥২২॥ সাপবাদে নিন্দোঽপি স্বধর্ম্মে স্থিতস্য তে আত্মত্যাগো নোচিত ইত্যর্থঃ ॥২৩॥ নমু তথাপি নিন্দ্যাৎ কর্ম্মণঃ পাপং ভবতীত্যাশঙ্ক্যাহ—বিহিতানীতি ॥২৪—২৫॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

———:*:———

ভরতনন্দন রাজা ! তোমার ক্ষত্রিয়ধর্ম্ম নিষ্ঠুর বলিয়া নিন্দিত হইলেও তাহাতেই তুমি রহিয়াছ ; সুতরাং এইভাবে তোমার রাজ্য পরিত্যাগ করা ভাল হইবে না ॥২৩॥

কুন্তীনন্দন ! মনুপ্রভৃতি ধর্ম্মশাস্ত্রকারেরা পাপের প্রায়শ্চিত্ত বিধান করিয়াছেন ; সুতরাং জীবিত মানুষ পাপক্ষয়ের জন্য তাহা করে, আর সেই প্রায়শ্চিত্ত করিবার পূর্ব্বে মৃত্যু হইলে, সেই পাপের ফলে দুঃখ পায় ॥২৪॥

* অত্র নি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

হতাঃ পুত্রাশ্চ পৌত্রাশ্চ ভ্রাতরঃ পিতরস্তথা।
শ্বশুরা গুরবশ্চৈব মাতুলাশ্চ পিতামহাঃ ॥১॥
ক্ষত্রিয়াশ্চ মহাত্মানঃ সম্বন্ধিসুহৃদস্তথা।
বয়স্যা ভাগিনেয়াশ্চ জ্ঞাতয়শ্চ পিতামহ! ॥২॥ (যুগ্মকম্)
বহবশ্চ মনুষ্যেন্দ্রা নানাদেশসমাগতাঃ।
ঘাতিতা রাজ্যলুব্ধেন ময়ৈকেন পিতামহ! ॥৩॥

ভারতকৌমুদী

তচ্চ প্রায়শ্চিত্তমবিলম্বেনৈব কর্ত্তব্যমিত্যাহ তদিতি। প্রেত্য পরলোকং গত্বা, তপ্স্যসি পাপেন দুঃখং প্রাপ্স্যসি ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

হতা ইতি। পুত্রা অভিমন্যুপ্রভৃতয়ঃ, পৌত্রা ঘটোৎকচপুত্রাঞ্জনপর্ব্বাদয়ঃ, ভ্রাতরো দুর্য্যোধনাদয়ঃ, পিতরঃ পিতৃপর্য্যায়া ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ। শ্বশুরা দ্রুপদাদয়ঃ, গুরবো দ্রোণাদয়ঃ, মাতুলাঃ শল্যাদয়ঃ, পিতামহাঃ সোমদত্তাদয়ঃ। ক্ষত্রিয়া ভগদত্তাদয়ঃ, সম্বন্ধিনো ধৃষ্টদ্যুম্নাদয়ঃ। সুহৃদশ্চেকিতানাদয়ঃ, বয়স্যা জলসন্ধাদয়ঃ, ভাগিনেয়া দূরসম্পর্কা অনুক্তনামানঃ, জ্ঞাতয়ো লক্ষ্মণাদয়ঃ। হে পিতামহ! পিতৃপিতঃ! বেদব্যাস! ॥১—২॥

বহব ইতি। মনুষ্যেন্দ্রাঃ সুদক্ষিণাদয়ঃ। ঘাতিতা ভীমার্জ্জুনাদিভিঃ ॥৩॥

অতএব, রাজা! তুমি জীবিত থাকিয়া প্রায়শ্চিত্ত করিবে। আর প্রায়শ্চিত্ত না করিয়া পরলোকে গমন করিলে পাপের ফলে দুঃখ পাইবে' ॥২৫॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! এই যুদ্ধে আমাদের পুত্র, পৌত্র, ভ্রাতা, পিতা, শ্বশুর, গুরু, মাতুল, পিতামহ, অন্যান্য মহাত্মা ক্ষত্রিয়, সম্বন্ধী, সুহৃদ্, বয়স্য, ভাগিনেয় এবং জ্ঞাতিগণ নিহত হইয়াছেন ॥১—২॥

তা'র পর, পিতামহ! এক আমি রাজ্যলোভী হইয়া নানাদেশ হইতে সমাগত বহু রাজাকে বিনাশ করিয়াছি ॥৩॥

তাংস্তাদৃশানহং হত্বা ধর্ম্মনিত্যান্ মহীক্ষিতঃ।
অসকৃৎ সোমপান্ বীরান্ কিং প্রাপ্স্যামি তপোধন! ॥৪॥
দহ্যাম্যনিশমদ্যাপি চিন্তয়ানঃ পুনঃ পুনঃ।
হীনাং পার্থিবসিংহৈস্তৈঃ শ্রীমদ্ভিঃ পৃথিবীমিমাম্ ॥৫॥
দৃষ্ট্বা জ্ঞাতিবধং ঘোরং হতাংশ্চ শতশঃ পরান্।
কোটিশশ্চ নরানন্যান্ পরিতপ্যে পিতামহ! ॥৬॥
কা নু তাসাং বরস্ত্রীণামবস্থাদ্য ভবিষ্যতি।
বিহীনানাস্তু তনয়ৈঃ পতিভির্ভ্রাতৃভিস্তথা ॥৭॥
অস্মানন্তকরান্ ঘোরান্ পাণ্ডবান্ বৃষ্ণিসংহতান্।
আক্রোশন্ত্যঃ কৃশা দীনাঃ প্রপতিষ্যন্তি ভূতলে ॥৮॥

ভারতকৌমুদী

তানিতি। মহীক্ষিতো নৃপতীন্। সোমপান্ যজ্ঞে সোমরসপায়িনঃ ॥৪॥
দহ্যামীতি। দহ্যামি শোকানলেন দহ্যে। শ্রীমদ্ভী রাজলক্ষ্মীবদ্ভিঃ ॥৫॥
দৃষ্ট্বেতি। কোটিশ ইতি বহুত্বমাত্রপরম্ অষ্টাদশাক্ষৌহিণীমাত্রসৈন্যানাং যুদ্ধাগমাৎ ॥৬॥
কেতি। বরস্ত্রীণামুত্তমযোষিতাম্ ॥৭॥
অস্মানিতি। অন্তকরান্ পুত্রাদিবধকারকান্, বৃষ্ণিভিঃ কৃষ্ণাদিভিঃ সংহতান্ মিলিতান্ ॥৮॥

তপোধন! যাঁহারা যজ্ঞে বহুবার সোমরস পান করিয়াছিলেন এবং সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠান করিতেন, সেইরূপ সেই সকল বীর নৃপতিগণকে বধ করিয়া এখন আমি কি লাভ করিব ॥৪॥

হায়! রাজলক্ষ্মীসম্পন্ন সেই সকল প্রধান নৃপতিবিহীন এই পৃথিবীটার বিষয় বার বার চিন্তা করিয়া এখনও আমি সর্ব্বদাই শোকানলে দগ্ধ হইতেছি ॥৫॥

পিতামহ! ভয়ঙ্কর জ্ঞাতিবিনাশ, অন্য শত শত লোকের সংহার এবং অপর বহুতর লোকের ধ্বংস দর্শন করিয়া আমি বড়ই অনুতপ্ত হইতেছি ॥৬॥

হায়! পতি, পুত্র ও ভ্রাতৃবিহীন সেই সকল উত্তম মহিলাগণের আজ কি দশা হইবে ॥৭॥

আমরা কৃষ্ণ ও সাত্যকির সহিত মিলিত হইয়া পতি ও পুত্রদিগকে বধ করিয়াছি বলিয়া শোকে কাতর ও কৃশ সেই মহিলারা আমাদের উপরে আক্রোশ প্রকাশ করিতে থাকিয়া ভূতলে পতিত হইবেন ॥৮॥

(৭)···বিহীনানাং স্বতনয়ৈঃ···পি।

অপশ্যন্ত্যঃ পিতৄন্ ভ্রাতৄন্ পতীন্ পুত্রাংশ্চ যোষিতঃ।
ত্যক্ত্বা প্রাণান্ স্ত্রিয়ঃ সর্বা গমিষ্যন্তি যমক্ষয়ম্ ॥৯॥
বৎসলত্বাদ্দ্বিজশ্রেষ্ঠ! তত্র মে নাস্তি সংশয়ঃ।
ব্যক্তং সৌক্ষ্ম্যাচ্চ ধর্ম্মস্য প্রাপ্স্যামঃ স্ত্রীবধং বয়ম্ ॥১০॥ (যুগ্মকম্)
তে বয়ং সুহৃদো হত্বা কৃত্বা পাপমনন্তকম্।
নরকে নিপতিষ্যামো হ্যধঃশিরস এব হ ॥১১॥
শরীরাণি বিমোক্ষ্যামস্তপসোগ্রেণ সত্তম!।
আশ্রমাণাং বিশেষং ত্বমথাচক্ষ্ব পিতামহ! ॥১২॥
বৈশম্পায়ন উবাচ।
যুধিষ্ঠিরস্য তদ্বাক্যং শ্রুত্বা দ্বৈপায়নস্তদা।
নিরীক্ষ্য নিপুণং বুদ্ধ্যা ঋষিঃ প্রোবাচ পাণ্ডবম্ ॥১৩॥

ভারতকৌমুদী

অপশ্যন্ত্য ইতি। যোষিতো মৃতান্ স্বস্বতনয়াদিরূপান্ তদ্দারান্। যমস্য ক্ষয়ং ভবনম্। বৎসলত্বাৎ পুত্রাদিস্নেহাৎ। ব্যক্তং স্পষ্টম্, স্ত্রীবধং নিমিত্ততয়া স্ত্রীবধপাপম্ ॥৯—১০॥

ত ইতি। অনন্তকং স্ত্রীহত্যাকারিত্বাদপীতি ভাবঃ ॥১১॥

তর্হি কিং কর্ত্তুমিচ্ছসীত্যাহ শরীরাণীতি। ভ্রাতৄণামপি সাহচর্য্যাবশ্যম্ভাবাৎ তেষাং শরীরাপেক্ষয়া বহুবচনম্। তপসা প্রায়শ্চিত্তরূপেণ ॥১২॥

যুধীতি। নিরীক্ষ্য পর্য্যালোচ্য, নিপুণং সাবধানং যথা স্যাত্তথা ॥১৩॥

ভারতভাবদীপঃ

হত্বা ইতি। হতাঃ পুত্রাশ্চেতি ॥১—১০॥ অনন্তকং প্রায়শ্চিত্তৈরপ্যবিনাশ্যম্ ॥১১॥ শরীরাণীতি। মম তু তপ এব প্রশস্তমিতি নিশ্চয়োঽস্তি তথাপি আশ্রমাণাং মধ্যে বিশেষং শ্রেষ্ঠমুক্তদোষনিবর্ত্তনক্ষম-

ব্রাহ্মণশ্রেষ্ঠ! সেই সকল মহিলা পতি, পুত্র, পিতা ও ভ্রাতাদিগকে না দেখিয়া তাঁহাদের স্নেহবশতঃ প্রাণত্যাগ করিয়া যে যমালয়ে গমন করিবেন, সে বিষয়ে আমার কোন সন্দেহ নাই; সুতরাং আমরা স্পষ্টতই ধর্ম্ম সূক্ষ্ম বলিয়া স্ত্রীহত্যার পাপভাগীও হইব ॥৯—১০॥

সেই আমরা বন্ধুগণের ও তাঁহাদের স্ত্রীদিগের বধনিবন্ধন অনন্ত পাপ করিয়া, নিশ্চয়ই যাইয়া অধোমুখ হইয়া নরকে নিপতিত হইব ॥১১॥

অতএব সাধুশ্রেষ্ঠ পিতামহ! আমরা ভীষণ তপস্যারূপ প্রায়শ্চিত্তদ্বারা দেহ ত্যাগ করিব। এখন আপনি আশ্রমগুলির বিশেষ অবস্থা বলুন' ॥১২॥

(১১) যদ্বয়ং···বঙ্গ বর্দ্ধ।

(১২) ইতঃপরম্ '···একত্রিংশোঽধ্যায়ঃ' নি।

ব্যাস উবাচ।

মা বিষাদং কৃথা রাজন্! ক্ষত্রধর্ম্মমনুস্মরন্।
স্বধর্ম্মেণ হতা হ্যেতে ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়র্ষভ! ॥১৪॥
কাঙ্ক্ষমাণাঃ শ্রিয়ং কৃৎস্নাং পৃথিব্যাঞ্চ মহদ্‌যশঃ।
কৃতান্তবিধিসংযুক্তাঃ কালেন নিধনং গতাঃ ॥১৫॥
ন ত্বং হন্তা ন ভীমোঽয়ং নার্জ্জুনো ন যমাবপি।
কালঃ পর্য্যায়ধর্ম্মেণ প্রাণানাদত্ত দেহিনাম্ ॥১৬॥
ন তস্য মাতাপিতরৌ নানুগ্রাহ্যো হি কশ্চন।
কর্ম্মসাক্ষী প্রজানাং যস্তেন কালেন সংহৃতাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

মেতি। ধর্ম্মস্য বিহিতত্বয়া তৎকরণে ন পাপমিতি ভাবঃ ॥১৪॥

তেষাং শোচ্যত্বমপি নাস্তীত্যাহ কাঙ্ক্ষেতি। কৃতান্তবিধিসংযুক্তা দৈববিধানপ্রযুক্তাঃ ॥১৫॥

ন বা যূয়মপরাধিন ইত্যাহ নেতি। যমৌ নকুলসহদেবৌ। পর্য্যায়ধর্ম্মেণ ক্রমনিয়মেন, আদত্ত অগৃহ্লাৎ, দেহিনাং বীরাণাং গজাশ্বাদীনাঞ্চ ॥১৬॥

অস্তু তথাপি তেষাং নিহতানাং স্বজনপোষণে ব্যয়বাহুল্যমিত্যাহ নেতি। তস্য নিহতস্য, নানুগ্রাহ্যঃ পোষণেন। উক্তার্থে হেতুমাহ কর্ম্মেতি। সংহৃতা নাশিতাঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

মাচক্ষে্ত্যর্থঃ ॥১২—১৪॥ কৃতান্তবিধিঃ পরপ্রাণহরণং তেন সংযুক্তাঃ, স্বাপরাধেনৈব হতা ইত্যর্থঃ ॥১৫॥ যস্তুতস্য তেষামপি স্বাতন্ত্র্যং নাস্তীত্যাহ—ন ত্বমিতি। পর্য্যায়ধর্ম্মেণ মরণবিধিনা আদত্ত

বৈশম্পায়ন বলিলেন—তখন মহর্ষি বেদব্যাস যুধিষ্ঠিরের বাক্য শুনিয়া নিপুণ-ভাবে মনে মনে পর্য্যালোচনা করিয়া তাঁহাকে বলিলেন ॥১৩॥

বেদব্যাস বলিলেন—'রাজা! তুমি ক্ষত্রিয়ধর্ম্ম স্মরণ করিয়া বিষাদ করিও না। কারণ, ক্ষত্রিয়শ্রেষ্ঠ! তুমি আপন ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারেই এই ক্ষত্রিয়গণকে নিহত করিয়াছ ॥১৪॥

সেই ক্ষত্রিয়েরা সমস্ত সম্পদ ও পৃথিবীতে মহাযশ লাভ করিবার ইচ্ছা করিয়াই দৈববিধান প্রযুক্ত হইয়া কালকর্ত্তৃক নিহত হইয়াছেন ॥১৫॥

রাজা! তুমি ভীমসেন, অর্জ্জুন, নকুল কিংবা সহদেব কেহই তাঁহাদিগকে বধ কর নাই; কিন্তু কালই ক্রমনিয়মে সেই প্রাণিগণের প্রাণ লইয়াছেন ॥১৬॥

তা'র পর, সেই নিহত বীরগণের পিতা, মাতা বা অন্য কোন আত্মীয়কে অনুগ্রহপূর্ব্বক তোমার ভরণ পোষণ করিবারও কোন প্রয়োজন নাই। কেন না, যিনি মনুষ্যগণের কর্ম্মের সাক্ষী, সেই কালই তাহাদিগকে সংহার করিয়াছেন ॥১৭॥

হেতুমাত্রমিদং তস্য বিহিতং ভরতর্ষভ ! ।
যদ্ধন্তি ভূতৈর্ভূতানি তদস্য রূপমৈশ্বরম্ ॥১৮॥
কর্ম্মসূত্রাত্মকং বিদ্ধি সাক্ষিণং শুভপাপয়োঃ ।
সুখদুঃখগুণোদর্কং কালং কালফলপ্রদম্ ॥১৯॥
তেষামপি মহাবাহো ! কর্ম্মাণি পরিচিন্তয় ।
বিনাশহেতুকানি ত্বং যৈস্তে কালবশং গতাঃ ॥২০॥

ভারতকৌমুদী

নন্থ তথাপ্যহমেব তেষাং মৃত্যো নিমিত্তমিত্যাহ হেত্বিতি। ইদং যুদ্ধম্, তস্য ক্ষত্রিয়াণাং মৃত্যোঃ, হেতুমাত্রং ত্বয়া বিহিতম্। তথা চ মানুষো ভূতৈঃ প্রাণিভিঃ করণৈঃ ভূতানি অন্যান্ প্রাণিনঃ যৎ হন্তি, তৎ হননং অস্য হন্তুঃ, ঐশ্বরং রূপম্ ঈশ্বরপ্রকারঃ, ঈশ্বর এব তত্তন্মানুষাকারঃ সন্ হন্তীত্যর্থঃ! অতএব ঈশ্বরস্যৈব সাক্ষাদ্ধননকর্তৃত্বাৎ নাস্তি তব দোষঃ, নিমিত্ততা দোষস্তু প্রায়শ্চিত্তাপনেয় ইতি ভাবঃ ॥১৮॥

ইত্থং কালশক্তিমুক্ত্বা তৎস্বরূপমাহ কর্ম্মেতি। হে রাজন্! ত্বং কালম্, কর্ম্ম যজ্ঞাদিরূপং চৌর্য্যাদিরূপঞ্চ কার্য্যম্, সূত্রং সূচকম্ আত্মনি স্বরূপে যস্য তম্, শুভপাপয়োঃ পুণ্যপাপকর্ম্মণোঃ, সাক্ষিণং দ্রষ্টারম্, জীবানাং সুখদুঃখগুণাবেব উদর্কৌ উত্তরফলে যস্মিন্ তম্, কালে বিভিন্নসময়ে ফলং জীবানাং সম্পদং বিপদঞ্চ প্রদদাতীতি তং তাদৃশঞ্চ বিদ্ধি জানীহি। অত আত্মানং হেতুং মন্যমানেনাপি ত্বয়া শোকো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥১৯॥

ইতশ্চ শোকো ন কার্য্য ইত্যাহ তেষামিতি। তেষাং দুর্য্যোধনাদীনাম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

গৃহীতবান্ ॥১৬—১৭॥ হেতুমাত্রং নিমিত্তমাত্রমিদং যুদ্ধম্, তস্য তেন, অস্মৈ যস্য, ঐশ্বরং নিয়ন্তৃত্বম্ ॥১৮॥ কর্ম্মৈব সূত্রং বন্ধনং তদাত্মকং তৎপ্রধানম্, ঈশ্বরোঽপি কর্ম্মানুসারেণ ফলং দদন্ন বৈষম্য-

ভরতশ্রেষ্ঠ ! তুমি যুদ্ধ ঘটাইয়াছ বলিয়া সেই বীরগণের মৃত্যুর নিমিত্তমাত্র ঘটাইয়াছ। কারণ, মানুষ যে অন্য প্রাণিগণদ্বারা অন্য প্রাণিগণকে বধ করে, সেটা তাহার ঈশ্বরেরই রূপ (ঈশ্বরই মানুষের রূপ ধারণ করিয়া অন্যদ্বারা অন্যকে বধ করেন) ॥১৮॥

রাজা ! তুমি অবগত হও যে, কাল জীবের পুণ্যকর্ম্ম ও পাপকর্ম্মের সাক্ষী, সেই কর্ম্ম অনুসারে তাহার পরবর্ত্তী সুখ ও দুঃখ উৎপাদন করেন এবং যথাকালে সম্পদ ও বিপদ জন্মাইয়া থাকেন ॥১৯॥

মহাবাহু যুধিষ্ঠির ! তুমি সেই দুর্য্যোধনপ্রভৃতিরও বিনাশের হেতুভূত কর্ম্ম সকলের চিন্তা কর ; যে কর্ম্মের ফলে তাঁহারা মৃত্যুমুখে পতিত হইয়াছেন ॥২০॥

(১৮)···তদস্মৈ···বঙ্গ বৰ্দ্ধ নি।

আত্মনশ্চ বিজানীহি নিয়তব্রতশীলতাম্।
যদা ত্বমীদৃশং কর্ম্ম বিধিনাক্রম্য কারিতঃ ॥২১॥
ত্বষ্ট্রেব বিহিতং যন্ত্রং যথা চেষ্টয়িতুর্বশে।
কর্ম্মণা কালযুক্তেন তথেদং ভ্রাম্যতে জগৎ ॥২২॥
পুরুষস্য হি দৃষ্ট্বৈমামুৎপত্তিমনিমিত্ততঃ।
যদৃচ্ছয়া বিনাশঞ্চ শোকহর্ষাবনর্থকৌ ॥২৩॥

ভারতকৌমুদী

অথ তথাপ্যহমেব তেষাং নাশকর্ত্তেত্যত্রাহ আত্মন ইতি। নিয়তব্রতশীলতাং নিয়মেনৈব ধর্ম্মপরায়ণত্বম্। বিধিনা দৈবেন, আক্রম্য বলেনায়ত্তীকৃত্য, যদা যতঃ, কারিতঃ, ততঃ শোকো ন কর্ত্তব্য ইত্যর্থঃ ॥২১॥

অথ মানুষঃ কথমীদৃশীং বিধিবশতামাপ্নোতীত্যাহ ত্বষ্ট্রেতি। ত্বষ্ট্রা শিল্পিনা, বিহিতং যন্ত্রং চক্রাদি, যথা চেষ্টয়িতুঃ চালয়িতুঃ কুলালাদের্বশে বর্ত্ততে, অতএব তেন তদ্‌যন্ত্রং ভ্রাম্যত ইত্যর্থঃ। তথা জীবাবাহিতেন কালযুক্তেন কালসহকৃতেন কর্ম্মণা, ইদং জগৎ, ভ্রাম্যতে। পূর্ব্বার্দ্ধে যথাশব্দ-সম্বাদিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২২॥

ইতশ্চ শোকো ন কার্য্য ইত্যাহ পুরুষস্যেতি। অনিমিত্ততঃ ঘটাদীনাং দণ্ডাদিবন্নিমিত্তকারণ-ব্যতিরেকেণাপি। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া ॥২৩॥

ভারতভাবদীপঃ

নৈর্ঘৃণ্যদোষৌ ভজতীত্যর্থঃ। কালং কর্ম্মাপি কাল এবেত্যর্থঃ ॥১৯—২০॥ আত্মন ইতি। শাস্ত্রস্যাপি তব হিংস্রে কর্ম্মণি প্রবৃত্তিরিতি কালস্যৈবৈতন্মাহাত্ম্যমিত্যর্থঃ ॥২১—২২॥ পুরুষস্যেতি।

তুমি নিজের বিষয়েও অবগত হও যে, তুমি সর্ব্বদাই ধর্ম্মানুষ্ঠানে নিরত আছ; তথাপি দৈবই বলপূর্ব্বক তোমাকে আয়ত্ত করিয়া তোমাদ্বারা স্বজনবিনাশ করাইয়াছে ॥২১॥

প্রথমে শিল্পী চক্রপ্রভৃতি যন্ত্র নির্ম্মাণ করে; তাহার পর সেই চক্রপ্রভৃতি যন্ত্র কুম্ভকারপ্রভৃতি পরিচালকের বশীভূত হয়, তখন সেই চক্রপ্রভৃতি কুম্ভকারপ্রভৃতির চেষ্টায় যেমন ঘুরিতে থাকে; তেমন প্রাণিগণ প্রথমে কর্ম্ম করে, পরে কাল তাহার পরিচালক হয়, তখন প্রাণিগণ সেই কর্ম্মের প্রভাবে ঘুরিতে থাকে ॥২২॥

বিনা কারণে প্রাণিগণের এই উৎপত্তি এবং ঈশ্বরের ইচ্ছায় বিনাশ হয় ইহা দেখিয়া আনন্দ ও শোক করা অনর্থক ॥২৩॥

(২১)···নিয়তব্রতশীলতাম্—বঙ্গ বর্দ্ধ, ···যতব্রতমুপশীলতাম্···পি।

(২২)···চেষ্টতে জগৎ—বঙ্গ বর্দ্ধ।

ব্যলীকমপি যত্ত্বত্র চিত্তবৈতংসিকং তব।
তদর্থমিষ্যতে রাজন্! প্রায়শ্চিত্তং তদাচর ॥২৪॥
ইদন্তু শ্রূয়তে পার্থ! যুদ্ধে দেবাসুরে পুরা।
অসুরা ভ্রাতরো জ্যেষ্ঠা দেবাশ্চাপি যবীয়সঃ ॥২৫॥
তেষামপি শ্রীনিমিত্তং মহানাসীৎ সমুচ্ছ্রয়ঃ।
যুদ্ধং বর্ষসহস্রাণি দ্বাত্রিংশদভবৎ কিল ॥২৬॥
একার্ণবাং মহীং কৃত্বা রুধিরেণ পরিপ্লুতাম্।
জঘ্নুর্দৈত্যাংস্তথা দেবাস্ত্রিদিবং চাভিলেভিরে ॥২৭॥

ভারতকৌমুদী

অথ যথা তথাস্তু, মম চিত্তন্তু কুতোঽপি ন প্রসীদতীত্যাহ ব্যলীকমিতি। হে রাজন্! অত্র স্বজনবিনাশে, তব যৎ চিত্তস্য বৈতংসিকং শোকপিঞ্জরে বন্ধনোপায়ভূতম্, ব্যলীকম্ অপ্রিয়মপি পাপাশঙ্কয়া জাতমিতি শেষঃ। তদর্থং তন্নিবৃত্ত্যর্থম্। "ব্যলীকন্ত্বপ্রিয়েঽনৃতে" ইত্যমরঃ। "বিতংসো বন্ধনোপায়ে মৃগাণাং পক্ষিণামপি। তেষামপি চ বিশ্বাসহেতোঃ প্রাবরণেঽপি চ।" ইতি বিশ্বঃ ॥২৪॥

যুধিষ্ঠিরস্য শোকলাঘবসম্পাদনার্থং জগদভ্যাহিতানামপি স্বজনবধদৃষ্টান্তমাহ ইদমিতি। জ্যেষ্ঠাঃ কশ্যপস্য জ্যেষ্ঠভার্য্যাদিতি জাতত্বাৎ, যবীয়সো যবীয়াংসঃ কনিষ্ঠা ভ্রাতরঃ, তৎ কনিষ্ঠভার্য্যায়া মদিত্যামুৎপন্নত্বাৎ। প্রবৃত্তা আসন্নিতি শেষঃ ॥২৫॥

তেষামিতি। শ্রীনিমিত্তং সম্পত্তিনিবন্ধনম্, সমুচ্ছ্রয়ো বিবাদঃ ॥২৬॥

একেতি। পরিপ্লুতাং পরিপূর্ণাম্। ত্রিদিবং স্বর্গম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

উৎপত্তিবদ্বিনাশোঽপি যাদৃচ্ছিক এবেতি ভাবঃ ॥২৩॥ ব্যলীকমনৃতম্, চিত্তবৈতংসিকং চিত্তবন্ধনম্, তদর্থং তন্নিবৃত্ত্যর্থম্, মৃষাভূতমপি হন্তৃত্বাদিকং যদি সত্যমিতি মন্যসে তর্হি প্রায়শ্চিত্তং কুর্ব্বিত্যর্থঃ ॥২৪॥

রাজা! তথাপি এই বিষয়ে তোমার চিত্তের আকুলতাজনক যে অপ্রীতি চলিতেছে, তাহা নিবৃত্তির জন্য তুমি প্রায়শ্চিত্ত কর—ইহা আমি ইচ্ছা করি। অতএব তুমি তাহাই করিও ॥২৪॥

পৃথানন্দন! ইহা শুনা যায় যে, জ্যেষ্ঠভ্রাতা অসুরেরা এবং কনিষ্ঠভ্রাতা দেবতারা পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধনাম যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন ॥২৫॥

তাঁহাদেরও সম্পত্তির নিমিত্ত গুরুতর বিবাদ উপস্থিত হইয়াছিল; তাহাতে তাঁহারা বত্রিশহাজার বৎসর যাবৎ যুদ্ধ করিয়াছিলেন ॥২৬॥

ক্রমে দেবতারা রক্তদ্বারা পৃথিবীতে একটা মাত্র সমুদ্র করিয়া অসুরগণকে সংহার করিয়াছিলেন এবং স্বর্গরাজ্য লাভ করিয়াছিলেন ॥২৭॥

তথৈব পৃথিবীং লব্ধ্বা ব্রাহ্মণা বেদপারগাঃ।
সংশ্রিতা দানবানাং বৈ সাহ্যার্থং দর্পমোহিতাঃ ॥২৮॥
শালাবৃকা ইতি খ্যাতাস্ত্রিষু লোকেষু ভারত!।
অষ্টাশীতিসহস্রাণি তে চাপি বিবুধৈর্হতাঃ ॥২৯॥ (যুগ্মকম্)
ধর্ম্মব্যুচ্ছিত্তিমিচ্ছন্তো যেঽধর্ম্মস্য প্রবর্ত্তকাঃ।
হন্তব্যাস্তে দুরাত্মানো দেবৈর্দৈত্যা ইবোল্বণাঃ ॥৩০॥
একং হত্বা যদি কুলে শিষ্টানাং স্যাদনাময়ম্।
কুলং হত্বা চ রাষ্ট্রে চ ন তদ্‌বৃত্তোপঘাতকম্ ॥৩১॥
অধর্ম্মরূপো ধর্ম্মো হি কশ্চিদস্তি নরাধিপ!।
ধর্ম্মশ্চাধর্ম্মরূপোঽস্তি তচ্চ জ্ঞেয়ং বিপশ্চিতা ॥৩২॥

ভারতকৌমুদী

অথ ময়া দ্রোণঘাতনেন ব্রহ্মহত্যাপি কারিতেত্যত্রাপি দেবানামেব দৃষ্টান্তমাহ যুগ্মকেন তথেতি। সংশ্রিতা দানবানেব, সাহ্যার্থং সাহায্যার্থম্। শালাবৃকাঃ কুক্কুরাঃ পরাশ্রয়সাধর্ম্ম্যাদিতি ভাবঃ ॥২৮—২৯॥

ধর্ম্মেতি। ধর্ম্মস্য ব্যুচ্ছিত্তিং বিশেষেণোচ্ছেদম্। উল্বণা উদ্ধতাঃ ॥৩০॥

একমিতি। একং জনম্, কুলে বংশে, শিষ্টানাং শাস্ত্রানুসারিণাং ধার্ম্মিকাণাম্, আময়স্য উপদ্রবস্যাভাব ইত্যনাময়ম্। অভাবার্থে অব্যয়ীভাবঃ। রাষ্ট্রে চ অনাময়ং স্যাদিতি সম্বন্ধঃ। তদ্ধননম্, বৃত্তস্য সিদ্ধস্য ধর্ম্মস্য উপঘাতকং ন স্যাৎ বহুনামুপকারাৎ। অতো ধার্ত্তরাষ্ট্রকুলহননেঽপি রাষ্ট্রোপকারজননাৎ ন তে দোষ ইতি ভাবঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

যবীয়সঃ যবীয়াংসঃ ॥২৫॥ সমুচ্ছ্রয়ো বিরোধঃ ॥২৬—২৭॥ সংশ্রিতাঃ সন্নদ্ধাঃ, সাহ্যার্থং সাহায্যার্থম্ ॥২৮—২৯॥ অধর্ম্মস্যেতি চ্ছেদঃ ॥৩০॥ রাষ্ট্রেঽনাময়ং স্যাত্তর্হি তদেকস্য কুলস্য বা হননং বৃত্তোপ-

ভরতনন্দন! তৎকালে ত্রিভুবনে শালাবৃকনামে বিখ্যাত অষ্টাশীতি সহস্র বেদপারদর্শী ব্রাহ্মণ পৃথিবী লাভ করিয়া দর্পে মোহিত হইয়া সাহায্য করিবার জন্য অসুরগণের পক্ষ অবলম্বন করিয়াছিলেন; সুতরাং তখন দেবতারা তাঁহাদিগকেও বধ করিয়াছিলেন ॥২৮—২৯॥

তা'র পর, দেবতারা যেমন উদ্ধতস্বভাব দৈত্যগণকে বধ করিয়াছিলেন, সেইরূপ যে দুরাত্মারা অধর্ম্ম প্রবর্ত্তিত করিতে থাকিয়া ধর্ম্মের উচ্ছেদ কামনা করে, তাহাদিগকেও বধ করা সজ্জনগণের অবশ্য কর্ত্তব্য ॥৩০॥

একজনকে বধ করিলে যদি সেই বংশের ধার্ম্মিকগণের উপদ্রব নিবৃত্তি পায় কিংবা একটা বংশকেই বিনষ্ট করায় রাজ্যের উৎপাত তিরোহিত হয়, তবে তাহা করিলে ধর্ম্ম নষ্ট হয় না ॥৩১॥

তস্মাৎ সংস্তম্ভয়াত্মানং শ্রুতবানসি পাণ্ডব ! ।
দেবৈঃ পূর্ব্বগতং মার্গমনুযাতোঽসি ভারত ! ॥৩৩॥
নহীদৃশা গমিষ্যন্তি নরকং পাণ্ডবর্ষভ ! ।
ভ্রাতৃনাশ্বাসয়ৈতাংস্ত্বং সুহৃদশ্চ পরন্তপ ! ॥৩৪॥
যো হি পাপসমারম্ভে কার্য্যে তদ্ভাবভাবিতঃ ।
কুর্ব্বন্নপি তথৈব স্যাৎ কৃত্বা চ নিরপত্রপঃ ॥৩৫॥
তস্মিংস্তৎ কলুষং সর্ব্বং সমাপ্তমিতি শব্দিতম্ ।
প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি হ্রাসো বা পাপকর্ম্মণঃ ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নন্থ হননং নামাধর্ম্মঃ স কথং ধর্ম্মো ভবিতুমর্হতীত্যাহ অধর্ম্মেতি। পূর্ব্বশ্লোকেন একহননাদিরধর্ম্মোঽপি ধর্ম্মঃ বহূনামুপকারাদ্দর্শিতঃ। দানমানাদিনা দস্যুসৎকারশ্চ ধর্ম্মোঽপি অধর্ম্মরূপ এব বহূনামপকারানুকূল্যাৎ। বিপশ্চিতা বিবেকনিপুণেন ॥৩২॥

তস্মাদিতি। সংস্তম্ভয় স্থিরীকুরু, শ্রুতবান্ উক্তং দেবাসুরবৃত্তান্তম্ ॥৩৩॥

অথ যদি নাম নিহতা নরকং যাস্যন্তি তর্হি তৎকারণমপি বয়মেবেতি মহদেব দুঃখমিত্যাহ নহীতি। ঈদৃশা যুদ্ধনিহতাঃ ক্ষত্রিয়াঃ। যুদ্ধবধস্য তেষাং ধর্ম্ম্যত্বাৎ ॥৩৪॥

তর্হি কিং পাপকার্য্যে পাপমেব ন স্যাদিত্যাহ য ইতি। কার্য্যে কর্ত্তব্যে, তদ্ভাবেন চৌর্য্যং পাপমিতি জানামি, তথাপি তৎকরোমীত্যভিপ্রায়েণ ভাবিতো বিশিষ্টঃ। তথৈব চৌর্য্যাদিকমেব, নিরপত্রপো নির্লজ্জঃ। সমাপ্তং সম্পূর্ণং জাতম্, শব্দিতং ধর্ম্মশাস্ত্রকারৈরুক্তম্। প্রায়শ্চিত্তং নাস্তীতি কেষাঞ্চিন্মতম্। "না ভুক্তং ক্ষীয়তে কর্ম্ম" ইতি তৈরভিধানাৎ। অন্যেষাং মতে তু জ্ঞানকৃতপাপেঽপি প্রায়শ্চিত্তমস্ত্যেব "স্যাদকামকৃতে যত্তু দ্বিগুণং বুদ্ধিপূর্ব্বকে" ইতি স্মৃতেঃ ॥৩৫—৩৬॥

ভারতভাবদীপঃ

ঘাতকং ধর্ম্মনাশকং ন ভবতি ॥৩১॥ অধর্ম্মরূপো ধর্ম্মবত্ত্বাতি, ধর্ম্মো যথা শালাবৃকাখ্যব্রাহ্মণবধঃ : ধর্ম্মশ্চাধর্ম্মঃ যথা কর্ণপর্ব্বোক্তসত্যবাদিনঃ চোরেভ্যঃ কার্পটিকমার্গং প্রদর্শিতঃ ॥৩২—৩৪॥ তদ্ভাব

নরনাথ ! অধর্ম্মরূপও ধর্ম্ম আছে, আবার ধর্ম্মরূপও অধর্ম্ম আছে ; তাহা বিবেকনিপুণ লোক বিবেচনা করিয়া বুঝিয়া লইবেন ॥৩২॥

অতএব ভরতনন্দন যুধিষ্ঠির ! তুমি আপনাকে স্থির কর ; তুমি আমার নিকট দেবাসুরের বৃত্তান্ত শুনিলে ত ; সুতরাং পূর্ব্বে দেবতারা যে পথে গিয়াছেন, পরে তুমি সেই পথেই গমন করিয়াছ ॥৩৩॥

পাণ্ডবশ্রেষ্ঠ ! এইরূপ ক্ষত্রিয়েরা নরকে যাইবেন না। অতএব শত্রুসন্তাপক তুমিই তোমার ভ্রাতৃগণকে ও বন্ধুগণকে আশ্বস্ত কর ॥৩৪॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! কোন্ বস্তু খাদ্য, কোন্ বস্তু অখাদ্য, কো বস্তুই বা দানে প্রশস্ত? আর কোন্ ব্যক্তি দানের পাত্র, কোন্ ব্যক্তিই বা দানে অপাত্র, তাহা আপনি আমার নিকট বলুন?' ॥১॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠির! তপঃসিদ্ধ মহর্ষিগণ ও প্রজাপতি মনুর সংবাদ রূপ প্রাচীন বৃত্তান্ত এই বিষয়ে মনস্বীরা উল্লেখ করিয়া থাকেন ॥২॥

পূর্ব্বকালে একদা ব্রতপরায়ণ ঋষিরা উপস্থিত হইয়া প্রভাবশালী উপবিষ্ট স্বায়ম্ভু মনুর নিকট ধর্ম্মের বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন—॥৩॥

'প্রজাপতি! অন্ন কি? দানের পাত্র কে? দান কি? অধ্যয়ন কি? তপস্যা কি? এবং যাহা কর্ত্তব্য ও যাহা অকর্ত্তব্য, সেই সমস্তই আপনি বলুন' ॥৪॥

অনাদেশে জপো হোম উপবাসস্তথৈব চ।
আত্মজ্ঞানং পুণ্যনদ্যো যত্র প্রায়শ্চ তৎপরাঃ ॥৬॥
অনাদিষ্টং তথৈতানি পুণ্যানি ধরণীভৃতঃ।
সুবর্ণপ্রাশনমপি রত্নাদিস্নানমেব চ ॥৭॥
দেবস্থানাভিগমনমাজ্যপ্রাশনমেব চ।
এতানি মেধ্যং পুরুষং কুর্ব্বন্ত্যাশু ন সংশয়ঃ ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তৈরিতি। শুশ্রূষধ্বং শ্রোতুমিচ্ছত। ব্যাসো বিস্তরঃ সমাসঃ সংক্ষেপশ্চ তাভ্যাম্ ॥৫॥

পৃষ্টং বক্তুমুপক্রমমাণো মনুঃ প্রথমং ধর্ম্মসামান্যহেতুতয়া পবিত্রতামেবাহ ত্রিভির্বিশেষকেণ অনাদেশ ইতি। অনাদেশে বিশেষতঃ পবিত্রতাহেতোরনুক্তৌ, যত্র দেশে পুণ্যনদ্যঃ প্রবহন্তি, প্রায়ো বাহুল্যেনৈব, তৎপরাঃ পুণ্যকর্ম্মপরায়ণা লোকাশ্চ নিবসন্তি, তত্র দেশে, জপঃ, হোমঃ, উপবাসঃ, আত্মজ্ঞানং ব্রহ্মজ্ঞানাভ্যসনম্, অনাদিষ্টং বিশেষতোঽনুক্তং বিষ্ণুপূজাদি, এতানি পুণ্যানি কর্ম্মাণি, ধরণীভৃতঃ পুণ্যা এব গিরয়ো বিন্ধ্যাদয়স্তদ্গমনমিত্যর্থঃ, সুবর্ণপ্রাশনং স্বর্ণস্পৃষ্টজলপানম্, রত্নাদিস্নানং প্রবালাদিরত্নসর্ব্বৌষধ্যাদিযুক্তজলেন স্নানম্, এতানি কর্ম্মাণি চ পুরুষং মেধ্যং পবিত্রং কুর্ব্বন্তি ॥৬—৮॥

ভারতভাবদীপঃ

কিং ভক্ষ্যমিতি ॥১—২॥ প্রজাপতিং মনুম্ ॥৩॥ কথং কেন প্রকারেণ অন্নমদনীয়ং কিংদ্রব্যকং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥৪॥ ব্যাসো বিস্তরঃ ॥৫॥ অনাদেশে বিশেষতোঽনুক্তে দোষে যত্র দেশে তৎপরাঃ জপাদিপরাঃ প্রায়ঃ বহুশঃ সন্তি সোঽপি গঙ্গাদিবৎ পাবন ইত্যর্থঃ। যত্রোপায়া ইতি পাঠে স্পষ্টোঽর্থঃ ॥৬॥ তথা জপাদিবৎ পুণ্যান্যেতানি বক্ষ্যমাণানি। ধরণীভৃতঃ পর্ব্বতা ব্রহ্মগিরিপ্রভৃতয়ঃ,

মহর্ষিরা এইরূপ বলিলে, স্বায়ম্ভুবমনু বলিলেন—'মহর্ষিগণ! আপনারা আমার নিকট সংক্ষেপে ও বিস্তরক্রমে ধর্ম্ম শ্রবণ করুন ॥৫॥

যে ক্ষেত্রে বিশেষভাবে পবিত্রতা লাভের কারণ উক্ত না থাকে, সেই ক্ষেত্রে যে দেশে পবিত্র নদী সকল প্রবাহিত হইতে থাকে এবং অধিক সংখ্যকই ধর্ম্মপরায়ণ লোক বাস করে, সেই দেশে ইষ্টমন্ত্র জপ, হোম, উপবাস, ব্রহ্মচিন্তা ও বিশেষভাবে অনুক্ত বিষ্ণুপূজাপ্রভৃতি পুণ্য কার্য্য এবং পুণ্য পর্ব্বতে গমন, স্বর্ণস্পৃষ্ট জল পান, রত্ন ও সর্ব্বৌষধিযুক্ত জলে স্নান, দেবতায়তনে গমন ও ঘৃত ভোজন—এই সকল কর্ম্ম মানুষকে পবিত্র করে, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৬—৮॥

(৬)···আত্মজ্ঞানং পুণ্যনদ্যো যঃ প্রায়শ্চিত্ততৎপরঃ। দিষ্টান্যেতানি পুণ্যানি পুণ্যাশ্চ ধরণীভৃতঃ ॥—পি।

ন গর্ব্বেণ ভবেৎ প্রাজ্ঞঃ কদাচিদপি মানবঃ।
দীর্ঘমায়ুরথেচ্ছন্ হি ত্রিরাত্রঞ্চোষ্ণপো ভবেৎ ॥৯॥
অদত্তস্যানুপাদানং দানমধ্যয়নং তপঃ।
অহিংসা সত্যমক্রোধ ইজ্যা ধর্ম্মস্য লক্ষণম্ ॥১০॥
স এব ধর্ম্মঃ সোঽধর্ম্মো দেশকালে প্রতিষ্ঠিতঃ।
আদানমনৃতং হিংসা ধর্ম্মো হ্যাবস্থিকঃ স্মৃতঃ ॥১১॥
দ্বিবিধৌ চাপ্যুভাবেতৌ ধর্ম্মাধর্ম্মৌ বিজানতাম্।
অপ্রবৃত্তিঃ প্রবৃত্তিশ্চ দ্বৈবিধ্যং লোকবেদয়োঃ ॥১২॥

ভারতকৌমুদী

ধর্ম্মার্জনার্থং আয়ুর্হ্রাসনিবৃত্তয়ে তদ্বর্দ্ধনায় চোপায়মাহ নেতি। প্রাজ্ঞো মানবঃ, কদাচিদপি গর্ব্বেণ যুক্তো ন ভবেৎ; উষ্ণপ ঈষদুষ্ণক্ষীরপায়ী, ত্রিরাত্রমিতি মাসমধ্য ইত্যর্থঃ ॥৯॥

ধর্ম্মস্বরূপমাহ অদত্তস্যেতি। অদত্তস্যানুপাদানং চৌর্য্যাকরণম্। ইজ্যা যাগঃ ॥১০॥

নরাণামবস্থাবিশেষে ধর্ম্মোঽপ্যধর্ম্মরূপতাম্, অধর্ম্মোঽপি চ ধর্ম্মরূপতাং ভজত ইত্যাহ স ইতি। স প্রাগুক্তপ্রকার এব ধর্ম্মঃ সুস্থকালে, পুনর্বিপৎকালে স এবাধর্ম্মঃ। এবং দেশোঽপ্যূহ্যঃ। অধর্ম্মস্য ধর্ম্মরূপতাং স্পষ্টয়তি আদানমিতি। আদানমদত্তস্য গ্রহণং চৌর্য্যমিত্যর্থঃ, অনৃতং মিথ্যা হিংসা চ, আবস্থিকঃ অবস্থাবিশেষেণ সংসৃষ্টো ধর্ম্মঃ স্মৃতঃ। তথা চ প্রাণসংশয়কালে চৌর্য্যাদয়ো ধর্ম্মা এব ভবন্তি ॥১১॥

ভারতভাবদীপঃ

আদিপদাৎ সুবর্ণস্নানাদি অনাদিষ্টং প্রায়শ্চিত্তং সামান্যমিত্যর্থঃ ॥৭—৮॥ গর্ব্বেণ যুক্তো ন ভবেৎ পূজ্যং নাবগণয়েৎ, অবগণনে তু ত্রিরাত্রমুষ্ণপো ভবেদিতি তপ্তকৃচ্ছ্রং ধর্ম্মশাস্ত্রোক্তং কুর্য্যাদিত্যর্থঃ। ভবেদিত্যত্র পিবেদিতি পাঠং প্রকল্প্য সুরামিত্যধ্যাহৃত্য সুরাং ন পিবেৎ। পানে তূষ্ণপো ভবেৎ সুরামেবোষ্ণাং কৃত্বা পিবেদিতি কেচিৎ ॥৯॥ তপঃ উপবাসাদি ॥১০॥ আদানং স্তেয়ম্, আবস্থিকোঽবস্থাবিশেষে ভবঃ; প্রাণাত্যয়াদাবধর্ম্মস্যাপি স্তেয়াদের্ধর্ম্মত্বং ধর্ম্মস্যাপ্যস্তেয়াদেরধর্ম্মত্ব-মিত্যর্থঃ ॥১১॥ বৈদিকৌ প্রবৃত্ত্যপ্রবৃত্তী মর্ত্ত্যত্বামৃতত্বপ্রদে লৌকিকৌ তু তে শুভে চেচ্ছুভফলে

বুদ্ধিমান্ মানুষ কখনও গর্ব্বিত হইবে না এবং দীর্ঘায়ু লাভ করিবার ইচ্ছায় অন্ততঃ মাসের মধ্যে তিন দিন ঈষদুষ্ণ দুগ্ধ পান করিবে ॥৯॥

চৌর্য্য না করা, দান, অধ্যয়ন, তপস্যা, হিংসা না করা, সত্য ব্যবহার ও ক্রোধ বর্জ্জন—এইগুলি ধর্ম্মের লক্ষণ ॥১০॥

দেশ এবং কাল অনুসারে সেই চুরি না করা প্রভৃতি ধর্ম্মও হয়, আবার অধর্ম্মও হয়; কেন না, বিপদের সময়ে চুরি করা, মিথ্যা বলা, কিংবা হিংসা করা প্রভৃতি ধর্ম্মই হইয়া থাকে ॥১১॥

অপ্রবৃত্তেরমর্ত্ত্যত্বং মর্ত্ত্যত্বং কর্ম্মণঃ ফলম্‌।
অশুভস্যাশুভং বিদ্যাচ্ছুভস্য শুভমেব চ।
এতয়োশ্চোভয়োঃ স্যাতাং শুভাশুভতয়া তথা ॥১৩॥
দৈবঞ্চ দৈবসংযুক্তং প্রাণশ্চ প্রাণদশ্চ হ।
অপেক্ষাপূর্ব্বকরণাদশুভানাং শুভং ফলম্‌ ॥১৪॥

ভারতকৌমুদী

দ্বিবিধাবিতি। দ্বিবিধৌ কদাচিদ্ধর্ম্মোঽপ্যধর্ম্মরূপঃ কদাচিচ্চাধর্ম্মোঽপি ধর্ম্মরূপ ইতি দ্বিপ্রকারৌ। বিজানতাং প্রাজ্ঞানাম্‌। তত্রাধর্ম্মে অপ্রবৃত্তিঃ ধর্ম্মে চ প্রবৃত্তিঃ ইতি দ্বৈবিধ্যমপি লোকবেদয়োঃ সিদ্ধম্‌ ॥১২॥

অপ্রবৃত্তেরিতি। তত্রাধর্ম্মে অপ্রবৃত্তেঃ ফলম্‌ অমর্ত্ত্যত্বমমরত্বম্‌, মর্ত্ত্যত্বং মরণধর্ম্মকত্বন্ত কর্ম্মণঃ অধর্ম্মকার্য্যাস্তু প্রবৃত্তেঃ ফলম্‌, অশুভস্য পাপকর্ম্মণঃ ফলমশুভম্‌, শুভস্য পুণ্যকর্ম্মণঃ ফলন্তু শুভং বিদ্যাৎ। কিঞ্চ এতয়োরুভয়োরপি কর্ম্মণোরবস্থাবিশেষে শুভাশুভতয়া ফলে স্যাতাম্‌। তথা চ খাদ্যাভাবাৎ প্রাণসংশয়কালে ধর্ম্মরূপমপি চৌর্য্যাকরণং মরণরূপমেবাশুভং ফলং জনয়তি, তথা অধর্ম্মরূপাপি স্বমাক্রামতো ব্যাঘ্রস্য হিংসা জীবনরূপং শুভং ফলমেব প্রতিপাদয়তি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

দৈবমিতি। দৈবং বজ্রপাতাদিদৈবভয়ম্‌, দৈবসংযুক্তং মহামারীপ্রভৃতিদৈবভয়সংযুক্তং স্থানম্‌, প্রাণ আত্মজীবনম্‌, প্রাণদঃ পিত্রাদিশ্চ, এতেষাং চতুর্ণাম্‌ অপেক্ষাপূর্ব্বকরণাৎ অশুভানামপি কর্ম্মণাম্‌, শুভমেব ফলং ভবেৎ। তথা চ বহির্বজ্রপাতসম্ভবে স্বপ্রাণরক্ষাপেক্ষয়া গৃহস্থব্যাঘ্রহত্যায়া শুভমেব ফলং ভবতি। এবমন্যদপ্যূহ্যম্‌ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অশুভে চেদশুভফলে ইত্যাহ দ্বাভ্যাং—দ্বিবিধাবিতি ॥১২॥ এতয়োর্লৌকিক্যোঃ ফলে অপি কারণানুরূপে ইত্যর্থঃ ॥১৩॥ দৈবযুক্তং শাস্ত্রীয়ং কর্ম্ম, প্রাণো জীবনম্‌, এতেষাং চতুর্ণামপেক্ষাপূর্ব্বং যৎকিঞ্চিৎ ক্রিয়তে তর্হ্যশুভানাং নীচানামপি পুংসাং তস্য ফলং শুভং ভবতি ॥১৪॥ ঊর্দ্ধমিতি।

ধর্ম্ম ও অধর্ম্ম এই দুইটীর প্রত্যেকটীই উক্ত প্রকারে দুই প্রকার হয়; তা'র পর, প্রাজ্ঞ লোকদিগের ধর্ম্মে প্রবৃত্তি ও অধর্ম্মে অপ্রবৃত্তি হওয়া বেদে ও লোকসমাজে প্রসিদ্ধই আছে ॥১২॥

মানুষ জানিবে যে, অধর্ম্মে অপ্রবৃত্তির ফল অমরত্ব, আর অধর্ম্মে প্রবৃত্তির ফল—মরণ; এইরূপ অশুভকর্ম্মের ফল অশুভ এবং শুভকর্ম্মের ফল শুভ। এই পুণ্যকর্ম্ম ও পাপকর্ম্মের বিপরীত ফলও অবস্থাবিশেষে হইয়া থাকে ॥১৩॥

দৈবভয়, দৈবোৎপাতযুক্ত স্থান, প্রাণ ও প্রাণদাতা এই চারিটীর অপেক্ষাপূর্ব্বক অশুভ কার্য্য করিলেও তাহার শুভফলই হইয়া থাকে ॥১৪॥

ঊর্দ্ধং ভবতি সন্দেহাদিহ দৃষ্টার্থমেব চ।
অপেক্ষাপূর্ব্বকরণাৎ প্রায়শ্চিত্তং বিধীয়তে ॥১৫॥
ক্রোধমোহকৃতে চৈব দৃষ্টান্তাগমহেতুভিঃ।
শরীরাণামুপক্লেশো মনসশ্চ প্রিয়াপ্রিয়ে।
তদৌষধৈশ্চ মন্ত্রৈশ্চ প্রায়শ্চিত্তৈশ্চ শাম্যতি ॥১৬॥
উপবাসমেকরাত্রং দণ্ডোৎসর্গে নরাধিপঃ।
বিশুধ্যেদাত্মশুদ্ধ্যর্থং ত্রিরাত্রন্তু পুরোহিতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ঊর্দ্ধমিতি। সন্দেহাৎ প্রাণসংশয়াৎ, ঊর্দ্ধং পরং তং বিনেত্যর্থঃ, ভবতি ব্যাঘ্রাদিহিংসায়াং পাপমেবেতি শেষঃ। দৃষ্টার্থং তৃপ্ত্যাদিলাভার্থং ফলচৌর্য্যাদিকঞ্চ পাপজনকমেব ভবতি, অতস্তয়োঃ রপেক্ষাপূর্ব্বকরণাৎ আমোদতৃপ্ত্যপেক্ষয়া বিধানাৎ তত্তৎপাপক্ষয়ার্থং প্রায়শ্চিত্তং বিধীয়তে ॥১৫॥

ক্রোধেতি। মনসঃ, প্রিয়ং প্রীতিকরং হিংস্রহননাদি অপ্রিয়মপ্রীতিকরং মৃগশাবকবধাদি তদ্রূপে, ক্রোধমোহাভ্যাং কৃতে পাপে, দৃষ্টান্তঃ অনুরূপস্থলদর্শনম্ আগমঃ শাস্ত্রং হেতুর্যুক্তিশ্চ তৈঃ, যথাসম্ভবমেষামন্যতমেন দ্বাভ্যাং সর্ব্বৈর্বা, শরীরাণামুপক্লেশ উপবাসাদিরূপং প্রায়শ্চিত্তং কার্য্যম্। কিঞ্চ ঔষধৈস্তিক্তাদিভিঃ, মন্ত্রৈর্গায়ত্র্যাদিভিঃ, প্রায়শ্চিত্তৈশ্চ তৎপাপং শাম্যতি। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥

উপেতি। নরাধিপঃ ক্ষত্রিয়ঃ, ক্রোধমোহকৃতে দণ্ডোৎসর্গে অযথা দণ্ডদানে, একরাত্রমুপবাসং কৃত্বা বিশুধ্যেৎ, পুরোহিতো ব্রাহ্মণস্তু, আত্মশুদ্ধ্যর্থং ত্রিরাত্রমুপবাসং কৃত্বা বিশুধ্যেৎ। বৈশ্যশূদ্রয়োস্তু প্রাণায়ামাদিরূপমেব তাদৃশপাপপ্রায়শ্চিত্তমিতি বোধ্যম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

সত্যপি সন্দেহে যল্লোকবিগানপরিহারার্থং কৃতং নিত্যাদি যচ্চ কেবলং দৃষ্টার্থং কৃতং শ্যেনাদি তন্নোভয়ত্রাপি ॥১৫॥ ক্রোধাদিনা যন্মনসঃ প্রিয়মপ্রিয়ং কৃতং তত্র দৃষ্টান্তাগমহেতুভিঃ পূর্ব্বোক্তৈর্ধাবদেন ইত্যাদ্যৈঃ প্রমাণৈর্দেহস্য শোষণমুপবাসাদিকং প্রায়শ্চিত্তং কর্ত্তব্যম্। ঔষধৈর্বিষ্যাশনৈঃ

আর প্রাণ সংশয় না থাকিলে, কেবল আমোদের জন্য প্রাণিহিংসা করিলে এবং কেবল রসনার তৃপ্তির জন্য হিংসা করিলে, সেই আমোদ ও তৃপ্তির অপেক্ষায় হিংসা করা বশতঃ পাপ হয় বলিয়া সেই সকল ক্ষেত্রে প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে ॥১৫॥

মনের প্রীতিকরই হউক কিংবা অপ্রীতিকরই হউক, ক্রোধ বা মোহদ্বারা পাপ করিলে, দৃষ্টান্ত, শাস্ত্র ও যুক্তি অনুসারে দেহের ক্লেশদায়ক উপবাসপ্রভৃতি প্রায়শ্চিত্ত করিবে অথবা দেহের ক্লেশদায়ক তিক্তপ্রভৃতি ঔষধ সেবন, গায়ত্রীপ্রভৃতি মন্ত্র জপ এবং যথোক্ত প্রায়শ্চিত্তে সেই পাপ বিনষ্ট হয় ॥১৬॥

(১৫)···সন্দেহাদিহাদিষ্টার্থমেব চ ···নি।

ক্ষয়ং শোকং প্রকুর্ব্বাণো ন ম্রিয়েত যদা নরঃ।
শাস্ত্রাদিভিরুপাবিষ্টস্ত্রিরাত্রং তত্র নির্দ্দিশেৎ ॥১৮॥
জাতিশ্রেণ্যধিবাসানাং কুলধর্ম্মাংশ্চ সর্ব্বতঃ।
বর্জয়ন্তি চ যে ধর্ম্মং তেষাং ধর্ম্মো ন বিদ্যতে ॥১৯॥
দশ বা বেদশাস্ত্রজ্ঞাস্ত্রয়ো বা ধর্ম্মপাঠকাঃ।
যদ্‌ব্রূয়ুঃ কার্য্য উৎপন্নে স ধর্ম্মো ধর্ম্মসংশয়ে ॥২০॥

ভারতকৌমুদী

ক্ষয়মিতি। নরো যদা পুত্রাদিনাশে শোকং প্রকুর্ব্বাণঃ, ক্ষয়মাত্মনোঽপি নাশমুদ্দিশ্য, উদ্বন্ধনাদ্যপায়ে প্রবৃত্তোঽপি ন ম্রিয়েত, তত্র তদা শাস্ত্রাদিভিঃ প্রাগুক্তদৃষ্টান্তাগমহেতুভিঃ, উপাবিষ্টঃ অধিকৃতঃ সন্, ত্রিরাত্রমুপবাসং তন্মরণোদ্যমপ্রায়শ্চিত্তরূপং নির্দ্দিশেদাচরেৎ। ইদন্তু স্বল্পত্বাৎ উন্মত্তাদেঃ প্রায়শ্চিত্তং সুস্থস্য তু প্রায়শ্চিত্তবিবেকাদিধৃতৈঃ শাস্ত্রান্তরৈরধিকং প্রায়শ্চিত্তং জ্ঞেয়ম্ ॥১৮॥

জাতীতি। যে, জাতির্ব্রাহ্মণত্বাদিঃ শ্রেণীর্বৈদিকাদিঃ অধিবাসঃ প্রতিবেশী তেষাং ধর্ম্মান্, সর্ব্বতঃ কুলধর্ম্মাংশ্চ, ধর্ম্মং শাস্ত্রোক্তং দানাদিকম্, বর্জয়ন্তি, তেষাম্ অন্যজাত্যাদিধর্ম্মগ্রহণেঽপি ধর্ম্মো ন বিদ্যতে। অপি তু পাপমেব ভবতীত্যাশয়ঃ ॥১৯॥

অথ ধর্ম্মসংশয়স্থলে কস্যোপদেশো গ্রাহ্য ইত্যাহ দশেতি। বেদান্ তদিতরাণি চ শাস্ত্রাণি জানন্তীতি তে, ধর্ম্মপাঠকা ধর্ম্মশাস্ত্রজ্ঞাঃ। তত্র সামান্যজ্ঞত্বে দশবিশেষজ্ঞত্বে তু ত্রয় ইতি ব্যবস্থিতবিকল্পঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

মন্ত্রৈশ্চ পবিত্রজপৈঃ চাদত্তদপি তীর্থাটনশ্রমাদিভিস্তৎ পাপং শাম্যতীতি সার্দ্ধম্ ॥১৬—১৭॥ ক্ষয়ং পুত্রাদিমরণনিমিত্তমাত্মবধার্থং প্রবৃত্তো ন ম্রিয়েত চেৎ ত্রিরাত্রমুপবাসং চরেৎ ॥১৮॥ জাতির্ব্রাহ্মণত্বাদিঃ, শ্রেণী গৃহস্থাদীনাং পঙ্‌ক্তিঃ, অধিবাসো জন্মভূমিঃ, জাত্যাদিধর্ম্মাশ্চ যে বর্জ্জয়ন্তি তেষাং ধর্ম্মঃ প্রায়শ্চিত্তাদিস্বরূপো ন বিদ্যতে ॥১৯॥ পাঠকাঃ শোধকাঃ বিচারকা ইতি যাবৎ। কার্য্যে

রাজা প্রজার উপরে অযথা দণ্ড দান করিলে, আত্মশুদ্ধির জন্য এক রাত্র উপবাস করিবেন; আর ব্রাহ্মণ কাহারও উপরে অযথা দণ্ড দান করিলে, আত্মশুদ্ধির জন্য ত্রিরাত্র উপবাস করিবেন ॥১৭॥

অপ্রকৃতিস্থ মানুষ পুত্রপ্রভৃতির মৃত্যু হইলে, শোক করিতে থাকিয়া আত্মহত্যা করিতে প্রবৃত্ত হইয়াও যদি মরিতে না পারে তাহা হইলে, দৃষ্টান্ত, শাস্ত্র বা যুক্তি অনুসারে ত্রিরাত্র উপবাস করিবে ॥১৮॥

যাহারা নিজের জাতি, নিজের শ্রেণী ও নিজের প্রতিবেশীদের ধর্ম্ম, সর্ব্বপ্রকার কুলধর্ম্ম এবং শাস্ত্রোক্ত দানাদিধর্ম্ম পরিত্যাগ করে, ধর্ম্মান্তর গ্রহণেও তাহাদের কোন ধর্ম্ম হয় না ॥১৯॥

অনড্বান্ মৃত্তিকা চৈব তথা ক্ষুদ্রপিপীলিকাঃ।
শ্লেষ্মাতকস্তথা বিপ্রৈরভক্ষ্যং বিষমেব চ ॥২১॥
অভক্ষ্যা ব্রাহ্মণৈর্মৎস্যাঃ শল্কৈর্যে বৈ বিবর্জিতাঃ।
চতুষ্পাৎ কচ্ছপাদন্যো মণ্ডূকা জলজাশ্চ যে ॥২২॥
ভাসা হংসাঃ সুপর্ণাশ্চ চক্রবাকাঃ প্লবা বকাঃ।
কাকো মদ্গুশ্চ গৃধ্রশ্চ শ্যেনোলূকস্তথৈব চ ॥২৩॥
ক্রব্যাদা দংষ্ট্রিণঃ সর্ব্বে চতুষ্পাৎ পক্ষিণশ্চ যে।
যেষাং চোভয়তো দন্তাশ্চতুর্দ্দংষ্ট্রাশ্চ সর্ব্বশঃ ॥২৪॥
এড়কাশ্চ খরোষ্ট্রীণাং সূতিকানাং গবামপি।
মানুষীণাং মৃগীণাঞ্চ ন পিবেদ্‌ব্রাহ্মণঃ পয়ঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ইদানীং পৃষ্টান্যভক্ষ্যাণ্যাহ অনড্বানিতি। অনড্বান্ বৃষঃ। শ্লেষ্মাতকঃ কীটঃ। বিপ্রৈরিতি জাতিমাত্রোপলক্ষণম্ ॥২১॥

অভক্ষ্যা ইতি। কচ্ছপপদং ছাগমৃগাদীতরপরম্, মণ্ডূকা ভেকাঃ ॥২২॥

ভাসা ইতি। সুপর্ণাঃ স্বর্ণবর্ণপক্ষাঃ। প্লবাঃ পক্ষিবিশেষাঃ ॥২৩॥

ক্রব্যাদা ইতি। ক্রব্যাদা মাংসভোজিনঃ কুক্কুরাদয়ঃ, দংষ্ট্রিণো বৃহদ্দন্তশালিনঃ শূকরাদয়ঃ। উভয়তো দন্তা অশ্বাদয়ঃ ॥২৪॥

কোন কার্য্য হইয়া পড়িলে তখন আবার ধর্ম্ম সন্দেহ উপস্থিত হইলে, বেদ বা তদ্ভিন্ন শাস্ত্রোক্ত দশ জন কিংবা ধর্ম্মশাস্ত্রজ্ঞ তিন জন যাহা বলিবেন, তাহাকেই ধর্ম্ম বলিয়া জানিবে ॥২০॥

মানুষ—বৃষ, মৃত্তিকা, পিপীলিকা, কীট ও বিষ ভক্ষণ করিবে না ॥২১॥

শল্ক-(আইস) বিহীন মৎস্য, কচ্ছপ ও ছাগাদি ভিন্ন চতুষ্পদ জন্তু এবং জলজাত ভেক, এইগুলি ব্রাহ্মণের অখাদ্য ॥২২॥

ভাস, হংস, স্বর্ণবর্ণ পক্ষী, চক্রবাক, গুড়গুড়, বক, কাক, পানিকৌড়ি, শকুন, শ্যেন ও পেচক এই সকল পক্ষী অভক্ষ্য ॥২৩॥

মাংসভোজী ও বৃহৎ দন্তশালী জন্তু, চতুষ্পদ পক্ষী, দুইদিকে দন্তশালী ও চতুর্দন্তশালী জন্তু অখাদ্য ॥২৪॥

মেষী ও ছাগীপ্রভৃতি স্ত্রী-পশু অভক্ষ্য এবং গর্দ্দভী ও উষ্ট্রী প্রসবের পর দশ দিনের মধ্যবর্ত্তিনী গো, মানুষী ও হরিণীর দুগ্ধ পান করিবে না ॥২৫॥

(২১) অনুক্ষা মৃত্তিকা···নি। (২৫)···খড়োষ্ট্রাণাং···নি।

প্রেতান্নং সূতিকান্নঞ্চ যচ্চ কিঞ্চিদনির্দশম্।
অভোজ্যঞ্চাপ্যপেয়ঞ্চ ধেনোর্দুগ্ধমনির্দশম্ ॥২৬॥
রাজান্নং তেজ আদত্তে শূদ্রান্নং ব্রহ্মবর্চ্চসম্।
আয়ুঃ সুবর্ণকারান্নমবীরায়াশ্চ যোষিতঃ ॥২৭॥
বিষ্ঠা বার্দ্ধুষিকস্যান্নং গণিকান্নমথেন্দ্রিয়ম্।
মৃষ্যন্তি যে চোপপতিং স্ত্রীজিতান্নঞ্চ সর্ব্বশঃ ॥২৮॥

ভারতকৌমুদী

এড়কা ইতি। এড়কা মেষ্যঃ। ইদন্তু স্ত্রীপশুমাত্রোপলক্ষণম্। সূতিকানাং প্রসবানন্তর-দশদিনান্তর্বর্ত্তিনীনাম্ "অজা গাবো মহিষ্যশ্চ ব্রাহ্মণী চ প্রসূতিকা। শুধ্যন্তি দিবসৈরেব দশভির্নাত্র সংশয়ঃ ॥" ইতি শুদ্ধিতত্ত্বধৃতবচনাৎ ॥২৫॥

প্রেতেতি। প্রেতান্নং মরণাশৌচিনামন্নম্, সূতিকান্নং জননাশৌচিনামন্নম্, যচ্চ কিঞ্চিদ্বস্তু অনির্দশং ন নির্গতং দশভ্যো দিনেভ্য ইতি তৎ। দশপদঞ্চ তত্তদশৌচকালপরম্। অনির্দশং প্রসবাবধিদশদিনমধ্যবর্ত্তি ধেনোর্দুগ্ধঞ্চাপেয়ম্ ॥২৬॥

ব্রাহ্মণপক্ষে তত্তদন্নভোজনে দোষমাহ রাজেতি। রাজান্নং ক্ষত্রিয়ান্নং কর্ত্তৃ, তেজো মানসং বলম, আদত্তে নাশয়তি, ব্রহ্মবর্চ্চসং তপঃপ্রভাবম্। অবীরায়া নিষ্পতিসুতায়াঃ ॥২৭॥

বিষ্ঠেতি। বার্দ্ধুষিকস্য ধনবৃদ্ধিজীবিনঃ, অন্নম্, বিষ্ঠা বিষ্ঠাতুল্যম্, গণিকান্নম্, যে চ জনা স্বভার্য্যাণামুপপতিং মৃষ্যন্তি সহন্তে তেষামন্নম্, স্ত্রীজিতানাং পুরুষাণামন্নঞ্চ, ইন্দ্রিয়ং শুক্রতুল্যম্, এতৎ সর্ব্বমভোজ্যমিত্যর্থঃ। "শুক্রং তেজোরেতসী চ বীজবীর্য্যেন্দ্রিয়াণি চ" ইত্যমরঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রায়শ্চিত্তনিমিত্তে দোষে ॥২০॥ অভক্ষ্যানাহ চতুর্ভিঃ—অনড়ুানিতি ॥২১—২৪॥ এড়কা মেষী, সূতিকানামনির্দশানাম্ ॥ ২৫ ॥ অভোজ্যং পায়সাদ্যন্তর্গতম্ ॥ ২৬ ॥ অবীরায়াঃ পতিপুত্রহীনায়াঃ ॥ ২৭ ॥

মরণাশৌচীর অন্ন, জননাশৌচীর অন্ন এবং অশৌচশালী লোকের যে কোন খাদ্য বস্তু, সে সমস্তই অভোজ্য; আর প্রসবাবধি দশ দিনের মধ্যে ধেনুর দুগ্ধ অপেয় ॥২৬॥

ক্ষত্রিয়ের অন্ন ভক্ষণ করিলে ব্রাহ্মণের মানসিক বল নষ্ট হয়, শূদ্রের অন্ন ভোজন করিলে ব্রাহ্মণের তপস্যার প্রভাব তিরোহিত হইয়া যায় এবং সুবর্ণকার ও পতিপুত্র-বিহীনা নারীর অন্ন ভক্ষণ করিলে, ব্রাহ্মণের আয়ু হ্রাস পায় ॥২৭॥

যাহারা সুদখোর তাহাদের অন্ন বিষ্ঠার তুল্য এবং বেশ্যার অন্ন, ব্যভিচারিণী স্ত্রীর পতির অন্ন ও স্ত্রীজিত পুরুষের অন্ন শুক্রের তুল্য (অর্থাৎ ইহাদের অন্ন অভক্ষ্য) ॥২৮॥

দীক্ষিতস্য কদর্য্যস্য ক্রতুবিক্রয়িকস্য চ।
তক্ষ্ণশ্চর্ম্মাবকর্ত্তুশ্চ পুংশ্চল্যা রজকস্য চ ॥২৯॥
চিকিৎসকস্য যচ্চান্নমভোজ্যং রক্ষিণস্তথা।
গণগ্রামাভিশস্তানাং রঙ্গস্ত্রীজীবিনাং তথা ॥৩০॥ (যুগ্মকম্)
পরিবিত্তীনাং পুংসাং চ বন্দিদ্যূতবিদাং তথা।
বামহস্তাহৃতঞ্চান্নং শুষ্কং পর্য্যুষিতঞ্চ যৎ।
সুরানুগতমুচ্ছিষ্টমভোজ্যং শেষিতঞ্চ যৎ ॥৩১॥

ভারতকৌমুদী

দীক্ষিতস্যেতি। দীক্ষিতস্য অগ্নীষোমযাগপ্রবৃত্তস্য বপাহোমাৎ পূর্ব্বম্, কদর্য্যস্য সর্ব্বথা নিন্দিতস্য, ক্রতুবিক্রয়িকস্য যজ্ঞসাধকসোমবিক্রয়িণঃ, তক্ষ্ণঃ কারোঃ, চর্ম্মাবকর্ত্তুশ্চর্ম্মকারস্য, পুংশ্চল্যা ব্যভিচারিণ্যাঃ, রজকস্য স্বনামপ্রসিদ্ধস্য, চিকিৎসকস্য ভিষজঃ, রক্ষিণো নগররক্ষকস্য, গণেন প্রবাসিনা লোকসমূহেন গ্রামেণ গ্রামবাসিনা জনেন চ অভিশস্তানাং তিরস্কৃতানাম্, রঙ্গস্ত্রীভির্নটীভিঃ রঙ্গসম্পাদনায় প্রেরিতনিজভার্য্যাভির্বা জীবন্তীতি তেষাঞ্চ যদন্নম্, তচ্চাপ্যভোজ্যম্ ॥২৯—৩০॥

পরীতি। পরিবিত্তীনাং প্রাগুক্তপরিবেদনদোষবতাম্, বন্দিনঃ স্তুতিপাঠকাঃ দ্যূতবিদো দ্যূতনিপুণত্বেন তদাসক্তাশ্চ তেষাম্; বামহস্তেন আহৃতমানীতম্, শুষ্কমনুষ্ণম্, পর্য্যুষিতং পূর্ব্বদিনাদৌ পক্বঞ্চ যদন্নম্, সুরানুগতং মদ্যস্পৃষ্টম্, উচ্ছিষ্টং ভুক্তাবশিষ্টম্, শেষিতং সর্ব্বশেষতয়া রক্ষিতম্, চান্নমভোজ্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

ইন্দ্রিয়ং শুক্রম্, গণিকাদিত্রয়াণামন্নম্ ॥ ২৮ ॥ দীক্ষিতস্য অগ্নীষোমীয়বপাহোমাৎ প্রাঙ্ ন ভোক্তব্যম্, কদর্য্যো ধনব্যয়ভয়াদ্ভোগত্যাগহীনঃ ॥২৯॥ রক্ষিণো গ্রামপালকস্য সীমাদিরক্ষিণো বা ॥৩০—৩১॥

বসাহোমের পূর্ব্বে যজ্ঞপ্রবৃত্ত লোকের অন্ন, ঘৃণিত লোকের অন্ন, সোমবিক্রয়ীর অন্ন, কাঠের মিস্ত্রীর অন্ন, চর্ম্মকারের অন্ন, ব্যভিচারিণী স্ত্রীর অন্ন, রজকের অন্ন, চিকিৎসকের অন্ন, নগররক্ষীর অন্ন, ভিন্নস্থানীয় লোকনিন্দিত ও গ্রামস্থ লোকনিন্দিত ব্যক্তির অন্ন এবং নিজভার্য্যাদ্বারা রঙ্গসম্পাদনকারীর অন্ন ভোজন করিবে না ॥২৯—৩০॥

পরিবেদনদোষযুক্ত পুরুষদিগের, (পরিবেদন দোষ পূর্ব্বে বলা হইয়াছে,) স্তুতিপাঠকদিগের ও দ্যূতাসক্ত লোকদিগের অন্ন, বামহস্তানীত অন্ন, অত্যন্ত শীতল অন্ন, পর্য্যুষিত অন্ন, সুরাস্পৃষ্ট অন্ন, উচ্ছিষ্ট অন্ন এবং সর্ব্বশেষ অবশিষ্ট যে অন্ন, তাহা ভোজন করিবে না ॥৩১॥

---

(৩১) পরিবিত্তিকানাং···পি।

পিষ্টস্য চেক্ষুশাকানাং বিকারাঃ পয়সস্তথা।
সক্তুধানাকরম্ভাশ্চ নোপভোগ্যাশ্চিরস্থিতাঃ॥৩২॥
পায়সং কৃসরং মাংসমপূপাশ্চ বৃথাকৃতাঃ।
অপেয়াশ্চাপ্যভক্ষ্যাশ্চ ব্রাহ্মণৈর্গৃহমেধিভিঃ॥৩৩॥
দেবান্ ঋষীন্ মনুষ্যাংশ্চ পিতৄন্ গৃহ্যাশ্চ দেবতাঃ।
পূজয়িত্বা ততঃ পশ্চাদ্‌গৃহস্থো ভোক্তুমর্হতি॥৩৪॥
যথা প্রব্রজিতো ভিক্ষুস্তথৈব স্বে গৃহে বসেৎ।
এবংবৃত্তঃ প্রিয়ৈর্দারৈঃ সংবসন্ ধর্ম্মমাপ্নুয়াৎ॥৩৫॥

ভারতকৌমুদী

পিষ্টস্যেতি। পিষ্টস্য পূপস্য, ইক্ষুশাকানাঞ্চ পয়সো দুগ্ধস্য চ বিকারা বিকৃতাবস্থাপ্রাপ্তানি পিষ্টকাদীনীত্যর্থঃ, সক্তবশ্চ তিলাজাদয়ঃ ধানা ভৃষ্টযবাঃ করম্ভা দধিমিশ্রিতসক্তবশ্চ তে, চিরস্থিতা বহুপূর্ব্বকৃতাঃ, নোপভোগ্যাঃ॥৩২॥

পায়সমিতি। পায়সং প্রসিদ্ধম্, কৃসরং তিলমিশ্রিতান্নম্, অপূপাঃ পিষ্টকানি, বৃথাকৃতাঃ স্বভক্ষণার্থনির্ম্মিতাঃ। গৃহমেধিভির্গৃহস্থৈঃ॥৩৩॥

দেবানিতি। গৃহ্যা গৃহস্থিতাঃ। ভোক্তুমর্হতি পায়সাদীনি॥৩৪॥

যথেতি। যথা বিষয়ানাসক্তভাবেন। এবংবৃত্তঃ অনাসক্তভাবেন বর্ত্তমানঃ॥৩৫॥

ভারতভাবদীপঃ

শেষিতং কুট্‌স্বারাদত্তাত্মার্থং রক্ষিতম্॥৩২॥ ধানা ভৃষ্টযবাঃ, করম্ভা দধিসক্তবঃ, সক্ত্বাদীনাং বিকারা নষ্টাঃ সক্তবঃ। কৃসরং তিলমিশ্র ওদনঃ, বৃথাকৃতাঃ দেবতাদ্যুদ্দেশং বিনা কৃতাঃ॥৩৩॥ চাৎ

বিকৃত (পচা) পিষ্টক, ইক্ষু, শাক ও দুগ্ধ এবং বহুপূর্ব্বে নির্ম্মিত ছাতু, খই ও দধিযুক্ত ছাতু ভক্ষণ করিবে না॥৩২॥

গৃহস্থ ব্রাহ্মণেরা কেবল আপনাদের জন্য নির্ম্মিত পায়স, তিলমিশ্রিত অন্ন, মাংস ও পিষ্টক—এইগুলি পান বা ভোজন করিবেন না॥৩৩॥

স্বর্গস্থদেবতা, গৃহস্থদেবতা, ঋষিগণ, পিতৃগণ ও মনুষ্যগণের যথাসম্ভব পূজা ও সৎকার করিয়া গৃহস্থলোক উক্ত বস্তু সকল ভোজন করিতে পারে॥৩৪॥

পরিব্রাজক ভিক্ষু যেমন বিষয়ে অনাসক্তভাবে বিচরণ করেন, গৃহস্থও সেইরূপ বিষয়ে অনাসক্তভাবে আপন গৃহে বাস করিবে। এইভাবে প্রিয়তমা ভার্য্যার সহিত বাস করিতে থাকিয়া ধর্ম্ম লাভ করিতে পারিবে॥৩৫॥

(৩২)···সক্তুধানাকরম্ভাণাং···পি বৃঙ্ক বৰ্দ্ধ,···পিষ্টমাংসেক্ষুশাকানামবিকারাপয়স্তথা···নি।

ন দদ্যাদ্‌যশসে দানং ন ভয়ান্নোপকারিণে।
ন নৃত্যগীতশীলেষু হাসকেষু চ ধার্ম্মিকঃ ॥৩৬॥
ন মত্তে চৈব নোন্মত্তে ন স্তেনে ন চ কুৎসকে।
ন বাগ্‌ঘীনে বিবর্ণে বা নাঙ্গহীনে ন বামনে ॥৩৭॥
ন দুর্জনে দৌষ্কুলে বা ব্রতৈর্যো বা ন সংস্কৃতঃ।
ন শ্রোত্রিয়মৃতে দানং ব্রাহ্মণে ব্রহ্মবর্জিতে ॥৩৮॥ (যুগ্মকম্)
অসম্যক্ চৈব যদ্দত্তমসম্যক্ চ প্রতিগ্রহঃ।
উভয়ং স্যাদনর্থায় দাতুরাদাতুরেব চ ॥৩৯॥
যথা খদিরমালম্ব্য শিলাং বাপ্যর্ণবং তরন্।
মজ্জেত মজ্জতে তদ্বদ্দাতা যশ্চ প্রতিগ্রহী ॥৪০॥

ভারতকৌমুদী

নেতি। ন দদ্যাৎ ধর্ম্মার্থ ইতি ভাবঃ। হাসকেষু নর্ম্মকারিষু ॥৩৬॥

নেতি। স্তেনে চৌরে, কুৎসকে নিরর্থকপরনিন্দাকারিণি। বাগ্‌ঘীনে মূকে, বিবর্ণে কুষ্ঠরোগাদিনা বিকৃতবর্ণে, বামনে খর্ব্বে। দৌষ্কুলে দুষ্টবংশোৎপন্নে, ব্রতৈরুপনয়নাদিভিঃ। শ্রোত্রিয়ং বেদবিদং ব্রাহ্মণম্, ঋতে বিনা, ব্রহ্মণা তপসা বর্জিতে। অত্র তপস্বিনি শ্রোত্রিয়ে দানবিধানাৎ মত্তাদৌ চ দাননিষেধাৎ ব্রাহ্মণক্রুবাদৌ দানে মাধ্যমিকং ফলমিতি বোধ্যম্ ॥৩৭—৩৮॥

অসম্যগিতি। প্রত্যুপকারলিপ্সাদিভির্দত্তমেব অসম্যগ্‌দত্তম্। দাতুরুদ্দেশ্যসাধনায়ৈব গ্রহণমসম্যক্‌প্রতিগ্রহঃ। আদাতুর্গ্রহীতুঃ ॥৩৯॥

যথেতি। খদিরং ভারবৎ কাষ্ঠম্। যো দাতা সন্ প্রতিগ্রহী ভবেৎ দত্তমেব দ্রব্যং গৃহ্লাতীত্যর্থঃ, স মজ্জতে লোকনিন্দায়ামেব মগ্নো ভবতি, নিরর্থকমেব তদ্দানমিত্যর্থঃ ॥৪০॥

ধার্ম্মিক লোক যশের নিমিত্ত কিংবা ভয়বশতঃ দান করিবেন না এবং উপকারী, নৃত্যগীতপরায়ণ ও হাস-কৌতুককারী লোককে দান করিবেন না ॥৩৬॥

মত্ত, উন্মত্ত, চৌর, পরনিন্দাকারী, মূক, বিকৃত বর্ণ, অঙ্গবিহীন, অতি খর্ব্ব, খল, দুষ্কুল জাত, অনুপনীত, তপস্যা বিহীন ও শ্রোত্রিয় ভিন্ন অন্য ব্যক্তিকে দান করিবে না ॥৩৭—৩৮॥

অসমীচীনভাবে যাহা দান করা হয় এবং অসমীচীনভাবে যাহা প্রতিগ্রহ করা হয়, দাতা ও গ্রহীতার সেই দুইটী কার্য্যই নিষ্ফল হইয়া থাকে ॥৩৯॥

মানুষ যেমন খদির কাষ্ঠ বা প্রস্তর অবলম্বন করিয়া সমুদ্র তরণ করিতে প্রবৃত্ত হইয়া ডুবিয়া যায়, সেইরূপ যে বস্তু দান করা হয়, তাহাই আবার প্রতিগ্রহ করিয়া মানুষ লোকনিন্দায় ডুবিয়া পড়ে ॥৪০॥

(৪০)···মজ্জতত্তদ্বৎ···বঙ্গ বর্দ্ধ নি।

কাষ্ঠৈরার্দ্রৈর্যথা বহ্নিরুপস্তীর্ণো ন দীপ্যতে ।
তপঃস্বাধ্যায়চারিত্রৈরেবং হীনঃ প্রতিগ্রহী ॥৪১॥
কপালে যদ্বদাপঃ স্যুঃ শ্বদৃতৌ চ যথা পয়ঃ ।
আশ্রয়স্থানদোষেণ বৃত্তহীনে তথা শ্রুতম্ ॥৪২॥
নির্মন্ত্রো নির্ব্রতো যঃ স্যাদশাস্ত্রজ্ঞোঽনসূয়কঃ ।
অনুক্রোশাৎ প্রদাতব্যং হীনেষ্বব্রতিকেষু চ ॥৪৩॥
ন বৈ দেয়মনুক্রোশাদ্দীনায়াপগুণায় তু ।
আপ্তাচরিত ইত্যেব ধর্ম্ম ইত্যেব বা পুনঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

কাষ্ঠৈরিতি। উপস্তীর্ণ আবৃতঃ, ন দীপ্যতে ন জ্বলতি ন শোভতে চ ॥৪১॥

কপাল ইতি। আপো জলানি, কপালে মস্তকাস্থি্ন, যদ্বদাশ্রয়দোষেণ দূষিতাঃ স্যুঃ, পয়ো দুগ্ধং জলং বা, শ্বদৃতৌ কুক্কুরচর্ম্মময়কোষে যদ্বদ্বা আশ্রয়দোষেণ দূষিতং স্যাৎ, তথা বৃত্তহীনে তপশ্চারিত্রশূন্যে জনে, আশ্রয়দোষেণ, শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, দূষিতং স্যাৎ, অতস্তস্মৈ ন দাতব্যমিতি ভাবঃ ॥৪২॥

নির্মন্ত্র ইতি। নির্ব্রতস্তপশ্চারিত্রহীনঃ, অনসূয়কঃ পরদোষানাবিষ্কারকঃ। অনুক্রোশাৎ দয়াতঃ, হীনেষু নীচজাতিষু, অব্রতিকেষু শাস্ত্রীয়নিয়মশূন্যেষু উচ্চজাতীয়েষু দরিদ্রেষ্বপি ॥৪৩॥

ভারতভাবদীপঃ

পয়াঃ পীযূষাদয়ঃ ॥৩৪—৩৬॥ হাসকেষু পরিহাসপরেষু ভণ্ডেষু ॥৩৭॥ বাগ্‌ঘীনে মূকে মণে না ॥৩৮—৪১॥ শ্বদৃতৌ শুনকচর্ম্মময়ে কোশে ॥৪২॥ অনসূয়কো গুণেষু দোষারোপমকুর্ব্বন্, অনুক্রোশাদ্দয়য়া ॥৪৩॥ আপ্তাচরিত ইত্যকারীতি বুদ্ধ্যা ধর্ম্মবুদ্ধ্যা বা নির্মন্ত্রে ন দেয়মিত্যাহ—ন বা

আর্দ্রকাষ্ঠাবৃত অগ্নি যেমন দীপ্তি পায় না, তেমন তপস্যা, অধ্যয়ন ও চরিত্রবিহীন প্রতিগ্রহার্থী লোকও শোভা পায় না ॥৪১॥

মাথার খুলিতে জল কিংবা কুকুরের চামরার ভিতরে দুধ বা রাখিলে, তাহা যেমন আশ্রয়ের দোষে দূষিত হয়; তেমন তপস্যা ও চরিত্রবিহীন লোকের শাস্ত্রজ্ঞান আশ্রয়ের দোষে দূষিত হইয়া থাকে ॥৪২॥

যে লোক মন্ত্র জানে না, তপস্বী বা চরিত্রবান্‌ও নহে এবং কোন শাস্ত্রজ্ঞও নহে, সে লোক যদি পরের দোষ কীর্ত্তন না করে, তাহা হইলে দয়া করিয়া তাহাকে দান করা উচিত; আর হীনজাতীয় দরিদ্র এবং উচ্চজাতীয় ব্রতবিহীন দরিদ্রকেও দান করা সঙ্গত ॥৪৩॥

(৪২)···শ্বভৃতৌ চ···পি। (৪৪)···দীনায়ার্ত্তায়ৈষেষ্বপি···পি, দীনার্ত্তাতুকেষ্বপি—বঙ্গ বর্দ্ধ।

নিষ্কারণং স্মৃতং দত্তং ব্রাহ্মণে ব্রহ্মবর্জ্জিতে।
ন ফলেৎ পাত্রদোষেণ ন চাত্রাস্তি বিচারণা ॥৪৫॥
যথা দারুময়ো হস্তী যথা চর্ম্মময়ো মৃগঃ।
ব্রাহ্মণশ্চানধীয়ানস্ত্রয়স্তে নাম বিভ্রতি ॥৪৬॥
যথা ষণ্ঢোঽফলঃ স্ত্রীষু যথা গৌর্গবি চাফলা।
শকুনির্বাপ্যপক্ষঃ স্যান্নির্মন্ত্রো ব্রাহ্মণস্তথা ॥৪৭॥
গ্রামো ধান্যৈর্যথা শূন্যে যথা কূপশ্চ নির্জ্জলঃ।
যথা হুতমনগ্নৌ চ তথৈব স্যান্নিরাকৃতৌ ॥৪৮॥

ভারতকৌমুদী

নেতি। দীনায়াপি অপগুণায় অপকৃষ্টগুণশালিনে চৌরপ্রভৃতয়ে ন দেয়ম্। কথং ন দেয়মিত্যাহ আপ্তেতি। অয়ং পন্থাঃ, আপ্তৈর্বিশ্বস্তৈর্মুনিভিরাচরিতঃ; পুনর্বা ইত্যেব ধর্ম্মো ন্যায়ঃ, অন্যথা তস্য চৌর্য্যসাহায্যমেব কৃতং স্যাদিত্যাশয়ঃ ॥৪৪॥

নিরিতি। ব্রহ্মবর্জ্জিতে বেদহীনে। অত্র ঈদৃশে ব্রাহ্মণে, বিচারণা দানস্য ॥৪৫॥

যথেতি। দ্বৌ তাদৃশৌ হস্তিমৃগৌ একশ্চ ব্রাহ্মণ ইতি ত্রয়ঃ, নাম তত্তৎ সংজ্ঞামাত্রম, বিভ্রতি ধারয়ন্তি ন তু তত্তৎ কার্য্যং কর্ত্তুং শক্নুবন্তীত্যর্থঃ ॥৪৬॥

যথেতি। ষণ্ঢঃ ক্লীবঃ। গৌরিত্যুপলক্ষণং স্ত্রী স্ত্রিয়াম্। শকুনিঃ পক্ষী ॥৪৭॥

গ্রাম ইতি। তথৈব নিষ্ফলং স্যাৎ দানমিতি শেষঃ, নিরাকৃতৌ মূর্খে ॥৪৮॥

মানুষ দরিদ্র হইয়াও যদি চৌর্য্যাদি দোষে দূষিত হয়; তবে তাহাকে দয়া করিয়াও দান করিবে না। কারণ, প্রাচীন বিশ্বস্ত লোকেরা এইরূপ ব্যবহারই করিয়া গিয়াছেন এবং ইহাই ন্যায়সঙ্গত নিয়ম ॥৪৪॥

শাস্ত্রজ্ঞানবিহীন ব্রাহ্মণকে দান করা নিরর্থক। কেন না, সে দান পাত্রের দোষে কোন ফল উৎপাদন করে না। এবিষয়ে কোন বিচার করাই উচিত নহে ॥৪৫॥

কাষ্ঠময় হস্তী, চর্ম্মময় মৃগ এবং শাস্ত্রজ্ঞানবিহীন ব্রাহ্মণ—এই ত্রিবিধ প্রাণীই কেবল নামমাত্র ধারণ করে ॥৪৬॥

নপুংসক যেমন নারীর পক্ষে, ধেনু যেমন অপর ধেনুর পক্ষে এবং পক্ষবিহীন বিহঙ্গ যেমন উড্ডয়নের পক্ষে নিষ্ফল; সেইরূপ মন্ত্রবিহীন ব্রাহ্মণ দাতার পক্ষে নিষ্ফল ॥৪৭॥

ধান্যশূন্য গ্রাম, জলশূন্য কূপ এবং অগ্নিভিন্ন স্থানে আহুতি যেমন নিরর্থক; সেইরূপ মূর্খে দান নিরর্থক ॥৪৮॥

---

(৪৫)···ভবেদপাত্রদোষেণ···পি বঙ্গ বর্দ্ধ। (৪৮) গ্রামধান্যং যথা শূন্যম্···বঙ্গ বর্দ্ধ, গ্রামস্থানং···নি।

দেবতানাং পিতৃণাঞ্চ হব্যকব্যবিনাশকঃ।
শত্রুরর্থহরো মূর্খো ন লোকান্ প্রাপ্তুমর্হতি ॥৪৯॥
এতত্তে কথিতং সর্ব্বং যথাবৃত্তং যুধিষ্ঠির!।
সমাসেন মহদ্ধ্যেতচ্ছ্রোতব্যং ভরতর্ষভ! ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ব্যাসবাক্যে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

দেবতানামিতি। দেবদেয়ং দ্রব্যং হব্যং পিতৃদেয়ং দ্রব্যঞ্চ কব্যং দর্শনমাত্রেণৈব তয়োর্বিনাশকঃ। নিন্দার্থবাদমাত্রমিদম্। এবম্ভূতো মূর্খঃ, পিত্রাদেরর্থহরঃ কেবলখাদনেনার্থনাশকঃ অতএব চ শত্রুঃ, লোকান্ স্বর্গান্, প্রাপ্তুং নার্হতি পুণ্যার্জ্জনাসম্ভবাৎ। "গায়ত্রীরহিতত্বং মূর্খত্ব"মিতি স্মার্ত্তঃ, "স্বার্থ-গায়ত্রীরহিতত্বং মূর্খত্ব"মিতি চ রুদ্রধরঃ ॥৪৯॥

এতদিতি। বৃত্তং জাতম্। সমাসেন সংক্ষেপেণ, মহৎ প্রশস্তম্ ॥৫০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

ইতি ॥৪৪॥ অত্রৈব হেতুমাহ—নিষ্কারণমিতি। নিষ্কারণং নিষ্ফলম্, দোষেণ যুক্ত ইতি শেষঃ ॥৪৫—৪৭॥ নিরাকৃতৌ মূর্খে ॥৪৮—৫০॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৬॥

———:*:———

মূর্খলোক কেবল দর্শনমাত্রেই দেবতার দ্রব্য ও পিতৃলোকের দ্রব্য নষ্ট করে এবং ভোজন করিয়া অর্থ ক্ষয় করে বলিয়া অভিভাবকের শত্রুস্বরূপ হয়; আর সে স্বর্গেও গমন করিতে পারে না ॥৪৯॥

ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির! এই তোমার নিকট আমি সংক্ষেপে যথাবৎ সমস্ত বৃত্তান্ত বলিলাম। এই প্রশস্ত বৃত্তান্ত সকলেরই শ্রবণ করা উচিত' ॥৫০॥

———:*:———

* '.. পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ' .. নি।

সপ্তত্রিংশোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

শ্রোতুমিচ্ছামি ভগবন্! বিস্তরেণ মহামুনে!।
রাজধর্ম্মান্ দ্বিজশ্রেষ্ঠ! চাতুর্ব্বর্ণ্যস্য চাখিলান্ ॥১॥
আপৎসু চ যথা নীতিঃ প্রণেতব্যা দ্বিজোত্তম!।
ধর্ম্ম্যমালম্ব্য পন্থানং বিজয়েয়ং কথং মহীম্ ॥২॥
প্রায়শ্চিত্তকথা হ্যেষা ভক্ষ্যাভক্ষ্যসমন্বিতা।
কৌতূহলানুপ্রবণা হর্ষং জনয়তীব মে ॥৩॥
ধর্ম্মচর্য্যা চ রাজ্যঞ্চ নিত্যমেব বিরুধ্যতে।
এবং মুহ্যতি মে চেতশ্চিন্তয়ানস্য নিত্যশঃ ॥৪॥

ভারতকৌমুদী

শ্রোতুমিতি। চাতুর্ব্বর্ণ্যস্য ব্রাহ্মণাদীনাং চতুর্ণাং বর্ণানাম্ ॥১॥

আপৎস্বিতি। প্রণেতব্যা কর্ত্তব্যা। তামপি শ্রোতুমিচ্ছামীত্যনুবৃত্তিঃ ॥২॥

প্রায় ইতি। এষা ত্বয়োক্তা। কৌতূহলস্য অনুপ্রবণা অনুকূলা জনিকেত্যর্থঃ ॥৩॥

ধর্ম্মেতি। পরোপকারবহুলা ধর্ম্মচর্য্যা, পরাপকারবহুলঞ্চ রাজ্যমিতি পরস্পরবৈরূপ্যাৎ বিরুধ্যত ইতি ভাবঃ, অতএব চ মে রাজধর্ম্মজিজ্ঞাসেত্যাশয়ঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ! মহামুনি! আমি আপনার নিকট সমস্ত রাজধর্ম্ম এবং ব্রাহ্মণপ্রভৃতি চারিটী বর্ণের সকল ধর্ম্ম বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি ॥১॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ! বিপদের সময়ে যে প্রকার নীতি অবলম্বন করা উচিত; আর কোন্ ভাবে ধর্ম্মসঙ্গত পথ অবলম্বন করিয়া পৃথিবী জয় করিতে পারিব, তাহাও শুনিতে ইচ্ছা করি ॥২॥

আপনার এই ভক্ষ্যাভক্ষ্যযুক্ত ও কৌতুকবর্দ্ধক প্রায়শ্চিত্তকথা, আমার যেন আনন্দ জন্মাইতেছে ॥৩॥

ওদিকে ধর্ম্মাচরণ ও রাজত্বকরণ এই দুইটী বিষয় সর্ব্বদাই পরস্পর বিরুদ্ধ; এইরূপ চিন্তা করিতে থাকায় সর্ব্বদাই আমার মন মুগ্ধ হইয়া থাকে' ॥৪॥

(২)···ধর্ম্ম্যমালক্ষ্য···পি বঙ্গ বর্দ্ধ। (৩)···ভক্ষ্যাভক্ষ্যবিবর্জিতা···কৌতূহলাত্তু শ্রবণাদ্ধর্ম্মং··· পি,···ভক্ষ্যাভক্ষ্যবিবর্জিতা···বঙ্গ বর্দ্ধ।

বৈশম্পায়ন উবাচ ।

তমুবাচ মহারাজ ! ব্যাসো বেদবিদাং বরঃ ।
নারদং সমভিপ্রেক্ষ্য সর্ব্বজ্ঞানাং পুরাতনম্ ॥৫॥
শ্রোতুমিচ্ছসি চেদ্ধর্ম্মং নিখিলেন নরাধিপ ! ।
প্রৈহি ভীষ্মং মহাবাহো ! বৃদ্ধং কুরুপিতামহম্ ॥৬॥
স তে ধর্ম্মরহস্যেষু সংশয়ান্ মনসি স্থিতান্ ।
ছেত্তা ভাগীরথীপুত্রঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বধর্ম্মবিৎ ॥৭॥
জনয়ামাস যং দেবী দিব্যা ত্রিপথগা নদী ।
সাক্ষাদ্দদর্শ যো দেবান্ সর্ব্বানিন্দ্রপুরোগমান্ ॥৮॥
বৃহস্পতিপুরোগাংস্তু দেবর্ষীনসকৃৎ প্রভুঃ ।
তোষয়িত্বোপচারেণ রাজনীতিমধীতবান্ ॥৯॥
উশনা বেদ যচ্ছাস্ত্রং যচ্চ দেবগুরুর্দ্বিজঃ ।
তচ্চ সর্ব্বং সবৈয়াখ্যং প্রাপ্তবান্ কুরুসত্তমঃ ॥১০॥

ভারতকৌমুদী

তমিতি। নারদাভিপ্রেক্ষণং স্ববক্তব্যবিষয়ে নয়নভঙ্গ্যা তদনুমোদনলাভার্থম্ ॥৫॥

শ্রোতুমিতি। নিখিলেন সর্ব্বেণ প্রকারেণ। প্রৈহি উপগচ্ছ ॥৬॥

ধর্ম্মজ্ঞানলাভার্থং শরশয্যাগতভীষ্মান্তিকগমনপ্ররোচনায় তদভিজ্ঞতাং বর্ণয়তি শ্লোকজাতেন স ইতি। ধর্ম্মা এব রহস্যানি গুপ্তবিষয়াস্তেষু। ছেত্তা অপনেষ্যতি ॥৭॥

জনয়ামাসেতি। দিব্যা স্বর্গীয়া, ত্রিপথগা গঙ্গা ॥৮॥

বৃহস্পতীতি। প্রভুর্ব্রহ্মচর্য্যপ্রভাবশালী। উপচারেণ পরিচর্য্যয়া ॥৯॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ ! তখন বেদজ্ঞশ্রেষ্ঠ বেদব্যাস সর্ব্বজ্ঞদিগের মধ্যে প্রাচীন নারদের দিকে দৃষ্টিপাত করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৫॥

'মহাবাহু নরনাথ ! তুমি যদি সর্ব্বপ্রকার ধর্ম্ম শুনিতে ইচ্ছা কর, তাহা হইলে, তোমাদের পিতামহ, কুরুবৃদ্ধ ভীষ্মের নিকটে গমন কর ॥৬॥

সর্ব্বজ্ঞ ও সর্ব্বধর্ম্মবিদ্ সেই গঙ্গানন্দন ভীষ্ম সমস্ত গুপ্ত ধর্ম্মবিষয়ে তোমার মনের সকল সংশয় ছেদন করিবেন ॥৭॥

স্বর্গনদী গঙ্গাদেবী যাঁহাকে প্রসব করিয়াছিলেন এবং যিনি প্রত্যক্ষভাবে ইন্দ্রপ্রভৃতি সমস্ত দেবতাকে দর্শন করিয়াছেন ॥৮॥

ব্রহ্মচর্য্যপ্রভাবশালী যে ভীষ্ম, পরিচর্য্যার গুণে বৃহস্পতিপ্রভৃতি দেবর্ষিগণকে বিশেষভাবে সন্তুষ্ট করিয়া, রাজনীতি অধ্যয়ন করিয়াছিলেন ॥৯॥

(১০)…যচ্চ ধর্ম্মং…বঙ্গ বর্দ্ধ,…স চ ধর্ম্মং…নি।

ভার্গবাচ্চ্যবনাচ্চাপি বেদানঙ্গোপবৃংহিতান্ ।
প্রতিপেদে মহাবাহুর্ব্বশিষ্ঠাচ্চরিতব্রতঃ ॥১১॥
পিতামহসুতং জ্যেষ্ঠং কুমারং দীপ্ততেজসম্ ।
অধ্যাত্মগতিতত্ত্বজ্ঞমুপাশিক্ষত যঃ পুরা ॥১২॥
মার্কণ্ডেয়মুখাৎ কৃৎস্নং যতিধর্ম্মমবাপ্তবান্ ।
রামাদস্ত্রাণি শক্রাচ্চ প্রাপ্তবান্ পুরুষর্ষভঃ ॥১৩॥
মৃত্যুরাত্মেচ্ছয়া যস্য জাতস্য মনুজেষ্বপি ।
তথানপত্যস্য সতঃ পুণ্যশ্লোকা দিবি শ্রুতাঃ ॥১৪॥
যস্য ব্রহ্মর্ষয়ঃ পুণ্যা নিত্যমাসন্ সভাসদঃ ।
যস্য নাবিদিতং কিঞ্চিজ্জ্ঞানযজ্ঞেষু বিদ্যতে ॥১৫॥

ভারতকৌমুদী

উশনেতি। উশনা শুক্রঃ। সবৈয়াখ্যং ব্যাখ্যায়া সহিতম্ ॥১০॥

ভার্গবাদিতি। ভার্গবাৎ ভৃগুপুত্রাৎ, অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপবৃংহিতান্ বর্দ্ধিতান্। প্রতিপেদে লেভে, চরিতব্রতশ্চিরমনুষ্ঠিতব্রহ্মচর্য্যো ভীষ্মঃ ॥১১॥

পিতেতি। পিতামহসুতং ব্রহ্মণঃ পুত্রম্, কুমারং সনৎকুমারম্। অধ্যাত্মগতিতত্ত্বজ্ঞং পরমাত্মস্বরূপাবস্থাযাথার্থ্যবিদম্, উপ লক্ষীকৃত্য উপেত্যোভ্যর্থঃ ॥১২॥

মার্কণ্ডেয়েতি। যতিধর্ম্মং ব্রহ্মচর্য্যাচারম্। রামাদ্জামদগ্ন্যাৎ ॥১৩॥

মৃত্যুরিতি। পুণ্যশ্লোকাঃ পবিত্রযশাংসি, দিবি পিতৃলোকাদৌ। নিঃসন্তানস্য পিতৃলোকাদবনধিকারেঽপি ব্রহ্মচর্য্যাদিপ্রভাবাৎ তৎসম্ভব ইতি ভাবঃ ॥১৪॥

ব্রাহ্মণ শুক্রাচার্য্য ও বৃহস্পতি যে সকল শাস্ত্র জানেন, কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম ব্যাখ্যার সহিত সেই সমস্ত শাস্ত্রই অবগত হইয়াছেন ॥১০॥

চিরব্রহ্মচারী ও মহাবাহু ভীষ্ম ভৃগুর পুত্র চ্যবন ও বশিষ্ঠের নিকটে ব্যাকরণপ্রভৃতি সমস্ত অঙ্গশাস্ত্রের সহিত সকল বেদ অধ্যয়ন করিয়াছিলেন ॥১১॥

যিনি পূর্ব্বে ব্রহ্মার জ্যেষ্ঠপুত্র, ব্রহ্মতত্ত্বজ্ঞ ও মহাতেজা সনৎকুমারের নিকট উপস্থিত হইয়া ব্রহ্মতত্ত্ব শিক্ষা করিয়াছিলেন ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম মহর্ষি মার্কণ্ডেয়ের মুখে সমস্ত যতিধর্ম্ম শুনিয়াছিলেন এবং পরশুরাম ও ইন্দ্রের নিকটে অস্ত্র শিক্ষা করিয়াছিলেন ॥১৩॥

মনুষ্যমধ্যে জন্মিয়া থাকিলেও নিজের ইচ্ছা অনুসারেই যাঁহার মৃত্যু নির্দ্দিষ্ট রহিয়াছে এবং সন্তান না জন্মিয়া থাকিলেও পিতৃলোকে যাঁহার পবিত্র যশ শুনা যায় ॥১৪॥

স তে বক্ষ্যতি ধর্ম্মজ্ঞঃ সূক্ষ্মধর্ম্মার্থতত্ত্ববিৎ।
তমভ্যেহি পুরা প্রাণান্ স বিমুঞ্চতি ধর্ম্মবিৎ ॥১৬॥ (যুগ্মকম্)
এবমুক্তস্তু কৌন্তেয়ো দীর্ঘপ্রাজ্ঞো মহামতিঃ।
উবাচ বদতাং শ্রেষ্ঠং ব্যাসং সত্যবতীসুতম্ ॥১৭॥

যুধিষ্ঠির উবাচ।

বৈশসং সুমহৎ কৃত্বা জ্ঞাতীনাং রোমহর্ষণম্।
আগস্কৃৎ সর্ব্বলোকস্য পৃথিবীনাশকারকঃ ॥১৮॥
ঘাতয়িত্বা তমেবাজৌ ছলেনাজিহ্মযোধিনম্।
উপসংপ্রষ্টুমর্হামি তমহং কেন হেতুনা ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যস্যেতি। জ্ঞানান্বের যজ্ঞাস্তদ্দেবসন্তোষকাস্তেম্। পুরা অনধিকাগামিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ ॥১৫—১৬॥

এবমিতি। কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ, দীঘপ্রাজ্ঞো মহাবিচক্ষণঃ ॥১৭॥

বৈশসমিতি। বৈশসং হিংসাম্। আগস্কৃৎ অপরাধকারী। তং ভীষ্মম্, ছলেন শিখণ্ডিনঃ পুরোস্থাপনব্যাজেন, অজিহ্মযোধিনম অকূটযোদ্ধারম্ ॥১৮—১৯॥

ভারতভাবদীপঃ

শ্রাতুমিতি ॥১—২॥ ভক্ষ্যাভক্ষ্যবিবর্জ্জিতা উপবাসাত্মিকা কৌতূহলেন প্রসঙ্গেনানুপ্রবণঃ অভিমুখা ॥৩—৫॥ প্রৈহি প্রয়াহি ॥৬—৯॥ সবৈয়াথ্যং ব্যাখ্যাসহিতম্ ॥১০—১৫॥ বিমুঞ্চতি বিমোক্ষ্যতি, পুরা ততঃ ॥১৬—১৭॥ বৈশসং বিনাশম্ ॥১৮॥ উপসম্প্রষ্টুমুপাগত্য সম্যক্‌প্রষ্টুম্

পুণ্যবান্ ব্রহ্মর্ষিরা সর্ব্বদাই যাঁহার সভাসদ্ ছিলেন এবং জ্ঞান বিষয়ে ধরিতে গেলে যাহার অজ্ঞাত কিছুই নাই; ধর্ম্মজ্ঞ ও সূক্ষ্মধর্ম্মার্থতত্ত্ববিদ্ সেই ভীষ্ম তোমার নিকট সমস্ত ধর্ম্ম বলিবেন। অতএব তুমি সত্বর তাঁহার নিকট গমন কর। কেন না, সেই ধর্ম্মজ্ঞ ভীষ্ম অনধিক পরেই প্রাণ ত্যাগ করিবেন' ॥১৫—১৬॥

বেদব্যাস এইরূপ বলিলে, মহাপ্রাজ্ঞ ও মহাবুদ্ধি যুধিষ্ঠির সেই বাগ্মিশ্রেষ্ঠ সত্যবতীনন্দন বেদব্যাসকে বলিলেন ॥১৭॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্! আমি নিঃশেষভাবে রোমহর্ষজনক জ্ঞাতিসংহার করিয়া এবং পৃথিবীর সর্ব্বনাশক হইয়া, সকল লোকের নিকটেই অপরাধী হইয়া পড়িয়াছি। তা'র পরে আবার পিতামহ ভীষ্মদেব সরলভাবে যুদ্ধ করিতেছিলেন, সেই অবস্থাতেই আমি ছল করিয়া তাঁহাকে নিপাতিত করাইয়াছি। এই অবস্থায় আমি কোন্ মুখে যাইয়া তাঁহার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করিব' ॥১৮—১৯॥

(১৭)···দীর্ঘপ্রজ্ঞো মহামতিঃ···বঙ্গ নি।

বৈশম্পায়ন উবাচ।

ততস্তং নৃপতিশ্রেষ্ঠং চাতুর্বর্ণ্যহিতেপ্সয়া।
পুনরাহ মহাবাহুর্যদুশ্রেষ্ঠো মহামতিঃ ॥২০॥

বাসুদেব উবাচ।

নেদানীমতিনির্ব্বন্ধং শোকে ত্বং কর্ত্তুমর্হসি।
যদাহ ভগবান্ ব্যাসস্তৎ কুরুষ্ব নৃপোত্তম ! ॥২১॥
ব্রাহ্মণাস্ত্বাং মহাবাহো ! ভ্রাতরশ্চ মহৌজসঃ।
পর্জ্জন্যমিব ঘর্ম্মান্তে নাথমানা উপাসতে ॥২২॥
হতশিষ্টাশ্চ রাজানঃ কৃৎস্নং চৈব সমাগতম্।
চাতুর্ব্বর্ণ্যং মহারাজ ! রাষ্ট্রং তে কুরুজাঙ্গলম্ ॥২৩॥
প্রিয়ার্থমপি চৈতেষাং ব্রাহ্মণানাং মহাত্মনাম্।
নিয়োগাদস্য চ গুরোর্ব্যাসস্যামিততেজসঃ ॥২৪॥
সুহৃদামস্মদাদীনাং দ্রৌপদ্যাশ্চ পরন্তপ ! ।
কুরু প্রিয়মমিত্রঘ্ন ! লোকস্য চ হিতং কুরু ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। চাতুর্ব্বর্ণ্যস্য ব্রাহ্মণাদিবর্ণচতুষ্টয়স্য হিতেপ্সয়া। যদুশ্রেষ্ঠঃ কৃষ্ণঃ ॥২০॥

নেতি। অতিনির্ব্বন্ধম্ অত্যন্তমাগ্রহম্, শোকে শোকনিবন্ধনবনগমনে ॥২১॥

ব্রাহ্মণা ইতি। পর্জ্জন্যং মেঘম্, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাবসানে, নাথমানা সুখমাশংসন্তঃ, উপাসতে অনুনয়ন্তি ॥২২॥

হতেতি। হতশিষ্টা হতাবশিষ্টাঃ। কুরুজাঙ্গলং তদাখ্যম্ ॥২৩॥

প্রিয়েতি। নিয়োগাদাদেশাৎ। হে অমিত্রঘ্ন ! শত্রুনাশক ! ॥২৪—২৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহামতি কৃষ্ণ ব্রাহ্মণাদি চারিবর্ণেরই হিত কামনা করিয়া পুনরায় যুধিষ্ঠিরকে কহিলেন ॥২০॥

কৃষ্ণ বলিলেন—'রাজশ্রেষ্ঠ ! আপনি এখন আর শোকবশতঃ বনগমনে বিশেষ আগ্রহ করিতে পারেন না; ভগবান্ বেদব্যাস যাহা বলিলেন, আপনি তাহাই করুন ॥২১॥

মহাবাহু ! মানুষ যেমন গ্রীষ্মকাল অতীত হইলে, শান্তি কামনা করিয়া মেঘের উপাসনা করে; সেইরূপ ব্রাহ্মণেরা এবং মহাতেজা ভ্রাতারা সুখ লাভের আশা করিয়া আপনার উপাসনা করিতেছেন ॥২২॥

মহারাজ ! হতাবশিষ্ট রাজারা ব্রাহ্মণপ্রভৃতি চারিবর্ণ এবং কুরুজাঙ্গলবাসী সমস্ত প্রজা আসিয়াছেন ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স কৃষ্ণেন রাজা রাজীবলোচনঃ।
হিতার্থং সর্ব্বলোকস্য সমুত্তস্থৌ মহামনাঃ ॥২৬॥
সোঽনুনীতো নরব্যাঘ্র! বিষ্টরশ্রবসা স্বয়ম্।
দ্বৈপায়নেন চ তথা দেবস্থানেন জিষ্ণুনা ॥২৭॥
এতৈশ্চান্যৈশ্চ বহুভিরনুনীতো যুধিষ্ঠিরঃ।
ব্যাজহান্মানসং দুঃখং সন্তাপঞ্চ মহাযশাঃ ॥২৮॥ (যুগ্মকম্)
শ্রুতবাক্যঃ শ্রুতনিধিঃ শ্রুতশ্রব্যবিশারদঃ।
ব্যবস্য মনসঃ শান্তিমগচ্ছৎ পাণ্ডুনন্দনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ। সমুত্তস্থৌ সভাতঃ ॥২৬॥

স ইতি। বিষ্টরশ্রবসা কৃষ্ণেন। দেবস্থানেন তদাখ্যেন মুনিনা, জিষ্ণুনা অর্জ্জুনেন; ইদমুপলক্ষণং ভীমাদিভিরপি। ব্যাজহাদত্যজৎ ॥২৭—২৮॥

শ্রুতেতি। শ্রুতনিধিঃ শাস্ত্রজ্ঞানসাগরঃ, শ্রুতেষু শ্রব্যেষু নীতিশাস্ত্রাদিষু বিশারদো বিচক্ষণঃ। ব্যবস্য কর্ত্তব্যমবধার্য্য ॥২৯॥

ভারতভাবদীপঃ

॥১৯—২১॥ নাথমানাঃ যাচমানাঃ উপাসত ইত্যুত্তরত্রাপি যোজ্যম্ ॥২২—২৬॥ বিষ্টরশ্রবসা বিষ্ণুনা ॥২৭॥ সন্তাপং শারীরং তাপম্ ॥২৮॥ বাক্যানি বেদাবয়বাঃ। নিধিস্তদর্থবিচারগ্রন্থো মীমাংসা। অন্যদপি যচ্ছ্রুতং শ্রব্যং নীতিশাস্ত্রাদি তত্র বিশারদঃ উহাপোহকুশলঃ। ব্যবস্য

শত্রুসন্তাপকারী শত্রুনাশক মহারাজ! অমিততেজা ও গুরুজন বেদব্যাসের আদেশে এই মহাত্মা ব্রাহ্মণগণের প্রীতির জন্য অস্মদাদি সুহৃদ্গণের ও দ্রৌপদীদেবীর প্রীতি উৎপাদনের নিমিত্ত আপনি জগতের হিতসাধন করুন' ॥২৪—২৫॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ এইরূপ বলিলে, পদ্মনয়ন ও উদারচেতা রাজা যুধিষ্ঠির সমস্ত লোকের হিতের জন্য গাত্রোত্থান করিলেন ॥২৬॥

নরশ্রেষ্ঠ জনমেজয়! স্বয়ং কৃষ্ণ, বেদব্যাস, দেবস্থান, ভীমপ্রভৃতি ভ্রাতৃগণ এবং অন্যান্য বহুলোক অনুনয় করিলে, মহাযশা যুধিষ্ঠির মনের দুঃখ ও সন্তাপ পরিত্যাগ করিলেন ॥২৭—২৮॥

শাস্ত্রজ্ঞানের সাগর ও অধীতনীতিশাস্ত্রবিশারদ যুধিষ্ঠির বেদব্যাসপ্রভৃতির বাক্য শুনিয়া কর্ত্তব্য স্থির করিয়া মনে শান্তি লাভ করিলেন ॥২৯॥

(২৯)···শ্রুতশ্রাব্যবিশারদঃ···নি।

স তৈঃ পরিবৃতো রাজা নক্ষত্রৈরিব চন্দ্রমাঃ।
ধৃতরাষ্ট্রং পুরস্কৃত্য স্বপুরং প্রবিবেশ হ ॥৩০॥
প্রবিবিক্ষুঃ স ধর্ম্মজ্ঞঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অর্চ্চয়ামাস দেবাংশ্চ ব্রাহ্মণাংশ্চ সহস্রশঃ ॥৩১॥
ততো নবং রথং শুভ্রং কম্বলাজিনসংবৃতম্।
যুক্তং ষোড়শভিস্ত্বশ্বৈঃ পাণ্ডুরৈঃ শুভলক্ষণৈঃ ॥৩২॥
মন্ত্রৈরভ্যর্চ্চিতং পুণ্যৈস্তূয়মানশ্চ বন্দিভিঃ।
আরুরোহ যথা দেবঃ সোমোঽমৃতময়ং রথম্ ॥৩৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। পরিবৃতঃ পরিবেষ্টিতঃ। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য ॥৩০॥

প্রেতি। প্রবিবিক্ষুঃ প্রবেষ্টুমিচ্ছুঃ। অর্চ্চয়ামাস স্বামিরূপেণ নবপ্রবেশারম্ভাৎ ॥৩১॥

তত ইতি। পাণ্ডুরৈঃ শুভ্রৈঃ। অমৃতময়ং পীযূষপ্রচুরম্ ॥৩২—৩৩॥

ভারতভাবদীপঃ

কর্ত্তব্যমর্থং নিশ্চিত্য ॥২৯—৩১॥ তত ইতি। গোভির্বলীবর্দ্দৈঃ, এতস্মাল্লিঙ্গাদ্গম্যতে নং পুরপ্রবেশে প্রথমং গোরথেন প্রবেষ্টব্যমিতি। মন্ত্রলিঙ্গাদপ্যেতদ্গম্যতে। "সং গোভিরাঙ্গিরসো নক্ষত্রমাণো ভগ ইবেদর্য্যমণং নিনায়। জনং মিত্রো ন দম্পতী অনক্তী বৃহস্পতে বাজয়াশূঁরিবাজৌ ॥" অস্যার্থঃ—হে বৃহস্পতে! বৃহস্পতিতুল্য! হে পুরোহিত! আঙ্গিরসো বৃহস্পতিঃ গোভির্বৃষৈঃ রথমিত্যর্থাৎ সংনক্ষমাণঃ রথস্য সংনহনং করিষ্যন্ যকারলোপ আর্ষঃ। অর্য্যমাণং দেবং ভগ ইব ষড়্বিধমৈশ্বর্য্যমিব নিনায় প্রাপিতবান্, তত্র দৃষ্টান্তঃ জনে ইতি। নকার উপমার্থে। যথা জনে লোকে মিত্রঃ সখা দম্পতী অনক্তি অন্যোন্যসম্বন্ধে স করোতি এবং নগরগতামৈশ্বর্য্যলক্ষ্মীং পরিণেষ্যন্ গোরথেন নগরং প্রবেশয়েদ্রাজানং পুরোহিতঃ। এবং জয়লক্ষ্মীং পরিণেষ্যন্নশ্বরথেন আজিং প্রবিশেদিত্যাহ—বাজয়েতি। আজৌ সংগ্রামে অশূনশ্বান্ রথে যুঞ্জন্ বাজয় গময় যজমনাঃ

চন্দ্র যেমন নক্ষত্রসমূহে পরিবেষ্টিত হন; সেইরূপ যুধিষ্ঠিরও সুহৃদ্গণে পরিবেষ্টিত হইয়া, ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী করিয়া হস্তিনানগরে প্রবেশ করিয়াছিলেন ॥৩০॥

ধর্ম্মজ্ঞ কুন্তীনন্দন যুধিষ্ঠির হস্তিনানগরে প্রবেশ করিবার ইচ্ছা করিয়া দেবগণের ও সহস্র সহস্র ব্রাহ্মণের পূজা করিলেন ॥৩১॥

তাহার পর কম্বলে ও মৃগচর্ম্মে পরিবেষ্টিত এবং নূতন ও শুভ্রবর্ণ একখানি রথ প্রস্তুত করা হইল; তাহাতে শুভ্রবর্ণ ও শুভলক্ষণ ষোলটী ঘোড়া সংযুক্ত করিল। ক্রমে ব্রাহ্মণেরা পবিত্র মন্ত্রদ্বারা সেই রথখানিকে অভিমন্ত্রিত করিলেন এবং স্তুতিপাঠকেরা স্তব করিতে লাগিল; সেই অবস্থায় চন্দ্র যেমন অমৃতময় রথে আরোহণ করেন, সেইরূপ মহারাজ যুধিষ্ঠির সেই রথে আরোহণ করিলেন ॥৩২—৩৩॥

জগ্রাহ রশ্মীন্ কৌন্তেয়ো ভীমো ভীমপরাক্রমঃ।
অর্জ্জুনঃ পাণ্ডুরং ছত্রং ধারয়ামাস ভানুমৎ ॥৩৪॥
ধ্রিয়মাণঞ্চ তচ্ছত্রং পাণ্ডুরং রাজমূর্দ্ধনি।
শুশুভে তারকাকীর্ণং সিতমভ্রমিবাম্বরে ॥৩৫॥
চামরব্যজনে ত্বস্য বীরৌ জগৃহতুস্তদা।
চন্দ্ররশ্মিপ্রভে শুভ্রে মাদ্রীপুত্রাবলঙ্কৃতে ॥৩৬॥
তে পঞ্চ রথমাস্থায় ভ্রাতরঃ সমলঙ্কৃতাঃ।
ভূতানীব সমস্তানি রাজন্! দদৃশিরে তদা ॥৩৭॥
আস্থায় তু রথং শুভ্রং যুক্তমশ্বৈর্মনোজবৈঃ।
অন্বয়াৎ পৃষ্ঠতো রাজন্! যুযুৎসুঃ পাণ্ডবাগ্রজম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

জগ্রাহেতি। রশ্মীন্ অশ্বরজ্জূঃ। ভানুমৎ উজ্জ্বলম্ ॥৩৪॥

ধ্রিয়েতি। তারকাকীর্ণং নক্ষত্রখচিতম্, অভ্রং মেঘঃ ॥৩৫॥

চামরেতি। চামরে এব ব্যজনে চামরব্যজনে, অস্য যুধিষ্ঠিরস্য ॥৩৬॥

ত ইতি। সমস্তানি পঞ্চ, ভূতানি ক্ষিত্যাদীনি, দদৃশিরে তত্রত্যৈর্জনৈঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

জয়লক্ষ্মীং পরিণেতুমিত্যর্থাদনুষঞ্জনীয়ম্ ॥৩২॥ অমৃতময়ং দেবতাময়ম্ ॥৩৩—৩৪॥ তারকাস্তারাঃ তত্তুল্যাচ্ছত্রপ্রান্তস্থমৌক্তিকগুচ্ছাশ্চ ॥৩৫—৩৬॥ যথা দেহরথো ভূতপঞ্চকময়ঃ এবং সোঽপি

তখন ভীষণপরাক্রমশালী কুন্তীনন্দন ভীমসেন অশ্বগুলির মুখরজ্জু গ্রহণ করিলেন এবং অর্জ্জুন একটী শুভ্রবর্ণ উজ্জ্বল ছত্র যুধিষ্ঠিরের মস্তকের উপরে ধারণ করিলেন ॥৩৪॥

অর্জ্জুন যুধিষ্ঠিরের মস্তকের উপরে সেই শুভ্রবর্ণ ছত্রটী ধারণ করিলে, আকাশে নক্ষত্রখচিত শুভ্রবর্ণ মেঘ যেমন শোভা পায়, সেইরূপ সেই ছত্রটী শোভা পাইতে লাগিল ॥৩৫॥

বীর নকুল ও সহদেব অলঙ্কৃত ও চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ দুইটী চামর ধারণ করিয়া যুধিষ্ঠিরের দুই পার্শ্বে দাঁড়াইলেন ॥৩৬॥

রাজা জনমেজয়! সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত সেই পঞ্চভ্রাতা যখন রথে আরোহণ করিয়া হস্তিনানগরাভিমুখে গমন করিতে লাগিলেন; তখন তত্রত্য লোকেরা ক্ষিতিপ্রভৃতি পঞ্চ মহাভূতের ন্যায় তাঁহাদিগকে দেখিতে লাগিল ॥৩৭॥

রাজা! যুযুৎসু মনের ন্যায় বেগবান্ চারিটী অশ্বযুক্ত ও শুভ্রবর্ণ রথে আরোহণ করিয়া, যুধিষ্ঠিরের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥৩৮॥

---

(৩৫)…রথমূর্দ্ধনি…পি বজ,…তারকারাজঃ সিতাভ্র ইব চাম্বরে—নি।

রথং হেমময়ং শুভ্রং শৈব্যসুগ্রীবযোজিতম্ ।
সহ সাত্যকিনা কৃষ্ণঃ সমাস্থায়ান্বয়াৎ কুরূন্ ॥৩৯॥
নরযানেন তু জ্যেষ্ঠঃ পিতা পার্থস্য ভারত ! ।
অগ্রতো ধর্ম্মরাজস্য গান্ধারীসহিতো যযৌ ॥৪০॥
কুরুস্ত্রিয়শ্চ তাঃ সর্ব্বাঃ কুন্তী কৃষ্ণা তথৈব চ ।
যানৈরুচ্চাবচৈর্জগ্মুর্বিদুরেণ পুরস্কৃতাঃ ॥৪১॥
ততো রথাশ্চ বহুলা নাগাশ্বসমলঙ্কৃতাঃ ।
পাদাতাশ্চ হয়াশ্চৈব পৃষ্ঠতঃ সমনুব্রজন্ ॥৪২॥
ততো বৈতালিকৈঃ সূতৈর্মাগধৈশ্চ সুভাষিতৈঃ ।
স্তূয়মানো যযৌ রাজা নগরং নাগসাহ্বয়ম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

আস্থায়েতি। যুযুৎসুর্নাম ধৃতরাষ্ট্রস্য বৈশ্যায়াং জাতঃ পুত্রঃ ॥৩৮॥

রথমিতি। হেমময়ং স্বর্ণখচিতম্। অতএব রজতনির্ম্মিততয়া শুভ্রমিত্যুপপদ্যতে, শৈব্য সুগ্রীবাভ্যাং তদাখ্যাভ্যামশ্বাভ্যাং যোজিতম্ ॥৩৯॥

নরেতি। নরযানং মানুষোঢ়া শিবিকা তয়া, জ্যেষ্ঠঃ পিতা ধৃতরাষ্ট্রঃ ॥৪০॥

কুর্ব্বিতি। কৃষ্ণা দ্রৌপদী। উচ্চাবচৈর্নানাবিধৈঃ, পুরস্কৃতাঃ সম্মুখগাঃ কৃতাঃ ॥৪১॥

তত ইতি। নাগা গজাঃ। পাদাতাঃ পদাতিসমূহাঃ, হয়া অশ্বারোহিণঃ ॥৪২॥

তত ইতি। গানেন স্তুতিকরা বৈতালিকাঃ, ছন্দোবদ্ধপদৈঃ স্তুতিকরাঃ সূতাঃ, গদ্যৈঃ স্তুতিকরাশ্চ মাগধাস্তৈঃ। নাগসাহ্বয়ং হস্তিনাখ্যম্ ॥৪৩॥

কৃষ্ণ সাত্যকির সহিত সম্মিলিত হইয়া, শৈব্য ও সুগ্রীব নামক দুইটী অশ্বযুক্ত, স্বর্ণখচিত ও শুভ্রবর্ণ রথে উঠিয়া কৌরবগণের পিছনে পিছনে যাইতে থাকিলেন ॥৩৯॥

ভরতনন্দন! যুধিষ্ঠিরের জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্র গান্ধারীর সহিত মিলিত হইয়া, নরযানে আরোহণ করিয়া (পাল্কিতে উঠিয়া,) যুধিষ্ঠিরের অগ্রে অগ্রে গমন করিতে লাগিলেন ॥৪০॥

এবং কৌরবস্ত্রীগণ, কুন্তী ও দ্রৌপদী নানাবিধ যানে আরোহণ করিয়া গমন করিতে থাকিলেন ; আর বিদুর তাঁহাদের পিছনে পিছনে চলিলেন ॥৪১॥

তৎপরে হস্তী, অশ্ব, অলঙ্কৃত রথ, পদাতিগণ ও অশ্বারোহিগণ সকলের পিছনে যাইতে থাকিল ॥৪২॥

ক্রমে বৈতালিকগণ, সূতগণ ও মাগধগণ সুন্দর সুন্দর বাক্যে স্তব করিতে লাগিল ; সেই অবস্থায় যুধিষ্ঠির হস্তিনানগরের দিকে গমন করিতে লাগিলেন ॥৪৩॥

তৎ প্রয়াণং মহাবাহোর্বভূবাপ্রতিমং ভুবি।
আকুলাকুলমুৎক্রুষ্টং হৃষ্টপুষ্টজনাকুলম্ ॥৪৪॥
অভিযানে তু পার্থস্য নরৈর্নগরবাসিভিঃ।
নগরং রাজমার্গাশ্চ যথাবৎ সমলঙ্কৃতাঃ ॥৪৫॥
পাণ্ডুরেণ চ মাল্যেন পতাকাভিশ্চ মেদিনী।
সংস্কৃতো রাজমার্গোঽভূদ্ধূপনৈশ্চ প্রধূপিতঃ ॥৪৬॥
অথ চূর্ণৈশ্চ গন্ধানাং নানাপুষ্পপ্রিয়ঙ্গুভিঃ।
মাল্যদামভিরাসক্তৈ রাজবেশ্মাভিসংবৃতম্ ॥৪৭॥
কুম্ভাশ্চ নগরদ্বারি বারিপূর্ণা নবা দৃঢ়াঃ।
সিতাঃ সুমনসো গৌরাঃ স্থাপিতাস্তত্র তত্র হ ॥৪৮॥

ভারতকৌমুদী

তদিতি। মহাবাহোর্যুধিষ্ঠিরস্য। উৎক্রুষ্টম্ উচ্চৈঃ কোলাহলাস্পদীকৃতম্ ॥৪৪॥

অভীতি। অভিযানে অভিমুখাগমনে, পার্থস্য যুধিষ্ঠিরস্য ॥৪৫॥

পাণ্ডুরেণেতি। মেদিনী নগরভূমিঃ সমলঙ্কৃতেত্যনুবৃত্তিঃ। সংস্কৃতঃ পরিষ্কৃতঃ, ধূপনৈঃ সৌরভকরৈঃ ধূপাগুরুপ্রভৃতিভিঃ ॥৪৬॥

অথেতি। প্রিয়ঙ্গুনামা গন্ধদ্রব্যবিশেষঃ। মাল্যদামভির্মালাসূত্রৈঃ ॥৪৭॥

কুম্ভা ইতি। সিতা রজতময়তয়া শুভ্রাঃ, সুমনসঃ পুষ্পমালাযুক্তাঃ, কেচিচ্চ স্বর্ণময়তয়া গৌরাঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

রথে। ভ্রাতৃপঙ্কযুক্তঃ ॥৩৭॥ যুযুৎসুর্ধৃতরাষ্ট্রপুত্রঃ ॥৩৮—৩৯॥ নরযানং তথতরাবা ইতি ম্লেচ্ছভাষায়াং প্রসিদ্ধম্, ন তু শিবিকা ॥৪০—৪৩॥ আকুলাকুলমতিসঙ্কুলং সম্মর্দ্দবশাৎ ॥৪৪—৪৫॥

তখন লোকেরা ব্যতিব্যস্তভাবে উচ্চস্বরে কোলাহল করিতে লাগিল এবং হৃষ্টপুষ্ট লোক সকল সঙ্গে চলিল; সুতরাং তৎকালে মহাবাহু যুধিষ্ঠিরের সেই রাজধানী-প্রবেশটীর আর উপমা থাকিল না ॥৪৪॥

যুধিষ্ঠির হস্তিনানগরে প্রবেশ করিবেন বলিয়া সেই নগরবাসী লোকেরা সেই নগরটীকে ও রাজপথগুলিকে পূর্ব্বেই অলঙ্কৃত করিয়া রাখিয়াছিল ॥৪৫॥

শুভ্রবর্ণ পুষ্পমালা ও পতাকাদ্বারা নগরের ভূমি সকল অলঙ্কৃত করিয়াছিল, রাজপথগুলি পরিষ্কৃত করা হইয়াছিল এবং ধূপ ও অগুরুপ্রভৃতি গন্ধদ্রব্যদ্বারা সৌরভযুক্ত করিয়া রাখিয়াছিল ॥৪৬॥

তা'র পর, গন্ধদ্রব্য চূর্ণ, নানাবিধ পুষ্প ও প্রিয়ঙ্গু বিন্যস্ত করিয়া এবং পুষ্পমাল্যসমূহ লম্বিত করিয়া করিয়া রাজভবনটীকে সুসজ্জিত করিয়াছিল ॥৪৭॥

তথা স্বলঙ্কৃতদ্বারং নগরং পাণ্ডুনন্দনঃ।
স্তূয়মানঃ শুভৈর্ব্বাক্যৈঃ প্রবিবেশ সুহৃদ্‌বৃতঃ ॥৪৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
চার্ব্বাকনিগ্রহে যুধিষ্ঠিরস্য হস্তিনাপুরপ্রবেশে
সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টত্রিংশোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।
প্রবেশনে তু পার্থানাং জনানাং পুরবাসিনাম্।
দিদৃক্ষূণাং সহস্রাণি সমাজগ্মুঃ সহস্রশঃ ॥১॥

ভারতকৌমুদী

তথেতি। স্বলঙ্কৃতানি দ্বারাণি যস্য তৎ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি চার্ব্বাকনিগ্রহে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

প্রবেশন ইতি। পার্থানাং পাণ্ডবানাম্। দিদৃক্ষূণাং তদ্‌দ্রষ্টুমিচ্ছূনাম্ ॥১॥

ভারতভাবদীপঃ

মালোন পুষ্পসমূহেন মেদিনী সমলঙ্কৃতেত্যনুষজ্যতে। ধূপনৈঃ অগুরুপ্রভৃতিভির্ধূপদ্রব্যৈঃ ॥৪৬—৪৭॥
সিতাঃ চূর্ণাদিনা শুক্লীকৃতাঃ, সুমনসঃ পুষ্পাণি, গৌরাঃ শুক্লাঃ ॥৪৮—৪৯॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৭॥

আর বিভিন্ন নগরদ্বারে নূতন ও দৃঢ়, রজতময় ও স্বর্ণময় জলপূর্ণ কুম্ভ সকল স্থাপন করিয়া, সেগুলির উপরে নানাবিধ ফুলের মালা সাজাইয়া রাখিয়াছিল ॥৪৮॥

নগরবাসীরা সেইভাবে নগরের দ্বারগুলিকে সুশোভিত করিয়া রাখিলে এবং স্তুতিপাঠকেরা স্তুতিপাঠ করিতে লাগিলে, যুধিষ্ঠির সুহৃদ্‌গণে পরিবেষ্টিত হইয়া হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৪৯॥

---

(৪৯) যথা স্বলঙ্কৃতং দ্বারং···বঙ্গ নি। * '···ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ' নি।

স রাজমার্গঃ শুশুভে সমলঙ্কৃতচত্বরঃ।
যথা চন্দ্রোদয়ে রাজন্! বর্দ্ধমানো মহোদধিঃ ॥২॥
গৃহাণি রাজমার্গেষু রত্নবন্তি মহান্তি চ।
প্রাকম্পন্তীব ভারেণ স্ত্রীণাং পূর্ণানি ভারত! ॥৩॥
তাঃ শনৈরিব সব্রীড়ং প্রশশংসুর্যুধিষ্ঠিরম্।
ভীমসেনার্জুনৌ চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৪॥
ধন্যা ত্বমসি পাঞ্চালি! যা ত্বং পুরুষসত্তমান্।
উপতিষ্ঠসি কল্যাণি! মহর্ষীনিব গৌতমী ॥৫॥
তব কর্ম্মাণ্যমোঘানি ব্রতচর্য্যা চ ভাবিনি!।
ইতি কৃষ্ণাং মহারাজ! প্রশশংসুস্তদা স্ত্রিয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। সমলঙ্কৃতানি পুষ্পমালাদিনা ভূষিতানি চত্বরাণি যস্য সঃ ॥২॥

গৃহাণীতি। স্ত্রীণাং স্ত্রীভিঃ। "করণে পুস্কপ্যার্থস্য চ" ইতি করণে ষষ্ঠী ॥৩॥

তা ইতি। শনৈরম্মুচ্চস্বরৈঃ, সব্রীড়ং পুরুষৈঃ শ্রবণসম্ভবাৎ সলজ্জমিব ॥৪॥

তাসাং দ্রৌপদীপ্রশংসামনুবদতি ধন্যেতি। উপতিষ্ঠসি সেবসে। গৌতমী গৌতমবংশজা জটিলানাম্নী। তথা চাদিপর্ব্বণি—"শ্রূয়তে হি পুরাণেঽপি জটিলা নাম গৌতমী। ঋষীনধ্যাসিতবতী সপ্ত ধর্ম্মভৃতাং বরা ॥" ॥৫॥

তবেতি। কর্ম্মাণি পতিজয়লাভায় ভগবদারাধনানি ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণের হস্তিনা প্রবেশের সময়ে দর্শনার্থী সহস্র সহস্র লোক আসিয়া উপস্থিত হইল ॥১॥

রাজা! হস্তিনানগরের রাজপথগুলি পূর্ব্বেই অলঙ্কৃত হইয়াছিল এবং সেগুলির পার্শ্ববর্ত্তী চত্বর সকলও (পার্কগুলিও) সুসজ্জিত করিয়াছিল; সুতরাং চন্দ্রোদয়কালে মহাসমুদ্র যেমন শোভা পায়, সেগুলিও সেইরূপ শোভা পাইতে লাগিল ॥২॥

ভরতনন্দন! রাজপথগুলির নিকটবর্ত্তী রত্নখচিত ও স্ত্রীলোকে পরিপূর্ণ বিশাল বিশাল গৃহ সকল ভারবশতঃ যেন কম্পিত হইতে লাগিল ॥৩॥

সেই স্ত্রীলোকেরা অনুচ্চস্বরে লজ্জিতভাবেই যেন যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবের প্রশংসা করিতে থাকিল (এবং বলিতে লাগিল—) ॥৪॥

'কল্যাণি! পাঞ্চালি! পূর্ব্বকালে গৌতমবংশীয়া জটিলা যেমন ভার্য্যারূপে সাত জন মহর্ষির সেবা করিতেন; সেইরূপ যে তুমি ভার্য্যারূপে পাঁচ জন পাণ্ডবের সেবা করিতেছ, সেই তুমি ধন্যাই বট ॥৫॥

(৩)···প্রাকম্পন্তেব···পি বঙ্গ। (৬)···ভামিনি!···নি।

প্রশংসাবচনৈস্তাসাং মিথঃশব্দৈশ্চ ভারত ! ।
প্রীতিজৈশ্চ তদা শব্দৈঃ পুরমাসীৎ সমাকুলম্ ॥৭॥
তমতীত্য যথাযুক্তং রাজমার্গং যুধিষ্ঠিরঃ ।
অলঙ্কৃতং শোভমানমুপায়াদ্রাজবেশ্ম হ ॥৮॥
ততঃ প্রকৃতয়ঃ সর্ব্বাঃ পৌরা জানপদাস্তদা ।
ঊচুঃ কর্ণসুখা বাচঃ সমুপেত্য ততস্ততঃ ॥৯॥
দিষ্ট্যা জয়সি রাজেন্দ্র ! শত্রূঞ্শত্রুনিষূদন ! ।
দিষ্ট্যা রাজ্যং পুনঃ প্রাপ্তং ধর্ম্মেণ চ বলেন চ ॥১০॥
ভব নস্ত্বং মহারাজ ! রাজেহ শরদাং শতম্ ।
প্রজাঃ পালয় ধর্ম্মেণ যথেন্দ্রস্ত্রিদিবং তথা ॥১১॥

ভারতকৌমুদী

প্রশংসেতি। মিথঃশব্দৈঃ পরস্পরকোলাহলৈঃ। প্রীতিজৈঃ শব্দৈর্জয়াশীর্ব্বাদাদিভিঃ ॥৭॥
তমিতি। যথাযুক্তং যথাসম্ভবপ্রণামাশীর্ব্বাদসহিতং যথা স্যাত্তথা ॥৮॥
তত ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ। কর্ণসুখাঃ প্রীতিকরতয়া কর্ণসুখজনিকাঃ ॥৯॥
তা বাচ এবাহ দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। হে শত্রূণাং নিষূদন ! দমনকারক ! ॥১০॥
ভবেতি। নঃ অস্মাকম্, শরদাং বৎসরাণাং শতং যাবৎ ॥১১॥

আর পতিপরায়ণে ! তোমার ঈশ্বর আরাধনা এবং ব্রতাচরণও অব্যর্থই হইয়াছে’। মহারাজ ! এইভাবে সেই স্ত্রীলোকেরা তখন দ্রৌপদীরও প্রশংসা করিতে থাকিল ॥৬॥

ভরতনন্দন ! তৎকালে পুরবাসিনীগণের প্রশংসা বাক্যে, সমাগত লোকদিগের পরস্পর কোলাহলে এবং হর্ষধ্বনিতে নগরটী পরিপূর্ণ হইয়াছিল ॥৭॥

ক্রমে যুধিষ্ঠির যথাসম্ভব প্রণাম ও আশীর্ব্বাদ করিতে করিতে সেই রাজপথ অতিক্রম করিয়া, অলঙ্কৃত ও সুশোভন রাজভবনের নিকটে উপস্থিত হইলেন ॥৮॥

তাহার পর প্রজারা, পুরোবাসীরা ও দেশবাসীরা সকলে নানাস্থান হইতে উপস্থিত হইয়া, শ্রুতিমধুর বাক্য সকল বলিতে লাগিল—॥৯॥

‘শত্রুসূদন রাজশ্রেষ্ঠ ! আপনি ভাগ্যবশতঃ শত্রুগণকেও জয় করিয়াছেন এবং ভাগ্যবশতই বিক্রম প্রকাশ করিয়া ধর্ম্ম অনুসারে পুনরায় রাজ্যলাভ করিয়াছেন ॥১০॥

মহারাজ ! এখন আপনি শত বৎসর যাবৎ আমাদের রাজা হইয়া থাকুন এবং ইন্দ্র যেমন স্বর্গলোক পালন করেন, আপনিও তেমন ধর্ম্ম অনুসারে প্রজা পালন করুন’ ॥১১॥

(৯)···পৌরজানপদাস্তথা···পি।

এবং রাজকুলদ্বারি মঙ্গলৈরভিপূজিতঃ।
আশীর্বাদান্ দ্বিজৈরুক্তান্ প্রতিগৃহ্য সমন্ততঃ ॥১২॥
প্রবিশ্য ভবনং রাজা দেবরাজগৃহোপমম্।
শ্রদ্ধাবিজয়সংযুক্তং রথাৎ পশ্চাদবাতরৎ ॥১৩॥ (যুগ্মকম্)
প্রবিশ্যাভ্যন্তরং শ্রীমান্ দৈবতান্যভিগম্য চ।
পূজয়ামাস রত্নৈশ্চ গন্ধমাল্যৈশ্চ সর্ব্বশঃ ॥১৪॥
নিশ্চক্রাম ততঃ শ্রীমান্ পুনরেব মহাযশাঃ।
দদর্শ ব্রাহ্মণাংশ্চৈব সোঽভিরূপানবস্থিতান্ ॥১৫॥
স সংবৃতস্তদা বিপ্রৈরাশীর্ব্বাদবিবক্ষুভিঃ।
শুশুভে বিমলশ্চন্দ্রস্তারাগণবৃতো যথা ॥১৬॥
তাংস্তু বৈ পূজয়ামাস কৌন্তেয়ো বিধিবদ্দ্বিজান্।
ধৌম্যং গুরুং পুরস্কৃত্য জ্যেষ্ঠং পিতরমেব চ ॥১৭॥

ভারতকৌমুদী

এবমিতি। মঙ্গলৈঃ স্তুত্যাদিবাদৈঃ। শ্রদ্ধা আত্মীয়তয়া বিশ্বাসঃ বিজয়ঃ পুষ্পমাল্যাদিভি বিজয়শোভা চ তাভ্যাং সংযুক্তম্ ॥১২—১৩॥

প্রবিশ্যেতি। শ্রীমান্ রাজশোভাবান্, দৈবতানি দেববিগ্রহান্ ॥১৪॥

নিরিতি। ততো দেবভবনাৎ। অভিরূপান্ বিদুষঃ ॥১৫॥

স ইতি। আশীর্ব্বাদান্ বিবক্ষুভির্ব্বক্তুমিচ্ছুভিঃ ॥১৬॥

এইভাবে রাজা যুধিষ্ঠির সকলের মাঙ্গলিক বাক্যে সংবর্দ্ধিত হইয়া এবং সকল দিক্ হইতে ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ গ্রহণ করিতে থাকিয়া, অমরাবতীর তুল্য জয়লক্ষ্মী-সম্পন্ন রাজভবনে প্রবেশ করিয়া, বিশ্বস্তচিত্তে রথ হইতে অবতরণ করিলেন ॥১২—১৩॥

তদনন্তর রাজশ্রীসম্পন্ন যুধি র অভ্যন্তরে প্রবেশ করিয়া, দেববিগ্রহের নিকটে যাইয়া সর্ব্বপ্রকার রত্ন, গন্ধ ও মাল্যদ্বারা সেই দেববিগ্রহ সকলের পূজা করিলেন ॥১৪॥

ক্রমে রাজশ্রীসম্পন্ন ও মহাযশা যুধিষ্ঠির সেই দেবালয় হইতে নির্গত হইলেন এবং উপস্থিত পণ্ডিত ব্রাহ্মণগণকে দর্শন করিলেন ॥১৫॥

তৎকালে যুধিষ্ঠির আশীর্ব্বাদকারী সেই ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া, নক্ষত্রগণে পরিবেষ্টিত নির্ম্মল চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৬॥

(১৩)···শ্রদ্ধা বিজয়সংযুক্তম্···নি।

সুমনোমোদকৈ রত্নৈর্হিরণ্যেন চ ভূরিণা।
গোভির্বস্ত্রৈশ্চ রাজেন্দ্র ! বিবিধৈঃ ক্রমিকোথকৈঃ ॥১৮॥ (যুগ্মকম্)
ততঃ পুণ্যাহঘোষোঽভূদ্দিবং স্তব্ধ্বেব ভারত ! ।
সুহৃদাং প্রীতিজননঃ পুণ্যঃ শ্রুতিসুখাবহঃ ॥১৯॥
হংসবন্নেদুষাং রাজন্ ! দ্বিজানাং তত্র ভারতী ।
শুশ্রুবে বেদবিদুষাং পুষ্কলার্থপদাক্ষরা ॥২০॥
ততো দুন্দুভিনির্ঘোষঃ শঙ্খানাঞ্চ মনোরমঃ ।
জয়ং প্রবদতাং তত্র স্বনঃ প্রাদুরভূন্নৃপ ! ॥২১॥
নিঃশব্দে চ স্থিতে তত্র ততো বিপ্রজনে পুনঃ ।
রাজানং ব্রাহ্মণচ্ছদ্মা চার্ব্বাকো রাক্ষসোঽব্রবীৎ ॥২২॥

ভারতকৌমুদী

তানিতি। জ্যেষ্ঠং পিতরং ধৃতরাষ্ট্রম্। সুমনাংসি কুসুমানি মোদকানি খাদ্যবিশেষাশ্চ তৈঃ, হিরণ্যেন ধনেন, ক্রমিকেভ্যঃ ক্ষুদ্রকীটবিশেষেভ্য উথমুৎপত্তির্যেষাং তৈঃ, ক্ষৌমৈরিত্যর্থঃ ॥১৭—১৮॥

তত ইতি। পুণ্যাহঘোষঃ অয়ং পুণ্যো দিবস ইত্যেবং শব্দঃ, স্তব্ধ্বা ব্যাপ্য ॥১৯॥

হংসবদিতি। হংসবৎ নেদুষাং নাদং কৃতবতাম্। নদধাতোঃ কসুপ্রত্যয়ে রূপম্। ভারতী বাক্। পুষ্কলানি প্রচুরাণি অর্থপদাক্ষরাণি অভিধেয়চরণবর্ণা যস্যাঃ সা ॥২০॥

তত ইতি। মনোরমঃ স্বন ইতি পরেণান্বয়ঃ। স্বনঃ শব্দঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

প্রবেশন ইতি ॥১—২॥ স্ত্রীণাং স্ত্রীভিঃ ॥৩—১৪॥ অভিরূপান্ মঙ্গলদ্রব্যপাণীন্ ॥১৫—১৭॥ কিমিচ্ছসি কিমিচ্ছসীতি পৃচ্ছদ্ভির্ভৃ ত্যৈর্বিবিধৈর্গোবস্ত্রাদিদ্রব্যৈর্নিমন্ত্র্যস্থিরিত্যর্থঃ ॥১৮॥ স্তব্ধ্বা ব্যাপ্য

রাজশ্রেষ্ঠ জনমেজয় ! ক্রমে যুধিষ্ঠির পুরোহিত ধৌম্যকে ও জ্যেষ্ঠতাত ধৃতরাষ্ট্রকে সম্মুখবর্ত্তী করিয়া, পুষ্প, মোদক, প্রচুর ধন, গো ও ক্ষৌমবস্ত্রদ্বারা যথাযথভাবে সেই ব্রাহ্মণগণের পূজা করিলেন ॥১৭—১৮॥

ভরতনন্দন ! তাহার পর সুহৃজ্জনের আনন্দজনক, পবিত্র ও শ্রুতিমধুর পুণ্যাহ-ধ্বনি আকাশমণ্ডলকে ব্যাপ্ত করিয়াই যেন উদ্ভূত হইতে লাগিল ॥১৯॥

রাজা ! তৎকালে বেদবিদ্ ব্রাহ্মণগণ হংসের ন্যায় হর্ষগদ্‌গদ্ স্বরে যে সকল প্রচুর অর্থবোধক, ছন্দোবদ্ধ ও মনোহরবর্ণ বাক্য বলিতে লাগিলেন, তাহা তত্রত্য সকলেই শুনিতে লাগিল ॥২০॥

রাজা ! তাহার পর মনোহর দুন্দুভিধ্বনি, শঙ্খ শব্দ ও লোকমুখের জয়ধ্বনি উত্থিত হইতে লাগিল ॥২১॥

(১৮)···কিমিচ্ছকৈঃ—পি বঙ্গ বৰ্দ্ধ। (২০) হংসবন্নিদুষাং রাজা···ভারতীম্···পুষ্কলার্থ-পদাক্ষরাম্—পি বঙ্গ বৰ্দ্ধ।

তত্র দুর্য্যোধনসখা ভিক্ষুরূপেণ সংবৃতঃ।
সাক্ষঃ শিখণ্ডী ত্রিদণ্ডী চ ধৃষ্টো বিগতসাধ্বসঃ ॥২৩॥
বৃতঃ সর্ব্বৈস্তথা বিপ্রৈরাশীর্ব্বাদবিবক্ষুভিঃ।
পরঃসহস্রৈ রাজেন্দ্র! তপোনিয়মসংস্থিতৈঃ ॥২৪॥
স দুষ্টঃ পাপমাশংসুঃ পাণ্ডবানাং মহাত্মনাম্।
অনামন্ত্র্যৈব তান্ বিপ্রাংস্তমুবাচ মহীপতিম্ ॥২৫॥ (বিশেষকম্)

চার্ব্বাক উবাচ।

ইমে প্রাহুর্দ্বিজাঃ সর্ব্বে সমারোপ্য বচো ময়ি।
ধিগ্ ভবন্তং কুনৃপতিং জ্ঞাতিঘাতিনমস্তু বৈ ॥২৬॥

ভারতকৌমুদী

নিরিতি। ব্রাহ্মণচ্ছদ্মা ছদ্মনা ব্রাহ্মণবেশধারী, চার্ব্বাকো নাম ॥২২॥

এই সময়েই তীর্থপর্য্যটননিরত গাধিরাজা ভার্য্যার সহিত সেই ঋচীকের আশ্রমে আগমন করিলেন ॥১৩॥

রাজা! তখন সত্যবতী সেই চরু ভক্ষণে আগ্রহান্বিত হইয়া, চরুপাত্র দুইটী হাতে লইয়া, হৃষ্টচিত্তে মাতাকে ভর্ত্তার বাক্য জানাইলেন ॥১৪॥

কিন্তু কুন্তীনন্দন! সত্যবতীর মাতা ভ্রমবশতঃ সত্যবতীকে নিজের চরু অর্পণ করিলেন এবং সত্যবতীর চরু নিজে ভক্ষণ করিলেন ॥১৫॥

তাহার পর সত্যবতী উজ্জ্বলদেহে ভীষণাকৃতি ও ক্ষত্রিয়ান্তকারী গর্ভ ধারণ করিলেন ॥১৬॥

তাহার পর ভৃগুবংশশ্রেষ্ঠ ঋচীক আশ্রমে আসিয়া, ব্রাহ্মণই সত্যবতীর গর্ভে প্রবেশ করিয়াছেন ইহা জানিয়া, দেবরূপিণী ভার্য্যা সত্যবতীকে বলিলেন—॥১৭॥

(১৭) তামৃচীকঃ... অব্রবীৎ... বঙ্গ বর্দ্ধ নি।

মাত্রাসি ব্যংসিতা ভদ্রে ! চরুব্যত্যাসহেতুনা।
ভবিষ্যতি হি তে পুত্রঃ ক্রূরকর্ম্মাত্যমর্ষণঃ ॥১৮॥
বিশ্বং হি ব্রহ্ম সুমহচ্চরৌ তব সমাহিতম্।
ক্ষত্রবীর্য্যঞ্চ সকলং তব মাত্রে সমর্পিতম্ ॥১৯॥
বিপর্য্যয়েণ তে ভদ্রে ! নৈতদেবং ভবিষ্যতি।
মাতুস্তে ব্রাহ্মণো ভূয়াত্তব চ ক্ষত্রিয়ঃ সুতঃ ॥২০॥
সৈবমুক্তা মহাভাগা ভর্ত্রা সত্যবতী তদা।
পপাত শিরসা তস্মৈ বেপন্তী চাব্রবীদিদম্ ॥২১॥
নার্হোঽসি ভগবন্নদ্য বক্তুমেবংবিধং বচঃ।
ব্রাহ্মণাপসদং পুত্রং প্রাপ্স্যসীতি হি মাং প্রভো ! ॥২২॥

ভারতকৌমুদী

মাত্রেতি। ব্যংসিতা বঞ্চিতা, চরোর্ব্যত্যাসো ব্যতিক্রম এব হেতুস্তেন। অত্যমর্ষণ অতিকোপনঃ ॥১৮॥

বিশ্বমিতি। বিশ্বং সর্ব্বম্, ব্রহ্ম ব্রহ্মতেজঃ, সমাহিতং সমারোপিতম্ ॥১৯॥

বীতি। বিপর্য্যয়েণ চরুপরিবর্ত্তনেন, এবং পূর্ব্বোক্তপ্রকারম্। তর্হি কিং ভবেদিত্যাহ মাতুরিতি ॥২০॥

সেতি। পপাত ভর্ত্তুশ্চরণোপরি, তস্মৈ ভর্ত্রে, বেপন্তী কম্পমানা ॥২১॥

নেতি। অর্হো যোগ্যো নাসি স্বপুত্রত্বাদেব। ব্রাহ্মণাপসদং নিকৃষ্টব্রাহ্মণম্ ॥২২॥

'ভদ্রে ! চরু পরিবর্ত্তন করিয়া, তোমার মাতাই তোমাকে বঞ্চনা করিয়াছেন। অতএব অতিশয় কোপনস্বভাব এবং অত্যন্ত নিষ্ঠুরকার্য্যকারী তোমার একটী পুত্র হইবে ॥১৮॥

কল্যাণি ! আমি তোমার চরুতে সমগ্র মহাব্রহ্মতেজ নিহিত করিয়াছিলাম এবং তোমার মাতার চরুতে সমস্ত ক্ষত্রিয়তেজ সমর্পণ করিয়াছিলাম ॥১৯॥

ভদ্রে ! চরু পরিবর্ত্তন করায় ইহা এরূপ হইবে না। তোমার মাতার হইবে ব্রাহ্মণ পুত্র, আর তোমার হইবে ক্ষত্রিয় পুত্র' ॥২০॥

ভর্ত্তা ঋচীক এইরূপ বলিলে, মহাভাগা সত্যবতী তখন মস্তক অবনত করিয়া, ভর্ত্তার চরণযুগলের উপরে পতিত হইলেন এবং কাঁপিতে থাকিয়া বলিলেন—॥২১॥

'ভগবন্ ! প্রভাবসম্পন্ন ! 'তুমি একটী পুত্র লাভ করিবে, সে'টী নিকৃষ্ট ব্রাহ্মণ হইবে' এরূপ বাক্য আজ আপনি আমাকে বলিতে পারেন না' ॥২২॥

(১৯) উৎপৎস্যতে চ তে ভ্রাতা ব্রহ্মভূতস্তপোরতঃ। বিশ্বং হি ব্রহ্ম সুমহচ্চরৌ তব সমাহিতম্॥ বঙ্গ।

ঋচীক উবাচ।

নৈষ সংকল্পিতঃ কামো ময়া ভদ্রে ! তথা ত্বয়ি।
উগ্রকর্ম্মা ভবেৎ পুত্রশ্চরুব্যত্যাসহেতুনা ॥২৩॥

সত্যবত্যুবাচ।

ইচ্ছন্ লোকানপি মুনে ! সৃজেথাঃ কিং পুনঃ সুতম্।
শমাত্মকমৃজুং পুত্রং দাতুমর্হসি মে প্রভো ! ॥২৪॥

ঋচীক উবাচ।

নোক্তপূর্ব্বং ময়া ভদ্রে ! স্বৈরেষ্বপ্যনৃতং বচঃ।
কিমূতাগ্নিং সমাধায় মন্ত্রবচ্চরুসাধনে ॥২৫॥
দৃষ্টমেতৎ পুরা ভদ্রে ! জ্ঞাতঞ্চ তপসা ময়া।
ব্রহ্মভূতং হি সকলং পিতুস্তব কুলং ভবেৎ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। কামঃ কাম্যঃ পুত্রঃ, এষ ঈদৃশো ব্রাহ্মণাপসদ ইত্যর্থঃ ॥২৩॥

ইচ্ছন্নিতি। লোকানপি ভুবনান্যপি, সৃজেথাঃ যোগপ্রভাবেণ স্রষ্টুং শক্নুয়াঃ। শমাত্মকং শান্তস্বভাবম্, ঋজুং সরলঞ্চ ॥২৪॥

নেতি। স্বৈরেষ্বপি ইচ্ছাপূর্ব্বকোপহাসাদিষ্বপি, অনৃতং মিথ্যা ॥২৫॥

দৃষ্টমিতি। দৃষ্টং পর্য্যালোচিতম, ব্রহ্মভূতং ব্রাহ্মণরূপম ॥২৬॥

ঋচীক বলিলেন—'ভদ্রে ! তোমার এইরূপ পুত্রই হইবে এরূপ সঙ্কল্প আমি করিয়াছিলাম না বটে ; কিন্তু চরু পরিবর্ত্তন করার জন্যই তোমার উগ্রকর্ম্মা পুত্র হইবে' ॥২৩॥

সত্যবতী বলিলেন—'মুনি ! আপনি যদি ইচ্ছা করেন, তবে যোগের প্রভাবে ত্রিভুবনও সৃষ্টি করিতে পারেন ; তাহাতে পুত্রের কথা আর কি বলিব। অতএব প্রভু ! আপনি আমাকে একটী শান্ত ও সরল পুত্র দান করুন' ॥২৪॥

ঋচীক বলিলেন—'ভদ্রে ! আমি পূর্ব্বে ইচ্ছাপূর্ব্বক উপহাসপ্রভৃতির সময়েও মিথ্যা কথা বলি নাই। তাহাতে চরু সম্পাদন করিবার উদ্দেশে মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নি স্থাপন করিয়া কি প্রকারে মিথ্যা কথা বলিব ॥২৫॥

ভদ্রে ! আমি তপস্যার প্রভাবে পূর্ব্বেই ইহা পর্য্যালোচনা করিয়া দেখিয়াছি এবং জানিতে পারিয়াছি যে, তোমার পিতার সমস্ত বংশটাই ব্রাহ্মণ হইয়া যাইবে' ॥২৬॥

(২৫)···নোক্তপূর্ব্বানৃতং···স্বৈরেষপি কদাচন···পি বঙ্গ বর্দ্ধ।

সত্যবত্যুবাচ।

কামমেবং ভবেৎ পৌত্রো মমেহ তব চ প্রভো!।
শমাত্মকমহং পুত্রং লভেয়ং জয়তাং বর! ॥২৭॥

ঋচীক উবাচ।

পুত্রে নাস্তি বিশেষো মে পৌত্রে চ বরবর্ণিনি!।
যথা ত্বয়োক্তং বচনং তথা ভদ্রে! ভবিষ্যতি ॥২৮॥

বাসুদেব উবাচ।

ততঃ সত্যবতী পুত্রং জনয়ামাস ভার্গবম্।
তপস্যভিরতং শান্তং জমদগ্নিং যতব্রতম্ ॥২৯॥
বিশ্বামিত্রঞ্চ দায়াদং গাধিঃ কুশিকনন্দনঃ।
প্রাপ ব্রহ্মর্ষিসমিতং বিশ্বেন ব্রহ্মণা যুতম্ ॥৩০॥

ভারতকৌমুদী

কামমিতি। কামং যথেষ্টম্, এবং তদুক্তরূপঃ ॥২৭॥

পুত্র ইতি। বিশেষো ভেদো নাস্তি সমানপার্ব্বণাধিকারাৎ ॥২৮॥

তত ইতি। তপসীত্যাদৌ তু ভাবিনি ভূতবদুপচারো জ্ঞেয়ঃ। জমন্ নিয়তমেব হবির্ভক্ষয়ন্ অগ্নির্যস্যেতি জমদগ্নিঃ "চমু-ছমু-জমু-ঝমু অদনে" ইতি জমধাতোঃ শতৃপ্রত্যয়ে রূপম্। শান্তং শম গুণান্বিতম্ ॥২৯॥

বিশ্বেতি। বিশ্বস্য সর্ব্বস্য মিত্রমিতি বিশ্বামিত্রস্তম্। "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি দীর্ঘঃ। দায়ং সংক্রান্তধনম্ উত্তরাধিকারিতয়া আদত্ত ইতি দায়াদঃ পুত্রস্তম্, ব্রহ্মর্ষিণা সমিতং তুল্যম্, বিশ্বেন সর্ব্বেণ, ব্রহ্মণা ব্রহ্মতেজসা যুতম্ ॥৩০॥

সত্যবতী বলিলেন—'প্রভাবশালী বিজয়িশ্রেষ্ঠ! আপনার এবং আমার বরং এইরূপ একটী পৌত্রই হউক; কিন্তু আমি যেন শান্তস্বভাব পুত্র লাভ করিতে পারি' ॥২৭॥

ঋচীক বলিলেন—'বরবর্ণিনি! আমার মতে পুত্রে ও পৌত্রে কোন ভেদ নাই। সে যাহা হউক, ভদ্রে! তুমি যাহা বলিলে সেইরূপই হইবে (তোমার পৌত্রই উগ্রকর্ম্মা হইবে) ॥২৮॥

কৃষ্ণ বলিলেন—'তাহার পর সত্যবতী একটী পুত্র প্রসব করিলেন। ক্রমে তাহার নাম হইল—'জমদগ্নি'। সেই জমদগ্নি যথাকালে সর্ব্বদা তপস্যায় নিরত, শান্তস্বভাব ও নিয়মিতভাবে সংযমী হইয়াছিলেন ॥২৯॥

(৩০)···যঃ প্রাপ্য ব্রহ্ম সমিতং বিশ্বৈর্ব্রহ্মগুণৈর্যুতম্—পি বঙ্গ,···যং প্রাপ্য···বর্দ্ধ।

ঋচীকো জনয়ামাস জমদগ্নিং তপোনিধিম্ ।
সোঽপি পুত্রং হ্যজনয়ৎ জমদগ্নিঃ সুদারুণম্ ॥৩১॥
সর্ব্ববিদ্যান্তগং শ্রেষ্ঠং ধনুর্ব্বেদস্য পারগম্ ।
রামং ক্ষত্রিয়হন্তারং প্রদীপ্তমিব পাবকম্ ॥৩২॥ (যুগ্মকম্)
তোষয়িত্বা মহাদেবং পর্ব্বতে গন্ধমাদনে ।
অস্ত্রাণি বরয়ামাস পরশুঞ্চাতিতেজসম্ ॥৩৩॥
স তেনাকুণ্ঠধারেণ জ্বলিতানলবর্চসা ।
কুঠারেণাপ্রমেয়েণ লোকেষ্বপ্রতিমোঽভবৎ ॥৩৪॥
এতস্মিন্নেব কালে তু কৃতবীর্য্যাত্মজো বলী ।
অর্জ্জুনো নাম তেজস্বী ক্ষত্রিয়ো হৈহয়াধিপঃ ॥৩৫॥
দত্তাত্রেয়প্রসাদেন রাজা বাহুসহস্রবান্ ।
চক্রবর্ত্তী মহাতেজা বিপ্রাণামাশ্বমেধিকে ॥৩৬॥

ভারতকৌমুদী

ঋচীক ইতি। সুদারুণং ক্ষত্রিয়হন্তৃত্বাদেব। প্রদীপ্তং প্রজ্বলিতম্ ॥৩১—৩২॥
তোষেতি। তোষয়িত্বা তপসা। বরয়ামাস বরত্বেন লেভে রামঃ ॥৩৩॥
স ইতি। অকুণ্ঠা অনিবৃত্তা ধারা যস্য তেন। অপ্রমেয়েণ সংহারে অনির্দ্দেশ্যেন ॥৩৪॥

কুশিকনন্দন গাধিও একটী পুত্র লাভ করিলেন। তাহার নাম হইল—'বিশ্বামিত্র'। সেই বিশ্বামিত্র যথাকালে সমস্ত ব্রহ্মতেজে তেজীয়ান্ হইয়া, ব্রহ্মর্ষির তুল্যই হইয়াছিলেন ॥৩০॥

এইভাবে ঋচীক তপোনিধি জমদগ্নিকে উৎপাদন করিয়াছিলেন এবং সেই জমদগ্নিও কালক্রমে একটী পুত্র উৎপাদন করিয়াছিলেন। তাহার নাম হইয়াছিল—'রাম'। সেই রাম যথাকালে সমস্ত বিদ্যার পারগামী বিশেষতঃ ধনুর্ব্বেদে পারদর্শী, শ্রেষ্ঠ বীর, প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী, অতিদারুণস্বভাব ও ক্ষত্রিয়হন্তা হইয়াছিলেন ॥৩১—৩২॥

ক্রমে রাম গন্ধমাদনপর্ব্বতে যাইয়া, তীব্র তপস্যার গুণে মহাদেবকে সন্তুষ্ট করিয়া, তাঁহার নিকট হইতে নানাবিধ অস্ত্র ও একখানি মহাতেজা পরশু বররূপে লাভ করিয়াছিলেন ॥৩৩॥

তিনি সেই পরশুর গুণে তৎকালে জগতে অতুলনীয় বীর হইয়াছিলেন। কারণ, সেই পরশুর ধার কখনও কুণ্ঠিত হইত না এবং সর্ব্বদাই প্রজ্বলিত অগ্নির ন্যায় তাহার তেজ নির্গত হইত; সুতরাং সে পরশুরও স্বরূপ নির্দ্দেশ করা যাইত না ॥৩৪॥

দদৌ স পৃথিবীং সর্ব্বাং সপ্তদ্বীপাং সপর্ব্বতাম্।
স্ববাহ্বস্ত্রবলেনাজৌ জিত্বা পরমধর্ম্মবিৎ ॥৩৭॥ (বিশেষকম্)
তৃষিতেন চ কৌন্তেয়! ভিক্ষিতশ্চিত্রভানুনা।
সহস্রবাহুর্বিক্রান্তঃ প্রাদাদ্ভিক্ষামথাগ্নয়ে ॥৩৮॥
গ্রামান্ পুরাণি রাষ্ট্রাণি ঘোষাংশ্চৈব তু বীর্য্যবান্।
জজ্বাল তস্য বাণাগ্রাচ্চিত্রভানুর্দিধক্ষয়া ॥৩৯॥ (যুগ্মকম্)
স তস্য পুরুষেন্দ্রস্য প্রভাবেণ মহৌজসঃ।
দদাহ কার্ত্তবীর্য্যস্য শৈলানথ বনস্পতীন্ ॥৪০॥
স শূন্যমাশ্রমং রম্যমাপবস্য মহাত্মনঃ।
দদাহ পবনেনেদ্ধশ্চিত্রভানুঃ সহৈহয়ঃ ॥৪১॥
আপবস্তু ততো রোষাচ্ছশাপার্জ্জুনমচ্যুত!।
দগ্ধে শ্রমে মহাবাহো! কার্ত্তবীর্য্যেণ বীর্য্যবান্ ॥৪২॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। হৈহয়াধিপো হৈহয়বংশশ্রেষ্ঠঃ। চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ। বাহুনামস্ত্রাণাঞ্চ বলেন ॥৩৫—৩৭॥

তৃষিতেনেতি। চিত্রভানুনা অগ্নিনা। সহস্রং বাহবো যস্য সঃ অর্জ্জুনঃ। ঘোষান্ অভীরপল্লীঃ। দিধক্ষয়া দগ্ধুমিচ্ছয়া ॥৩৮—৩৯॥

স ইতি। শৈলান্ পর্ব্বতান্, বনস্পতীন্ বৃক্ষাংশ্চ ॥৪০॥

স ইতি। আপবস্য বশিষ্ঠস্য। ইদ্ধো জ্বলিতঃ, হৈহয়েন কার্ত্তবীর্য্যেণ সহেতি সঃ ॥৪১॥

এই সময়েই হৈহয়াধিপতি, কৃতবীর্য্যরাজার পুত্র, ক্ষত্রিয়, মহাবীর ও পরমধর্ম্মজ্ঞ কার্ত্তবীর্য্যার্জ্জুনরাজা বাহুবলে ও অস্ত্রবলে বন, পর্ব্বত ও সমুদ্রের সহিত সপ্তদ্বীপা পৃথিবী জয় করিয়া, তাহা অশ্বমেধযজ্ঞে ব্রাহ্মণদিগকে দান করিয়াছিলেন। তিনি দত্তাত্রেয়মুনির অনুগ্রহে সহস্রবাহু ও সার্ব্বভৌম হইয়াছিলেন ॥৩৫—৩৭॥

কুন্তীনন্দন! তৎপরে কোন সময়ে ক্ষুধার্ত্ত অগ্নিদেব আসিয়া প্রার্থনা করিলে, বিক্রমশালী কার্ত্তবীর্য্যার্জ্জুন তাঁহাকে (কোন বিপক্ষের) পুর, গ্রাম, রাজ্য ও গোপপল্লী সকল ভিক্ষাস্বরূপ দান করিলেন। তখন অগ্নি সেই সকল দগ্ধ করিবার ইচ্ছায় কার্ত্তবীর্য্যার্জ্জুনের বাণাগ্র হইতে জ্বলিয়া উঠিলেন ॥৩৮—৩৯॥

পুরুষশ্রেষ্ঠ ও মহাতেজা কার্ত্তবীর্য্যার্জ্জুনের প্রভাবে অগ্নি ক্রমে ক্রমে বৃক্ষ এবং পর্ব্বতগুলিকেও দগ্ধ করিয়া ফেলিলেন ॥৪০॥

অগ্নি কার্ত্তবীর্য্যার্জ্জুনের প্রভাবে প্রজ্বলিত হইয়া, নিকটবর্ত্তী মহাত্মা বশিষ্ঠের রক্ষকশূন্য সুন্দর আশ্রমটীকেও দগ্ধ করিলেন ॥৪১॥

ত্বয়া ন বর্জিতং যস্মান্মমেদং হি মহদ্বনম্ ।
দগ্ধং তস্মাদ্রণে রামো বাহূংস্তে ছেৎস্যতেঽর্জ্জুন ! ॥৪৩॥
অর্জ্জুনস্তু মহাতেজা বলী নিত্যং শমাত্মকঃ ।
ব্রহ্মণ্যশ্চ শরণ্যশ্চ দাতা শূরশ্চ ভারত ! ।
নাচিন্তয়ত্তদা শাপং তেন দত্তং মহাত্মনা ॥৪৪॥
তস্য পুত্রাঃ সুবলিনঃ শাপেনাসন্ পিতুর্ব্বধে ।
নিমিত্তমবলিপ্তা বৈ নৃশংসাশ্চৈব সর্ব্বদা ॥৪৫॥
জমদগ্নেস্তু ধেন্বাস্তে বৎসমানিন্যুরচ্যুত ! ।
অজ্ঞাতং কার্ত্তবীর্য্যস্য হৈহয়েন্দ্রস্য ধীমতঃ ॥৪৬॥
তন্নিমিত্তমভূদ্‌যুদ্ধং জমদগ্নের্মহাত্মনঃ ।
ততোঽর্জ্জুনস্য বাহূন্ স চিচ্ছেদ রুষিতোঽনঘ ! ॥৪৭॥

ভারতকৌমুদী

আপব ইতি। হে অচ্যুত ! ধর্ম্মাদভ্রষ্ট ! । দগ্ধে শ্রমে ইত্যাকারলোপ আর্ষঃ ॥৪২॥

ত্বয়েতি। মহৎ প্রশস্তম্, বনং তপোবনম্ ॥৪৩॥

অর্জ্জুন ইতি। শমাত্মকঃ শান্তস্বভাবঃ। ব্রহ্মণ্যো ব্রাহ্মণানুকূলঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৭॥

তস্যেতি। তস্যার্জ্জুনস্য। নিমিত্তমাসন্নিতি সম্বন্ধঃ। অবলিপ্তা গর্বিতাঃ ॥৪৫॥

জমদগ্নেরিতি। ধেন্বা হোমধেনোঃ, তে কার্ত্তবীর্য্যপুত্রাঃ, হে অচ্যুত ! ধর্ম্মাদভ্রষ্ট ! ॥৪৬॥

মহাবাহু ধর্ম্মরাজ ! কার্ত্তবীর্য্যার্জ্জুন আশ্রমটীকে দগ্ধ করিলে, তপঃপ্রভাবশালী বশিষ্ঠ (উপস্থিত হইয়া, আশ্রমটীকে দগ্ধ দেখিয়া) ক্রোধবশতঃ কার্ত্তবীর্য্যার্জ্জুনকে অভিসম্পাত করিলেন—॥৪২॥

'অর্জ্জুন ! তুমি যখন আমার এই উৎকৃষ্ট তপোবনটীকেও ত্যাগ কর নাই, দগ্ধই করিয়াছ ; তখন পরশুরাম যুদ্ধে তোমার বাহুগুলি ছেদন করিবেন' ॥৪৩॥

ভরতনন্দন ! কার্ত্তবীর্য্যার্জ্জুন যেমন মহাতেজা, বীর ও বলবান্ ছিলেন ; তেমন শান্তস্বভাব, ব্রাহ্মণের হিতৈষী, শরণাগত রক্ষক ও দাতা ছিলেন। সেই জন্যই তিনি তখন সেই বশিষ্ঠের শাপের কোন চিন্তা করেন নাই ॥৪৪॥

কিন্তু কার্ত্তবীর্য্যার্জ্জুনের পুত্রেরাই বশিষ্ঠের শাপানুসারে পিতার বধের কারণ হইয়াছিল। কেন না, তাহারা যেমন অত্যন্ত বলবান্ ছিল ; তেমন সর্ব্বদাই গর্বিত ও নৃশংস ছিল ॥৪৫॥

সুতরাং ধর্ম্মরাজ ! তাহারা বুদ্ধিমান্, কার্ত্তবীর্য্যার্জ্জুনের অজ্ঞাতভাবে জমদগ্নির হোমধেনুর বৎসটীকে হরণ করিয়া লইয়া গিয়াছিল ॥৪৬॥

(৪৭)···তাংশ্ছিত্ত্বা রামো রুষান্বিতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

তং ভ্রমন্তং ততো বৎসং জামদগ্ন্যঃ স্বমাশ্রমম্।
প্রত্যানয়ত রাজেন্দ্র! তেষামন্তঃপুরাৎ প্রভুঃ ॥৪৮॥
অর্জ্জুনস্য সুতাস্তে তু সম্ভূয়াবুদ্ধয়স্তদা।
গত্বাশ্রমমসংবুদ্ধা জমদগ্নের্মহাত্মনঃ।
অপাতয়ন্ত ভল্লাগ্রৈঃ শিরঃ কায়ান্নরাধিপ! ॥৪৯॥
সমিৎকুশার্থং রামস্য নির্যাতস্য যশস্বিনঃ।
প্রত্যক্ষং রামমাতুশ্চ তথৈবাশ্রমবাসিনাম্ ॥৫০॥ (যুগ্মকম্)
শ্রুত্বা রামস্তমর্থঞ্চ ক্রুদ্ধঃ কালানলোপমঃ।
ধনুর্ব্বেদেঽদ্বিতীয়ো হি দিব্যাস্ত্রৈঃ সমলঙ্কৃতঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তদিতি। স শাপলক্ষিতো রামঃ। :দন্ত সামান্যতো বিবরণমভিহিতম্ ॥৪৭॥

তমিতি। তেষাং কার্ত্তবীর্য্যপুত্রাণাম্, প্রভুস্তপোবলপ্রভাবশালী ॥৪৮॥

অর্জ্জুনস্যেতি। সম্ভূয় মিলিত্বা, অবুদ্ধয়ো নির্ব্বোধাঃ স্বসর্ব্বনাশাবোধাৎ। অসংবুদ্ধা ব্রহ্মহত্যা-পাপং রামবিক্রমঞ্চাজ্ঞাত্বা। ষট্পাদঃ শ্লোকঃ। সমিৎকুশার্থং সমিৎকুশাহরণার্থম্ ॥৪৯—৫০॥

ভারতভাবদীপঃ

বঞ্চিতা ॥১৮—৩৭॥ চিত্রভানুনা অগ্নিনা ॥৩৮॥ বাণাগ্রাৎ উদ্ভূত ইতি শেষঃ ॥৩৯—৪০॥ আপবস্য বশিষ্ঠস্য ॥৪১॥ দগ্ধে শ্রমে আশ্রমে ॥৪২—৪৪॥ পিতুর্বধে বধনিমিত্তমাসন্।

নিষ্পাপ রাজা! সেই জন্যই কার্ত্তবীর্য্যার্জুনের সহিত মহাত্মা জমদগ্নির যুদ্ধ হইয়াছিল এবং সেই যুদ্ধে পরশুরাম ক্রুদ্ধ হইয়া, কার্ত্তবীর্য্যার্জুনের বাহুগুলি ছেদন করিয়াছিলেন ॥৪৭॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর তপোবলপ্রভাবশালী পরশুরাম সেই কার্ত্তবীর্য্যার্জুন-পুত্রগণের অন্তঃপুরে বিচরণকারী বৎসটীকে আপন আশ্রমে প্রত্যানয়ন করিয়াছিলেন ॥৪৮॥

রাজা! যশস্বী পরশুরাম সমিধ ও কুশ আনয়ন করিবার জন্য আশ্রম হইতে নির্গত হইয়া গেলে, কার্ত্তবীর্য্যার্জ্জুনের সেই নির্ব্বোধ পুত্রেরা মিলিত হইয়া মহাত্মা জমদগ্নির আশ্রমে গমন করিয়া, ব্রহ্মহত্যার পাপ ও পরশুরামের প্রভাব না জানিয়া, ভল্লাস্ত্রদ্বারা পরশুরামের মাতার সমক্ষেই জমদগ্নির দেহ হইতে মস্তকটী নিপাতিত করিল এবং আশ্রমবাসী অন্যান্য লোকেরও মস্তক ছেদন করিল ॥৪৯—৫০॥

(৫০) ইতঃপ্রভৃতি পুস্তক ভেদ এব পাঠভেদঃ।

চন্দ্রবিম্বার্দ্ধসঙ্কাশং পরশুং গৃহ্য ভার্গবঃ।
ততঃ পিতৃবধামর্ষাদ্রামঃ পরমমন্যুমান্।
নিঃক্ষত্রিয়াং প্রতিশ্রুত্য মহীং শস্ত্রমগৃহ্নত ॥৫২॥ (যুগ্মকম্)
ততঃ স ভৃগুশার্দ্দূলঃ কার্ত্তবীর্য্যস্য বীর্য্যবান্।
বিক্রম্য নিজঘানাশু পুত্রান্ পৌত্রাংশ্চ সর্ব্বশঃ ॥৫৩॥
স হৈহয়সহস্রাণি হত্বা পরমমন্যুমান্।
মহীং সাগরপর্য্যন্তাং চকার রুধিরোক্ষিতাম্ ॥৫৪॥
স তথা সুমহাতেজাঃ কৃত্বা নিঃক্ষত্রিয়াং মহীম্।
কৃপয়া পরয়াবিষ্টো বনমেব জগাম হ ॥৫৫॥
ততো বর্ষসহস্রেষু সমতীতেষু কেষুচিৎ।
কোপং সংপ্রাপ্তবাংস্তত্র প্রকৃত্যা কোপনঃ প্রভুঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

চন্দ্রেতি। অর্থং বিষয়ম্, কালানলোপমঃ প্রলয়াগ্নিতুল্যঃ সন্। গৃহ্য গৃহীত্বা। পিতৃবধেন যোঽমর্ষঃ ক্রোধস্তস্মাৎ, পরমমন্যুমান্ অতীবদৈন্যাকুলঃ। প্রতিশ্রুত্য প্রতিজ্ঞায়। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১—৫২॥

তত ইতি। ভৃগুশার্দ্দূলো ভৃগুবংশশ্রেষ্ঠো রামঃ ॥৫৩॥

স ইতি। হৈহয়ানাং তদ্বংশীয়ানাং সহস্রাণি, পরমমন্যুমান্ অতীবক্রুদ্ধঃ ॥৫৪॥

স ইতি। কৃপয়া তদানীং জীবৎসু বালবৃদ্ধক্ষত্রিয়েষিত্যাশয়ঃ ॥৫৫॥

তাহার পর ধনুর্ব্বেদে অদ্বিতীয় ও দিব্যাস্ত্রসমূহে সমলঙ্কৃত ভৃগুনন্দন রাম সেই পিতৃহত্যার বিষয় শুনিয়া ক্রোধে প্রলয়াগ্নির তুল্য হইয়া, অর্দ্ধচন্দ্রের তুল্য পরশু ধারণপূর্ব্বক সমগ্র পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিবার প্রতিজ্ঞা করিয়া, অন্যান্য অস্ত্রও ধারণ করিলেন। তৎকালে তিনি পিতৃবধের জন্য অত্যন্ত শোকাকুল ও দারুণ ক্রুদ্ধ ছিলেন ॥৫১—৫২॥

তদনন্তর বলবান্ পরশুরাম বিক্রম প্রকাশ করিয়া, যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের সমস্ত পুত্র ও পৌত্রকে বিনাশ করিলেন ॥৫৩॥

ক্রমে অত্যন্ত ক্রুদ্ধ পরশুরাম সহস্র সহস্র হৈহয়বংশীয় বীরকে নিহত করিয়া, সমুদ্রপর্য্যন্ত সমগ্র পৃথিবীকে রক্তপ্লাবিত করিলেন ॥৫৪॥

পরে অতিমহাতেজা পরশুরাম সেইভাবে পৃথিবীকে ক্ষত্রিয়শূন্য করিয়া, অত্যন্ত কৃপাবিষ্ট হইয়া, তপস্যা করিবার জন্য বনেই চলিয়া গেলেন ॥৫৫॥

তাহার পর বহু বৎসর অতীত হইলে, কোপনস্বভাব পরশুরাম পুনরায় কুপিত হইলেন ॥৫৬॥

বিশ্বামিত্রস্য পৌত্রস্তু রৈভ্যপুত্রো মহাতপাঃ।
পরাবসুর্মহারাজ! ক্ষিপ্ত্বাহ জনসংসদি ॥৫৭॥
যে তে যযাতিপতনে যজ্ঞে সন্তঃ সমাগতাঃ।
প্রতর্দ্দনপ্রভৃতয়ো রাম! কিং ক্ষত্রিয়া ন তে ॥৫৮॥
মিথ্যাপ্রতিজ্ঞো রাম! ত্বং কত্থসে জনসংসদি।
ভয়াৎ ক্ষত্রিয়বীরাণাং পর্ব্বতং সমুপাশ্রিতঃ ॥৫৯॥
সা পুনঃ ক্ষত্রিয়শতৈঃ পৃথিবী সর্ব্বতঃ স্তৃতা।
পরাবসোর্বচঃ শ্রুত্বা শস্ত্রং জগ্রাহ ভার্গবঃ ॥৬০॥
ততো যে ক্ষত্রিয়া রাজন্! শতশস্তেন বর্জিতাঃ।
তে বিবৃদ্ধা মহাবীর্য্যাঃ পৃথিবীপতয়োঽভবন্ ॥৬১॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রকৃত্যা স্বভাবেনৈব, প্রভুঃ তপোবলসম্পন্নঃ ॥৫৬॥

কথং কোপং প্রাপ্তবানিত্যাহ বিশ্বেতি। ক্ষিপ্ত্বা নিন্দিত্বা, আহ ব্রবীতি স্ম ॥৫৭॥

য ইতি। যযাতেঃ পতনে পুণ্যক্ষয়েণ স্বর্গাৎ পতনকালে, সন্তো যাজ্ঞিকতয়া সাধবঃ ॥৫৮॥

মিথ্যেতি। কত্থসে বীরত্বেনাত্মানং শ্লাঘসে ॥৫৯॥

সেতি। স্তৃতা আচ্ছাদিতা। ভার্গবঃ পরশুরামঃ ॥৬০॥

তত ইতি। তেন রামেণ। বিবৃদ্ধা বয়সা সম্পদা চ বৃদ্ধিং প্রাপ্তাঃ সন্তঃ ॥৬১॥

ভারতভাবদীপঃ

নামস্তাচ্ছাপাদেব হেতোঃ ॥৪৫—৫৫॥ ক্ষেপং নিন্দামশক্তো রাম ইতি ॥৫৬—৫৮॥ মিথ্যাপ্রতিজ্ঞঃ সর্ব্বেষাং ক্ষত্রিয়াণাং বধাকরণাৎ ॥৫৯॥ স্তৃতা ব্যাপ্তা, শস্ত্রং জগ্রাহ, তৎকার্য্যং ক্ষত্রিয়াণামন্তং

মহারাজ! তাহার কারণ এই যে, বিশ্বামিত্রের পৌত্র এবং রৈভ্যের পুত্র পরাবসু একদা লোকসভা মধ্যে পরশুরামকে নিন্দা করিয়া বলিয়াছিলেন—॥৫৭॥

'রাম! স্বর্গ হইতে যযাতির পতনের সময়ে যে যজ্ঞ হইয়াছিল, তাহাতে সেই যে প্রতর্দ্দনপ্রভৃতি সাধুগণ আগমন করিয়াছিলেন, তাঁহারা কি ক্ষত্রিয় ছিলেন না? ॥৫৮॥

রাম! তুমি মিথ্যাপ্রতিজ্ঞ হইয়াও লোকসমাজে আত্মশ্লাঘা করিয়া থাক; অথ চ ক্ষত্রিয়বীরগণের ভয়ে পর্ব্বত আশ্রয় করিয়া রহিয়াছ ॥৫৯॥

এদিকে সেই পৃথিবী আবার শত শত ক্ষত্রিয়ে আবৃত হইয়া গিয়াছে'। পরাবসুর এই সকল কথা শুনিয়া, পরশুরাম পুনরায় অস্ত্র ধারণ করিলেন ॥৬০॥

রাজা! পূর্ব্বে পরশুরাম যে শত শত ক্ষত্রিয়কে বর্জন করিয়াছিলেন; তাঁহারা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া, তৎকালে পুনরায় পৃথিবীর অধীশ্বর হইয়াছিলেন ॥৬১॥

স পুনস্তান্ জঘানাশু বালানপি নরাধিপ ! ।
গর্ভস্থৈস্তু মহী ব্যাপ্তা পুনরেবাভবত্তদা ॥৬২॥
জাতং জাতং স গর্ভস্থ পুনরেব জঘান হ ।
অরক্ষংশ্চ সুতান্ কাংশ্চিত্তদা ক্ষত্রিয়যোষিতঃ ॥৬৩॥
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবীং কৃত্বা নিক্ষত্রিয়াং প্রভুঃ ।
দক্ষিণামশ্বমেধান্তে কশ্যপায়াদদত্ততঃ ॥৬৪॥
স ক্ষত্রিয়াণাং শেষার্থং করেণোদ্দিশ্য কশ্যপঃ ।
স্রুক্প্রগ্রহবতা রাজংস্ততো বাক্যমথাব্রবীৎ ॥৬৫॥
গচ্ছ পারং সমুদ্রস্য দক্ষিণস্য মহামুনে ! ।
ন তে মদ্বিষয়ে রাম ! বস্তব্যমিহ কর্হিচিৎ ॥৬৬॥
পৃথিবী দক্ষিণা দত্তা বাজিমেধে মম ত্বয়া ।
পুনরস্যাঃ পৃথিব্যা হি দত্ত্বাদাতুমনীশ্বরঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

স ইতি। স রামঃ। গর্ভস্থৈর্মাতৃকুক্ষিস্থিতৈঃ ক্ষত্রিয়ৈঃ ॥৬২॥

জাতমিতি। স পরশুরামঃ, পুনরেব পুনঃ পুনরেব ॥৬৩॥

ত্রিরিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারান্। অশ্বমেধান্তে স্বকীয়স্যৈবাশ্বমেধস্যাবসানে ॥৬৪॥

স ইতি। শেষার্থং হতাবশিষ্টরক্ষার্থম্। স্রুক্ হোমপাত্রবিশেষস্তস্য প্রগ্রহবতা গ্রহণশালিনা, করেণ হস্তেন, উদ্দিশ্য "ইমে ক্ষত্রিয়াস্ত্বয়া রক্ষণীয়াঃ" ইতি নির্দ্দিশ্য ॥৬৫॥

গচ্ছেতি। মদ্বিষয়ে মদীয়ে দেশে, ত্বয়া দত্তে ময়া চ গৃহীতে পৃথিব্যংশ ইত্যর্থঃ ॥৬৬॥

পৃথিবীতি। আদাতুং গ্রহীতুম্, অনীশ্বরঃ অশক্তঃ ॥৬৭॥

নরনাথ ! পরশুরাম পুনরায় সত্বরই বালক ক্ষত্রিয়গণকেও সংহার করিলেন। তাহার পর গর্ভস্থ ক্ষত্রিয়গণে পুনরায় পৃথিবী ব্যাপ্ত হইয়া গেল ॥৬২॥

তখন পরশুরাম ক্ষত্রিয়স্ত্রীদিগের কোন পুত্রই না রাখিয়া, যে যে জন্মিতে লাগিল, বার বারই তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥৬৩॥

তাহার পর প্রভাবশালী পরশুরাম পৃথিবীকে একুশ বার নিক্ষত্রিয় করিয়া, নিজের অশ্বমেধযজ্ঞের পরে সেই পৃথিবী কশ্যপকে দান করিলেন ॥৬৪॥

রাজা ! তদনন্তর কশ্যপ হতাবশিষ্ট ক্ষত্রিয়গণকে রক্ষা করিবার জন্য হোমপাত্রযুক্ত হস্তদ্বারা তাহাদিগকে নির্দ্দেশ করিয়া রামকে বলিলেন—॥৬৫॥

'মহামুনি রাম ! আপনি দক্ষিণসমুদ্রের পারে গমন করুন ; কোন সময়েই আপনি আমার দেশে আর বাস করিবেন না ॥৬৬॥

(৬৭) অয়ং শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

ততঃ শূর্পারকং দেশং সাগরস্তস্য নির্ম্মমে।
সহসা জামদগ্ন্যস্য সোঽপরান্তমহীতলম্ ॥৬৮॥
কশ্যপস্তাং মহারাজ! প্রতিগৃহ্য বসুন্ধরাম্।
কৃত্বা ব্রাহ্মণসংস্থাং বৈ প্রবিষ্টঃ সুমহদ্বনম্ ॥৬৯॥
ততঃ শূদ্রাশ্চ বৈশ্যাশ্চ যথাস্বৈরপ্রচারিণঃ।
অবর্ত্তন্ত দ্বিজাগ্র্যাণাং দারেষু ভরতর্ষভ! ॥৭০॥
অরাজকে জীবলোকে দুর্ব্বলা বলবত্তরৈঃ।
পীড্যন্তে নহি বিত্তেষু প্রভুত্বং কস্যচিত্তদা ॥৭১॥
ব্রাহ্মণা মদ্যপাঃ কেচিন্মূর্খাঃ পণ্ডিতমানিনঃ।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ শূদ্রাশ্চোৎপথগামিনঃ।
পরস্পরং সমাশ্রিত্য ঘাতয়ন্ত্যপথস্থিতাঃ ॥৭২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ স সাগরঃ, সহসা সত্বরমেব, তস্য জামদগ্ন্যস্যার্থে, অপরঞ্চ তৎ অন্তমহীতলং স্বগর্ভস্থভূতলভূতঞ্চেতি তৎ তাদৃশম্, শূর্পস্য আরক ইব আরক আকারো যস্য তম্, তন্নামকম্, দেশং নির্ম্মমে দ্বীপত্বেনোৎপাদয়ামাস ॥৬৮॥

কশ্যপ ইতি। ব্রাহ্মণসংস্থাং স্থাসেন ব্রাহ্মণসংস্থিতাম্ ॥৬৯॥

তত ইতি। যথাস্বৈরং যথেচ্ছং প্রচরন্তীতি তে। দ্বিজাগ্র্যাণাং ব্রাহ্মণানাম্ ॥৭০॥

অরাজক ইতি। বিত্তেষু স্বধনেষপি, প্রভুত্বং নস্থাসীৎ বলবত্তরভয়াৎ ॥৭১॥

আপনি অশ্বমেধযজ্ঞের দক্ষিণারূপে আমাকে পৃথিবী দান করিয়াছেন। অতএব একবার দান করিয়া, আবার আপনি এই পৃথিবী গ্রহণ করিতে পারেন না।' ॥৬৭॥

তদনন্তর সত্বরই পরশুরামের বাসের জন্য দক্ষিণসমুদ্র আপন জলমধ্যে দ্বীপরূপে শূর্পারকনামে একটী দেশ উৎপাদন করিল ॥৬৮॥

মহারাজ! ওদিকে কশ্যপ সেই পৃথিবী গ্রহণ করিয়া, পুনরায় তাহা ব্রাহ্মণগণের উপরে রাখিয়া তপস্যা করিবার জন্য গহন বনমধ্যে প্রবেশ করিলেন ॥৬৯॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বৈশ্য ও শূদ্রেরা ইচ্ছা অনুসারে ব্রাহ্মণপত্নী গমন করিতে লাগিল ॥৭০॥

সেই সময়ে মর্ত্ত্যলোক অরাজক হইয়া পড়িলে, প্রবল লোকেরা দুর্ব্বল লোকদিগকে পীড়ন করিতে থাকিল এবং আপন ধনেও কোন ব্যক্তিরই প্রভুত্ব রহিল না ॥৭১॥

(৬৮)…শূর্পাকরং…সন্ত্রাসাৎ…নি। (৬৯)…প্রবিষ্টং সুমহদ্বনম্…বঙ্গ।
(৭১)…বধ্যন্তে…নি।

স্বধর্ম্মং ব্রাহ্মণাস্ত্যক্ত্বা পাষণ্ডত্বং সমাশ্রিতাঃ।
চৌরিকানৃতমায়াশ্চ সর্ব্বে চৈব প্রকুর্ব্বতে ॥৭৩॥
স্বধর্ম্মস্থান্ দ্বিজান্ হত্বা তথাশ্রমনিবাসিনঃ।
বৈশ্যাঃ সৎপথসংস্থাশ্চ শূদ্রা যে চৈব ধার্ম্মিকাঃ ॥৭৪॥
তান্ সর্ব্বান্ ঘাতয়িষ্যন্তি স্ম দুরাচারাঃ সুনির্ভয়াঃ।
যজ্ঞাধ্যয়নশীলাংশ্চ আশ্রমস্থাংস্তপস্বিনঃ ॥৭৫॥ (যুগ্মকম্)
গোপালবৃদ্ধনারীণাং নাশং কুর্ব্বন্তি চাপরে।
আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা ন চ নীতিঃ প্রবর্ত্ততে ॥৭৬॥
ব্রাত্যতাং সমনুপ্রাপ্তা বহবো হি দ্বিজাতয়ঃ।
অধরোত্তরাপচারেণ ম্লেচ্ছভূতাশ্চ সর্ব্বশঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। পণ্ডিতমাত্মানং মন্যন্ত ইতি তে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥

স্বেতি। পাষণ্ডত্বং গৈরিকবসনধারণাদিভিঃ প্রতারকত্বম্। চৌরিকং চৌর্য্যম্ অনৃতং মিথ্যাব্যবহারঃ, মায়া কূটকৌশলঞ্চ তাঃ, প্রকুর্ব্বতে স্ম ॥৭৩॥

স্বেতি। দ্বিজান্ ব্রাহ্মণক্ষত্রিয়ান্। দুরাচারা দস্যুপ্রভৃতয়ঃ ॥৭৪—৭৫॥

গোপালেতি। আন্বীক্ষিকী তর্কবিদ্যা অর্থশাস্ত্রঞ্চ, ত্রয়ী বেদঃ, বার্ত্তা নীতিশাস্ত্রঞ্চ ॥৭৬॥

ব্রাত্যতামিতি। ব্রাত্যতাং যথাকাল উপনয়নসংস্কারহীনত্বম্। অধরোত্তরাপচারেণ নীচোচ্চ ব্যতিক্রমেণ ॥৭৭॥

কতকগুলি ব্রাহ্মণ মদ্যপায়ী হইল, মূর্খেরা আপনাদিগকে পণ্ডিত বলিয়া মনে করিতে লাগিল; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রেরা উৎপথগামী হইয়া, অসদুপায়ে পরস্পরকে বিনাশ করিতে লাগিল ॥৭২॥

ব্রাহ্মণেরা স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া, পাষণ্ডবৃত্তি অবলম্বন করিলেন এবং সকলেই চুরি, মিথ্যা ব্যবহার ও প্রবঞ্চনা করিতে থাকিল ॥৭৩॥

দুরাচার লোকেরা একেবারে নির্ভয়চিত্ত হইয়া, স্বধর্ম্মস্থ ও আশ্রমবাসী ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণকে সংহার করিয়া, সৎপথবর্ত্তী বৈশ্যগণ, ধার্ম্মিক শূদ্রগণ এবং যজ্ঞ ও অধ্যয়নসম্পন্ন আশ্রমস্থ তপস্বীদিগকে বিনাশ করিতে লাগিল ॥৭৪—৭৫॥

অন্য কতকগুলি লোক গোপাল, বৃদ্ধ ও স্ত্রীদিগকে বধ করিতে থাকিল; কিন্তু তর্ক অর্থ, বেদ ও নীতিশাস্ত্র কোথাও আর অনুসৃত হইতে থাকিল না ॥৭৬॥

দ্বিজাতিরা যথা সময়ে উপনয়নসংস্কারে সংস্কৃত হইতে থাকিলেন না এবং উচ্চ ও নীচের ব্যতিক্রম হইতে থাকায় সকলেই ম্লেচ্ছ হইয়া উঠিল ॥৭৭॥

ততঃ কালেন পৃথিবী পীড্যমানা দুরাত্মভিঃ।
বিপর্য্যয়েণ তেনাশু প্রবিবেশ রসাতলম্ ॥৭৮॥
অরক্ষ্যমাণা বিধিবৎ ক্ষত্রিয়ৈর্ধর্ম্মরক্ষিভিঃ।
তাং দৃষ্ট্বা দ্রবতীং তত্র সন্ত্রাসাৎ স মহামনাঃ ॥৭৯॥
ঊরুণা ধারয়ামাস কশ্যপঃ পৃথিবীং ততঃ।
ধৃতা তেনোরুণা যেন তেনোর্ব্বীতি মহী স্মৃতা ॥৮০॥ (বিশেষকম্)
রক্ষণার্থং সমুদ্দিশ্য যযাচে পৃথিবী তদা।
প্রসাদ্য কশ্যপং দেবী বরয়ামাস ভূমিপম্ ॥৮১॥

পৃথিব্যুবাচ।

সন্তি ব্রহ্মন্! ময়া গুপ্তাঃ স্ত্রীষু ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
হৈহয়ানাং কুলে জাতাস্তে সংরক্ষন্তু মাং মুনে! ॥৮২॥
অস্তি পৌরবদায়াদো বিদূরথসুতঃ প্রভো!।
ঋক্ষৈঃ সংবর্দ্ধিতো বিপ্র! ঋক্ষবত্যথ পর্ব্বতে ॥৮৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বিপর্য্যয়েণ ধর্ম্মব্যতিক্রমেণ। দ্রবতীং পলায়মানাম্। উর্ব্বীতি পৃষোদরাদিত্বা-দূকারস্য হ্রস্বত্বম্ ॥৭৮—৮০॥

রক্ষণেতি। প্রসাদ্য অনুনয়েন প্রসন্নীকৃত্য। ভূমিপং রাজানম্ ॥৮১॥

সন্তীতি। গুপ্তা রক্ষিতাঃ, স্ত্রীষু তদ্গর্ভেষু ॥৮২॥

ভারতভাবদীপঃ

কৃতবান্ ॥৬০॥ বর্জ্জিতাঃ অহতাঃ ॥৬১—৬৯॥ স্রুক্প্রগ্রহবতা করেণেতি কশ্যপোঽধ্বর্য্যুঃ সন্ কর্ম্মান্তর এব মাধ্যন্দিনসবনে দক্ষিণাকালে ইদমব্রবীদিতি সূচ্যতে ॥৬৫—৮৪॥ দ্বিজঃ ক্ষত্রিয়োঽপি

তাহার পর কালক্রমে ধর্ম্মরক্ষক ক্ষত্রিয়েরা যথাবিধানে রক্ষা করিতে না থাকায় এবং দুরাত্মারা পীড়ন করিতে থাকায়, আর সেইরূপ ধর্ম্মের বিপর্য্যয় প্রচলিত হওয়ায়, পৃথিবী রসাতলে প্রবেশ করিতে লাগিলেন। তখন পৃথিবী ভয়ে পলায়ন করিতেছেন দেখিয়া, মহামনা কশ্যপ তাঁহাকে উরুতে ধারণ করিলেন। কশ্যপ উরুতে ধারণ করিয়াছিলেন বলিয়াই তদবধি পৃথিবীকে 'উর্ব্বী' বলে ॥৭৮—৮০॥

তখন পৃথিবীদেবী আত্মরক্ষার উদ্দেশে অনুনয়পূর্ব্বক মহর্ষি কশ্যপকে প্রসন্ন করিয়া, তাঁহার নিকট রাজার প্রার্থনা করিলেন ॥৮১॥

পৃথিবী বলিলেন—'ব্রহ্মর্ষি। আমি হৈহয়বংশীয় কতকগুলি ক্ষত্রিয়শ্রেষ্ঠকে তাঁহাদের জননীর গর্ভে রক্ষা করিয়াছি; তাঁহারা আমাকে পালন করুন ॥৮২॥

তথানুকম্পমানেন যজ্বনাথামিতৌজসা।
পরাশরেণ দায়াদঃ সৌদাসস্যাভিরক্ষিতঃ ॥৮৪॥
সর্ব্বকর্ম্মাণি কুরুতে শূদ্রবত্তস্য স দ্বিজঃ।
সর্ব্বকর্ম্মেত্যভিখ্যাতঃ স মাং রক্ষতু পার্থিবঃ ॥৮৫॥
শিবিপুত্রো মহাতেজা গোপতির্নাম নামতঃ।
বনে সংবর্দ্ধিতো গোভিঃ সোঽভিরক্ষতু মাং মুনে! ॥৮৬॥
প্রতর্দ্দনস্য পুত্রস্তু বৎসো নাম মহাবলঃ।
বৎসৈঃ সংবর্দ্ধিতো গোষ্ঠে স মাং রক্ষতু পার্থিবঃ ॥৮৭॥
দধিবাহনপৌত্রস্তু পুত্রো দিবিরথস্য চ।
গুপ্তঃ স গৌতমেনাসীদ্‌গঙ্গাকূলেঽভিরক্ষিতঃ ॥৮৮॥

ভারতকৌমুদী

অস্তীতি। পৌরবদায়াদঃ পুরুবংশীয়োত্তরাধিকারী। ঋক্ষৈর্ভল্লূকৈঃ ॥৮৩॥

তথেতি। অনুকম্পমানেন দয়মানেন, যজ্বনা কৃতযজ্ঞেন। দায়াদঃ পুত্রঃ ॥৮৪॥

সর্ব্বেতি। সর্ব্বকর্ম্মাণি পরিচর্য্যাদীনি, তস্য পরাশরস্য, স সৌদাসস্য দায়াদঃ, দ্বিজঃ ক্ষত্রিয়ঃ সন্নপি ॥৮৫॥

শিবীতি। নাম প্রসিদ্ধঃ, নামতো নাম্না ॥৮৬॥

প্রেতি। গোষ্ঠে গবাবস্থানদেশে "গোষ্ঠং গোস্থানকম্" ইত্যমরঃ ॥৮৭॥

দধীতি। গুপ্তো রহসি স্থাপিতঃ, গঙ্গায়াঃ কূলে তীরে ॥৮৮॥

প্রভাবশালী ব্রাহ্মণ! পুরুবংশীয় বিদূরথের একটী পুত্রও আছে; ঋক্ষবান্-পর্ব্বতে ভল্লূকেরা তাঁহাকে সংবর্দ্ধিত করিয়াছে ॥৮৩॥

অমিততেজা ও যজ্ঞকারী মহর্ষি পরাশর দয়া করিয়া, সৌদাসের একটী পুত্রকেও রক্ষা করিয়াছেন ॥৮৪॥

সেই সৌদাসের পুত্র ক্ষত্রিয় হইয়াও শূদ্রের ন্যায় পরাশরের পরিচর্য্যাপ্রভৃতি সমস্ত কার্য্য করিতেছে; সেই জন্যই তাহার নাম হইয়াছে—'সর্ব্বকর্ম্মা'। তিনিও রাজা হইয়া আমাকে পালন করুন ॥৮৫॥

মুনি! গোগণ বনমধ্যে শিবির পুত্র মহাতেজা গোপতিকে রক্ষা করিয়াছে; সেই গোপতি রাজা হইয়া আমাকে রক্ষা করুন ॥৮৬॥

গোবৎসগণ গোষ্ঠে প্রতর্দ্দনের পুত্র মহাবল বৎসকে রক্ষা করিয়াছে; তিনি রাজা হইয়া আমাকে পালন করুন ॥৮৭॥

(৮৮) দধিবাহনপুত্রস্তু পৌত্রো···নি।

বৃহদ্রথো মহাতেজা ভূরিভূতিপরিষ্কৃতঃ।
গোলাঙ্গুলৈর্মহাভাগো গৃধ্রকূটেঽভিরক্ষিতঃ ॥৮৯॥
মরুত্তস্যান্ববায়ে চ রক্ষিতাঃ ক্ষত্রিয়াত্মজাঃ।
মরুৎপতিসমা বীর্য্যে সমুদ্রেণাভিরক্ষিতাঃ ॥৯০॥
এতে ক্ষত্রিয়দায়াদাস্তত্র তত্র পরিশ্রুতাঃ।
দ্যোকারহেমকারাদিজাতিং নিত্যং সমাশ্রিতাঃ ॥৯১॥
যদি মামভিরক্ষন্তি ততঃ স্থাস্যামি নিশ্চলা।
এতেষাং পিতরশ্চৈব তথৈব চ পিতামহাঃ ॥৯২॥
মদর্থং নিহতা যুদ্ধে রামেণাক্লিষ্টকর্ম্মণা।
তেষামপচিতিশ্চৈব ময়া কার্য্যা মহামুনে! ॥৯৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বৃহদিতি। ভূরিভূতিনা তদাখ্যেন মুনিনা পরিষ্কৃত উপনয়নাদিনা সংস্কৃতঃ। গোলাঙ্গুলৈ-র্বানরবিশেষৈঃ, গৃধ্রকূটে তদাখ্যে পর্ব্বতে ॥৮৯॥

মরুত্তস্যেতি। মরুত্তস্য রাজ্ঞঃ, অন্ববায়ে বংশে, রক্ষিতাঃ কেনাপি স্থাপিতাঃ ॥৯০॥

এত ইতি। দ্যোকারাঃ স্বর্গতুল্যপ্রাসাদনির্ম্মাতারঃ হেমকারাঃ স্বর্ণালঙ্কারকারাশ্চ, সমাশ্রিতা রামভয়েনাত্মগোপনায়েতি ভাবঃ। ততস্তদা। অপচিতির্নিষ্কৃতিঃ ॥৯১—৯৩॥

গৌতম, দধিবাহনের পৌত্র ও দিবিরথের পুত্রকে গঙ্গাতীরে গোপনে রক্ষা করিয়াছিলেন; (তিনি রাজা হইয়া আমাকে রক্ষা করিতে থাকুন) ॥৮৮॥

মহর্ষি ভূরিভূতি মহাতেজা বৃহদ্রথের উপনয়নাদি সংস্কার করিয়াছেন এবং কৃষ্ণবর্ণ বানরগণ গৃধ্রকূটপর্ব্বতে সেই মহাভাগ বৃহদ্রথকে রক্ষা করিয়াছে ॥৮৯॥

কোন লোক মরুত্তবংশে উৎপন্ন ক্ষত্রিয়পুত্রগণকে সমুদ্রতীরে নিয়া রাখিয়াছিল এবং সমুদ্রও তাহাদিগকে রক্ষা করিয়াছে। তাঁহারা এখন পরাক্রমে ইন্দ্রের তুল্য হইয়াছেন ॥৯০॥

আমি শুনিয়াছি—এই সকল ক্ষত্রিয়সন্তান সেই সেই স্থানে রহিয়াছেন এবং তাঁহারা পরশুরামের ভয়ে আত্মগোপন করিবার জন্য সর্ব্বদাই সৌধকার ও স্বর্ণকারাদি জাতি অবলম্বনের ছল করিয়া কাল যাপন করিতেছেন। তাঁহারা যদি আমাকে রক্ষা করেন, তাহা হইলে আমি অচল হইয়া থাকিব। মহর্ষি! ইঁহাদের পিতৃগণ ও পিতামহগণ আমার জন্যই যুদ্ধে অক্লিষ্টকারী পরশুরামের হস্তে নিহত হইয়াছেন। অতএব আমি অবশ্যই তাঁহাদের উপকারের প্রত্যুপকার করিব ॥৯১—৯৩॥

(৯০)···সর্ব্বতস্ত্বয়ঃ···মরুত্ততা···পি। (৯১)···ব্যোকারহেমকারাদি···পি নি।

নহ্যহং কাময়ে নিত্যমতিক্রান্তেন রক্ষণম্ ।
বর্ত্তমানেন বর্ত্তেয়ং তৎ ক্ষিপ্রং সংবিধীয়তাম্ ॥৯৪॥

বাসুদেব উবাচ ।

ততঃ পৃথিব্যা নির্দ্দিষ্টাংস্তান্ সমানীয় কশ্যপঃ ।
অভ্যষিঞ্চন্মহীপালান্ ক্ষত্রিয়ান্ বীর্য্যসম্মতান্ ॥৯৫॥
তেষাং পুত্রাশ্চ পৌত্রাশ্চ যেষাং বংশাঃ প্রতিষ্ঠিতাঃ ।
এবমেতৎ পুরাবৃত্তং যন্মাং পৃচ্ছসি পাণ্ডব ! ॥৯৬॥

বৈশম্পায়ন উবাচ ।

এবং ক্রুবংস্তঞ্চ যদুপ্রবীরো যুধিষ্ঠিরং ধর্ম্মভৃতাং বরিষ্ঠম্ ।
রথেন তেনাশু যযৌ মহাত্মা দিশঃ প্রকাশন্ ভগবানিবার্কঃ ॥৯৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে রামোপাখ্যানে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নহীতি। অতিক্রান্তেন রাজগণেন। যেন, তেষাং পুনর্জীবনে প্রয়াসো ভবতঃ কষ্টকর স্যাদিতি ভাবঃ। বর্ত্তমানেন রাজগণেন, বর্ত্তেয়ং রক্ষিতা তিষ্ঠেয়ম্ ॥৯৪॥

তত ইতি। তান্ রাজপুত্রান্। বীর্য্যেণ সম্মতান্ সর্ব্বৈরেব রাজত্বেনাভিমতান্ ॥৯৫॥

তেষামিতি। যেষাং হৈহয়াদীনাং বংশাঃ অদ্যাপি প্রতিষ্ঠিতাঃ, তেষাং পুত্রাশ্চ পৌত্রাশ্চ তদানীং রাজান আসন্নিত্যর্থঃ ॥৯৬॥

মহর্ষি ! অতীত রাজারাই আবার আসিয়া আমাকে রক্ষা করুন, ইহা আমি ইচ্ছা করি না ; কিন্তু বর্ত্তমান রাজপুত্রেরাই রাজা হইয়া, আমাকে রক্ষা করিতে থাকুন এবং আমিও সেই ভাবেই থাকি, ইহাই আমি ইচ্ছা করি। আপনি সত্বর তাহাই করুন' ॥৯৪॥

কৃষ্ণ বলিলেন—তাহার পর মহর্ষি কশ্যপ পৃথিবীকর্ত্তৃক নির্দ্দিষ্ট বলপরাক্রমের গুণে সকলেরই অভিমত সেই রাজপুত্রগণকে আনয়ন করিয়া, তাঁহাদিগকে ভিন্ন ভিন্ন রাজ্যে অভিষিক্ত করিলেন ॥৯৫॥

সুতরাং অদ্যাপি যাঁহাদের বংশ রহিয়াছে, তাঁহাদেরই পুত্রগণ ও পৌত্রগণ তৎকালে রাজা হইয়াছিলেন। পাণ্ডুনন্দন! আপনি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন ; আমি এই সেই প্রাচীন বৃত্তান্ত আপনার নিকট বলিলাম' ॥৯৬॥

---

(৯৭)···যথার্কো বিশন্ প্রভাভির্ভগবাংস্ত্রিলোকীম্—নি। * '···ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ।

উনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

ততো রামস্য তৎ কর্ম্ম শ্রুত্বা রাজা যুধিষ্ঠিরঃ।
বিস্ময়ং পরমং গত্বা প্রত্যুবাচ জনার্দ্দনম্ ॥১॥
অহো! রামস্য বার্ষ্ণেয়! শক্রস্যেব মহাত্মনঃ।
বিক্রমো বসুধা যেন ক্রোধান্নিঃক্ষত্রিয়া কৃতা ॥২॥
গোভিঃ সমুদ্রেণ তথা গোলাঙ্গূলর্ক্ষবানরৈঃ।
গুপ্তা রামভয়োদ্বিগ্নাঃ ক্ষত্রিয়াণাং কুলোদ্বহাঃ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সত্বপ্রবীরঃ কৃষ্ণঃ। প্রকাশন্ প্রকাশয়ন্। ইনো লোপ আর্ষঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

তত ইতি। তৎ পৃথিব্যা নিঃক্ষত্রিয়ীকরণম্। গত্বা প্রাপ্য ॥১॥

অহো ইতি। হে বার্ষ্ণেয়! বৃষ্ণিবংশীয়! কৃষ্ণ!, শক্রস্য ইন্দ্রস্য ॥২॥

ভারতভাবদীপঃ

॥৬৪—২০॥ স্থোতুলান্ বিচিত্রপ্রাসাদাদীন্ কুর্ব্বন্তি তে স্থোকারাঃ শিল্পিনঃ। জ্যাকারেতি পাঠান্তরে স্পষ্টোঽর্থঃ ॥২১—২২॥ অপচিতিঃ আনৃণ্যার্থং পূজা ॥২৩॥ নিত্যমতিক্রান্তেন ধর্ম্মাতিক্রমিণা ॥২৪—২৬॥ প্রকাশন্ প্রকাশয়ন্ ॥২৭॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৮॥

———:*:———

বৈশম্পায়ন বলিলেন—ভগবান্ সূর্য্য যেমন দিক্ সকল প্রকাশ করিতে করিতে রথারোহণে গমন করেন; সেইরূপ মহাত্মা কৃষ্ণ ধার্ম্মিকশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে এইরূপ বলিতে বলিতে রথারোহণে গমন করিতে লাগিলেন ॥২৭॥

———:০:———

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা যুধিষ্ঠির পরশুরামের সেই কার্য্য শুনিয়া, অত্যন্ত বিস্ময়াপন্ন হইয়া, পুনরায় কৃষ্ণকে বলিলেন—॥১॥

'কৃষ্ণ! দেবরাজ ইন্দ্রের তুল্যই মহাত্মা পরশুরামের বিক্রম বটে; যিনি ক্রোধবশতঃ সমগ্র পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়াছিলেন ॥২॥

অহো ! ধন্যো নৃলোকোঽয়ং সভাগ্যাশ্চ নরা ভুবি ।
যত্র কর্ম্মেদৃশং ধর্ম্ম্যং দ্বিজেন কৃতমিত্যুত ॥৪॥
কথয়ন্তৌ কথাং তাত ! তাবচ্যুতযুধিষ্ঠিরৌ ।
জগ্মতুর্যত্র গাঙ্গেয়ঃ শরতল্পগতঃ প্রভুঃ ॥৫॥
ততস্তে দদৃশুর্ভীষ্মং শরপ্রস্তরশায়িনম্ ।
স্বরশ্মিজালসংবীতসায়ংসূর্য্যসমপ্রভম্ ॥৬॥
উপাস্যমানং মুনিভির্দেবৈরিব শতক্রতুম্ ।
দেশে পরমধর্ম্মিষ্ঠে নদীমোঘবতীমনু ॥৭॥ (যুগ্মকম্)
দূরাদেব সমালোক্য কৃষ্ণো রাজা চ ধর্ম্মজঃ ।
চত্বারঃ পাণ্ডবাশ্চৈব তে চ শারদ্বতাদয়ঃ ॥৮॥

ভারতকৌমুদী

গোভিরিতি। গোলাঙ্গূলা বানরবিশেষা ঋক্ষা ভল্লূকা বানরাশ্চ সাধারণাস্তৈঃ। গুপ্তা রক্ষিতাঃ ॥৩॥

অহো ইতি। ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতম্, পিতৃবৈরশোধনস্য ন্যায্যত্বাদিতি ভাবঃ ॥৪॥

কথয়ন্তাবিতি। কথাং নানোপাখ্যানম্, হে তাত ! বৎস ! জনমেজয় ! ॥৫॥

তত ইতি। শরপ্রস্তরে বাণাস্তরণে শেত ইতি তম্। স্বরশ্মিজালেন সংবীতো ব্যাপ্তঃ সায়ংসূর্য্যস্তৎসমপ্রভম্। অনু লক্ষীকৃত্য স্থিতে তত্তীররূপ ইত্যর্থঃ ॥৬—৭॥

গো, সমুদ্র, কৃষ্ণবানর, ভল্লূক ও সাধারণ বানরগণ পরশুরামের ভয়ে অস্থির ক্ষত্রিয়বংশধরগণকে রক্ষা করিয়াছিল ॥৩॥

এই মনুষ্যলোক ধন্য এবং মনুষ্যেরাও ভাগ্যবান্ বটে। কারণ, যেখানে থাকিয়া এবং যাহাদের মধ্যে থাকিয়া, একজন ব্রাহ্মণ এইরূপ ন্যায়সঙ্গত কার্য্য করিয়াছিলেন' ॥৪॥

বৎস জনমেজয় ! কৃষ্ণ ও যুধিষ্ঠির এইরূপ নানা বিষয়ের আলোচনা করিতে করিতে সেই স্থানে যাইয়া উপস্থিত হইলেন ; যে স্থানে প্রভাবশালী ভীষ্ম শরশয্যায় শয়িত রহিয়াছিলেন ॥৫॥

তদনন্তর তাঁহারা দেখিলেন—ওঘবতী নদীর তীরে পরম পবিত্রস্থানে শরশয্যার উপরে ভীষ্ম শয়ন করিয়া রহিয়াছেন ; তৎকালে আপন রশ্মিসমূহে পরিব্যাপ্ত সায়ংকালীন সূর্য্যের ন্যায় তিনি দৃষ্টিগোচর হইতে লাগিলেন ; আর দেবতারা যেমন ইন্দ্রের উপাসনা করেন, সেইরূপ মুনিরা ভীষ্মের উপাসনা করিতেছিলেন ॥৬—৭॥

(৫) তথাবৃত্তৌ · পি বঙ্গ বর্দ্ধ।

অবস্কন্দ্যাথ বাহেভ্যঃ সংযম্য প্রচলং মনঃ।
একীকৃত্যেন্দ্রিয়গ্রামমুপতস্থুর্মহামুনীন্ ॥৯॥ (যুগ্মকম্)
অভিবাদ্য তু গোবিন্দঃ সাত্যকিস্তে চ পার্থিবাঃ।
ব্যাসাদীনৃষিমুখ্যাংশ্চ গাঙ্গেয়মুপতস্থিরে ॥১০॥
ততো বৃদ্ধং তথা দৃষ্ট্বা গাঙ্গেয়ং যদুকৌরবাঃ।
পরিবার্য্য ততঃ সর্ব্বে নিষেদুঃ পুরুষর্ষভাঃ ॥১১॥
ততো নিশাম্য গাঙ্গেয়ং শাম্যমানমিবানলম্।
কিঞ্চিদ্দীনমনা ভীষ্মমিতি হোবাচ কেশবঃ ॥১২॥
কচ্চিজ্জ্ঞানানি সর্ব্বাণি প্রসন্নানি যথা পুরা।
কচ্চিন্ন ব্যাকুলা চৈব বুদ্ধিস্তে বদতাং বর! ॥১৩॥

ভারতকৌমুদী

দূরাদিতি। শারদ্বতাদয়ঃ কৃপপ্রভৃতয়ঃ। অবস্কন্দ্য অবতীর্য্য, বাহেভ্যো রথেভ্যঃ ॥৮—৯॥
অভীতি। গাঙ্গেয়ং ভীষ্মম্, উপতস্থিরে উপজগ্মুঃ ॥১০॥
তত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, নিষেদুঃ উপবিবিশুঃ ॥১১॥
তত ইতি। নিশাম্য অবলোক্য, শাম্যমানং নির্ব্বাণং গচ্ছন্তম্ ॥১২॥
কচ্চিদিতি। কচ্চিদ্‌বেদিতুমিচ্ছামীত্যর্থঃ, প্রসন্নানি নির্ম্মলানি ॥১৩॥

কৃষ্ণ, যুধিষ্ঠির, অন্য পাণ্ডবেরা চারিজন এবং কৃপপ্রভৃতি সকলে দূর হইতেই দেখিয়া, আপন আপন রথ হইতে অবতীর্ণ হইয়া এবং মনকে সংযত ও অন্যান্য ইন্দ্রিয়গুলিকে বিষয়ান্তর হইতে নিবৃত্ত করিয়া, মহর্ষিগণের নিকটে উপস্থিত হইলেন ॥৮—৯॥

ক্রমে কৃষ্ণ, সাত্যকি ও যুধিষ্ঠিরপ্রভৃতি সকলেই ব্যাসাদি মহর্ষিগণকে অভিবাদন করিয়া, ভীষ্মের নিকটে গমন করিলেন ॥১০॥

তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠ যাদব ও কৌরবগণ বৃদ্ধ ভীষ্মকে সেইরূপ দর্শন করিয়া, তাঁহাকে পরিবেষ্টনপূর্ব্বক উপবেশন করিলেন ॥১১॥

তদনন্তর নির্ব্বাণোন্মুখ অগ্নির ন্যায় ভীষ্মকে দর্শন করিয়া, অল্প পরিমাণে কাতরচিত্ত হইয়া, কৃষ্ণ এই সকল কথা বলিতে লাগিলেন—॥১২॥

'বাগ্মিশ্রেষ্ঠ! আপনার সমস্ত জ্ঞানই পূর্ব্বের ন্যায় নির্ম্মল রহিয়াছে ত? এবং আপনার বুদ্ধি আকুল হইয়া পড়ে নাই ত? ॥১৩॥

(১১) ততো বৃদ্ধং তথা দৃষ্ট্বা গাঙ্গেয়ং যদুপুঙ্গবঃ···নি। (১২) ইতঃ পরং বাসুদেব উবাচ। পি বর্দ্ধ। (১৩)···যথাপুরম্···নি।

শরাভিঘাতদুঃখার্ত্তং কচ্চিদ্গাত্রং ন দূয়তে।
মানসাদপি দুঃখাদ্ধি শারীরং বলবত্তরম্ ॥১৪॥
বরদানাৎ পিতুঃ কামং ছন্দমৃত্যুরসি প্রভো!।
শান্তনোর্ধর্ম্মনিত্যস্য ন ত্বেতদিহ কারণম্ ॥১৫॥
সুসূক্ষ্মোঽপি তু দেহে বৈ শল্যো জনয়তে রুজম্।
কিং পুনঃ শরসংঘাতৈশ্চিতস্য তব পার্থিব! ॥১৬॥
কামং নৈতত্তবাখ্যেয়ং প্রাণিনাং প্রভবাপ্যয়ৌ।
উপদেষ্টুং ভবান্ শক্তো দেবানামপি ভারত! ॥১৭॥

ভারতকৌমুদী

শরেতি। ন দূয়তে ন তপ্যতে। শারীরং দুঃখম্ ॥১৪॥

বরেতি। ছন্দেন স্বেচ্ছয়েব মৃত্যুর্যস্যেতি সঃ। অতএব, এতৎ শরাঘাতেন পতনম্, কারণং তব মৃত্যুহেতুর্ন ভবিতুমর্হতীত্যর্থঃ ॥১৫॥

সুসূক্ষ্ম ইতি। শল্যঃ শঙ্কুঃ, রুজমুপতাপম্। চিতস্য ব্যাপ্তস্য ॥১৬॥

কামমিতি। হে ভারত! এতৎ শারীরং মানসঞ্চ দুঃখং মমাস্তীতি তব ন আখ্যেয়ং বক্তব্যং ন ভবিতুমর্হতি; যেন হি, ভবান্, দেবানামপি সমীপে, প্রাণিনাম্, প্রভবাপ্যয়ৌ উৎপত্তিবিনাশৌ,

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ তথাবৃত্তৌ তাদৃগ্গোষ্ঠীপরৌ ॥৫—৮॥ অবস্কন্দ্যাবরুহ্য বাহেভ্যঃ ॥৯—১১॥ নিশাম্য আলোচ্য ॥১২—১৪॥ ছন্দমৃত্যুঃ ইচ্ছামরণঃ এতচ্ছন্দমৃত্যুতায়াঃ কারণং পিতৃতোষণং মমাপি কিমুতান্যেষামিত্যর্থঃ ॥১৫—১৬॥ কামং এতন্ন যুক্তমিতি শেষঃ। সর্ব্বজ্ঞস্যাপি

বাণাঘাতে ক্ষতবিক্ষত দেহটীতে জ্বালা অনুভব করিতেছেন না ত? কারণ, মানসিক দুঃখ হইতে শারীরিক দুঃখ গুরুতর হইয়া থাকে ॥১৪॥

হে প্রভাবশালী পুরুষ! আপনি আপনার পিতা ধর্ম্মপরায়ণ শান্তনুর বরদানের গুণে সম্পূর্ণ ইচ্ছামৃত্যু হইয়াছেন। অতএব এই শরশয্যায় পতনই আপনার মৃত্যুর কারণ হইতে পারে না ॥১৫॥

তবে, ক্ষত্রিয়শ্রেষ্ঠ! অতিসূক্ষ্ম একটী শঙ্কুও (সূচীও) দেহের ভিতরে প্রবেশ করিয়া, যাতনা উৎপাদন করে; তাহাতে শরসমূহে ব্যাপ্তদেহের কথা আর কি বলিব ॥১৬॥

ভরতনন্দন! তথাপি আপনি আপনার এই যাতনার কথা বলিতে পারেন না। কারণ, আপনি দেবগণের নিকটেও প্রাণিগণের উৎপত্তি ও বিনাশের উপদেশ দিতে সমর্থ হন ॥১৭॥

(১৪) শরাভিঘাতদুঃখার্ত্তে কদচ্চিগাত্রস্ত দূয়তে···বঙ্গ বৰ্দ্ধ।

যচ্চ ভূতং ভবিষ্যচ্চ ভবচ্চ পুরুষর্ষভ ! ।
সর্ব্বং তজ্জ্ঞানবৃদ্ধস্য তব ভীষ্ম ! প্রতিষ্ঠিতম্ ॥১৮॥
সংহারশ্চৈব ভূতানাং ধর্ম্মস্য চ ফলোদয়ঃ ।
বিদিতস্তে মহাপ্রাজ্ঞ ! ত্বং হি ধর্ম্মময়ো নিধিঃ ॥১৯॥
ত্বাং হি রাজ্যে স্থিতং স্ফীতে সমগ্রাঙ্গমরোগিণম্ ।
স্ত্রীসহস্রৈঃ পরিবৃতং পশ্যামীবোর্দ্ধরেতসম্ ॥২০॥
ঋতে শান্তনবাদ্ভীষ্মাত্ত্রিষু লোকেষু পার্থিবম্ ।
সত্যধর্ম্মান্মহাবীর্য্যাচ্ছূরাদ্ধর্ম্মৈকতৎপরাৎ ॥২১॥
মৃত্যুমাবার্য্য তপসা শরসংস্তরশায়িনঃ ।
নিসর্গপ্রভবং কঞ্চিন্ন চ তাতানুশুশ্রুম ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উপদেষ্টুং শক্তঃ। তথা চ যঃ কিলোপদেশেন দেবানামপি দুঃখমপনেতুং শক্নোতি, তস্যাত্মদুঃখাপনয়নে ন পরাপেক্ষা স্যাদিতি ভাবঃ ॥১৭॥

যদিতি। ভবদ্বর্ত্তমানম্। প্রতিষ্ঠিতং তব জ্ঞান এবেতি শেষঃ ॥১৮॥

সংহার ইতি। ভূতানাং প্রাণিনাম্। নিধিঃ সাগরঃ ॥১৯॥

ত্বামিতি। স্ফীতে সমৃদ্ধে, সমগ্রাণি অঙ্গানি নেহনাদীনি যস্য তম্। স্ত্রীসহস্রপরিবৃতমপি ঊর্দ্ধরেতসং তং স্ত্রীসহস্রবৈমুখ্যাদ্ব্রহ্মচারিণমিব পশ্যামি স্ম ॥২০॥

ঋত ইতি। ঋতে বিনা। আবার্য্য প্রতিরুধ্য। নিসর্গাৎ স্ত্রীপুরুষসংসর্গস্বভাবাৎ প্রভবতি উৎপদ্যত ইতি তম্, বিরিঞ্চিসঙ্কল্পজাতং সনৎকুমারাদিকন্তু অনুশুশ্রুমৈবেতি ভাবঃ ॥২১—২২॥

পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ! আপনি জ্ঞানবৃদ্ধ ; সুতরাং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত বিষয়ই আপনার জ্ঞানে প্রতিষ্ঠিত রহিয়াছে ॥১৮॥

হে মহাপ্রাজ্ঞ ! প্রাণিগণের বিনাশ ও ধর্ম্মের ফলোদয় ইত্যাদি সমস্তই আপনার বিদিত আছে। অতএব আপনি ত জ্ঞানের সাগর ॥১৯॥

পুরুষশ্রেষ্ঠ ! আপনার সমস্ত অঙ্গ সতেজ ছিল, অথ চ কোন রোগ ছিল না ; সেই অবস্থাতেও আপনি সহস্র স্ত্রীলোকে পরিবেষ্টিত হইয়া, সমৃদ্ধ রাজ্যে থাকিতেন। তখনও আমি আপনাকে ঊর্দ্ধরেতার ন্যায়ই দেখিতাম ॥২০॥

মাননীয় পুরুষশ্রেষ্ঠ ! সত্যপরায়ণ, মহাবল, বীর ও ধর্ম্মতৎপর শান্তনুনন্দন এক ভীষ্ম ব্যতীত ত্রিভুবনেই অন্য কোন ক্ষত্রিয়ই যে তপস্যার প্রভাবে মৃত্যুকে নিবারণ করিয়া, শরশয্যার উপরে শয়ন করিয়া থাকিতে পারে, এরূপ আমরা শুনি নাই ॥২১—২২॥

....লোকেষু পার্থিব !...পি বঙ্গ বৰ্দ্ধ। (২২)...নিসর্গপ্রভবং কিঞ্চিৎ...পি বঙ্গ।

সত্যে তপসি দানে চ যজ্ঞাধিকরণে তথা।
ধনুর্ব্বেদে চ বেদে চ নিত্যঞ্চৈবান্ববেক্ষণে ॥২৩॥
অনৃশংসং শুচিং দান্তং সর্ব্বভূতহিতে রতম্।
মহারথং ত্বৎসদৃশং ন কঞ্চিদনুশুশ্রুম ॥২৪॥ (যুগ্মকম্)
ত্বং হি দেবান্ সগন্ধর্ব্বানসুরান্ যক্ষরাক্ষসান্।
শক্তস্ত্বেকরথেনৈব বিজেতুং নাত্র সংশয়ঃ ॥২৫॥
স ত্বং ভীষ্ম! মহাবাহো! বসূনাং বাসবোপমঃ।
নিত্যং বিপ্রৈঃ সমাখ্যাতো নবমোঽনবমো গুণৈঃ ॥২৬॥
অহঞ্চ ত্বাভিজানামি যস্ত্বং পুরুষসত্তমঃ।
ত্রিদশেষ্বপি বিখ্যাতস্ত্বং শক্ত্যা পুরুষোত্তমঃ ॥২৭॥

ভারতকৌমুদী

সত্য ইতি। যজ্ঞস্যাধিকরণে বিষয়ে। অন্ববেক্ষণে রাজকার্য্যপরিদর্শনে। দান্তমিন্দ্রিয়দমনশীলম্ ॥২৩—২৪॥

ত্বমিতি। শক্ত আসীঃ চিরং তথৈব বিক্রমপ্রকাশাদিতি ভাবঃ ॥২৫॥

স ইতি। বাসবোপম ইন্দ্রতুল্যঃ। অষ্টানাং বসূনাং নবমঃ তদষ্টতমাংশেন জাতত্বাৎ, তে তু স্বর্গে অষ্টৌ স্থিতাঃ ত্বন্তু ভূতল ইতি নবম এবেতি ভাবঃ। কিন্তু গুণৈঃ শৌর্য্যবীর্য্যাদিভিঃ, অনবমঃ অপি তু তেষামাদিম এব ভবিতুমর্হসীত্যাশয়ঃ ॥২৬॥

অহমিতি। ত্বা ত্বাম্। ত্রিদশেষু দেবেষু। পুরুষোত্তমো বিষ্ণুরিব ॥২৭॥

ভারতভাবদীপঃ

তবোপদেশো ন যুক্ত ইত্যর্থঃ ॥১৭॥ প্রতিষ্ঠিতং বুদ্ধাবিতি শেষঃ ॥১৮—১৯॥ পশ্যামীবেতীবশব্দাৎ প্রতিজ্ঞাতঃ পূর্ব্বমুক্তরেতত্ত্বং নাসীদিতি ভাবঃ ॥২০॥ ভীষ্মাদৃতে মৃত্যুমাবার্য্য স্থিতং কিমপি

মহাবীর! সত্য, তপস্যা, দান, যজ্ঞ, ধনুর্ব্বেদ, অন্য বেদ এবং রাজকার্য্য পর্য্যবেক্ষণ এই সমস্ত বিষয়ে আপনার তুল্য, অনৃশংস, পবিত্র, জিতেন্দ্রিয়, সর্ব্বভূতহিতে নিরত ও মহারথ অন্য কোন লোক আছেন, এরূপও আমরা শুনি নাই ॥২৩—২৪॥

আপনি এক রথেই দেবতা, গন্ধর্ব্ব, অসুর, যক্ষ ও রাক্ষসগণকে জয় করিতে পারিতেন এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২৫॥

কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম! ব্রাহ্মণেরা বলিয়াছেন—আপনি ইন্দ্রের তুল্য, অষ্টবসুর নবম এবং গুণের প্রভাবে তাঁহাদের অনবম (আদিম) ॥২৬॥

আপনি যে পুরুষশ্রেষ্ঠ তাহা আমি জানি। আপনি দেবলোকেও বিখ্যাত এবং শক্তিতে নারায়ণের তুল্য ॥২৭॥

মনুষ্যেষু মনুষ্যেন্দ্র! ন দৃষ্টো ন চ মে শ্রুতঃ।
ভবতো বা গুণৈর্যুক্তঃ পৃথিব্যাং পুরুষঃ ক্বচিৎ।
ত্বং হি সর্ব্বগুণৈ রাজন্ দেবানপ্যতিরিচ্যসে ॥২৮॥
তপসা হি ভবান্ শক্তঃ স্রষ্টুং লোকাংশ্চরাচরান্।
কিং পুনশ্চাত্মনো লোকানুত্তমানুত্তমৈর্গুণৈঃ ॥২৯॥
তদস্য তপ্যমানস্য জ্ঞাতীনাং সংক্ষয়েণ বৈ।
জ্যেষ্ঠস্য পাণ্ডুপুত্রস্য শোকং ভীষ্ম! ব্যপানুদ ॥৩০॥
যে হি ধর্ম্মাঃ সমাখ্যাতাশ্চাতুর্ব্বর্ণ্যস্য ভারত!।
চাতুরাশ্রম্যসংযুক্তাঃ সর্ব্বে তে বিদিতাস্তব ॥৩১॥
চাতুর্বিদ্যে চ যে প্রোক্তাশ্চাতুর্হোত্রে চ ভারত!।
যোগে সাংখ্যে চ নিয়তা যে চ ধর্ম্মাঃ সনাতনাঃ ॥৩২॥
চাতুর্ব্বর্ণ্যস্য যশ্চোক্তো ধর্ম্মো ন স্ম বিরুধ্যতে।
সেব্যমানঃ সবৈয়াখ্যো গাঙ্গেয়! বিদিতস্তব ॥৩৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মনুষ্যেষ্বিতি। মে ময়া। বাশব্দ ইবার্থে। রাজন্ দীপ্যমানঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥
তপসেতি। আত্মনঃ প্রাপ্যান্, লোকান্ স্বর্গান্ ॥২৯॥
তদিতি। ব্যপানুদ অপসারয় ॥৩০॥
য ইতি। চতুর্ষু আশ্রমেষু কর্ত্তব্যা ইতি তৈর্ধর্ম্মৈঃ সংযুক্তাঃ ॥৩১॥
চাতুরিতি। চতসৃণাম্ আন্বীক্ষিকীত্রয়ীবার্ত্তাদণ্ডনীতিসম্বন্ধিনীনাং বিদ্যানাং সমূহ ইতি তস্মিন্, চতুর্ণাং হোত্রাণাং হোমাত্মকযজ্ঞসম্পাদকানাং হোতৃ-তন্ত্রধারক-ব্রহ্মসদস্যানাং সমূহ ইতি তস্মিন্,

মনুষ্যশ্রেষ্ঠ! আপনার ন্যায় গুণবান্ মানুষ এই পৃথিবীতে মনুষ্যসমাজে আমি দেখি নাই বা শুনিও নাই। কারণ, আপনি সমস্ত গুণে ভূষিত হইয়া, দেবগণকেও অতিক্রম করিয়াছেন ॥২৮॥

আপনি তপস্যার প্রভাবে চরাচর সমস্ত লোকই সৃষ্টি করিতে পারেন; তাহাতে নিজের জন্য উত্তম গুণে সর্ব্বোত্তম লোক যে সৃষ্টি করিতে সমর্থ হন, সে বিষয়ে আর বক্তব্য আছে কি ॥২৯॥

অতএব, দেবব্রত ভীষ্ম! জ্ঞাতিক্ষয়নিবন্ধন শোকানলে সন্তপ্ত এই যুধিষ্ঠিরের শোক আপনি দূর করুন ॥৩০॥

ভরতনন্দন! ব্রাহ্মণপ্রভৃতি চারিটী বর্ণের যে ধর্ম্ম শাস্ত্রে উক্ত হইয়াছে এবং ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রমের যে ধর্ম্ম শাস্ত্রে অভিহিত আছে; সে সমস্তই আপনার বিদিত রহিয়াছে ॥৩১॥

প্রতিলোমপ্রসূতানাং ম্লেচ্ছানাঞ্চৈব যঃ স্মৃতঃ।
দেশজাতিকুলানাঞ্চ জানীষে ধর্ম্মলক্ষণম্ ॥৩৪॥
বেদোক্তো যশ্চ শিষ্টোক্তঃ সদৈব বিদিতস্তব।
প্রবৃত্তশ্চ নিবৃত্তশ্চ স চাপি বিদিতস্তব ॥৩৫॥
ইতিহাসপুরাণার্থাঃ কার্ৎস্ন্যেন বিদিতাস্তব।
ধর্ম্মশাস্ত্রঞ্চ সকলং নিত্যং মনসি তে স্থিতম্ ॥৩৬॥
যে চ কেচন লোকেঽস্মিন্নর্থাঃ সংশয়কারকাঃ।
তেষাং ছেত্তা নাস্তি লোকে ত্বদন্যঃ পুরুষর্ষভ ! ॥৩৭॥

ভারতকৌমুদী

যোগে যোগদর্শনে, সাঙ্খ্যে দর্শনে চ, নিয়তা নিরূপিতাঃ। চাতুর্বর্ণ্যস্ত ব্রাহ্মণাদীনাং চতুর্ণাং বর্ণানাম্। ব্যাখ্যা বিবরণব্যাপার এবেতি বৈয়াখ্যঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। তেন সহ্নৈব সবৈয়াখ্যঃ ॥৩২—৩৩॥

প্রতীতি। প্রতিলোমপ্রসূতানাং চাণ্ডালাদীনাম্, যো ধর্ম্মঃ ॥৩৪॥

বেদোক্ত ইতি। শিষ্টৈঃ শাস্ত্রানুসারিভিরুক্তঃ। প্রবৃত্তো নূতনমুৎপন্নঃ নিবৃত্তঃ চিরন্তন আসীৎ ইদানীং লুপ্তঃ। যো ধর্ম্ম ইতি সর্ব্বত্র শেষঃ ॥৩৫॥

ইতীতি। ইতিহাসপুরাণয়োরর্থা বিষয়াঃ, কার্ৎস্ন্যেন সাকল্যেন ॥৩৬॥

য ইতি। অর্থা বিষয়াঃ। ছেত্তা সংশয়াপনোদনেন নির্ণায়কঃ ॥৩৭॥

গঙ্গানন্দন : তর্কশাস্ত্র, বেদশাস্ত্র, অর্থশাস্ত্র ও নীতিশাস্ত্রে যে সকল ধর্ম্ম উক্ত আছে ; হোতা, তন্ত্রধার, ব্রহ্মা ও সদস্য এই চতুর্ব্বিধ যাজ্ঞিকের যে সমস্ত ধর্ম্ম অভিহিত হইয়াছে ; যে সকল ধর্ম্ম যোগদর্শন ও সাংখ্যদর্শনে নিরূপিত রহিয়াছে ; যে ধর্ম্ম সকল চিরকাল সমাজে চলিয়া আসিতেছে এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এই চারিবর্ণের যে সমস্ত ধর্ম্ম শাস্ত্রে উক্ত আছে ; অথ চ যে ধর্ম্মগুলি পরস্পর বিরুদ্ধ হয় নাই ; সেই সমস্ত ধর্ম্মেরই সেবা করিয়া আসিতেছেন বলিয়া, ব্যাখ্যার সহিত তাহা সমস্তই আপনি জানেন ॥৩২—৩৩॥

প্রতিলোমসঙ্কর, ম্লেচ্ছ, দেশ, জাতি ও কুলের যে সকল ধর্ম্ম আছে ; তাহাও আপনি জানেন ॥৩৪॥

যে ধর্ম্ম বেদে উক্ত হইয়াছে ; শিষ্টেরা যে সকল ধর্ম্ম বলিয়াছেন ; যে ধর্ম্ম নূতন উৎপন্ন হইয়াছে এবং যে ধর্ম্ম পূর্ব্বে ছিল, এখন লুপ্ত হইয়া গিয়াছে ; তাহাও আপনি অবগত আছেন ॥৩৫॥

সমস্ত ইতিহাস ও সকল পুরাণের বিষয়ই আপনি বিদিত আছেন এবং সমস্ত ধর্ম্মশাস্ত্রই আপনার মনে রহিয়াছে ॥৩৬॥

স পাণ্ডবেয়স্য মনঃ সমুত্থিতং নরেন্দ্র! শোকং ব্যপকর্ষ মেধয়া।
ভবদ্বিধা হ্যুত্তমবুদ্ধিবিস্তরা বিমুহ্যমানস্য নরস্য শান্তয়ে ॥৩৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে কৃষ্ণবাক্যে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
শ্রুত্বা তু বচনং ভীষ্মো বাসুদেবস্য ধীমতঃ।
কিঞ্চিদুত্থাপ্য বদনং প্রাঞ্জলির্বাক্যমব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। ব্যপকর্ষ অপনুদ, মেধয়া বুদ্ধ্যা ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শ্রুত্বেতি। উত্থাপ্য উত্তোল্য, প্রকৃষ্টঃ অঞ্জলিঃ করদ্বয়সংযোগো যস্য সঃ ॥১॥

ভারতভাবদীপঃ

নিসর্গপ্রভবং জানিমং সত্ত্বং ন শুশ্রূমেতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥২১—২৫॥ বসুনামষ্টানামংশৈর্ঘটিতো নবমো গুণৈরনবমশ্চ ॥২৮—৩৮॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

—:*:—

পুরুষশ্রেষ্ঠ! এই জগতে যে কিছু সংশয়ের বিষয় আছে, তাহার নির্ণয় করিবার লোক আপনি ভিন্ন আর কেহই নাই ॥৩৭॥

নরশ্রেষ্ঠ! সেই আপনি আপন বুদ্ধির গুণে যুধিষ্ঠিরের মনের শোক দূর করুন। কারণ, আপনার ন্যায় বুদ্ধিমান্ লোকেরাই মুগ্ধ মানুষদিগের শান্তির কারণ হইয়া থাকেন' ॥৩৮॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ভীষ্ম বুদ্ধিমান্ কৃষ্ণের বাক্য শুনিয়া, মুখমণ্ডল কিছু উত্তোলন করিয়া, কৃতাঞ্জলি হইয়া, এই সকল কথা কহিলেন ॥১॥

* '…পঞ্চাশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ। (১)…কিঞ্চিদুত্থায়…পি,…উন্নাম্য…বঙ্গ বর্দ্ধ নি।

ভীষ্ম উবাচ।

নমস্তে ভগবন্! কৃষ্ণ! লোকানাং প্রভবাপ্যয়! ।
ত্বং হি কর্ত্তা হৃষীকেশ! সংহর্ত্তা চাপরাজিতঃ ॥২॥
বিশ্বকর্ম্মন্! নমস্তেঽস্তু বিশ্বাত্মন্! বিশ্বসম্ভব! ।
অপবর্গস্থ! ভূতানাং পঞ্চানাং পরতঃ স্থিতঃ ॥৩॥
নমস্তে ত্রিষু লোকেষু নমস্তে পরতস্ত্রিষু ।
যোগীশ্বর! নমস্তেঽস্তু ত্বং হি সর্ব্বপরায়ণঃ ॥৪॥
মৎসংশ্রিতং যদাত্থ ত্বং বচঃ পুরুষসত্তম! ।
তেন পশ্যামি তে ভাবান্ দিব্যান্ হি ত্রিষু বর্ত্মসু ॥৫॥
তচ্চ পশ্যামি গোবিন্দ! যত্তে রূপং সনাতনম্ ।
সপ্তমার্গা নিরুদ্ধাস্তে বায়োরমিততেজসঃ ॥৬॥

ভারতকৌমুদী

নম ইতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ অপ্যেতি লীয়তে অস্মিন্নিতি অপ্যয়ঃ তৎসম্বোধনম্। কুতস্তদ্ভয়মিত্যাহ ত্বমিতি। কর্ত্তা লোকানাং স্রষ্টা, সংহর্ত্তা চ, সন্দংশপাতন্যায়েৎ পালয়িতা চ ॥২॥

বিশ্বেতি। বিশ্বানি সর্ব্বাণি কর্ম্মাণি যস্য সঃ, বিশ্বেষাং সম্ভবত্যস্মাদিতি সম্ভবঃ কারণম্। হে অপবর্গস্থ! নিত্যমুক্ত! ভূতানাং ক্ষিত্যাদীনাম্, পরতো ভেদেন চিজ্জড়রূপত্বাৎ ॥৩॥

নম ইতি। ত্রিষু লোকেষু বিদ্যমানায়, পরতঃ পরস্মৈ, ত্রিষু সত্ত্বাদিগুণত্রয়ে ত্রিগুণাতীতায়েত্যর্থঃ। সর্ব্বেষাং পরায়ণঃ পরমাশ্রয়ঃ ॥৪॥

মদিতি। আত্থ ব্রবীষি। পশ্যামি জানামি, ভাবান্ সত্তাঃ, বর্ত্মসু লোকেষু ॥৫॥

তদিতি। মার্গাঃ প্রবহাদয়ঃ পন্থানঃ, তে ত্বয়া ॥৬॥

ভীষ্ম বলিলেন—'ভগবন্! ত্রিভুবনের সৃষ্টি ও লয়ের কারণ! কৃষ্ণ! আপনাকে নমস্কার করি। হৃষীকেশ! আপনি জগতের সৃষ্টি, স্থিতি ও সংহারের কর্ত্তা এবং সর্ব্বত্র অপরাজিত ॥২॥

বিশ্বকর্ম্মা! বিশ্বাত্মা! বিশ্বজনক! ও নিত্যমুক্ত কৃষ্ণ! আপনাকে নমস্কার করি। আপনি চিন্ময় বলিয়া পঞ্চভূত হইতে সম্পূর্ণ ভিন্ন ॥৩॥

যোগীশ্বর! আপনি ত্রিভুবনেই বিদ্যমান রহিয়াছেন এবং সত্ত্বপ্রভৃতি তিন গুণের অতীত; আমি আপনাকে নমস্কার করি। আপনি সকলেরই পরম আশ্রয় ॥৪॥

পুরুষশ্রেষ্ঠ! আপনি আমার বিষয়ে যে সকল কথা বলিয়াছেন, তদনুসারেই আমি জানিতেছি যে, ত্রিজগতেই আপনার সত্তা রহিয়াছে ॥৫॥

গোবিন্দ! আপনার যে বিরাট্ রূপ আছে, তাহাও আমি দেখিতেছি; আপনি সেইরূপে অমিততেজা বায়ুর সাতটী পথকেই নিরুদ্ধ করিয়া রহিয়াছেন ॥৬॥

দিবং তে শিরসা ব্যাপ্তং পদ্ভ্যাং দেবী বসুন্ধরা।
দিশো ভুজৌ রবিশ্চক্ষুর্বীর্য্যে শক্রঃ প্রতিষ্ঠিতঃ ॥৭॥
অতসীপুষ্পসঙ্কাশং পীতবাসসমচ্যুতম্।
বপুর্হ্যনুমিমীমস্তে মেঘস্যেব সবিদ্যুতঃ ॥৮॥
ত্বৎপ্রপন্নায় ভক্তায় গতিমিষ্টাং জিগীষবে।
যচ্ছ্রেয়ঃ পুণ্ডরীকাক্ষ! তদ্ধ্যায়স্ব সুরোত্তম! ॥৯॥
বাসুদেব উবাচ।
যতঃ খলু পরা ভক্তির্ময়ি তে পুরুষর্ষভ!।
ততো ময়া বপুর্দিব্যং ত্বয়ি রাজন্! প্রদর্শিতম্ ॥১০॥

ভারতকৌমুদী

দিবমিতি। দিবং গগনম্, "দিবং স্বর্গেঽন্তরীক্ষে চ" ইতি বিশ্বঃ। ভুজৌ দিশো ব্যাপ্তবন্তাবিতি শেষঃ, চক্ষুশ্চক্ষুঃস্বরূপঃ, বীর্য্যে শক্তৌ শক্ত্যেত্যর্থঃ, শক্র ইন্দ্রঃ, প্রতিষ্ঠিতঃ স্বর্গে। সর্ব্বত্র বিরাড়্রূপত্বাদিত্যাশয়ঃ ॥৭॥

অতসীতি। অতসীপুষ্পসঙ্কাশং শ্যামাতসীপুষ্পবর্ণম্, পীতবাসসমিত্যদন্তত্বমার্ষম্, অচ্যুতং শৌর্য্যাদভ্রষ্টম্। অনুমিমীমঃ অবলোকয়ামঃ। সবিদ্যুত ইত্যনেন পীতবাসসমিত্যস্য সাদৃশ্যং সূচিতম্ ॥৮॥

ত্বদিতি। ত্বৎপ্রপন্নায় শরণত্বেন ত্বাং প্রাপ্তায়। জিগীষবে জেতুমায়ত্তীকর্ত্তুমিচ্ছবে ॥৯॥

যত ইতি। পরা উত্তমা। হে রাজন্! ক্ষত্রিয়পুঙ্গব!। এবমন্যত্রাপি জ্ঞেয়ম্ ॥১০॥

দেব! আপনার মস্তক গগনমণ্ডলকে, চরণযুগল সমগ্র পৃথিবীকে ও বাহুযুগল সকল দিক্‌কে ব্যাপ্ত করিয়া রহিয়াছে; আর সূর্য্য আপনার চক্ষুস্বরূপ এবং ইন্দ্র আপনার শক্তির গুণেই স্বর্গে প্রতিষ্ঠিত রহিয়াছেন ॥৭॥

আপনার দেহটী (শ্যাম) অতসীপুষ্পের ন্যায় শ্যামবর্ণ, তাহাতে পীতবস্ত্র পরিধান করিয়াছেন; সুতরাং বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় আপনাকে আমি দেখিতেছি। আপনি কখনও বীরব্রত হইতে ভ্রষ্ট হন না ॥৮॥

ভগবন্! আমি আপনার ভক্ত ও শরণাপন্ন এবং বর্ত্তমান সময়ে আমি অভীষ্ট গতি লাভ করিবার ইচ্ছা করিতেছি। অতএব হে দেবশ্রেষ্ঠ পুণ্ডরীকাক্ষ! আমার যাহাতে মঙ্গল হয়, সেই বিষয় আপনি চিন্তা করুন' ॥৯॥

কৃষ্ণ বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ ক্ষত্রিয়প্রধান! যেহেতু আমার উপরে আপনার পরম ভক্তি রহিয়াছে; সেই হেতু আমি আপনাকে আমার অলৌকিক রূপ দেখাইয়াছি ॥১০॥

(৭)···দিশো ভুজা·· বীর্য্যে শুক্রঃ···বঙ্গ নি।

নহ্যভক্তায় রাজেন্দ্র ! ভক্তায়ানৃজবে ন চ।
দর্শয়াম্যহমাত্মানং ন চাশান্তায় ভারত ! ॥১১॥
ভবাংস্তু মম ভক্তশ্চ নিত্যং চার্জবমাস্থিতঃ।
দমে তপসি সত্যে চ দানে চ নিরতঃ শুচিঃ ॥১২॥
অর্হস্ত্বং ভীষ্ম ! মাং দ্রষ্টুং তপসা স্বেন পার্থিব ! ।
তব হ্যুপস্থিতা লোকা যেভ্যো নাবর্ত্ততে পুনঃ ॥১৩॥
পঞ্চাশতং ষট্ চ কুরুপ্রবীর ! শেষং দিনানাং তব জীবিতস্য।
ততঃ শুভৈঃ কর্ম্মফলোদয়ৈস্ত্বং সমেষ্যসে ভীষ্ম ! বিমুচ্য দেহম্ ॥১৪॥

ভাবতকৌমুদী

নহীতি। অনৃজবে অসরলচিত্তায়। অশান্তায় অজিতেন্দ্রিয়ায় ॥১১॥

ভবানিতি। আর্জ্জবং সারল্যং প্রতারণাদিরাহিত্যমিত্যর্থঃ। দমে ইন্দ্রিয়দমনে ॥১২॥

অর্হ ইতি। অর্হো যোগ্যঃ। লোকাঃ স্বর্গাঃ ॥১৩॥

পঞ্চেতি। হে কুরুপ্রবীর ! ভীষ্ম ! আলোচ্যানাং দিনানাং মধ্যে, পঞ্চাশতং পঞ্চাশৎসঙ্খ্যাকং দিনবৃন্দম্, অতীতমিতি শেষঃ; তব জীবিতস্য অস্য, ষড়্ দিনানি শেষং প্রাপ্তানি অবশিষ্টানি তিষ্ঠন্তি; ততঃ পরম্, ত্বং দেহং বিমুচ্য, শুভৈঃ কর্ম্মফলস্য উদয়ৈরাবির্ভাবৈঃ, সমেষ্যসে তত্তৈব বীর-লোকং প্রাপ্স্যসি। অত্রেদং সঙ্কলনং জ্ঞেয়ম্—"হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্ প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥" "অমাবস্যান্তু সায়াহ্নে রাজা দুর্য্যোধনো হতঃ।" ইত্যেতাভ্যাং ভারতসাবিত্রীবচনাভ্যাং মুখ্যচান্দ্রাগ্রহায়ণমাসস্য শুক্লপক্ষীয়ত্রয়োদশীতঃ প্রভৃতি তন্মাসস্যৈবামাবস্যাং যাবদষ্টাদশ দিনানি যুদ্ধেনাতীতানি। "তত্র তে সুমহাত্মানো ন্যবসন্ পাণ্ডুনন্দনাঃ। শৌচং নিবর্ত্তয়িষ্যন্তো মাসমাত্রং বহিঃ পুরাৎ॥" ইত্যেতস্যা শান্তিপর্ব্বণ এব প্রথমাধ্যায়দ্বিতীয়শ্লোকাৎ শুক্লপ্রতিপদাদ্যমাবস্যান্তং ত্রিংশদ্দিনাত্মকং পৌষমাসং যাবদ্গঙ্গাতীরে সর্ব্বেষামেবাবস্থানম্। তৎ পৌষমাসান্তিমদিনস্য চ অমাবস্যারূপতয়া তত্র মুখ্যকালীনানাং পতিতানাঞ্চ সর্ব্বেষামেব শ্রাদ্ধানা- করণং সর্ব্বথা সম্ভবপরম্। এবঞ্চোভয়সমুদায়েন অষ্টচত্বারিংশদ্দিনানি গতানি। তদষ্টচত্বারিংশ ত্তমদিনশেষ এব পাণ্ডবাদীনাং হস্তিনাপ্রবেশশ্চার্ব্বাকনিগ্রহশ্চ। তৎপরদিনে যুধিষ্ঠিরস্য রাজ্যাভিষেকঃ,

---

ভরতনন্দন ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! যিনি আমার ভক্ত নহেন কিংবা ভক্ত হইয়াও সরল চিত্ত হইতে পারেন নাই, অথবা যিনি ইন্দ্রিয় জয় করিতে অসমর্থ ; তাঁহাকে আমি আমার এই রূপ দেখাই না ॥১১॥

আপনি আমার ভক্ত, সর্ব্বদা সরল চিত্ত এবং ইন্দ্রিয়দমন, তপস্যা, সত্যপালন ও দানে নিরত ; বিশেষতঃ সর্ব্বদাই পবিত্র আছেন ॥১২॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ভীষ্ম ! আপনি নিজের তপস্যার গুণে আমাকে দেখিবার যোগ্যই বটেন। অতএব মানুষ যে সকল স্বর্গ হইতে ফিরিয়া আসে না, সেই সকল স্বর্গই আপনার উপস্থিত হইতেছে ॥১৩॥

এতে হি দেবা বসবো বিমানান্যাস্থায় সর্ব্বে জ্বলিতাগ্নিকল্পাঃ ।
অন্তর্হিতাস্ত্বাং প্রতিপালয়ন্তি কাষ্ঠাং প্রপদ্যন্তমুদক্পতঙ্গম্ ॥১৫॥
ব্যবর্ত্তমানে ভগবত্যুদীচীং সূর্য্যে জগৎকালবশং প্রপন্নে ।
গন্তাসি লোকান্ পুরুষপ্রবীর ! নাবর্ত্ততে যানুপলভ্য বিদ্বান্ ॥১৬॥

ভারতকৌমুদী

তৎপরদিনে চ গৃহপ্রবিভাগাদিকম্, "ততো মুহূর্ত্তাদ্ভগবান্ সহস্রাংশুর্দিবাকরঃ। দহন্ বনমিবৈকান্তে প্রতীচ্যাং প্রত্যদৃশ্যত ॥" ইতি বক্ষ্যমাণপরাধ্যায়বচনাৎ তদ্দিনস্যৈব চ শেষভাগে পাণ্ডবাদীনামেতৎ ভীষ্মান্তিক আগমনম্। এবঞ্চ যুদ্ধারম্ভদিনাৎ তদ্দিনপর্য্যন্তং পঞ্চাশৎসংখ্যকং দিনমেবাতীতমিতি সুষ্ঠু সংগচ্ছতে। তৎপরদিনাবধি ষষ্ঠং দিনঞ্চ মুখ্যচান্দ্রমাঘশুক্লাষ্টমী, তত্রৈব চ ভীষ্মস্য স্বর্গারোহণমিতি সর্ব্বং সুসমঞ্জসম্। ততশ্চ নীলকণ্ঠোক্তা বিপুলকষ্টকল্পনা হেয়া ॥১৪॥

এত ইতি। হে ভীষ্ম ! এতে হি জ্বলিতাগ্নিকল্পাঃ, বসবো দেবাঃ, বিমানানি আস্থায় আরুহ্য, অন্তর্হিতাঃ সাধারণৈরদৃশ্যা এব তিষ্ঠন্তঃ, ত্বাং নেতুমিতি শেষঃ, পতঙ্গং সূর্য্যম্ উদক্ উদীচীম্, কাষ্ঠাং দিশম্, প্রপদ্যন্তং প্রপদ্যমানম্, প্রতিপালয়ন্তি প্রতীক্ষন্তে সূর্য্যস্যোত্তরায়ণং প্রতীক্ষন্ত ইত্যর্থঃ ; তত্রৈব তব মৃত্যোরভীষ্টত্বাদিত্যাশয়ঃ। "পতঙ্গৌ পক্ষিসূর্য্যৌ চ" ইত্যমরঃ ॥১৫॥

কথং প্রতিপালয়ন্তীত্যাহ ব্যবেতি। হে পুরুষপ্রবীর ! জগতঃ কালবশং দিনমাসাদিকালবিশেষপরবর্ত্তননিয়মাধীনতাম্, প্রপন্নে বিধাতৃনিয়োগাৎ প্রাপ্তে, অতএব সূর্য্যস্যোত্তরায়ণমবশ্যম্ভাবীতি

ভারতভাবদীপঃ

শ্রুত্বেতি ॥১॥ নমস্ত ইত্যাদয়োঽষ্টৌ শ্লোকাঃ স্তবরাজে ব্যাখ্যাতাঃ ॥২—১৩॥ পঞ্চাশতং ষট্ চেতি তব জীবিতসংবন্ধিনাং দিনানাং শেষং পঞ্চ ষট্ চ পঞ্চবারমাবর্ত্তিতাঃ ষড়িতি রীত্যা-ত্রিংশদিতি জ্ঞেয়ম্, তাবদেব আশতং শতাবধি যদ্দিনানাং শতেন কর্ত্তুং শক্যং তত্ত্রিংশতাপি কর্ত্তুং শক্যমিত্যর্থঃ। "অষ্টপঞ্চাশতং রাত্র্যঃ শয়ানস্যাদ্য মে গতা" ইতি ভীষ্মো বক্ষ্যতি। তত্র ত্রিংশদতঃ পরং শিষ্টা অষ্টাবিংশতিরিতঃ পূর্ব্বং ব্যতীতাঃ। তথাহি ভীষ্মস্য শরতল্পশয়নানন্তরমষ্টৌ দিনানি যুদ্ধং ততো দুর্য্যোধনাশৌচং যুযুৎসোঃ ষোড়শদিনানি তেন সহ পুরং প্রবিশতাং পাণ্ডবানামপি তাবন্তি দিনানি গতানি। পঞ্চবিংশে সর্ব্বেষাং শ্রাদ্ধদানং ষড়্বিংশে পুরপ্রবেশঃ। সপ্তবিংশে

কুরুপ্রবীর ভীষ্ম ! যুদ্ধারম্ভদিন হইতে অদ্যপর্য্যন্ত পঞ্চাশ দিন অতীত হইতেছে। এখন আপনার জীবনের ছয়টী মাত্র দিন অবশিষ্ট রহিয়াছে। তাহার পরেই আপনি দেহ ত্যাগ করিয়া, শুভকর্ম্মের ফলে আপনার অভীষ্টলোকে গমন করিবেন ॥১৪॥

প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী এই বসু-দেবতারা বিমানে আরোহণ করিয়া, আকাশে অদৃশ্য থাকিয়া, আপনাকে লইয়া যাইবার জন্য সূর্য্যের উত্তরায়ণের প্রতীক্ষা করিতেছেন ॥১৫॥

---

(১৫)···উদক্পতঙ্গম্—নি।

অমুঞ্চ লোকং ত্বয়ি ভীষ্ম ! যাতে জ্ঞানানি নঙ্ক্ষ্যন্ত্যখিলেন বীর ! ।
অতস্তু সর্ব্বে তব সন্নিকর্ষং সমাগতা ধর্ম্মবিবেচনায় ॥১৭॥
তজ্‌জ্ঞাতিশোকোপহতশ্রুতায় সত্যাভিসন্ধায় যুধিষ্ঠিরায় ।
প্রব্রূহি ধর্ম্মার্থসমাধিযুক্তং সত্যং বচোঽস্যাপনুদাশু শোকম্ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে কৃষ্ণবাক্যে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

ভাবঃ, ভগবতি সূর্য্যে উদীচীমুত্তরাং দিশম্, ব্যবর্ত্তমানে গন্তুমারভমানে সতি, বিদ্বান্ জ্ঞানী জনঃ, যানুপলভ্য প্রাপ্য, নাবর্ত্ততে ন প্রতিনিবর্ত্ততে, তান্ লোকান্ স্বর্গান্, গন্তাসি গমিষ্যসি। তস্যৈব ত্বয়াপি প্রতীক্ষণাদিত্যাশয়ঃ ॥১৬॥

লোকে চ তত এব পূজ্যো ভবতীতি সংযোগান্তরম্ ॥১৩॥ উত্থানেন পুরুষকারেণ প্রযতেথা জয়াত্থর্থে যতস্ব দৈবং প্রাগ্‌ভবীয়ং কর্ম্ম দেবতারাধনাদিকং বা কেবলমুত্থানং বিনা ন রাজ্ঞামিষ্টমর্থং সাধয়েৎ ॥১৪॥ সাধারণং রথচক্রবৎ সমানং তত্রাপি পৌরুষং পরং শ্রেষ্ঠং দৃষ্টদ্বারত্বাৎ দৈবন্তু ফলদ্বারা নিশ্চিত্য মুহ্যতে অকরণদোষাৎ ফলাসিদ্ধৌ ফলসিদ্ধৌ তু তৎপাৎ মুহ্যতে ॥১৫॥ বিপন্ন ইতি। ঘটস্ব ঘটয়স্ব কর্ষকবৎসকৃদযত্নবৈফল্যেঽপি যতস্বৈবেত্যর্থঃ ॥১৬॥ ন হীতি। সত্যাং সমস্ত অপি বশে ভবন্ত্যন্যথা বিশ্বাসাভাবাৎ স্বায়া অপ্যুদ্বিজন্তে ক্ষীণা অপি পরে প্রাণপণেনাপি জিগীষন্ত

কৌরবশ্রেষ্ঠ ! রাজা দেবতা ও ব্রাহ্মণগণের পূজা করিয়া, তাঁহাদের নিকট অনৃণী হইয়া থাকেন এবং তাহাতে লোকসমাজেও তাঁহার গৌরবই হইয়া থাকে ॥১৩॥

পুত্র যুধিষ্ঠির ! তুমি সর্ব্বদাই পুরুষকার অবলম্বন করিয়া সমস্ত কার্য্য করিবার চেষ্টা করিবে। কেন না, পুরুষকার ব্যতীত কেবল দৈব রাজার কোন কার্য্যই সাধন করিতে পারে না ॥১৪॥

দৈব ও পুরুষকার এই দুইটীই কার্য্যসিদ্ধির পক্ষে সমান বটে ; কিন্তু তাহার মধ্যে আমি পুরুষকারকেই প্রধান মনে করি। কেন না, মানুষ কেবল দৈবকে কার্য্য-সাধকরূপে নিশ্চয় করিয়া ভ্রমে পতিত হয় ॥১৫॥

যুধিষ্ঠির ! তবে সেই পুরুষকার কোন কারণে বিনষ্ট হইলে, অনুতাপ করিও না। কার্য্য সাধনের জন্য সর্ব্বদাই পুরুষকার করিবে। ইহাই রাজাদের প্রধান নীতি ॥১৬॥

(১৬)···ঘটতেবং···নি।

ঋষীণামপি রাজেন্দ্র ! সত্যমেব পরং ধনম্।
তথা রাজ্ঞাং পরং সত্যান্নান্যদ্বিশ্বাসকারণম্ ॥১৮॥
গুণবান্ শীলবান্ দান্তো মৃদুর্ধর্ম্ম্যো জিতেন্দ্রিয়ঃ।
সুদর্শঃ স্থূললক্ষ্যশ্চ ন ভ্রশ্যেত সদা শ্রিয়ঃ ॥১৯॥
আর্জ্জবং সর্ব্বকার্য্যেষু শ্রয়েথাঃ কুরুনন্দন !।
পুনর্নয়বিচারেণ ত্রয়ীসংবরণে ন চ ॥২০॥

ভারতকৌমুদী

নষ্টেতি। ঋতে বিনা। প্রেত্য পরলোকে ধর্ম্মাৎ, ইহলোকে গৌরবাৎ ॥ ১৭॥

ঋষীণামিতি। বিশ্বাসকারণং প্রজানাং রাজান্তরাণাঞ্চ পরো বিশ্বাসহেতুঃ ॥১৮॥

গুণেতি। গুণবান্ দয়াদাক্ষিণ্যাদিমান্, দান্তঃ শান্তচিত্তঃ, ধর্ম্ম্যঃ ধর্ম্মাদনপেতঃ। সুখেন দৃশ্যত ইতি সুদর্শঃ অনুগ্রমূর্ত্তিরিত্যর্থঃ, স্থূললক্ষ্যঃ প্রচুরদাতা ॥১৯॥

আর্জ্জবমিতি। আর্জ্জবং সারল্যম্। পুনঃ কিন্তু, নয়বিচারেণ নীতিপর্য্যালোচনেন, জ্ঞায়তে ইতি শেষঃ, ত্রয়াঃ স্বরন্ধ্রঃ স্বমন্ত্রঃ স্বকৌশলঞ্চেতি ত্রিতয়স্য সংবরণে গোপনে, আর্জ্জবং ন শ্রয়েথাঃ, তস্মাত্তু ধর্ম্মরক্ষাসম্ভবাদিত্যাশয়ঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বোক্ত শ্লোকদ্বয়ার্থঃ ॥১৭—১৮॥ গুণবান্ শৌর্য্যোদার্য্যগাম্ভীর্য্যাদিগুণবান্, শীলং সদাচারস্তদ্বান্, দান্তঃ শান্তঃ, মৃদুর্দয়াবান্, ধর্ম্ম্যো ধর্ম্মাদনপেতঃ, জিতেন্দ্রিয়ঃ জিতচিত্তঃ, সুদর্শঃ প্রসন্নবক্ত্রঃ, স্থূললক্ষ্যঃ বহুপ্রদঃ ॥১৯॥ আর্জ্জবমবক্রতাম্, নয়ো নীতিঃ স্বরন্ধ্রগোপনং পররন্ধ্রান্বেষণঞ্চ স্বেন ক্রিয়মাণস্য পরেভ্যো গোপনং মন্ত্রগোপনং চেত্যাদি তদ্যুক্তেন বিচারেণ উহাপোহেন সাধকবাধকোপন্যাসেন ক্রিয়মাণেন ত্রয়ীসংবরণে উক্তবিধনীতিরূপে আর্জ্জবং যথার্থভাষিত্বঞ্চ ন শ্রয়েথাঃ ॥২০॥ উভয়ং

সত্য ব্যতীত অপর কোন ব্যবহারই রাজাদের সেরূপ সিদ্ধির কারণ হয় না। রাজা সত্যে নিরত থাকিয়া, ইহলোক ও পরলোক উভয় লোকেই আনন্দ লাভ করিয়া থাকেন ॥১৭॥

রাজশ্রেষ্ঠ ! ঋষিদেরও সত্যই পরম ধন এবং রাজাদেরও সত্য ব্যতীত অপর কোন ব্যবহারই লোকের বিশ্বাসের কারণ হয় না ॥১৮॥

গুণবান, চরিত্রবান্, শান্তচিত্ত, কোমলস্বভাব, ধার্ম্মিক, জিতেন্দ্রিয়, শান্তমূর্ত্তি ও প্রচুরদাতা রাজা কখনও রাজলক্ষ্মী হইতে বিচ্যুত হন না ॥১৯॥

কৌরবনন্দন ! তুমি সমস্ত কার্য্যেই সরলতা অবলম্বন করিবে ; কিন্তু নীতি পর্য্যালোচনাদ্বারা ইহাই স্থির হয় যে, নিজের রন্ধ্র, নিজের মন্ত্রণা ও নিজের কৌশল গোপন করিবার বিষয়ে সরলতা অবলম্বন করা উচিত নহে ॥২০॥

(১৯)···মৃদুর্ধর্ম্মো জিতেন্দ্রিয়ঃ···পি বঙ্গ, মৃদুদণ্ডকঃ···নি।

মৃদুর্হি রাজা সততং লঙ্ঘ্যো ভবতি সর্ব্বশঃ।
তীক্ষ্ণাচ্চোদ্বিজতে লোকস্তস্মাদুভয়মাশ্রয় ॥২১॥
অদণ্ড্যাশ্চৈব যে পুত্ত্র! বিপ্রাশ্চ দদতাং বর!।
ভূতমেতৎ পরং লোকে ব্রাহ্মণো নাম পাণ্ডব! ॥২২॥
মনুনা চৈব রাজেন্দ্র! গীতৌ শ্লোকৌ মহাত্মনা।
ধর্ম্মেষু স্বেষু কৌরব্য! হৃদি তৌ কর্ত্তুমর্হসি ॥২৩॥
অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বাসু যোনিষু শাম্যতি ॥২৪॥
অয়ো হন্তি যদাশ্মানমগ্নিনা বারি হন্যতে।
ব্রহ্ম চ ক্ষত্রিয়ো দ্বেষ্টি তদা সীদন্তি তে ত্রয়ঃ ॥২৫॥

ভারতকৌমুদী

তর্হি কিং সর্ব্বত্রৈব মৃদুনা ভবিতব্যমিত্যাহ মৃদুরিতি। লঙ্ঘ্যঃ অতিক্রম্যঃ ॥২১॥

তত্র তীক্ষ্ণত্বমপি ব্রাহ্মণেতরেষ্বেব প্রযোজ্যমিত্যাহ অদণ্ড্যা ইতি। যে বিপ্রাস্তে অদণ্ড্যা ইতি সম্বন্ধঃ। অত্র অদণ্ড্যা ইতি দৈহিকদণ্ডমাত্রনিষেধঃ, "বপনং দ্রবিণাদানং দেশান্নির্যাপনং তথা। এষ হি ব্রহ্মবন্ধূনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ॥" ইতি স্মৃতেঃ। অন্যথা দণ্ডসামান্যনিষেধে বিপ্রাণাং দুর্নয়নিবৃত্তির্ন স্যাৎ। অদণ্ড্যত্বে হেতুমাহ ভূতমিতি। ভূতং প্রাণী, পরং সর্ব্বশ্রেষ্ঠম্, সর্ব্বদা সত্যশৌচাদিপরায়ণত্বাদিতি ভাবঃ ॥২২॥

উক্তার্থে আপ্তবাক্যমপি প্রমাণয়িতুমাহ মনুনেতি। স্বেষু স্বকীয়েষু রাজকীয়েষ্বিতি যাবৎ, হৃদি কর্ত্তুং স্মর্ত্তুম্ ॥২৩॥

অদ্ভ্য ইতি। অদ্ভ্যো জলাৎ, ব্রহ্মতো বিপ্রাৎ, অশ্মনঃ পাষাণাৎ। তেষামগ্ন্যাদীনাম, যোনিষু কারণেষু জলাদিষু ॥২৪॥

সর্ব্বদা কোমলস্বভাব রাজাকে সকলেই অতিক্রম করে; আবার সর্ব্বদা তীক্ষ্ণস্বভাব রাজা সকলেরই উদ্বেগের কারণ হন। অতএব তুমি ক্ষেত্র অনুসারে কোমলস্বভাবও হইবে এবং তীক্ষ্ণস্বভাবও হইবে ॥২১॥

দাতৃশ্রেষ্ঠ পুত্র! যাঁহারা ব্রাহ্মণ, তাঁহাদের দৈহিক দণ্ড করিবে না। কারণ, পাণ্ডুনন্দন! জগতের মধ্যে ব্রাহ্মণই সর্ব্বশ্রেষ্ঠ প্রাণী ॥২২॥

রাজশ্রেষ্ঠ! মহাত্মা মনু দুইটী শ্লোক বলিয়াছেন। কৌরবনন্দন! স্বকীয় রাজধর্ম্মবিষয়ে তুমি সেই দুইটী শ্লোক সর্ব্বদা মনে করিতে পার ॥২৩॥

অগ্নি জল হইতে, ক্ষত্রিয় ব্রাহ্মণ হইতে এবং লৌহ প্রস্তর হইতে উৎপন্ন হইয়াছে। সেই অগ্নিপ্রভৃতির সর্ব্বত্রগামী তেজ আপন আপন কারণেই নিবৃত্তি পাইয়া থাকে ॥২৪॥

(২২)…বিপ্রাঃ স্যুঃ ব্রাহ্মণাঃ নি। (২৫)…অগ্নিরাপো নিহন্তি চ…নি।

এবং কৃত্বা মহারাজ ! নমস্যা এব তে দ্বিজাঃ।
ভৌমং ব্রহ্ম দ্বিজশ্রেষ্ঠা ধারয়ন্তি সমর্চ্চিতাঃ ॥২৬॥
এবঞ্চৈব নরব্যাঘ্র ! লোকত্রয়বিঘাতকাঃ।
নিগ্রাহ্যা এব সততং বাহুভ্যাং যে স্যুরীদৃশাঃ ॥২৭॥
শ্লোকৌ চোশনসা গীতৌ পুরা তাত ! মহর্ষিণা।
তৌ নিবোধ মহারাজ ! ত্বমেকাগ্রমনা নৃপ ! ॥২৮॥
উদ্যম্য শস্ত্রমায়ান্তমপি বেদান্তগং রণে।
নিগৃহ্লীয়াৎ স্বধর্ম্মেণ ধর্ম্মাপেক্ষী নরাধিপঃ ॥২৯॥

ভারতকৌমুদী

উক্তমেবার্থং বিবৃণোতি অয় ইতি। যদা অয়ো লৌহঃ কর্তৃ, অশ্মানং পাষাণম্, হন্তি ভনক্তি, অগ্নিনা বারি হন্যতে শোষ্যতে, ক্ষত্রিয়শ্চ, ব্রহ্ম ব্রাহ্মণং দ্বেষ্টি ; তদা তে ত্রয়ঃ লোহাগ্নিক্ষত্রিয়াঃ, সীদন্তি অপক্ষীয়ন্তে ॥২৫॥

এবমিতি। এবং কৃত্বা অনেনৈব কারণেনেত্যর্থঃ। দ্বিজা ব্রাহ্মণাঃ। উক্তার্থে হেতুমাহ ভৌমমিতি। সমর্চ্চিতাঃ ক্ষত্রিয়াদিভির্দানমানাদিনা সমাদৃতাস্তে দ্বিজশ্রেষ্ঠাঃ, ভৌমং পৃথিবীসম্বন্ধি, ব্রহ্ম বেদম্, তদ্বিহিতং কর্ম্ম চ ধারয়ন্তি ॥২৬॥

তর্হি তীক্ষ্ণতায়াঃ কুত্র ফলমিত্যাহ এবমিতি। এবঞ্চ ইত্থং সত্যাপি চ। যে ক্ষত্রিয়াদয়ঃ, ঈদৃশাঃ লোকত্রয়স্য বিঘাতকাঃ পাপাচরণেনানিষ্টকারকাঃ স্যুঃ, রাজ্ঞা বাহুভ্যাং স্বহস্তাভ্যামেব, সততং তে নিগ্রাহ্যা দণ্ডনীয়াঃ। বাহুভ্যামিতি দৈহিকদণ্ডমাত্রপরম্ ॥২৭॥

শ্লোকাবিতি। উশনসা শুক্রেণ, গীতৌ গানবৎপ্রচারিতৌ। নিবোধ শৃণু ॥২৮॥

উদ্যম্যেতি। বেদান্তগং বেদপারদর্শিনং ব্রাহ্মণমপি, "আততায়িনমায়ান্ত"মিত্যাদ্যেকবাক্যত্বাৎ ॥২৯॥

যখন লৌহ পাষাণ ভগ্ন করে, অগ্নি জল শুষ্ক করে এবং ক্ষত্রিয় ব্রাহ্মণকে বিদ্বেষ করে ; তখন সেই লৌহ, অগ্নি ও ক্ষত্রিয় এই তিনটীই ক্ষয় পাইয়া থাকে ॥২৫॥

মহারাজ ! এই কারণেই সেই ব্রাহ্মণেরা ক্ষত্রিয়গণের অবশ্যই নমস্য। বিশেষতঃ ক্ষত্রিয়েরা দান ও মানদ্বারা ব্রাহ্মণগণের আদর করিলে, তাঁহারা পৃথিবীর ব্রহ্ম-বেদ ধারণ করিতে পারেন এবং বেদোক্ত কর্ম্ম সকলও সম্পাদন করিতে সমর্থ হন ॥২৬॥

নরশ্রেষ্ঠ ! এইরূপ হইলেও ক্ষত্রিয়প্রভৃতি যে সকল জাতি এইরূপ পাপচারী হইয়া, ত্রিভুবনের অনিষ্ট করে ; রাজার পক্ষে নিজের হস্তদ্বারাই তাহাদের দণ্ড করা উচিত ॥২৭॥

বৎস মহারাজ ! পূর্ব্বকালে মহর্ষি শুক্রাচার্য্য যে দুইটী শ্লোক বলিয়াছিলেন, তাহা তুমি একাগ্রচিত্তে আমার নিকট শ্রবণ কর ॥২৮॥

বিনশ্যমানং ধর্ম্মং হি যোহভিরক্ষেৎ স ধর্ম্মবিৎ।
ন তেন ধর্ম্মহা স স্যান্মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি ॥৩০॥
এবঞ্চৈব নরশ্রেষ্ঠ! রক্ষ্যা এব দ্বিজাতয়ঃ।
সাপরাধানপি হি তান্ বিষয়ান্তে সমুৎসৃজেৎ ॥৩১॥
আভশস্তমপি হ্যেষাং পীড়য়েন্ন বিশাংপতে!।
ব্রহ্মঘ্নে গুরুতল্পে চ ভ্রূণহত্যে তথৈব চ ॥৩২॥

ভারতকৌমুদী

বিনশ্যেতি। তেন আততায়িব্রাহ্মণবধেন, স নরাধিপঃ, ধর্ম্মহা ধর্ম্মনাশকো ন স্যাৎ। [illegible] হেতুমাহ মন্যুরিতি। মন্যুঃ ব্রাহ্মণস্য ক্রোধ এব, তং হন্তুর্নরাধিপস্য, মন্যুং [illegible] জনকতয়া প্রাপ্নোতি জনয়তীত্যর্থঃ। তথা চ তেন স্বক্রোধ এব স্বজনিতপরক্রোধদ্বারা [illegible] নাস্তি পরস্য দোষ ইতি ভাবঃ ॥৩০॥

অথ ব্রাহ্মণানাং দৈহিকদণ্ডস্যাকর্ত্তব্যত্বে [illegible] কথং [illegible] এবমিতি [illegible] স্বরাজ্যাদন্যত্র ॥৩১॥

ভারতভাবদীপঃ

মৃতত্বঃ শ্রীকৃষ্ণ সমৃদ্ধিভ্রংশঃ [illegible] তদপি [illegible]—অদণ্ড্য [illegible] ভৌমং ব্রহ্ম বেদান্ [illegible] মনেন নিগ্রহীয়াদেব ন তু হন্যাৎ ॥২৯॥ বিনশ্যমানমাততায়িদোষাৎ। তেন [illegible] অনিগ্রহে তু ধর্ম্মহা স্যাদেব [illegible] নিগ্রহো [illegible]—মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি [illegible] ক্রোধজন্যঃ [illegible] এবম্ আততায়িক্রোধোৎপন্নঃ [illegible] নাত্র হন্তুর্দোষ ইত্যর্থঃ ॥৩০॥ [illegible] দ্বিজাতয়ো ব্রাহ্মণাঃ রক্ষ্যা এব ॥৩১॥ অভিশস্ত [illegible]

বেদপারদর্শী ব্রাহ্মণও যদি অস্ত্র উত্তোলন করিয়া আসিতে থাকেন; তাহা হইলে, ধর্ম্মাপেক্ষী রাজা আপন ধর্ম্ম অনুসারে তাঁহারও দণ্ড করিবেন ॥২৯॥

ধর্ম্ম নষ্ট হইতে লাগিলে, যিনি সর্ব্বতোভাবে তাহা রক্ষা করেন, তিনিই ধর্ম্মজ্ঞ; সুতরাং উক্তস্থলে ব্রাহ্মণকে হত্যা করিলেও রাজার ধর্ম্মহানি হয় না। কারণ, সেই শস্ত্রধারী ব্রাহ্মণের ক্রোধই রাজার ক্রোধ উৎপাদন করিয়া থাকে ॥৩০॥

নরশ্রেষ্ঠ! এইরূপ হইলেও ব্রাহ্মণদিগকে রক্ষাই করিতে হইবে। তাহারা প্রাণদণ্ডের উপযোগী অপরাধ করিলেও রাজা তাঁহাদিগকে আপন রাজ্য হইতে বহিষ্কৃত করিয়া দিবেন ॥৩১॥

(৩২)। কৃপাঙ্গীত···পি বন্ধ বদ্ধ।

রাজন্বিষ্টে চ বিপ্রস্য বিষয়ান্তে বিসর্জ্জনম্।
বিধীয়তে ন শারীরং দণ্ডমেষাং কদাচন ॥৩৩॥ (যুগ্মকম্)

দয়িতাশ্চ নরাস্তে স্যুর্ভক্তিমন্তো দ্বিজেষু যে।
ন কোষঃ পরমোঽন্যোঽস্তি রাজ্ঞাং পুরুষসঞ্চয়াৎ ॥৩৪॥

দুর্গেষু চ মহারাজ! ষট্সু যে শাস্ত্রনিশ্চিতাঃ।
সর্ব্বদুর্গেষু মন্যন্তে নরদুর্গং সুদুস্তরম্ ॥৩৫॥

তস্মান্নিত্যং দয়া কার্য্যা চাতুর্ব্বর্ণ্যে বিপশ্চিতা।
ধর্ম্মাত্মা সত্যবাক্ চৈব রাজা রঞ্জয়তি প্রজা ॥৩৬॥

ভারতকৌমুদী

অভীতি। এষাং ব্রাহ্মণানাং মধ্যে, অতিভৃশমপরাদ্ধং ব্রাহ্মণমপি, দেহে প্রহারাদিনা ন পীড়য়েৎ। বিপ্রে ব্রহ্মঘ্নে, গুরুতল্পে গুরুভার্য্যাগামিনি, ভ্রূণস্য গর্ভস্থস্য হত্যা যস্মাৎ তাদৃশে, রাজ্ঞো দ্বিষ্টে বিদ্বেষিণি চ সতি, তস্য বিপ্রস্য, বিষয়ান্তে স্বদেশান্তে, বিসর্জ্জনং নির্বাসনম্ ॥৩২—৩৩॥

দয়িতা ইতি। যে নরাঃ, দ্বিজেষু ব্রাহ্মণেষু, ভক্তিমন্তঃ, ভবন্তি, তে নরাঃ, দয়িতাঃ লোকপ্রিয়াঃ স্যুঃ। তথা চ, রাজ্ঞাং পুরুষসঞ্চয়াৎ স্বানুকূলনরসংগ্রহাৎ, অন্যঃ পরমঃ কোষো ধনসংগ্রহস্থানং নাস্তি। তথা চ রাজ্ঞা ব্রাহ্মণভক্তৈরেব লোকপ্রিয়ত্বম্, তচ্চ সর্ব্বশ্রেষ্ঠমেব সম্বলমিতি ভাবঃ ॥৩৪॥

অথ পুরুষসঞ্চয়েন কিং ফলমিত্যাহ দুর্গেষ্বিতি। ... দুর্গাঃ ॥৩৫॥

তস্মাদিতি। বিপশ্চিতা বিদুষা রাজ্ঞা। রঞ্জয়তি স্বানুরক্তীকরোতি ॥৩৬॥

নরনাথ! ব্রাহ্মণগণের মধ্যে কোন ব্যক্তি অপরাধ করিলেও রাজা প্রহার করিয়া, তাহার দেহের পীড়া উৎপাদন করিবেন না। ব্রাহ্মণ ব্রহ্মহত্যা, গুরুপত্নী-গমন, ভ্রূণহত্যা ও রাজার উপরে বিদ্বেষ করিলেও রাজা তাহার প্রাণদণ্ড করিবেন না; কিন্তু আপন রাজ্য হইতে বাহির করিয়া দিবেন। কেন না, কখনই ব্রাহ্মণগণের শারীরিক দণ্ড শাস্ত্রে বিহিত হয় নাই ॥৩২—৩৩॥

যে সকল মানুষ ব্রাহ্মণভক্ত হয়, তাহারা লোকপ্রিয় হইয়া থাকে; সুতরাং নিজের অনুকূলে মানুষকে সংগ্রহ করা ভিন্ন রাজাদের অন্য কোন উত্তম কোষ নাই ॥৩৪॥

মহারাজ! যে সকল দুর্গ শাস্ত্রে নির্দ্দিষ্ট রহিয়াছে, সেই ছয়প্রকার দুর্গের মধ্যেই নরদুর্গ অতি দুস্তর; ইহা মনস্বীরা মনে করেন ॥৩৫॥

অতএব বুদ্ধিমান্ রাজা সর্ব্বদাই ব্রাহ্মণপ্রভৃতি চারিটী বর্ণের উপরে দয়া করিবেন। আর ধর্ম্মাত্মা ও সত্যবাদী রাজা প্রজাগণকে নিজের প্রতি অনুরক্ত করিয়া থাকেন ॥৩৬॥

(৩৩)...বিষয়ান্তে বিবাসনম্...নি। (৩৪)...ন শোকঃ পরমা তুষ্টী রাজ্ঞাং ভবতি সঞ্চয়াৎ—নি।

ন চ ক্ষান্তেন তে নিত্যং ভাব্যং পুত্র ! সমন্ততঃ ।
অধর্ম্মো হি মৃদু রাজা ক্ষমাবানিব কুঞ্জরঃ ॥৩৭॥
বার্হস্পত্যে চ শাস্ত্রে চ শ্লোকো নিগদিতঃ পুরা ।
অস্মিন্নর্থে মহারাজ ! তন্মে নিগদতঃ শৃণু ॥৩৮॥
ক্ষমমাণং নৃপং নিত্যং নীচঃ পরিভবেজ্জনঃ ।
হস্তিযন্তা গজস্যেব শির এবারুরুক্ষতি ॥৩৯॥
তস্মান্নৈব মৃদুর্নিত্যং তীক্ষ্ণো নৈব ভবেন্নৃপঃ ।
বসন্তার্ক ইব শ্রীমান্ ন শীতো ন চ ঘর্ম্মদঃ ॥৪০॥
প্রত্যক্ষেণানুমানেন তথোপম্যাগমৈরপি ।
পরীক্ষ্যাস্তে মহারাজ ! স্বে পরে চৈব নিত্যশঃ ॥৪১॥

ভারতকৌমুদী

নেতি। ক্ষান্তেন ক্ষমাবতা। মৃদুঃ সর্ব্বদা কোমলস্বভাবঃ ॥৩৭॥

বার্হেতি। বার্হস্পত্যে বৃহস্পতিপ্রণীতে ॥৩৮॥

ক্ষমেতি। পরিভবেৎ অভিভবেৎ। হস্তিনো যন্তা চালকঃ। আরুরুক্ষতি আরোঢ়ুমিচ্ছতি ॥৩৯॥

তস্মাদিতি। বসন্তার্কো বসন্তকালীনঃ সূর্য্যঃ। ঘর্ম্মদ উত্তাপকরঃ ॥৪০॥

প্রত্যক্ষেণেতি। উপমানি সাদৃশ্যবোধা আগমা বিশ্বস্তজনবাক্যানি চ তৈঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

শারীরং কশাঘাতাদিদণ্ডম্, ক্লীবত্বমার্থম ॥৩৩॥ পুরুষসঞ্চয়াৎ ব্রাহ্মণভক্তাদিতি পূর্ব্বাক্ষাং, ... বট্‌সু মরুজলপৃথিবীবনপর্ব্বতনরময়েসু ॥৩৫—৩৬॥ পুনর্দয়াপবাদমাহ—ন চেতি। সমন্ত

পুত্র ! তুমি সর্ব্বদাই সকল দিকেই ক্ষমাশীল হইবে না। কারণ, সর্ব্বদা কোমল-স্বভাব রাজা ক্ষমাশীল হস্তীর ন্যায় অধম বলিয়া পরিগণিত হন ॥৩৭॥

মহারাজ ! এই বিষয়েই পূর্ব্বকালে বৃহস্পতি স্বকীয় নীতিশাস্ত্রে একটী শ্লোক বলিয়াছিলেন ; তাহা আমি বলিতেছি, শ্রবণ কর ॥৩৮॥

'দুর্ব্বল লোকও সর্ব্বদা ক্ষমাশীল রাজাকে লঙ্ঘন করিয়া থাকে। তা'র পর, মাহুত যেমন হস্তীর মস্তকেই আরোহণ করিবার ইচ্ছা করে ; তেমন দুর্ব্বল লোকও সর্ব্বদা ক্ষমাশীল রাজার মস্তকেই আরোহণ করিবার ইচ্ছা করে' ॥৩৯॥

অতএব রাজা সর্ব্বদাই কোমল হইবেন না, আবার সর্ব্বদাই তীক্ষ্ণও হইবেন না ; কিন্তু রাজলক্ষ্মীসম্পন্ন রাজা বসন্তকালের সূর্য্যের ন্যায় না শীতল না তীক্ষ্ণ হইয়া থাকিবেন ॥৪০॥

(৩৭)···অধর্ম্মো হি···বঙ্গ নি। (৪২)···সঙ্কীর্ণং পরিবর্জ্জয়েৎ···বঙ্গ।

ব্যসনানি চ সর্ব্বাণি ত্যজেথা ভূরিদক্ষিণ ! ।
ন চৈব ন প্রযুঞ্জীত সঙ্গন্তু পরিবর্জয় ॥৪২॥
লোকস্য ব্যসনী নিত্যং পরিভূতো ভবত্যুত ।
উদ্বেজয়তি লোকঞ্চ যোঽতিদ্বেষী মহীপতিঃ ॥৪৩॥
ভবিতব্যং সদা রাজ্ঞা গর্ভিণীসহধর্ম্মিণা ।
কারণঞ্চ মহারাজ ! শৃণু যেনেদমুচ্যতে ॥৪৪॥

ভারতকৌমুদী

ব্যসনানীতি। ভূরি প্রচুরা যজ্ঞাদীনাং দক্ষিণা যস্য তৎসম্বোধনম্। ব্যসনানি মন্বাদ্যুক্তান্ অষ্টাদশপ্রকারান্ দোষান্। কিঞ্চ, সর্ব্বথৈব ব্যসনানি ন প্রযুঞ্জীত ইত্যপি ন চ বিপক্ষজয়াদৌ সাহসাদেরবশ্যপ্রযোজ্যত্বাৎ। তর্হি কিং তত্রাহ সঙ্গমিতি। সঙ্গং ব্যসনেষ্বাসক্তিম্ ॥৪২॥

ব্যসনে দোষমাহ লোকস্যেতি। লোকস্য মধ্যে, পরিভূতস্তিরস্কৃতঃ ॥৪৩॥

ভবীতি। গর্ভিণ্যাঃ স্ত্রিয়াঃ সহ সমানো ধর্ম্মোঽস্যাস্তীতি তেন ॥৪৪॥

ভারতভাবদীপঃ

সর্ব্বজাতীয়েষু অধর্ম্মো ধর্ম্মবিরোধী ॥৩৭—৩৮॥ গজস্য ক্ষমমাণস্য ॥৩৯—৪০॥ প্রত্যক্ষেণোপ-কারাপকারাদিনা অনুমানেন নেত্রবক্ত্রবিকারাদিনা। যথোক্তম্—"নেত্রবক্ত্রবিকারেণ জ্ঞায়তেঽন্তর্গতং মন" ইতি। উপমামুপমানমত্র কার্য্যদর্শনেন আগমৈঃ শব্দাদিনা সামুদ্রিকলক্ষণেন তে পুরুষাঃ পরীক্ষ্যাঃ ॥৪১॥ ব্যসনান্যষ্টাদশ। যথাহ মনুঃ—"মৃগয়াক্ষো দিবাস্বপ্নঃ পরিবাদঃ স্ত্রিয়ো মদঃ। তৌর্য্যত্রিকং বৃথাপানং কামজো দশকো গণঃ॥" তৌর্য্যত্রিকং বাদ্যগীতনৃত্যানি। "পৈশুন্যং সাহসং দ্রোহ ঈর্ষ্যাসূয়ার্থদূষণম্। বাগ্‌দণ্ডজঞ্চ পারুষ্যং ক্রোধজোঽপি গণোঽষ্টক॥" ইতি। তত্র চ সপ্ত কষ্টতমানি। যথাহ—"পানমক্ষাঃ স্ত্রিয়শ্চৈব মৃগয়া চ যথাক্রমম্। এতৎ কষ্টতমং বিদ্যাচ্চতুষ্কং কামজে গণে॥ দণ্ডস্য পাতনং চৈব বাক্‌পারুষ্যার্থদূষণে। ক্রোধজেঽপি গণে বিদ্যাৎ কষ্টমেতত্ত্রিকং সদা॥" ইতি ন প্রযুঞ্জীতেতি ন অপি তু সর্ব্বদা শূরান্ জয়ায় প্রযোজয়েদেব সঙ্কীর্ণং প্রযুক্ত্যপ্রযুক্ত্যোঃ সঙ্করং সাম্ম উপগতে প্রয়োগো নাস্তি অন্যত্র ক্ষুধাদেবেত্যর্থঃ ॥৪২॥ ব্যসনী

মহারাজ ! তুমি প্রত্যক্ষ, অনুমান, উপমান ও বিশ্বস্তলোকের বাক্য অনুসারে স্বপক্ষীয় বা পরপক্ষীয় লোকদিগকে সর্বদা পরীক্ষা করিবে ॥৪১॥

প্রচুরদক্ষিণাদানকারী যুধিষ্ঠির ! তুমি মৃগয়াপ্রভৃতি সমস্ত ব্যসনই পরিত্যাগ করিবে। তবে সাহসপ্রভৃতি ব্যসন একেবারে প্রয়োগ করিবে না এমন নহে ; কিন্তু সেগুলির প্রতি আসক্তি পরিত্যাগ করিবে ॥৪২॥

যে রাজা ব্যসনী হন, তিনি লোকমধ্যেই লোকমুখে তিরস্কৃত হইয়া থাকেন এবং যে রাজা অত্যন্ত বিদ্বেষী হন, তিনি লোকের উদ্বেগ উৎপাদন করেন ॥৪৩॥

রাজা সর্ব্বদাই গর্ভিণীর তুল্য স্বভাবসম্পন্ন হইবেন। মহারাজ ! যে জন্য একথা বলিলাম, তাহার কারণ শ্রবণ কর ॥৪৪॥

যথা হি গর্ভিণী হিত্বা স্বং প্রিয়ং মনসোঽনুগম্ ।
গর্ভস্য হিতমাধত্তে তথা রাজ্ঞাপ্যসংশয়ম্ ॥৪৫॥
বর্ত্তিতব্যং কুরুশ্রেষ্ঠ ! সদা ধর্ম্মানুবর্ত্তিনা ।
স্বং প্রিয়ন্তু পরিত্যজ্য যদ্‌যল্লোকহিতং ভবেৎ ॥৪৬॥ (যুগ্মকম্)
ন সন্ত্যাজ্যঞ্চ তে ধৈর্য্যং কদাচিদপি পাণ্ডব ! ।
ধীরস্য স্পষ্টদণ্ডস্য ন ভয়ং বিদ্যতে ক্বচিৎ ॥৪৭॥
পরিহাসশ্চ ভৃত্যৈস্তে নাত্যর্থং বদতাং বর ! ।
কর্ত্তব্যো রাজশার্দ্দূল ! দোষমত্র হি মে শৃণু ॥৪৮॥
অবমন্যন্তি ভর্ত্তারং সহর্ষমুপজীবিনঃ ।
স্বে স্থানে ন চ তিষ্ঠন্তি লঙ্ঘয়ন্তি চ তদ্বচঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

যথেতি। হিত্বা হিতসাধন এব ত্যক্ত্বা অনুগমনুকূলমপি। আধত্তে জনয়তি। যদ্‌যল্লোকহিতং ভবেৎ তত্র তত্র বর্ত্তিতব্যমিত্যর্থঃ ॥৪৫—৪৬॥

নেতি। উক্তার্থে হেতুমাহ ধীরস্যেতি। স্পষ্টঃ সর্ব্বপ্রত্যক্ষ এব অপরাধিনাং দণ্ডো যস্যাস্তস্য, এবঞ্চ সতি দণ্ডিতস্যাপি দ্বেষাভাবাৎ ভয়াভাব ইতি ভাবঃ ॥৪৭॥

পরীতি। ভৃত্যৈঃ সহ, নাত্যর্থং কর্ত্তব্য ইতি শেষঃ। অত্রস্থ কর্ত্তব্যোঽপীত্যাশয়ঃ ॥৪৮॥

অবেতি। সহর্ষং ভয়াভাবাৎ সানন্দমেব, উপজীবিনো ভৃত্যাঃ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

নগরাহ্বকাঃ শ্বিয়ঃ পানঞ্চ তরান্। অতিবেশা প্রজাদ্রোহপরঃ ॥৪১—৪৫॥ প্রিয়মিষ্টম্ ॥৪৬॥ ৪৬ স্বয়া স্পষ্টঃ প্রখ্যাতো দণ্ডঃ গজরথহস্তিপুরুষাদিসমূহো যস্য তস্য স্পষ্টদণ্ডস্য ॥৪৭—৪৮॥

কুরুশ্রেষ্ঠ ! গর্ভিণী স্ত্রী যেমন মনের অনুকূল প্রিয় পতিকেও পরিত্যাগ করিয়া গর্ভেরই হিতসাধন করিতে থাকে; সেইরূপ ধর্ম্মানুবর্ত্তী রাজা নিজের প্রিয় কার্য্য সকল পরিত্যাগ করিয়া, যাহা যাহা লোকের হিতকর, তাহাতেই সর্ব্বদা প্রবৃত্ত থাকিবেন, এ বিষয়ে কোন সন্দেহ করিও না ॥৪৫—৪৬॥

পাণ্ডুনন্দন ! তুমি কখনও ধৈর্য্য ত্যাগ করিবে না। কারণ, যে রাজা সর্ব্বদা ধীর থাকেন এবং স্পষ্টভাবে অপরাধীর দণ্ড করেন, তাঁহার কখনও ভয় উপস্থিত হয় না ॥৪৭॥

বাগ্মিশ্রেষ্ঠ রাজেন্দ্র ! তুমি ভৃত্যগণের সহিত অধিক পরিহাস করিবে না। এ বিষয়ে যে দোষ হয়, তাহা শ্রবণ কর ॥৪৮॥

যাহাদের সহিত পরিহাস করা হয়, সেই ভৃত্যেরা আনন্দের সহিতই প্রভুকে

(৪৯)···সহর্ষাদুপজীবিনঃ···পি,···সংহর্ষাদুপজীবিনঃ··· বঙ্গ বঙ্ক।

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

শান্তিপর্ব্ব

পঞ্চমখণ্ডম্

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যক-দেবলেনস্থ-সিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব প্রকাশিতঞ্চ

(ফোন নং পার্ক ২৪৬৯)

১৩৪৮ বঙ্গাব্দে

[redacted]াহকপক্ষে মূল্যম্ ১৲ সাধারণপক্ষে মূল্যম্ ১।০

প্রেষ্যমাণা বিকল্পন্তে গুহ্যং চাপ্যনুযুঞ্জতে।
অযাচ্যঞ্চৈব যাচন্তে ভোজ্যান্যাহারয়ন্তি চ ॥৫০॥
ক্রুশ্যন্তি পরিদীপ্যন্তি ভূমিপায়াধিতিষ্ঠতে।
উৎকোচৈর্বঞ্চনাভিশ্চ কার্য্যাণি ঘ্নন্তি চাস্য তে ॥৫১॥
জর্জ্জরং চাস্য বিষয়ং কুর্ব্বন্তি প্রতিরূপকৈঃ।
স্ত্রীরক্ষিভিশ্চ সজ্জন্তে তুল্যবেশা ভবন্তি চ ॥৫২॥

ভারতকৌমুদী

অধ্যায়শেষং যাবন্মৃদৌ রাজনি ভৃত্যানাং বিবিধান্ ব্যতিক্রমানাহ প্রেষ্যেতি। প্রেষ্যমাণাঃ কার্য্যেষু নিযোজ্যমানা ভৃত্যাঃ, বিকল্পন্তে গচ্ছামো ন গচ্ছামো বেত্যাদাসতে, গুহ্যং গোপনীয়মপি বিষয়ম্, অনুযুঞ্জতে জ্ঞাতুং সাহসাৎ পৃচ্ছন্তি। মূল্যাতিরেকাৎ বাহুল্যাদ্বা অযাচ্যমপি বস্তু, স্পর্দ্ধয়ৈব যাচন্তে, রাজ্ঞো ভোজ্যান্যপি বস্তূনি, আহারয়ন্তি সাহসাৎ খাদন্তি চ ॥৫০॥

ক্রুশ্যন্তীতি। তে তাদৃশা ভৃত্যাঃ, অধিতিষ্ঠতে রাজপদে বিদ্যমানায়াপি, ভূমিপায় রাজ্ঞে, ক্রুশ্যন্তি তিরস্কারং কুর্ব্বন্তি, পরিদীপ্যন্তি উত্তেজিতা ভবন্তি। কিঞ্চ উৎকোচৈর্বঞ্চনাভিশ্চ, অস্য ভূমিপস্য, কার্য্যাণি ঘ্নন্তি নাশয়ন্তি ॥৫১॥

জর্জ্জরমিতি। অপি চ তে ভৃত্যাঃ, প্রতিরূপকৈঃ রাজদেয়লেখ্যপত্রান্তররূপৈঃ কৃত্রিমৈঃ লেখ্যপত্রৈঃ পণ্যাভ্যন্তদানৈরিত্যর্থঃ, অস্য রাজ্ঞো, বিষয়ং রাজ্যম্, জর্জ্জরং প্রজাস্বত্বীকরণেন জীর্ণং কুর্ব্বন্তি, রাজ্ঞ এব স্ত্রীরক্ষিভিঃ ক্লীবাদীভিঃ সহ, সজ্জন্তে তত্তৎস্ত্রীভোগায় মিলিতা ভবন্তি, রাজতুল্যবেশাশ্চ ভবন্তি ॥৫২॥

ভারতভাবদীপঃ

সম্বর্গাৎ অতিসংশ্লেষাৎ ॥৪৯॥ বিকল্পন্তে কার্য্যে সংশয়ং দর্শয়ন্তি গুহ্যং গোপ্যমপি ছিদ্রম্ অনুযুঞ্জতে প্রকটয়ন্তি ভোজ্যানি রাজ্ঞঃ আহারয়ন্তি ভক্ষয়ন্তি ॥৫০॥ উৎকোচৈর্লঞ্চাভিঃ বঞ্চনা অলীকগুণদোষাদি-প্রদর্শনম্ অনুবিহন্তি বিনিঘ্নন্তি ॥৫১॥ প্রতিরূপকৈঃ কৃত্রিমৈঃ শাসনপত্রৈঃ বিষয়ং দেশং জর্জ্জরং

অবজ্ঞা করে এবং আপন আপন স্থানে থাকে না। বিশেষতঃ, তাহারা প্রভুর আদেশও লঙ্ঘন করিতে থাকে ॥৪৯॥

মৃদু রাজা ভৃত্যদিগকে কোন কার্য্যে নিয়োগ করিলে, 'যাইতেও পারি না, যাইতেও পারি' ইহা ভাবিয়া তাহারা উদাসীনই থাকে; গোপনীয় বিষয়ও রাজার নিকট জিজ্ঞাসা করে, অপ্রার্থনীয় বস্তু প্রার্থনা করে এবং রাজার খাদ্য আপনারা খায় ॥৫০॥

কোমলস্বভাব রাজা রাজপদে অধিষ্ঠিত থাকিলেও সেইরূপ ভৃত্যেরা তাঁহাকে তিরস্কার করে, তাঁহার উপরে উত্তেজিত হয় এবং উৎকোচ (ঘুষ) লইয়া কিংবা প্রতারণা করিয়া রাজার কার্য্যই নষ্ট করে ॥৫১॥

(৫১)···কার্য্যাণ্যনুবিহন্তি চ—পি বঙ্গ বদ্ধ।

বাতং নিষ্ঠীবনঞ্চৈব কুর্ব্বতে চাস্য সন্নিধৌ।
নির্লজ্জা রাজশার্দ্দূল! ব্যাহরন্তি চ তদ্বচঃ ॥৫৩॥
হয়ং বা দন্তিনং বাপি রথং বা নৃপসত্তম!।
অধিরোহন্ত্যবজ্ঞায় সহর্ষাঃ পার্থিবে মৃদৌ ॥৫৪॥
ইদং তে দুষ্করং রাজন্নিদং তে দুষ্টচেষ্টিতম্।
ইত্যেবং সুহৃদো বাচং বদন্তে পরিষদ্‌গতাঃ ॥৫৫॥
ক্রুদ্ধে চাস্মিন্ হসন্ত্যেব ন চ হৃষ্যন্তি পূজিতাঃ।
সংঘর্ষশীলাশ্চ তদা ভবন্ত্যন্যোন্যকারণাৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

বাতমিতি। কিঞ্চ তে ভৃত্যাঃ, নির্লজ্জা এব সন্তঃ, অস্য রাজ্ঞঃ সন্নিধাবেব, বাতং কুর্ব্বতে সশব্দং পায়ুবায়ুং নিঃসারয়ন্তি, নিষ্ঠীবনঞ্চ কুর্ব্বতে সশব্দমেব মুখেন শ্লেষ্মাদিকং পাতয়ন্তি; তদ্বচঃ রাজমুখাদাকৃষ্য রাজ্ঞ এব বাক্যম্, ব্যাহরন্তি বদন্তি চ ॥৫৩॥

হয়মিতি। অবজ্ঞায় পার্থিবমেব, সহর্ষাস্তে ভৃত্যাঃ ॥৫৪॥

ইদমিতি। বদন্তে তাদৃশোক্ত্যা সংকার্য্যেঽপি বৈমত্যং জ্ঞাপয়ন্তীত্যর্থঃ ॥৫৫॥

ক্রুদ্ধ ইতি। পূজিতাঃ সম্মানিতা অপি। সঙ্ঘর্ষশীলা বিবাদস্বভাবাঃ ॥৫৬॥

ভারতভাবদীপঃ

নিঃসারং স্ত্রীরক্ষিভিঃ সঙ্গত্বে প্রীতিং কুর্ব্বন্তি অন্তঃপুরে প্রবেশমিচ্ছন্তঃ ॥৫২॥ বাতং জৃম্ভাদিনা নিষ্ঠীবনং থুৎকারং তদ্বচঃ রাজবাক্যং গুহ্যমপি লোকে ব্যাহরন্তি ॥৫৩॥ হয়মিত্যাদি মৃদৌ পরিহাসশীলে

তাদৃশ ভৃত্যেরা প্রজাবর্গকে কৃত্রিম লেখাপত্র (জাল দলিল) দিয়া রাজার রাজ্যটীকে জীর্ণ করিয়া ফেলে; রাজার স্ত্রীরক্ষকদিগের সহিত মিলিত হয় এবং রাজারই তুল্য বেশ ধারণ করিতে থাকে ॥৫২॥

রাজশ্রেষ্ঠ! সেইরূপ ভৃত্যেরা নির্লজ্জ হইয়া রাজার নিকটেই সশব্দে পায়ুবায়ু নিঃসারণ করে, থুথু ফেলে এবং রাজার মুখ হইতে তাঁহার কথা টানিয়া লইয়া নিজেরাই তাহা বলিতে থাকে ॥৫৩॥

রাজশ্রেষ্ঠ! রাজা কোমল হইলে, ভৃত্যেরা সে রাজাকে অবজ্ঞা করিয়া, আনন্দের সহিতই রাজার অশ্ব, হস্তী ও রথে আরোহণ করে ॥৫৪॥

রাজসভাস্থিত কৃত্রিম বন্ধুগণ এইরূপ বলিতে থাকে যে—'রাজা! এ কার্য্য আপনার পক্ষে দুষ্কর এবং এ কার্য্য আপনার দূষিত কার্য্য' ॥৫৫॥

(৫৪)···হর্ষুলে পার্থিবে···পি বঙ্গ বৰ্দ্ধ। (৫৬)···সংহর্ষশীলাশ্চ···পি বঙ্গ বৰ্দ্ধ,···সুহৃদো নাম ব্রুবতে···নি।

বিস্রংসয়ন্তি মন্ত্রঞ্চ বিবৃণ্বন্তি চ দুষ্কৃতম্ ।
লীলয়া চৈব কুর্ব্বন্তী সাবজ্ঞাস্তস্য শাসনম্ ॥৫৭॥
অলঙ্কারে চ ভোজ্যে চ তথা স্নানানুলেপনে ।
হেলনানি নরব্যাঘ্র ! স্বস্থাস্তস্যোপশৃণ্বতঃ ॥৫৮॥
নিন্দন্তে স্বানধীকারান্ সন্ত্যজন্তে চ ভারত ! ।
ন বৃত্ত্যা পরিতুষ্যন্তি রাজদেয়ং হরন্তি চ ॥৫৯॥
ক্রীড়িতুং তেন চেচ্ছন্তি সসূত্রেণেব পক্ষিণা ।
অস্মৎপ্রণেয়ো রাজেতি লোকাংশ্চৈব বদন্ত্যুত ॥৬০॥

ভারতকৌমুদী

বীতি । বিস্রংসয়ন্তি প্রকটয়ন্তি । লীলয়া অবহেলয়া ॥৫৭॥
অলঙ্কার ইতি । হেলনানি অবজ্ঞাঃ প্রকাশয়ন্তীতি শেষঃ । স্বস্থা নিরুদ্বেগা এব ॥৫৮॥
নিন্দন্ত ইতি । অধীকারান্ পদানি । বৃত্ত্যা বেতনাদিনা ॥৫৯॥
ক্রীড়িতুমিতি । তেন রাজ্ঞা সহ । অস্মাভিঃ প্রণেয়ঃ সর্ব্বেষ্বেব কার্য্যেষু পরিচালনীয়ঃ ॥৬০॥

ভারতভাবদীপঃ

॥৫২—৫৬॥ বিস্রংসয়ন্তি ভেদয়ন্তি ॥৫৭॥ হেলনানি কুর্ব্বন্তীতি শেষঃ । উপশৃণ্বতঃ শৃণ্বতমনাদৃত্য, স্বস্থাঃ নির্ভয়াঃ ॥৫৮॥ রাজদেয়ং রাজভাগম্ ॥৫৯॥ ক্রীড়িতুং রাজ্ঞা সহ মৃগয়াদিক্রীড়াং কর্ত্তুং

মৃদু রাজা ক্রুদ্ধ হইলেও ভৃত্যেরা হাস্য করে ; সেই রাজা সম্মান করিলেও সে ভৃত্যেরা আনন্দিত হয় না এবং সভার সময়ে তাহারা পরস্পর স্বার্থসাধনের নিমিত্ত বিবাদ করিতে থাকে ॥৫৬॥

ভৃত্যেরা রাজার গুপ্তমন্ত্রণা প্রকাশ করে, তাঁহার অন্যায় কার্য্যগুলি প্রচার করিয়া থাকে এবং রাজার প্রতি অবজ্ঞাযুক্ত হইয়া, অবহেলার সহিতই তাঁহার আদেশ পালন করে ॥৫৭॥

নরশ্রেষ্ঠ ! মৃদু রাজার অলঙ্কার, খাদ্য, স্নানীয় ও অনুলেপনের দ্রব্যগুলির বিষয়ে সেই ভৃত্যেরা নিরুদ্বেগ থাকিয়াই রাজা শুনিতে পান, এমন ভাবে অবজ্ঞার কথা বলে ॥৫৮॥

ভরতনন্দন ! তাহারা আপন আপন পদগুলির নিন্দা করে, কোন কোন সময়ে আপনাদের ইচ্ছা অনুসারেই আপন আপন পদগুলিকে পরিত্যাগ করে, রাজদত্ত বেতনে সন্তুষ্ট হয় না এবং রাজা যাহা দিবেন, তাহা তাঁহার অনুমতি ব্যতীতই নিজেরাই গ্রহণ করে ॥৫৯॥

(৫৮)···স্ত্রিয়মাণে নরব্যাঘ্র !···বর্দ্ধ। (৫৯) নিত্যান্তে···বর্দ্ধ···ন কৃত্যা···বঙ্গ।

এতে চৈবাপরে চৈব দোষাঃ প্রাদুর্ভবন্ত্যত।
নৃপতৌ মার্দ্দবোপেতে হর্ম্মলে চ যুধিষ্ঠির! ॥৬১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে ভীষ্মবাক্যে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—————:‍:—————

ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—————:‍:—————

ভীষ্ম উবাচ।
নিত্যোদ্যুক্তেন বৈ রাজ্ঞা ভবিতব্যং যুধিষ্ঠির!।
প্রশস্যতে ন রাজা হি নারীবোদ্যমবর্জিতঃ ॥১॥

ভারতকৌমুদী

এত ইতি। মার্দ্দবোপেতে কেবলকোমলতাপ্রাপ্তে, হর্ম্মলে ভৃত্যৈঃ সহ পরিহাসশীলে ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—————:০:—————

নিত্যেতি। নিত্যোদ্যুক্তেন সর্ব্বদোদ্যমশালিনা। উদ্যমস্যৈব সর্ব্বকার্য্যসিদ্ধিমূলত্বাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

সসূত্রেণ বদ্ধেন পক্ষিণা শ্যেনেন রাজ্ঞো নিরোধক ইত্যর্থঃ। প্রণেয়ঃ শাস্যঃ ॥৬০॥ অপরে দারাপহারাদয়ঃ ॥৬১॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

তাহারা সূত্রবদ্ধ পক্ষীর ন্যায় সেই রাজার সহিত খেলা করিবার ইচ্ছা করে এবং লোকমধ্যে বলে যে—'রাজাকে ত আমরাই পরিচালনা করি' ॥৬০॥

যুধিষ্ঠির! রাজা কোমল হইলে কিংবা ভৃত্যগণের সহিত হাস-পরিহাস করিলে, এই সকল দোষ এবং অন্য অনেক দোষ উপস্থিত হইয়া থাকে' ॥৬১॥

—————:০:—————

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! রাজা সর্ব্বদাই উদ্যমী হইবেন। কারণ, অবলার ন্যায় উদ্যমবিহীন রাজাকে কোন ব্যক্তিই প্রশংসা করে না ॥১॥

* '.. ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ'—পি বঙ্গ বর্দ্ধ।।

ভগবানুশনা চাহ শ্লোকমত্র বিশাংপতে। ।
তদিহৈকমনা রাজন্! গদতস্তং নিবোধ মে ॥২॥
দ্বাবিমৌ গ্রসতে ভূমিঃ সর্পো বিলশয়ানিব।
রাজানং চাবিরোদ্ধারং ব্রাহ্মণং চাপ্রবাসিনম্ ॥৩॥
তদেতন্নরশার্দ্দূল! হৃদি ত্বং কর্ত্তুমর্হসি।
সন্ধেয়ানভিসন্ধৎস্ব বিরোধ্যাংশ্চ বিরোধয় ॥৪॥
সপ্তাঙ্গস্য চ রাজ্যস্য বিপরীতং য আচরেৎ।
গুরুর্ব্বা যদি বা মিত্রং প্রতিহন্তব্য এব সঃ ॥৫॥
মরুত্তেন হি রাজ্ঞা বৈ গীতঃ শ্লোকঃ পুরাতনঃ।
রাজাধিকারে রাজেন্দ্র! বৃহস্পতিমতে পুরা ॥৬॥

ভারতকৌমুদী

উক্তার্থে আপ্তবাক্যং প্রমাণয়িতুমাহ ভগবানিতি। উশনা শুক্রঃ ॥২॥

দ্বাবিতি। গ্রসতে লয়ং নয়তি, বিলশয়ান্ গর্ত্তস্থান্ মূষিকান্। অবিরোদ্ধারম্ উদ্যমশূন্যতয়া বিপক্ষৈঃ সহ বিরোধস্যাকর্ত্তারম্। অপ্রবাসিনং ধনার্জ্জনায় প্রবাসস্যাকর্ত্তারম্ ॥৩॥

তদেতদিতি। সন্ধেয়ান্ সন্ধিযোগ্যান্। উভয়ত্রাপি লোকানিতি শেষঃ ॥৪॥

অথ কো নাম বিরুদ্ধ ইত্যাহ সপ্তেতি। স্বাম্যমাত্যসুহৃৎকোষরাষ্ট্রদুর্গবলানীতি সপ্ত অঙ্গানি যস্য তস্য, বিপরীতং বিরুদ্ধম ॥৫॥

ভারতভাবদীপঃ

অধ্যায়দ্বয়স্য সূত্রভূতশ্লোকাত্তরঃ গ্রন্থঃ বৃত্তিরূপঃ। তত্র উত্থানেন যতেথাঃ ইত্যুক্তা তদ্বিবৃণোতি, নিত্যমিতি ॥১॥ যং শ্লোকম্ আহ তং ত্বমাত্তং শ্লোকং নিবোধ ॥২॥ অপ্রবাসিনং দেবাধ্যয়নার্থং ব্রাহ্মণং নীতং বা ॥৩॥ বিরোধয় পর্ব্বতাদৌ তেষাং বিশেষেণ রোধং কুরু ॥৪॥ সপ্ত স্বাম্যমাত্যসুহৃৎকোষরাষ্ট্রদুর্গ-

নরনাথ! ভগবান্ শুক্রাচার্য্য এই বিষয়েই একটী শ্লোক বলিয়াছেন; আমি তাহা বলিতেছি, তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর ॥২॥

'সর্প যেমন গর্ত্তস্থিত মূষিকগুলিকে গ্রাস করে; সেইরূপ ভূমি, অবিরোধকারী রাজা এবং অবিদেশগামী ব্রাহ্মণ এই দুইজনকে গ্রাস করিয়া থাকে' ॥৩॥

অতএব, নরশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদাই এই বিষয়টা মনে রাখিতে পার। তাহাতেই তুমি সন্ধির যোগ্য রাজাদের সহিত সন্ধি করিবে এবং বিরোধের যোগ্য রাজাদের সঙ্গে বিরোধ করিবে ॥৪॥

(তাহাতে এই দাঁড়াইল যে,) রাজা, অমাত্য, সুহৃৎ, কোষ, রাজ্য, দুর্গ ও সৈন্য এই সাতটী রাজত্বের অঙ্গ। যে কোন ব্যক্তি ইহার বিরুদ্ধাচরণ করিবে; সেই ব্যক্তি গুরু বা মিত্রই হউক, রাজা অবশ্যই তাহার প্রতিঘাত করিবেন ॥৫॥

গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথপ্রতিপন্নস্য দণ্ডো ভবতি শাশ্বতঃ ॥৭॥
বাহোঃ পুত্রেণ রাজ্ঞা চ সগরেণ চ ধীমতা।
অসমঞ্জাঃ সুতো জ্যেষ্ঠস্ত্যক্তঃ পৌরহিতৈষিণা ॥৮॥
অসমঞ্জাঃ সরয্বাং স পৌরাণাং বালকান্ নৃপ!।
ন্যমজ্জয়দতঃ পিত্রা নির্ভৎর্স্য স বিবাসিতঃ ॥৯॥
ঋষিণোদ্দালকেনাপি শ্বেতকেতুর্মহাতপাঃ।
মিথ্যা বিপ্রানুপচরন্ সন্ত্যক্তো দয়িতঃ সুতঃ ॥১০॥
লোকরঞ্জনমেবাত্র রাজ্ঞাং ধর্ম্মঃ সনাতনঃ।
সত্যস্য রক্ষণঞ্চৈব ব্যবহারস্য চার্জ্জবম্ ॥১১॥

ভারতকৌমুদী

গুরোঃ প্রতিঘাতস্য ন্যায্যতাং দর্শয়িতুমাহ মরুত্তেনেতি। রাজাধিকারে রাজবিষয়ে ॥৬

গুরোরিতি। অবলিপ্তস্য গর্ব্বিতস্য। উৎপথপ্রতিপন্নস্য অসৎপথং প্রাপ্তস্য ॥৭॥

ন কেবলং তাদৃশস্য গুরোর্দণ্ডঃ, অপি তু তথাভূতস্যাত্মীয়স্যাপীত্যর্থে ইতিহাসং প্রমাণয়তি বাহো-রিতি। অসমঞ্জা নাম। ধীমত্ত্বাদেব সগরেণ তথা কৃতমিত্যাশয়ঃ ॥৮॥

অথাসমঞ্জসঃ কোঽপরাধ আসীদ্‌যেনাসৌ ত্যক্ত ইত্যাহ অসমঞ্জা ইতি। সরয্বাং নদ্যাম ॥৯॥

ঋষিণেতি। মিথ্যোপচরন্ মিথ্যাভাষণেন প্রতারয়ন্। দয়িতঃ প্রিয়ঃ ॥১০॥

নম্ব পুত্রত্যাগোঽপান্যায্য এবেত্যাহ লোকেতি। আর্জ্জবং সরলতা ॥১১॥

রাজশ্রেষ্ঠ! পূর্ব্বকালে মরুত্তরাজা বৃহস্পতির মত অনুসারে রাজাদের বিষয়ে একটী শ্লোক বলিয়া গিয়াছেন; (তাহা এই—) ॥৬॥

'গুরুও যদি গর্ব্বিত হন, কর্ত্তব্য বা অকর্ত্তব্য না বোঝেন, কিংবা উৎপথে চলিতে থাকেন; তাহা হইলে, তাঁহারও অবশ্যই দণ্ড করা উচিত' ॥৭॥

বাহুর পুত্র বুদ্ধিমান্ সগররাজা পুরবাসিবর্গের হিতের জন্য জ্যেষ্ঠ পুত্র অসমঞ্জাকে ত্যাগ করিয়াছিলেন ॥৮॥

রাজা! সেই অসমঞ্জা পুরবাসিগণের অনেকগুলি বালককে সরযূনদীতে মগ্ন করাইয়াছিলেন; সেই জন্যই পিতা সগররাজা ভর্ৎসনা করিয়া, তাঁহাকে নির্ব্বাসিত করিয়াছিলেন ॥৯॥

মহাতপা শ্বেতকেতু বহু ব্রাহ্মণকে প্রতারণা করিয়াছিলেন। সেই জন্যই তাঁহার পিতা উদ্দালক ঋষি সেই প্রিয়পুত্র শ্বেতকেতুকে পরিত্যাগ করিয়াছিলেন ॥১০॥

এই জগতে প্রজা রঞ্জন, সত্য রক্ষা ও সরল ব্যবহার করা রাজাদের সনাতন ধর্ম্ম ॥১১॥

ন হিংস্যাৎ পরবিত্তানি দেয়ং কালে চ দাপয়েৎ।
বিক্রান্তঃ সত্যবাক্ ক্ষান্তো নৃপো ন চলতে পথঃ ॥১২॥
আত্মবাংশ্চ জিতক্রোধঃ শাস্ত্রার্থকৃতনিশ্চয়ঃ।
ধর্ম্মে চার্থে চ কামে চ মোক্ষে চ সততং রতঃ ॥১৩॥
ত্রয্যা সংবৃতমন্ত্রশ্চ রাজা ভবিতুমর্হতি।
বৃজিনঞ্চ নরেন্দ্রাণাং নান্যচ্চারক্ষণাৎ পরম্ ॥১৪॥
চাতুর্ব্বর্ণ্যস্য ধর্ম্মাশ্চ রক্ষিতব্যা মহীক্ষিতা।
ধর্ম্মসঙ্করক্ষা চ রাজ্ঞাং ধর্ম্মঃ সনাতনঃ ॥১৫॥

ভারতকৌমুদী

নেতি। পরবিত্তানি প্রজাধনানি, দাপয়েৎ প্রজান্তরেণ বাধাদানে স্বভৃত্যদ্বারা। ক্ষান্তঃ ক্ষমাশীলঃ, পথো ন্যায়মার্গাৎ ॥১২॥

আত্মবানিতি। আত্মবান্ প্রশস্তচেতাঃ, শাস্ত্রার্থে কৃতো নিশ্চয়ো বিশ্বাসো যেন সঃ ॥১৩॥

ত্রয্যেতি। ত্রয্যা প্রভাবোৎসাহমন্ত্রজাতশক্তিত্রয়ং তয়া বিশিষ্টঃ, সংবৃতমন্ত্রো গুপ্তমন্ত্রণঃ। অরক্ষণাৎ মন্ত্রাসংবরণাৎ, পরমধিকম, অন্যদ্বৃজিনমমঙ্গলং নাস্তি ॥১৪॥

চাতুরিতি। মহীক্ষিতা রাজ্ঞা। ধর্ম্মাণাং সঙ্করস্য মিশ্রণস্য রক্ষা নিবারণম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

বলানি অঙ্গানি যস্য তস্য সপ্তাঙ্গস্য বিপরীতং যস্য কস্যচিদপাঙ্গস্য প্রতিকূলম্ ॥৫—৬॥ শাশ্বতঃ অপ্রতিসমাধেয়ঃ পর্ব্বতারোহণাদির্গুরোঃ অন্যস্য তু বধ এব ॥৭—১১॥ ন হিংস্যাৎ করার্থং ক্ষেত্রেষু ধান্যানি রুদ্ধা বৃত্যাদিনা ন নাশয়েৎ দেয়ং ভৃত্যানাং বেতনম্, বিক্রান্তঃ পরাক্রমী, ক্ষান্তঃ ক্ষমাবান্, পথঃ শুভমার্গাৎ ॥১২॥ আত্মবান্ জিতচিত্তঃ শাস্ত্রার্থে কৃতনিশ্চয়ঃ নিঃসন্দেহঃ সততং নিত্যং পূর্ব্বাহ্ণে ধর্ম্মং মধ্যাহ্নেঽর্থমপরাহ্ণে কামমপররাত্রে যোগং চেতি নিত্যং সর্ব্বানপি সেবেত ॥১৩॥ বৃজিনং সঙ্কটম্ অরক্ষণান্মন্ত্রস্যাগোপনাদন্যন্নাস্তি ॥১৪॥ ধর্ম্মাণাং সঙ্করো বাত্যয়স্তস্মাৎ প্রজানাং রক্ষা ধর্ম্মসঙ্কররক্ষা

রাজা প্রজার ধন নষ্ট করিবেন না; যে প্রজাকে যাহা দিতে হয়, তাহাতে অপর কোন প্রজা বাধা দিলে, রাজপুরুষদ্বারা তাহা দেওয়াইবেন এবং বিক্রমী, সত্যবাদী ও ক্ষমাশীল হইবেন; আর সৎপথ হইতে বিচলিত হইবেন না ॥১২॥

রাজা উদারচেতা, ক্রোধজয়ী, শাস্ত্রার্থবিশ্বাসী এবং ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষে সর্ব্বদা নিরত হইবেন ॥১৩॥

যিনি প্রভাব, উৎসাহ ও মন্ত্রণাশক্তিসম্পন্ন হন এবং মন্ত্রণা গুপ্ত রাখিতে পারেন; তিনিই রাজা হইতে পারেন। মন্ত্রণা গোপন না রাখা অপেক্ষা রাজাদের অপর কোন গুরুতর অমঙ্গল হইতে পারে না ॥১৪॥

(১৪) ত্রয্যাং সংবৃতমন্ত্রশ্চ···বঙ্গ বর্দ্ধ।

নাবিশ্বসেচ্চ নৃপতির্ন চাত্যর্থঞ্চ বিশ্বসেৎ।
ষাড়্‌গুণ্যগুণদোষাংশ্চ নিত্যং বুদ্ধ্যাবলোকয়েৎ ॥১৬॥
দ্বিট্‌ছিদ্রদর্শী নৃপতির্নিত্যমেব প্রশস্যতে।
ত্রিবর্গে বিদিতার্থশ্চ যুক্তচারোপধিশ্চ যঃ ॥১৭॥

ভারতকৌমুদী

নেতি। নৃপতিঃ প্রজামাত্যাদিষু অত্যর্থং ন অবিশ্বসেৎ, অত্যর্থঞ্চ ন বিশ্বসেৎ। অবিশ্বসেদিতি অভাবার্থ এব অ-শব্দঃ। তথা চ ত্রিকাণ্ডশেষঃ—"নহি নো অ ন মা মাস্ম প্রতিষেধে প্রকীর্ত্তিতম্"। সন্ধ্যাদয়ঃ ষড়্‌গুণা এব ষাড়্‌গুণ্যং চাতুর্ব্বর্ণ্যাদিবৎ স্বার্থে ষণ্। তস্য গুণদোষান্। "সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ। ষড়্‌গুণাঃ" ইত্যমরঃ ॥১৬॥

দ্বিড়িতি। দ্বিষাং শত্রূণাং ছিদ্রদর্শী রন্ধ্রজ্ঞঃ। ত্রিবর্গে ধর্ম্মার্থকামেষু, বিদিতার্থো জ্ঞাততত্ত্বঃ, যুক্তা নিযুক্তাঃ চারা গুপ্তচরাঃ উপধয়শ্ছলানি চ যেন সঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

॥১৫॥ ন বিশ্বসেৎ চাৎ বিশ্বসেদপ্যাপ্তেষু তেষপ্যত্যর্থং ন বিশ্বসেৎ ষণ্ণাং গুণানাং ভাবঃ ষাড়্‌গুণ্যং তে চ বলবতি স্থায়িনি যানিনঃ সন্ধিঃ সমবলে বিগ্রহো যুদ্ধাদিঃ দুর্ব্বলে যানং তদীয়দুর্গাদ্যাক্রমণম্ এবং স্থায়িনো বলবতি যায়িন্যাসনং দুর্গাদাবেব স্বরক্ষণং মধ্যমে দ্বৈধীভাবঃ অর্দ্ধেন দণ্ডেন দুর্গাগ্রহণমর্দ্ধেন পরেষাং ধান্যাদিনিরোধনং দুর্ব্বলে সমাশ্রয়ো মিত্রান্তরমাশ্রিত্য তেন সহ যুদ্ধং কর্ত্তব্যম্ এতেষু কর্ত্তব্যেষু গুণান্ জয়াবহান্ দোষান্ পরাজয়াবহাংশ্চার্থান্ কোষদণ্ডাদিপৌষ্কল্যাদান্ বুদ্ধ্যা স্বয়মেব নিশ্চিনুয়াৎ ॥১৬॥ দ্বিষঃ শত্রোঃ সপ্তসু রাজ্যাঙ্গেষু স্বপ্রবেশদ্বারশৈথিল্যং তৎ দ্বিট্‌ছিদ্রং এবং স্বস্য সপ্তসু রাজ্যাঙ্গেষু যৎপরপ্রবেশদ্বারশৈথিল্যং তৎপরচ্ছিদ্রং দ্বিট্‌ছিদ্রদর্শী স্যাৎ এতচ্চ স্বচ্ছিদ্রগোপনস্যাপ্যুপলক্ষণম্, ত্রিবর্গে ধর্ম্মাদৌ বিদিতার্থো জ্ঞাততত্ত্বঃ যুক্তশ্চারঃ প্রচ্ছন্নঃ স্পশঃ উপধিঃ পরকীয়নামমাত্যাদীনাং সংকোচদানাদিনা ভেদনঞ্চ যেন স যুক্তচারোপধিঃ তত্র চারনিয়োজনস্থানান্যুক্তানি নীতিশাস্ত্রে—"মন্ত্রী পুরোহিতশ্চৈব যুবরাজশ্চমূপতিঃ। পঞ্চমো দ্বারপালশ্চ ষষ্ঠোঽন্তর্বেশিকস্তথা ॥ কারাগারাধিকারী চ দ্রব্যসঞ্চয়কৃত্তথা। কৃত্যাকৃত্যেষু চার্থানাং নবমো বিনিযোজকঃ ॥ প্রদেষ্টা নগরাধ্যক্ষঃ কার্য্যনির্ম্মাণকৃৎ তথা ॥ ধর্ম্মাধ্যক্ষঃ সভাধ্যক্ষো দণ্ডপালস্ত্রিপঞ্চমঃ। ষোড়শো দুর্গপালশ্চ তথা

রাজা ব্রাহ্মণপ্রভৃতি চারিবর্ণের ধর্ম্ম রক্ষা করিবেন এবং কোন বর্ণেরই ধর্ম্মসঙ্কর না হয় তাহার প্রতি লক্ষ্য রাখিবেন; ইহাও রাজাদের সনাতন ধর্ম্ম ॥১৫॥

রাজা কাহারও উপরে একেবারে অবিশ্বাস করিবেন না; আবার কাহার প্রতি অত্যন্ত বিশ্বাসও করিবেন না এবং আপন বুদ্ধি অনুসারে সন্ধি, বিগ্রহ, শত্রুর বিরুদ্ধে যাত্রা, স্থিরভাবে থাকা, একের আনুকূল্য ও অপরের প্রাতিকূল্য করা; আর প্রবলকর্ত্তৃক আক্রমণের সম্ভাবনায় অন্য কোন বলবানের আশ্রয় লওয়া এই ছয়টী বিষয়ের গুণ ও দোষের বিবেচনা করিবেন ॥১৬॥

(১৬) ন বিশ্বসেৎ···বঙ্গ বৰ্দ্ধ নি। (১৭)···যুক্তাচারোপধিশ্চ···বৰ্দ্ধ।

কোষস্যোপার্জ্জনরতির্যমবৈশ্রবণোপমঃ।
বেত্তা চ দশবর্গস্য স্থানবৃদ্ধিক্ষয়াত্মনঃ ॥১৮॥
অভৃতানাং ভবেদ্‌ভর্ত্তা ভৃতানামন্ববেক্ষকঃ।
নৃপতিঃ সুমুখশ্চ স্যাৎ স্মিতপূর্ব্বাভিভাষিতা ॥১৯॥
উপাসিতা চ বৃদ্ধানাং জিততন্দ্রিরলোলুপঃ।
সতাং বৃত্তে স্থিতমতিঃ সন্তোষাচারদর্শনঃ ॥২০॥

ভারতকৌমুদী

কোষস্যেতি। কোষস্য ধনাধারস্য, উপার্জ্জনে পরিপূরণে রতিরাসক্তির্যস্য সঃ, যমবৈশ্রবণোপমঃ ন্যায়বিচারে ধর্ম্মরাজতুল্যঃ, ধনে চ কুবেরসমানঃ। অমাত্য-রাষ্ট্র-দুর্গ-কোষ-দণ্ডা ইতি স্বপক্ষে পঞ্চ পরপক্ষে চ ত এব পঞ্চেতি মিলিত্বা দশ তেষাং বর্গস্য সমূহস্য বেত্তা যথাযথমবগন্তা, স্থানং স্বপরয়োঃ সমানত্বং বৃদ্ধিঃ স্বস্য পরস্য বোপচয়ঃ, ক্ষয়ঃ স্বস্য পরস্য বা ন্যূনত্বঞ্চ তে আত্মানঃ স্বরূপাণি যস্য তাদৃশস্য দশবর্গস্যেতি সম্বন্ধঃ ॥১৮॥

অভৃতানামিতি। অভৃতানাং ভরণরহিতানাম্, ভৃতানাং পিতৃপুত্রাদির্ভিরণযুক্তানাম্, অন্ববেক্ষকঃ তৈর্ভিয়ন্তে নবেতি পর্য্যবেক্ষকঃ। সুমুখঃ ক্রোধাদ্যভাবস্থলে প্রসন্নবদনঃ। স্মিতপূর্ব্বাভিভাষিতা মৃদুহাস্যপূর্ব্বকবক্তা চ স্যাৎ, এবঞ্চ সতি লোকরঞ্জনং সিধ্যতীত্যাশয়ঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

রাষ্ট্রান্তপালকঃ॥ অটবীপালকান্তানি তীর্থান্যষ্টাদশৈব তু। চারান্ বিচারয়েত্তীর্থে স্বাত্মনশ্চ পরস্য চ॥ পাষণ্ডাদীনবিজ্ঞাতানন্যোন্যমিতরেষ্বপি। মন্ত্রিণং যুবরাজঞ্চ হিত্বা স্বেষু পুরোহিতম্॥" ইতি

যে রাজা নিজের ছিদ্র গুপ্ত রাখিয়া পরের ছিদ্র জানেন, ধর্ম্ম, অর্থ ও কামের তত্ত্ব অবগত থাকেন, স্বপক্ষে ও পরপক্ষে গুপ্তচর নিয়োগ করেন এবং বিপক্ষে ভেদ জন্মাইবার জন্য ছল প্রয়োগ করিতে সমর্থ হন; সেই রাজাকে সর্ব্বদাই সকলে প্রশংসা করে ॥১৭॥

রাজা সর্ব্বদাই কোষ পরিপূর্ণ রাখিতে ব্যাপৃত থাকিবেন, ন্যায়বিচারে ধর্ম্মরাজ যমের তুল্য ও ধনে কুবেরের সমান হইবেন; আর নিজের অমাত্য, রাজ্য, কোষ, দুর্গ ও বল এবং বিপক্ষেরও অমাত্য, রাজ্য, কোষ, দুর্গ ও বল এই দশটী বিষয়ের মধ্যে কোন্ কোন্‌টী সমান, কোন্ পক্ষে কোন্ কোন্‌টীর বৃদ্ধি এবং কোন্ পক্ষে কোন্ কোন্‌টীর ক্ষয় হইয়াছে বা হইতেছে কিংবা হইবে; এই সকল যথাযথভাবে অবগত থাকিবেন ॥১৮॥

যাহাদের ভরণপোষণ হইতেছে না, রাজা তাহাদের ভরণপোষণ করিবেন; আবার যাহাদের ভরণপোষণ চলিতেছে, তাহাদেরও তাহা সুচারুরূপে চলিতেছে কিনা ইহা পর্য্যবেক্ষণ করিবেন। আর তিনি সর্ব্বদাই প্রসন্নবদন থাকিবেন এবং মৃদুহাস্যপূর্ব্বক কথা বলিবেন ॥১৯॥

(২০)···সন্তোষ্যঃ···বঙ্গ।

ন চাদদীত বিত্তানি সতাং হস্তাৎ কদাচন।
অসদ্ভ্যশ্চ সমাদদ্যাৎ সদ্ভ্যস্তু প্রতিপাদয়েৎ ॥২১॥
স্বয়ং প্রহর্ত্তা দাতা চ বশ্যাত্মা বশ্যসাধনঃ।
কালে দাতা চ ভোক্তা চ শুদ্ধাচারস্তথৈব চ ॥২২॥
শূরান্ ভক্তানসংহার্য্যান্ কুলে জাতানরোগিণঃ।
শিষ্টান্ শিষ্টাভিসম্বন্ধান্ মানিনোঽনবমানিনঃ ॥২৩॥
বিদ্যাবিদো লোকবিদঃ পরলোকান্ববেক্ষকান্।
ধর্ম্মে চ নিরতান্ সাধূনচলানচলানিব ॥২৪॥

ভারতকৌমুদী

উপেতি। বৃদ্ধানামুপাসিতা তদুপদেশগ্রহণায় সেবকঃ, জিতেতন্দ্রিয়রনলসঃ, অলোলুপঃ অলোভী। বৃত্তে ব্যবহারে, প্রজানাং সন্তোষমাচারঞ্চ পশ্যতীতি স তাদৃশো রাজা ভবেৎ ॥২০॥

নেতি। সমাদদ্যাৎ বলেনাপি বিত্তানি গৃহ্নীয়াৎ, প্রতিপাদয়েৎ বিত্তানি দদ্যাৎ ॥২১॥

স্বয়মিতি। অপরাধিনাং স্বয়মপি প্রহর্ত্তা, সাধুভ্যশ্চ স্বয়মপি দাতা, বশ্যাত্মা সংযতচিত্তঃ, বশ্যানি সাধনানি সৈন্যানি যস্য সঃ ॥২২॥

শূরানিতি। অসংহার্য্যান্ উৎকোচাদিনা পরৈরায়ত্তীকর্ত্তুমশক্যান্। শিষ্টান্ শাস্ত্রানুসারিণঃ, শিষ্টানেব পরিজনান্ অভিসংবধ্নন্তীতি তান্, মানিনস্তেজস্বিনঃ, সতামনবমানিনঃ। লোকান্

ভারতভাবদীপঃ

॥১৭॥ দশবর্গঃ—"অমাত্যরাষ্ট্রদুর্গাণি কেশো দণ্ডশ্চ পঞ্চম" ইতি। প্রকৃতিপঞ্চকং স্বপক্ষে পরপক্ষে চেতি দশকো বর্গঃ। স চোভয়োঃ সাম্যং চেৎ স্থানং স্থিতিস্তৎকর্ত্তা স্বস্যাধিকশ্চেদবৃদ্ধিকর্ত্তা পরস্যাধিকশ্চেৎ ক্ষয়কর্ত্তা ॥১৮—২২॥ শূরান্ সহায়ান্ কুর্য্যাদিতি তৃতীয়েনান্বয়ঃ। অসংহার্য্যান্ পরৈঃ-

রাজা উপদেশ লইবার জন্য বৃদ্ধলোকের সেবা করিবেন, আলস্যবিহীন ও লোভশূন্য হইবেন, সজ্জনের ব্যবহার দেখিবেন এবং প্রজাদের সন্তোষ আছে কিনা কিংবা তাহাদের কিরূপ আচার, তাহার অনুসন্ধান করিবেন ॥২০॥

রাজা কখনও সজ্জনের ধন হরণ করিবেন না,* বলপূর্ব্বকও অসজ্জনের ধন হরণ করিবেন এবং সাধুদিগকে ধন দান করিবেন ॥২১॥

রাজা ক্ষেত্রবিশেষে নিজেও অপরাধীকে প্রহার করিবেন এবং নিজেও সাধুকে দান করিবেন, সংযতচিত্ত হইবেন, সৈন্যগণকে বশীভূত রাখিবেন, উপযুক্ত সময়ে দান ও ভোগ করিবেন; আর শুদ্ধাচারী থাকিবেন ॥২২॥

যাঁহারা বীর ও ভক্ত, বিপক্ষ ঘুষ দিয়া যাঁহাদিগকে আয়ত্ত করিতে না পারে, যাঁহারা সৎকুলজাত, নীরোগ এবং নিজেরা শাস্ত্র অনুসারে চলিয়া থাকেন, যাঁহাদের পরিজনেরাও শাস্ত্র অনুসারে চলিয়া থাকে, যাঁহারা তেজস্বী অথ চ অন্যের অপমান

(২২)···রম্যসাধনঃ···পি বঙ্গ বর্দ্ধ।

সহায়ান্ সততং কুর্য্যাদ্রাজা ভূতিপরিষ্কৃতঃ।
তৈশ্চ তুল্যো ভবেদ্ভোগৈশ্ছত্রমাত্রাজ্ঞয়াধিকঃ ॥২৫॥ (বিশেষকম্)
প্রত্যক্ষা চ পরোক্ষা চ বৃত্তিশ্চাস্য ভবেৎ সমা।
এবং কুর্ব্বন্নরেন্দ্রোঽপি ন খেদমিহ বিন্দতি ॥২৬॥
সর্ব্বাভিশঙ্কী নৃপতির্যশ্চ সর্ব্বহরো ভবেৎ।
স ক্ষিপ্রমনৃজুর্লুব্ধঃ স্বজনেনৈব বধ্যতে ॥২৭॥
শুচিস্তু পৃথিবীপালো লোকচিত্তগ্রহে রতঃ।
ন পতত্যরিভির্গ্রস্তঃ পতিতশ্চাবতিষ্ঠতে ॥২৮॥

ভারতকৌমুদী

লোকচরিত্রাণি বিদন্তীতি তে, পরেষাং লোকানাম্ অন্বেক্ষকান্ প্রয়োজনাপেক্ষিণঃ। অচলান্ পর্ব্বতানিব, অচলান্ পরপ্রলোভনেনাপি স্থিরানেব। ভূতিপরিষ্কৃতঃ সম্পত্তিশোভিতঃ। তৈঃ সহায়ৈঃ, ছত্রমাত্রেণ যুক্তা আজ্ঞা তয়া। মধ্যপদলোপী সমাসঃ ॥২৩—২৫॥

প্রত্যক্ষেতি। বৃত্তিঃ প্রজাসম্বন্ধিব্যবহারঃ। খেদং রাজ্যশাসনায়াসম্ ॥২৬॥

সর্ব্বেতি। সর্ব্বানেবাভিশঙ্কত ইতি সঃ, সর্ব্বস্মাৎ শিষ্টাদ্দুষ্টাচ্চ হরতি অন্যায়েন ধনং গৃহ্লাতীতি সঃ। অনৃজুঃ কপটী, বধ্যতে হন্যতে ॥২৭॥

শুচিরিতি। শুচির্নির্দোষাচারঃ, লোকচিত্তানাং গ্রহে সদ্ব্যবহারেণাকর্ষণে। ন পততি উৎসন্নো ন ভবতি, গ্রস্ত আক্রান্তঃ, পতিত উৎসন্নপ্রায়োঽপি, অবতিষ্ঠতে সহায়লাভাৎ ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রত্যয়ান্ শিষ্টাভিসম্বন্ধান্ শিষ্টপরিবারান্ অনবমানিনঃ অবমানং পরস্যাকুর্ব্বতঃ ॥২৩॥ অচলান্ স্থিরান্ অচলানিব পর্ব্বতানিব ॥২৪॥ ছত্রমাত্রেণ সহিতায়া আজ্ঞেদমিত্থং কুর্ব্বিদং নেতি তয়াধিকঃ অন্যৎ সর্ব্বং

করেন না, যাঁহারা বিদ্বান্ ও লোকচরিত্রাভিজ্ঞ, যাঁহারা অন্য লোকের স্বার্থ পর্য্যবেক্ষণ করেন, যাঁহারা ধার্ম্মিক ও সচ্চরিত্র এবং যাঁহারা পর্ব্বতের ন্যায় ধীর-স্থির থাকিতে সমর্থ, ঐশ্বর্য্যসম্পন্ন রাজা তাঁহাদিগকেই সহায় করিবেন। তাহার পর ভোগে তাঁহাদের তুল্যই হইবেন; কিন্তু কেবল রাজচ্ছত্র ও আদেশ এই দুইটী মাত্রই রাজার অধিক হইবে ॥২৩—২৫॥

সমক্ষেই হউক বা অসমক্ষেই হউক প্রজাদের উপরে রাজার সমান ব্যবহার হইবে। রাজা এইরূপ করিতে থাকিয়া, রাজ্যশাসনে কখনও কষ্ট অনুভব করেন না ॥২৬॥

যিনি সকলের উপরেই আশঙ্কা করেন এবং শিষ্ট বা দুষ্ট সকলের নিকট হইতেই অন্যায়ভাবে ধন লইয়া থাকেন; কপটস্বভাব ও লোভী সেই রাজাকে তাঁহার আত্মীয়েরাই বিনাশ করে ॥২৭॥

(২৫)···ভূতিপুরস্কৃতঃ···পি,···ভূতিপরিষ্কৃতান্—,নি।

অক্রোধনো হ্যব্যসনী মৃদুদণ্ডো জিতেন্দ্রিয়ঃ।
রাজা ভবতি ভূতানাং বিশ্বাস্যো হিমবানিব ॥২৯॥
প্রাজ্ঞস্ত্যাগগুণোপেতঃ পররন্ধ্রেষু তৎপরঃ।
সুদর্শঃ সর্ব্ববর্ণানাং নয়াপনয়বিত্তথা ॥৩০॥
ক্ষিপ্রকারী জিতক্রোধঃ সুপ্রসাদো মহামনাঃ।
অরোষপ্রকৃতির্যুক্তঃ ক্রিয়াবানবিকত্থনঃ ॥৩১॥
আরব্ধান্যেব কার্য্যাণি সুপর্য্যবসিতানি চ।
যস্য রাজ্ঞঃ প্রদৃশ্যন্তে স রাজা রাজসত্তমঃ ॥৩২॥ (বিশেষকম্)
পুত্রা ইব পিতুর্গেহে বিষয়ে যস্য মানবাঃ।
নির্ভয়া বিচরিষ্যন্তি স রাজা রাজসত্তমঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

অক্রোধন ইতি। মৃদুদণ্ডঃ অপরাধিষু যথাসম্ভবকোমলদণ্ডকারী। ভূতানাং লোকানা পশূনাঞ্চ ॥২৯॥

প্রাজ্ঞ ইতি। পররন্ধ্রেষু পরচ্ছিদ্রজ্ঞানেষু। সুখেন দৃশ্যত ইতি সুদর্শঃ প্রসন্নমূর্ত্তিঃ। নয়াপনয়বিৎ সুনীতিদুর্নীতিজ্ঞঃ। সুখেন প্রসাদ্যতে সন্তোষ্যত ইতি সঃ। অরোষা ক্রোধহীনা প্রকৃতিঃ স্বভাবো যস্য সঃ, যুক্তঃ কর্ত্তব্যেষু মনোযোগবান্, ক্রিয়াবান্ সৎকার্য্যকারী, অবিকত্থনঃ অনাত্মশ্লাঘাকরঃ। সুপর্য্যবসিতানি সম্যক্ সমাপ্তানি। রাজসু সত্তমঃ শ্রেষ্ঠঃ ॥৩০—৩২॥

ভারতভাবদীপঃ

শূরৈঃ সমানং ভুঞ্জীত ॥২৫॥ ইয়ঞ্চ শূরেষু রাজ্ঞো বৃত্তিঃ প্রত্যক্ষাঽপরোক্ষা চ সমা ভবেৎ সন্নিহিতের সন্নিহিতেষু বা তুল্যা স্যাদিত্যর্থঃ ॥২৬॥ সর্ব্বাভিশঙ্কী সর্ব্বত্রাকৃতবিশ্বাসঃ, সর্ব্বহরঃ সর্ব্বস্বাপহারী.

আর যিনি সর্ব্বদা নির্দ্দোষ ব্যবহার করেন এবং লোকচিত্তানুরঞ্জনে ব্যাপৃত থাকেন; সেই রাজা শত্রুকর্তৃক আক্রান্ত হইয়াও উৎসন্ন হন না কিংবা উৎসন্নপ্রায় হইয়াও সহায় লাভ করিয়া থাকিয়া যান ॥২৮॥

অকোপনস্বভাব, ব্যসনবিহীন, যথাসম্ভব কোমলদণ্ডকারী ও জিতেন্দ্রিয় রাজা হিমালয়পর্ব্বতের ন্যায় লোকের বিশ্বাসের পাত্র হইয়া থাকেন ॥২৯॥

যিনি বিচক্ষণ, ত্যাগী, পরছিদ্রানুসন্ধানে তৎপর, সৌম্যমূর্ত্তি এবং সমস্ত বর্ণেরই সুনীতি ও দুর্নীতি অবগত থাকেন, যিনি ক্ষিপ্রকারী, ক্রোধজয়ী ও প্রশস্তচিত্ত, যাঁহাকে অনায়াসে প্রসন্ন করা যায়, যিনি কোপনস্বভাব নহেন, সমস্ত কার্য্যে মনোযোগী হন এবং সৎক্রিয়া করেন অথ চ আত্মশ্লাঘা করেন না; আর যাঁহার আরব্ধ কার্য্য সকল সুন্দররূপে পরিপূর্ণ হইতে দেখা যায়; সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৩০—৩২॥

(৩১)···অরোগপ্রকৃতি···নি। (৩২)···ন পর্য্যবসিতানি চ···নি।

অগূঢ়বিভবা যস্য পৌরা রাষ্ট্রনিবাসিনঃ।
নয়াপনয়বেত্তারঃ স রাজা রাজসত্তমঃ ॥৩৪॥
স্বকর্ম্মনিরতা যস্য জনা বিষয়বাসিনঃ।
অসঙ্ঘাতরতা দান্তাঃ পাল্যমানা যথাবিধি ॥৩৫॥
বশ্যা নেয়া বিধেয়াশ্চ ন চ সঙ্ঘর্ষশীলিনঃ।
বিষয়ে দানরুচয়ো নরা যস্য স পার্থিবঃ ॥৩৬॥
ন যস্য কূটং কপটং ন মায়া ন চ মৎসরঃ।
বিষয়ে ভূমিপালস্য তস্য ধর্ম্মঃ সনাতনঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

পুত্রা ইতি। বিষয়ে রাজ্যে। নির্ভয়া দস্যুতস্করাদিভয়শূন্যাঃ ॥৩৩॥

অগূঢ়েতি। অগূঢ়া দস্যুতস্করাভাবাৎ অগুপ্তা বিভবা ধনানি যৈস্তে ॥৩৪॥

স্বেতি। বিষয়বাসিনো রাজ্যস্থিতাঃ। অসঙ্ঘাতে পরস্পরানিষ্টাসাধনে ॥৩৫॥

বশ্যা ইতি। যস্য রাজ্ঞো বিষয়ে রাজ্যে, নরাঃ, বশ্যা রাজ্ঞো বশীভূতাঃ, নেয়াঃ সৎপথং প্রাপয়িতুং যোগ্যাঃ, বিধেয়া রাজাদেশে স্থিতাঃ, ন চ সঙ্ঘর্ষশীলিনঃ পরস্পরকলহস্বভাবাঃ, দানে রুচিরভিপ্রায়ো যেষাং তে তাদৃশাশ্চ ভবন্তি স এব পার্থিবো রাজা ভবতি ॥৩৬॥

নেতি। কূটং কৌটিল্যম্, কপটং ছলম্, মায়া অলীকব্যবহারঃ, মৎসরঃ অন্যশুভদ্বেষঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

অনৃতৃরনৃতাপরাধারোপকৃৎ যতো লুব্ধঃ ॥২৭—৩৪॥ অসঙ্ঘাতরতাঃ সঙ্ঘাতে শরীরে প্রীতিমন্তো ন ভবন্তি কিন্তু তৎসাধ্যে ধর্ম্মে এবেত্যর্থঃ ॥৩৫॥ নেয়াঃ বিনেতুং যোগ্যাঃ সঙ্ঘর্ষঃ পরাভিভবস্তচ্ছীলিনো

পুত্রেরা যেমন পিতার গৃহে নির্ভয়ে বিচরণ করে; তেমন মানুষ যে রাজার রাজ্যে নির্ভয়ে বিচরণ করে, সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৩৩॥

যে রাজার রাজ্যে পুরবাসীরা ও দেশবাসীরা আপন আপন ধনসম্পদ লুকাইয়া রাখে না এবং সমস্ত সুনীতি ও দুর্নীতি অবগত থাকে; সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৩৪॥

যে রাজার রাজ্যবাসী লোকেরা আপন আপন কর্ম্মে নিরত থাকে, পরস্পর অনিষ্টসাধনে ব্যাপৃত হয় না, ইন্দ্রিয়গুলিকে বশীভূত রাখে এবং যথাবিধানে পালিত হইয়া থাকে; সেই রাজাই রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ॥৩৫॥

যে রাজার রাজ্যে মানুষেরা রাজার বশীভূত, সৎপথে চালনযোগ্য ও রাজার আদেশের অধীন হইয়া থাকে, পরস্পর বিবাদ করে না এবং দানে প্রবৃত্তশীল হয়; সেই রাজাই বাস্তবিক রাজা ॥৩৬॥

(৩৬)···বশ্যা বিনীতাশ্চ···নি।

যঃ সৎকরোতি জ্ঞানানি যশ্চ পৌরহিতে রতঃ।
সতাং বর্ত্মানুগস্ত্যাগী স রাজা রাজ্যমর্হতি ॥৩৮॥
যস্য চারাশ্চ মন্ত্রাশ্চ নিত্যঞ্চৈব কৃতাকৃতাঃ।
ন জ্ঞায়ন্তে হি রিপুভিঃ স রাজা রাজ্যমর্হতি ॥৩৯॥
শ্লোকশ্চায়ং পুরা গীতো ভার্গবেণ মহাত্মনা।
আখ্যানে রামচরিতে নৃপতিং প্রতি ভারত ! ॥৪০॥
রাজানং প্রথমং বিন্দেত্ততো ভার্য্যাং ততো ধনম্।
রাজন্যসতি লোকস্য কুতো ভার্য্যা কুতো ধনম্ ॥৪১॥
তদ্রাজ্যে রাজ্যকামানাং নান্যো ধর্ম্মঃ সনাতনঃ।
ঋতে রক্ষাস্তু বিস্পষ্টাং রক্ষা লোকস্য ধারিণী ॥৪২॥

ভারতকৌমুদী

য ইতি। সৎকরোতি আদ্রিয়তে। জ্ঞানানীতি গুণমাত্রোপলক্ষণম্ ॥৩৮॥

যস্যেতি। চারা গুপ্তচরাঃ। কৃতাকৃতা ব্যাপারাঃ ॥৩৯॥

শ্লোক ইতি। ভার্গবেণ ভৃগুপুত্রেণ শুক্রেণ। নৃপতিং প্রতি রাজসামান্যবিষয়ে ॥৪০॥

রাজানমিতি। বিন্দেৎ প্রজা লভেত। কুতো ভার্য্যা কুতো ধনং দস্যুভির্হরণসম্ভবাৎ ॥৪১॥

তদিতি। রাজ্যকামানাং রাজত্বৈষিণাং ক্ষত্রিয়াণাম্। ঋতে বিনা, ধারিণী রক্ষিকা ॥৪২॥

ভারতভাবদীপঃ

ন ॥৩৬॥ কূটং দম্ভঃ, কপটমনৃতম্, মৎসরঃ পরোৎকর্ষাসহিষ্ণুত্বম্ ॥৩৭॥ জ্ঞানানি জ্ঞানযুক্তান্ পণ্ডিতান্ জ্ঞেয়ে শাস্ত্রার্থে পরস্য হিতাবহে রতো ন তু হিংসাময়ে। ত্যাগী দাতা ॥৩৮॥ কৃতা অপাকৃতা ইত্যেৎ

যে রাজার রাজ্যে প্রজাদের মধ্যে কুটিলতা, কপটতা, অলীক ব্যবহার ও পরশ্রীকাতরতা থাকে না; সেই রাজার ধর্ম্মই সনাতন ধর্ম্ম বলিয়া গণ্য হইয়া থাকে ॥৩৭॥

যিনি গুণের আদর করেন, পুরবাসিগণের হিতসাধনে নিরত থাকেন, সৎপথে চলেন ও ত্যাগী হন; সেই রাজাই রাজত্ব করিবার যোগ্য ॥৩৮॥

যাঁহার গুপ্তচর, মন্ত্রণা এবং কৃত ও অকৃত কার্য্যগুলিকে বিপক্ষেরা জানিতে পারে না; সেই রাজাই চিরদিন রাজত্ব করিতে পারেন ॥৩৯॥

ভরতনন্দন ! ভৃগুর পুত্র মহাত্মা শুক্রাচার্য্য রাজার বিষয়ে রামচরিত্র উপাখ্যানে এই শ্লোকটী বলিয়াছেন—॥৪০॥

'প্রজা প্রথমে রাজাকেই লাভ করে, তাহার পর ভার্য্যা এবং তৎপরে ধন লাভ করিয়া থাকে; সুতরাং সেই রাজাই না থাকিলে, প্রজার ভার্য্যা ও ধন লাভ হইবে কি করিয়া' ॥৪১॥

(৩৮)···জ্ঞেয়ে পৌরহিতে·· বঙ্গ বৰ্দ্ধ,···শ্রেয়ান্ পৌরহিতে·· নি। (৩৯)···স্বর্গমর্হতি—নি।

প্রাচেতসেন মনুনা শ্লোকৌ চেমাবুদাহৃতৌ।
রাজধর্ম্মেষু রাজেন্দ্র! তাবিহৈকমনাঃ শৃণু ॥৪৩॥
ষড়েতান্ পুরুষো জহ্যাদ্ভিন্নাং নাবমিবার্ণবে।
অপ্রবক্তারমাচার্য্যমনধীয়ানমৃত্বিজম্ ॥৪৪॥
অরক্ষিতারং রাজানং ভার্য্যাং চাপ্রিয়বাদিনীম্।
গ্রামকামঞ্চ গোপালং বনকামঞ্চ নাপিতম্ ॥৪৫॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ভীষ্মবাক্যে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

প্রাচেতসেনেতি। প্রাচেতসেন প্রচেতসঃপুত্রেণ। উদাহৃতৌ উক্তৌ ॥৪৩॥

ষড়িতি। জহ্যাৎ ত্যজেৎ, ভিন্নাং বিদীর্ণাম্। অপ্রবক্তারম্ অবাক্পটুম্, অনধীয়ানং বেদান্। গ্রামকামং গ্রামে বাসার্থিনম্। তস্যাকর্ম্মণ্যতাং প্রতি হেতুস্ত গ্রামে বহূনামুপজীব্যানাং গবাং সর্ব্বদা সঞ্চারাসম্ভবঃ। বনকামং বনবাসার্থিনম্, তস্য নিষ্প্রয়োজনত্বকারণন্তু দূরস্থতয়া সর্ব্বদা ক্ষৌরাদ্যসম্ভবঃ ॥৪৪—৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

কৃতাকৃতাঃ ॥৩৯—৪০॥ প্রথমং শ্রেষ্ঠম্, অসত্যশুভে ॥৪১—৪২॥ রক্ষৈব রাজ্ঞঃ কর্ম্ম তামকুর্ব্বন্ রাজা ত্যাজ্য ইত্যাহ—প্রাচেতস ইতি ॥৪৩—৪৫॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৬॥

রাজ্যাভিলাষী ক্ষত্রিয়গণের রাজ্যমধ্যে সুস্পষ্ট প্রজারক্ষা ব্যতীত অন্য কোন সনাতন ধর্ম্ম নাই। রাজকর্ত্তৃক রক্ষাই প্রজা ধারণ করে ॥৪২॥

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! প্রচেতার পুত্র মনু, রাজধর্ম্মবিষয়ে এই দুইটী শ্লোক বলিয়াছেন। তাহা তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর—॥৪৩॥

'মানুষ যেমন সমুদ্রমধ্যে বিদীর্ণ নৌকা পরিত্যাগ করে; সেইরূপ এই ছয়টীকেও পরিত্যাগ করিবে। যথা—অবাক্পটু আচার্য্য, অবেদাধ্যায়ী পুরোহিত, অরক্ষক রাজা, অপ্রিয়বাদিনী ভার্য্যা, গ্রামবাসার্থী গোপাল ও বনবাসার্থী নাপিত' ॥৪৪—৪৫॥

...সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ভীষ্ম উবাচ।

এতত্তে রাজধর্ম্মাণাং নবনীতং যুধিষ্ঠির!।
বৃহস্পতির্হি ভগবান্ নান্যং ধর্ম্মং প্রশংসতি ॥১॥
বিশালাক্ষশ্চ ভগবান্ কাব্যশ্চৈব মহাতপাঃ।
সহস্রাক্ষো মহেন্দ্রশ্চ তথা প্রাচেতসো মনুঃ ॥২॥
ভরদ্বাজশ্চ ভগবাংস্তথা গৌরশিরা মুনিঃ।
রাজশাস্ত্রপ্রণেতারো ব্রহ্মণ্যা ব্রহ্মবাদিনঃ ॥৩॥
রক্ষামেব প্রশংসন্তি ধর্ম্মং ধর্ম্মভৃতাং বর!।
রাজ্ঞাং রাজীবতাম্রাক্ষ! সাধনঞ্চাত্র মে শৃণু ॥৪॥ (বিশেষকম্)
চারশ্চ প্রণিধিশ্চৈব কালে দানমমৎসরাৎ।
যুক্ত্যাদানং ন চাদানমযোগেন যুধিষ্ঠির! ॥৫॥

ভারতকৌমুদী

এতদিতি। রাজধর্ম্মাণাং মধ্যে, এতদুক্তবিধং প্রজারক্ষণমেব নবনীতং দুগ্ধস্য নবনীতমিব সারম্ ॥১॥

বিশালেতি। বিশালাক্ষো নাম মুনিঃ, কাব্যঃ শুক্রঃ। ব্রহ্মণ্যা রক্ষকতয়া বেদহিতকরাঃ, ব্রহ্মবাদিনো বেদবক্তারঃ। রক্ষাং প্রজানাম্। রাজীববৎ পদ্মবৎ তাম্রে অক্ষিণী যস্য তৎ সম্বোধনম্। অত্র প্রজারক্ষণে, সাধনং সিদ্ধ্যুপায়ম্ ॥২—৪॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! তোমার নিকট এই যাহা বলিলাম, ইহাই রাজধর্ম্মের নবনীত (দুগ্ধের ননীর ন্যায় রাজধর্ম্মের সার)। কারণ, ভগবান্ বৃহস্পতি রাজধর্ম্মের মধ্যে এই প্রজারক্ষণ ভিন্ন অন্য কোন ধর্ম্মের প্রশংসা করেন না ॥১॥

ধাম্মিকশ্রেষ্ঠ! ভগবান্ বিশালাক্ষ, মহাতপা শুক্রাচার্য্য, সহস্রনয়ন ইন্দ্র, প্রচেতার পুত্র মনু, ভগবান্ ভরদ্বাজ ও গৌরশিরামুনি, এই সকল বেদহিতৈষী, বেদবক্তা ও রাজশাস্ত্রপ্রণেতা মহাত্মারা প্রজারক্ষারূপ রাজধর্ম্মেরই প্রশংসা করিয়া থাকেন। বৎস পদ্মনয়ন! রাজাদের এই রাজধর্ম্মের সিদ্ধির উপায়গুলি আমার নিকট শ্রবণ কর ॥২—৪॥

(৫)···যুক্ত্যা দানম্···বঙ্গ নি।

সতাং সংগ্রহণং শৌর্য্যং দাক্ষ্যং সত্যং প্রজাহিতম্।
অনার্জবৈরার্জবৈশ্চ শত্রুপক্ষস্য ভেদনম্ ॥৬॥
কেতনানাঞ্চ জীর্ণানামবেক্ষা চৈব সীদতাম্।
দ্বিবিধস্য চ দণ্ডস্য প্রয়োগঃ কালচোদিতঃ ॥৭॥
সাধূনামপরিত্যাগঃ কুলীনানাঞ্চ ধারণম্।
নিচয়শ্চ নিচেয়ানাং সেবা বুদ্ধিমতামপি ॥৮॥
বলানাং হর্ষণং নিত্যং প্রজানামন্ববেক্ষণম্।
কার্য্যেষ্বখেদঃ কোষস্য তথৈব চ বিবর্দ্ধনম্ ॥৯॥

ভারতকৌমুদী

চার ইতি। চারো গুপ্তচরঃ, প্রণিধিঃ স্পষ্টীভূতশ্চরঃ, কালে যথাসময়ম্, দানং নির্দ্দিষ্টবেতনাদি-সমর্পণম্, যুক্ত্যা ন্যায়েন, অমৎসরাৎ অবিদ্বেষাচ্চ আদানং প্রজাভ্যঃ করগ্রহণম্, অযোগেন অন্যায়েন চ নাদানং প্রজাভ্যো ধনাদিগ্রহণম্ ॥৫॥

সতামিতি। সংগ্রহণং স্বপক্ষে আনয়নম্, দাক্ষ্যং শাসননৈপুণ্যম্, প্রজানাং হিতং হিতসাধনম্, অনার্জবৈরসারল্যৈঃ, আর্জবৈঃ সারল্যৈশ্চ, শত্রুপক্ষস্য মধ্যে ভেদনং ভেদজননম্ ॥৬॥

কেতনানামিতি। কেতনানাং দেবগৃহপান্থনিবাসাদীনাম্, সীদতাং রোগদারিদ্র্যাদিনা অবসাদং প্রাপ্নুবতাং জনানাম্, অবেক্ষা সংস্কারাদ্যর্থং পর্য্যবেক্ষণম্। দ্বিবিধস্য দৈহিকস্যার্থিকস্য চ, কালেন চোদিতঃ অনুসৃতঃ ॥৭॥

সাধূনামিতি। ধারণং পোষণম্। নিচেয়ানাং সংগ্রহণীয়ানাং শস্যানাম্, নিচয়ঃ সংগ্রহঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

এতদিতি। এতদ্রক্ষণং নবনীতং নবনীতবৎ সর্ব্বধর্ম্মসারং ন্যায়্যং ন্যায়াদনপেতম্ ॥১—৩॥ অত্র রক্ষণে সাধনং যুক্তিম্ ॥৪॥ চারো গুপ্তস্পশঃ, প্রণিধিঃ প্রকটস্পশঃ, দানং ভক্তবেতনয়োঃ যুক্তেরাদানম্, অযোগেনানুপায়েন আদানং করগ্রহণং ন চ ॥৫—৬॥ কেতনানাং গৃহাদীনাং দ্বিবিধস্য শারীরদণ্ডোঽর্থদণ্ডশ্চেতি ভেদাৎ ॥৭॥ নিচেয়ানাং সংগ্রাহ্যাণাং ধান্যাদীনাং নিচয়ঃ সংগ্রহঃ ॥৮—৯॥

যুধিষ্ঠির! গুপ্তচর, প্রকাশ্যচর, যথা সময়ে ভৃত্য ও সৈন্যপ্রভৃতিকে বেতনাদি দান, ন্যায় অনুসারে ও বিনা বিদ্বেষে প্রজাদের নিকট হইতে কর গ্রহণ এবং অন্যায়ভাবে কাহারও নিকট হইতে কিছুই গ্রহণ না করা ॥৫॥

সজ্জনদিগকে স্বপক্ষে আনয়ন করা, বীরত্ব, শাসননৈপুণ্য, সত্য ব্যবহার, প্রজাদের হিতসাধন করা এবং কুটিল ও সরল উপায়ে বিপক্ষমধ্যে ভেদ উৎপাদন করা ॥৬॥

জীর্ণ গৃহ ও অবসন্ন লোকদিগের অবস্থা পর্য্যবেক্ষণ করা এবং কাল অনুসারে দৈহিক দণ্ড ও আর্থিক দণ্ড প্রয়োগ করা ॥৭॥

সজ্জনদিগকে পরিত্যাগ না করা, সৎকুলোৎপন্নদিগকে পোষণ করা, সঞ্চয়যোগ্য শস্য সঞ্চয় করা এবং বুদ্ধিমান্‌দিগের সেবা করা ॥৮॥

পুরগুপ্তিরবিশ্বাসঃ পৌরসজ্ঘাতভেদনম্ ।
অরিমধ্যস্থমিত্রাণাং যথাবচ্চান্ববেক্ষণম্ ॥১০॥
উপজাপশ্চ ভৃত্যানামাত্মনঃ পুরদর্শনম্ ।
অবিশ্বাসঃ স্বয়ঞ্চৈব পরস্যাশ্বাসনং তথা ॥১১॥
নীতিধর্ম্মানুসরণং নিত্যমুত্থানমেব চ ।
রিপূণামনবজ্ঞানং নিত্যঞ্চানায্যবর্জনম্ ॥১২॥
উত্থানং হি নরেন্দ্রাণাং বৃহস্পতিরভাষত ।
রাজধর্ম্মস্য তন্মূলং শ্লোকাংশ্চাত্র নিবোধ মে ॥১৩॥

ভারতকৌমুদী

বলানামিতি। বলানাং সৈন্যানাম্, হর্ষণং পারিতোষিকদানাদিনা সন্তোষণম্; অন্ববেক্ষণ দুরবস্থাদূরীকরণায় পর্য্যবেক্ষণম্। অখেদঃ অক্লান্তিঃ ॥৯॥

পুরেতি। পুরগুপ্তির্নগররক্ষা, অবিশ্বাসো দুর্জ্জনেষু, পৌরাণাং কেনাপি কারণেন বিরোধীভূতানাং পুরবাসিনাং সঙ্ঘাতস্য সংহতের্ভেদনম্ ॥১০॥

উপেতি। ভৃত্যানামমাত্যাদীনাম্, দুরভিসন্ধিনা সংহতিসম্ভবে উপজাপো ভেদনম্। আত্মনঃ স্বয়মেব, পুরদর্শনং নগরপর্য্যবেক্ষণম্। অবিশ্বাসো ভৃত্যমাত্রেষু, অতএবাহ ভারবিরপি—"অশঙ্কিতাকারমুপৈতি শঙ্কিতঃ।" পরস্য দুঃস্থস্য ॥১১॥

নীতীতি। উত্থানং সর্ব্বকার্য্যেষুদ্যোগঃ। রিপূণাং ক্ষুদ্রাণামপি শত্রূণাম্ ॥১২॥

উত্থানমিতি। অভাষত শ্রেষ্ঠতয়া। শ্লোকান্ বৃহস্পতিনৈবোক্তান্ ॥১৩॥

ভারতভাবদীপঃ

অবিশ্বাসো যামিকাদীনামপি পৌরাণাং সঙ্ঘাতস্য পরৈর্দানাণিজ্যাদিচ্ছলেন বশীকৃতস্য ভেদনং বিঘটনম্ ॥১০॥ উপজাপঃ পরৈঃ স্বভৃত্যানাং ভেদনম্ অবিশ্বাসো ভৃত্যানামেব ॥১১॥ উত্থানমুদ্যোগঃ অনাধ্য.

সৈন্যগণের সন্তোষ উৎপাদন, দুঃস্থ প্রজাদিগের পর্য্যবেক্ষণ, কার্য্যে ক্লান্তিবোধ না করা এবং কোষ বৃদ্ধি করা ॥৯॥

নগর রক্ষা, দুর্জ্জনের প্রতি অবিশ্বাস, পুরবাসীরা বিরোধী হইয়া মিলিত হইতে লাগিলে, তাহাদের মধ্যে ভেদ উৎপাদন এবং শত্রুমধ্যবর্ত্তী মিত্রগণের যথানিয়মে পর্য্যবেক্ষণ ॥১০॥

ভৃত্যেরা কোন দুরভিসন্ধিবশতঃ মিলিত হইতে থাকিলে, তাহাদের মধ্যে ভেদ উৎপাদন, নিজেরই নগরপরিদর্শন, ভৃত্যমাত্রের উপরেই বিশ্বাস না করা এবং নিজেই অন্য দুঃস্থব্যক্তিদিগকে আশস্ত করা ॥১১॥

নীতি ও ধর্ম্মের অনুসরণ, সর্ব্বদা উদ্যোগ, ক্ষুদ্র শত্রুর উপরেও অবজ্ঞা না করা এবং অন্যায্য কার্য্য পরিত্যাগ করা ॥১২॥

উত্থানেনামৃতং লব্ধমুত্থানেনাসুরা হতাঃ।
উত্থানেন মহেন্দ্রেণ শ্রৈষ্ঠ্যং প্রাপ্তং দিবীহ চ ॥১৪॥
উত্থানবীরঃ পুরুষো বাগ্‌বীরানধিতিষ্ঠতি।
উত্থানবীরান্ বাগ্‌বীরা রময়ন্ত উপাসতে ॥১৫॥
উত্থানহীনো রাজা হি বুদ্ধিমানপি নিত্যশঃ।
প্রধর্ষণীয়ঃ শত্রূণাং ভুজঙ্গ ইব নির্বিষঃ ॥১৬॥
ন চ শত্রুরবজ্ঞেয়ো দুর্ব্বলোঽপি বলীয়সা।
অল্পোঽপি হি দহত্যগ্নির্বিষমল্পং হিনস্তি চ ॥১৭॥
একাঙ্গেনাপি সম্ভূতঃ শত্রুর্দুর্গমুপাশ্রিতঃ।
সর্ব্বং তাপয়তে দেশমপি রাজ্ঞঃ সমৃদ্ধিনঃ ॥১৮॥

ভারতকৌমুদী

উত্থানেনেতি। লব্ধং সমুদ্রমথনেন। ইহ মর্ত্ত্যলোকে ॥১৪॥

রূপে দ্বিতীয় ইন্দ্রের ন্যায় আর একটী পুরুষ উৎপন্ন হইল। তাহার দেহে বর্ম্ম, কটিদেশে তরবারি, দক্ষিণহস্তে বাণ ও বামহস্তে ধনু ছিল এবং সেই পুরুষটী বেদ ও বেদাঙ্গ জানিত; আর ধনুর্ব্বেদেও পারদর্শী ছিল ॥৯৮—৯৯॥

রাজা! সমস্ত দণ্ডনীতি শাস্ত্রও সেই পুরুষটী জানিত। তদনন্তর সেই বেণপুত্র কৃতাঞ্জলি হইয়া সেই মহর্ষিগণকে বলিল—॥১০০॥

'মহর্ষিগণ! ধর্ম্মার্থদর্শিনী অতিসূক্ষ্ম বুদ্ধি আমার উৎপন্ন হইয়াছে; ইহাদ্বারা আমি কি করিব, তাহা আপনারা যথার্থ বলুন ॥১০১॥

আপনারা আমাকে প্রয়োজনযুক্ত যে কার্য্যের কথা বলিবেন, আমি তাহাই করিব; সে বিষয়ে কোন বিচার করিব না' ॥১০২॥

তখন সেই মহর্ষিরা ও দেবতারা সেই বেণপুত্রকে বলিলেন—'তুমি প্রিয়, অপ্রিয়, কাম, ক্রোধ, লোভ ও অভিমান দূরে পরিত্যাগ করিয়া এবং সমস্ত প্রাণীর প্রতিই সমদর্শী হইয়া—যাহাতে নিশ্চয়ই ধর্ম্ম হয়, নিঃশঙ্কচিত্তে সেই কার্য্যই করিতে থাক ॥১০৩—১০৪॥

প্রতিজ্ঞাঞ্চাধিরোহস্ব মনসা কর্ম্মণা গিরা।
পালয়িষ্যাম্যহং ভৌমং ব্রহ্ম ইত্যেব চাসকৃৎ ॥১০৬॥
যশ্চাত্র ধর্ম্মো নিত্যোক্তো দণ্ডনীতিব্যপাশ্রয়ঃ।
তমশঙ্কঃ করিষ্যামি স্ববশো ন কদাচন ॥১০৭॥
অদণ্ড্যা মে দ্বিজাশ্চেতি প্রতিজানীহি হে বিভো!।
লোকঞ্চ সঙ্করাৎ কৃৎস্নং ত্রাতাস্মীতি পরন্তপ! ॥১০৮॥
বৈণ্যস্ততস্তানুবাচ দেবানৃষিপুরোগমান্।
ব্রাহ্মণা মে মহাভাগা নমস্যাঃ পুরুষর্ষভাঃ! ॥১০৯॥

ভারতকৌমুদী

য ইতি। নিগ্রাহ্যো দমনীয়ঃ, তে ত্বয়া, শশ্বৎ সর্ব্বদা ॥১০৫॥

প্রতিজ্ঞামিতি। অধিরোহস্ব কুরুস্বেত্যর্থঃ। ভৌমং পৃথিবীসম্বন্ধি, ব্রহ্ম বেদম্ ॥১০৬॥

কিঞ্চ প্রতিজ্ঞান্তরমাহ য ইতি। স্ববশঃ স্বাধীনঃ স্বেচ্ছানুসারীত্যর্থঃ ॥১০৭॥

অদণ্ড্যা ইতি। অদণ্ড্যা দেহে ন দণ্ডনীয়াঃ পূর্ব্বৈকবাক্যত্বাৎ, দ্বিজা ব্রাহ্মণাঃ। সঙ্করাৎ অবৈধভিন্নজাতীয়যৌনসংসর্গেণ জাতিমিশ্রণাৎ, ত্রাতা রক্ষিতা ॥১০৮॥

বৈণ্য ইতি। বৈণ্যো বেণপুত্রঃ। নমস্যা এব ন পুনর্দেহেষু দণ্ড্যাঃ ॥১০৯॥

ভারতভাবদীপঃ

॥৮২—৮৬॥ এবং শাস্ত্রোৎপত্তিমুক্ত্বা নৃপোৎপত্তিমাহ—অথেত্যাদিনা ॥৮৭—৮৯॥ পঞ্চাতিগঃ বিষয়াতিগঃ মুক্তঃ ॥৯০॥ অনঙ্গ ইত্যঙ্গস্যৈব নামান্তরম্ ॥৯১—১০৬॥ স্ববশঃ স্বানীন্দ্রিয়াণি তদ্বশঃ ন কদাচন

জগতে যে মানুষ ধর্ম্ম ভ্রষ্ট হইবে, তুমি ধর্ম্মের দিকে দৃষ্টি রাখিয়া আপন বাহুবলে সেই মানুষকেই দমন করিবে ॥১০৫॥

এবং তুমি কায়মনোবাক্যে বার বার এই প্রতিজ্ঞা কর যে, 'আমি পৃথিবীতে বেদ রক্ষা করিব (বেদবিধান অনুসারে প্রজা পালন করিব) ॥১০৬॥

আরও প্রতিজ্ঞা কর যে, দণ্ডনীতি শাস্ত্রে সর্ব্বদা যাহাকে ধর্ম্ম বলা হইয়াছে, আমি নিঃশঙ্কচিত্তে সেই ধর্ম্মই পালন করিব। কিন্তু কখনও স্বেচ্ছাচারী হইব না ॥১০৭॥

শত্রুসন্তাপক রাজা! আপনি এই কথা বলিয়াও প্রতিজ্ঞা করুন যে, আমি ব্রাহ্মণগণের দৈহিক দণ্ড করিব না এবং সমস্ত লোককেই বর্ণসঙ্কর দোষ হইতে রক্ষা করিব' ॥১০৮॥

তদনন্তর বেণপুত্র পৃথু সেই দেবগণ ও ঋষিগণকে বলিলেন—'হে পুরুষশ্রেষ্ঠগণ! মহাভাগ ব্রাহ্মণেরা আমার নমস্যই হইবেন' ॥১০৯॥

এবমস্ত্বিতি বৈণ্যস্তু তৈরুক্তো ব্রহ্মবাদিভিঃ।
পুরোধাশ্চাভবত্তস্য শুক্রো ব্রহ্মময়ো নিধিঃ ॥১১০॥
মন্ত্রিণো বালখিল্যাশ্চ সারস্বত্যো গণস্তথা।
মহর্ষির্ভগবান্ গর্গস্তস্য সাংবৎসরোঽভবৎ ॥১১১॥
আত্মনাষ্টম ইত্যেব শ্রুতিরেষা পরা নৃষু।
উৎপন্নৌ বন্দিনৌ চাস্য তৎপূর্ব্বৌ সূতমাগধৌ ॥১১২॥
তয়োঃ প্রীতো দদৌ রাজা পৃথুর্বৈণ্যঃ প্রতাপবান্।
অনূপদেশং সূতায় মগধং মাগধায় চ ॥১১৩॥
সমতাং বসুধায়াশ্চ স সম্যগুপপাদয়ৎ।
বৈষম্যং হি পরং ভূমেরাসীদিতি চ নঃ শ্রুতম্ ॥১১৪॥

ভারতকৌমুদী

এবমিতি। পুরোধাঃ পুরোহিতঃ। ব্রহ্মময়ো বেদপ্রচুরঃ ॥১১০॥

মন্ত্রিণ ইতি। বালখিল্যা নাম ঋষয়ঃ, সারস্বত্যঃ সরস্বতীতীরবাসী মুনীনাং গণঃ। সাংবৎসরঃ সংবৎসরব্যাপিশুভাশুভবক্তা গণকঃ ॥১১১॥

আত্মনেতি। আত্মনা স্বেন অষ্টমো বিষ্ণুতঃ অষ্টসংখ্যাপূরকঃ পুরুষঃ, এষা শ্রুতিঃ কিংবদন্তী; তথা চ—বিষ্ণুঃ, বিরজাঃ, কীর্ত্তিমান্, কর্দ্দমঃ, অনঙ্গঃ, নীতিমান্, বেণঃ, তৎপুত্রঃ পৃথুশ্চেতি। বন্দিনৌ স্তুতিপাঠকৌ, সূতমাগধৌ স্তুতিপ্রকারভেদেন দ্বিবিধৌ ॥১১২॥

তয়োরিতি। অনূপদেশং জলপ্রায়ং কঞ্চিদ্দেশম্, "জলপ্রায়মনূপং স্যাৎ" ইত্যমরঃ ॥১১৩॥

সমতামিতি। স পৃথুঃ, বসুধায়াঃ প্রায়েণোচ্চনীচতলায়াঃ ধরিত্র্যাঃ, সমতাং সমতলত্বম্, সম্যগুপপাদয়ৎ মৃত্তিকাচালনাদিনা সমপাদয়ৎ। অড়াগমাভাব আর্ষঃ। বৈষম্যং প্রায়েণোচ্চনীচতলত্বম্, নঃ অস্মাকম্, শ্রুতং বৃদ্ধেভ্যঃ শ্রবণমাসীৎ ॥১১৪॥

তখন সেই বেদবক্তা মহর্ষিরা ও দেবতারা পৃথুকে বলিলেন—'এইরূপই হউক'। ক্রমে সমস্ত বেদের আধার শুক্রাচার্য্য পৃথুর পুরোহিত হইলেন ॥১১০॥

বালখিল্য ঋষিরা ও সরস্বতী নদীর তীরবাসী মুনিরা তাঁহার মন্ত্রী হইলেন এবং মাহাত্ম্যশালী মহর্ষি গর্গ পৃথুর শুভাশুভ গণনা করিতে অঙ্গীকার করিলেন ॥১১১॥

মনুষ্যমধ্যে এইরূপ কিংবদন্তি প্রচলিত আছে যে, আদিপুরুষ বিষ্ণু হইতে পৃথু অষ্টমপুরুষ ছিলেন। তাহার পূর্ব্বেই সূত ও মাগধনামে দুইটী পুরুষ জন্মিয়াছিল; তাহারা তখন পৃথুর স্তুতিপাঠক হইল ॥১১২॥

ক্রমে বেণপুত্র, প্রতাপশালী, রাজা পৃথু তাহাদের উপরে সন্তুষ্ট হইয়া সূতকে কোন জলপ্রায়দেশ এবং মাগধকে মগধদেশ দান করিলেন ॥১১৩॥

(১১৪)···সম্যগুদপাদয়ৎ···বঙ্গ।

পর্ব্বণি

মন্বন্তরেষু সর্ব্বেষু বিষমা জায়তে মহী।
উজ্জহার ততো বৈণ্যঃ শিলাজালান্ সমন্ততঃ।
ধনুষ্কোট্যা মহারাজ! তেন শৈলা বিবর্দ্ধিতাঃ ॥১১৫॥
স বিষ্ণুনা চ দেবেন শক্রেণ বিবুধৈঃ সহ।
ঋষিভিশ্চ প্রজাপালৈর্ব্রাহ্মণৈশ্চাভিষেচিতঃ ॥১১৬॥
তং সাক্ষাৎ পৃথিবী ভেজে রত্নান্যাদায় পাণ্ডব!।
সাগরঃ সরিতাং ভর্ত্তা হিমবাংশ্চাচলোত্তমঃ ॥১১৭॥
শক্রশ্চ ধনমক্ষয্যং প্রাদাত্তস্মৈ যুধিষ্ঠির!।
রুক্মঞ্চাপি মহামেরুঃ স্বয়ং কনকপর্ব্বতঃ ॥১১৮॥
যক্ষরাক্ষসভর্ত্তা চ ভগবান্ নরবাহনঃ।
ধর্ম্মে চার্থে চ কামে চ সমর্থং প্রদদৌ ধনম্ ॥১১৯॥

ভারতকৌমুদী

মন্বন্তরং কিং পূর্ব্বমপ্যাসীদিত্যাহ মন্বিতি। বিষমা প্রায়েণ উচ্চনীচা। শিলাজালান্ পর্ব্বত সমূহান্। ধনুষঃ কোট্যা অগ্রদেশেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৫॥

স ইতি। বিবুধৈর্দেবৈঃ। অভিষেচিতঃ পৃথিবীরাজ্যে ॥১১৬॥

তমিতি। সাক্ষান্মূর্ত্তিমতী স্ত্রী ভূত্বা। এবমন্যত্রাপি ॥১১৭॥

শক্র ইতি। ক্ষেতুমশক্যমক্ষয্যম্। রুক্মং স্বর্ণম্ ॥১১৮॥

ক্রমে পৃথুরাজা সমীচীনভাবে সমগ্র পৃথিবীকে সমতল করিলেন। কেন না, তাহার পূর্ব্বে পৃথিবী অত্যন্ত উচু-নীচু ছিল। ইহা আমরা বৃদ্ধগণের নিকট শুনিয়াছি ॥১১৪॥

মহারাজ! সকল মন্বন্তরেই পৃথিবী উচু-নীচু হইয়া থাকে। সেই জন্যই পৃথু ধনুর অগ্রদ্বারা সকল দিকের প্রস্তরসমূহ উত্তোলন করেন এবং তাহাতে তিনিই পর্ব্বতগুলিকে বর্দ্ধিত করিয়া থাকেন ॥১১৫॥

ক্রমে বিষ্ণু, অন্যান্য দেবগণের সহিত ইন্দ্র, প্রজাপালক ঋষিগণ ও ব্রাহ্মণগণ মিলিত হইয়া, পৃথুকে পৃথিবীর রাজত্বে অভিষিক্ত করিলেন ॥১১৬॥

পাণ্ডুনন্দন! তখন পৃথিবী, সমুদ্রগণ ও পর্ব্বতগণ যথাক্রমে মূর্ত্তিমতী স্ত্রী ও মূর্ত্তিমান্ পুরুষ হইয়া, নানাবিধ রত্ন লইয়া আসিয়া পৃথিবীপতি পৃথুর সেবা করিলেন ॥১১৭॥

যুধিষ্ঠির! দেবরাজ ইন্দ্র—অক্ষয় ধন এবং স্বর্ণপর্ব্বত মহামেরু স্বর্ণ পৃথুকে দান করিলেন ॥১১৮॥

হয়া রথাশ্চ নাগাশ্চ কোটিশঃ পুরুষাস্তথা।
প্রাদুর্ব্বভূবুর্বৈণ্যস্য চিন্তনাদেব পাণ্ডব। ॥১২০॥
ন জরা ন চ দুর্ভিক্ষং নাধয়ো ব্যাধয়স্তথা।
সরীসৃপেভ্যঃ স্তেনেভ্যো ন চান্যোন্যাৎ কদাচন।
ভয়মুৎপদ্যতে তত্র তস্য রাজ্ঞোঽভিরক্ষণাৎ ॥১২১॥
আপস্তস্তম্ভিরে চাস্য সমুদ্রমভিযাস্যতঃ।
পর্ব্বতাশ্চ দদুর্মার্গং ধ্বজভঙ্গশ্চ নাভবৎ ॥১২২॥
তেনেয়ং পৃথিবী দুগ্ধা শস্যানি দশ সপ্ত চ।
যক্ষরাক্ষসনাগৈশ্চাপীপ্সিতং যস্য যস্য যৎ ॥১২৩॥
তেন ধর্ম্মোত্তরশ্চায়ং কৃতো লোকো মহাত্মনা।
রঞ্জিতাশ্চ প্রজাঃ সর্ব্বাস্তেন রাজেতি শব্দ্যতে ॥১২৪॥

ভারতকৌমুদী

যক্ষেতি। নরবাহনঃ কুবেরঃ। সমর্থং সম্পাদনযোগ্যম্ ॥১১৯॥

হয়া ইতি। নাগা গজাঃ। বৈণ্যস্য বিষ্ণুকৃতানুগ্রহস্য পৃথোঃ ॥১২০॥

নেতি। আধয়ো মনঃপীড়াঃ। সরীসৃপেভ্যঃ সর্পেভ্যঃ, স্তেনেভ্যশ্চৌরেভ্যঃ। ষট্পাদ[illegible] ॥১২১॥

আপ ইতি। আপো জলানি, তস্তম্ভিরে নিশ্চলা বভূবুঃ। সর্ব্বত্র বিষ্ণোরনুগ্রহাদিতি ভাবঃ ॥১২২॥

তেনেতি। তেন পৃথুনা, ইয়ং পৃথিবী, দশ সপ্ত চ বারান্, ধান্যাদীনি শস্যানি, দুগ্ধা দোহনপূর্ব্বং কৃতা। দ্বিকর্ম্মকস্য দুহেঃ "কর্ম্মণ্যপ্রধানে দুহাদিভ্যঃ" ইত্যপ্রধানকর্ম্মণঃ পৃথিব্যা এবোক্ততা ॥১২৩॥

এবং যক্ষ ও রাক্ষসগণের অধিপতি ভগবান্ কুবের পৃথুকে ধর্ম্ম, অর্থ ও কাম-সম্পাদনের উপযুক্ত ধন দান করিলেন ॥১১৯॥

পাণ্ডুনন্দন! পৃথু চিন্তা করিবামাত্রই কোটী কোটী হস্তী, অশ্ব, রথ ও পদাতি প্রাদুর্ভূত হইল ॥১২০॥

তৎকালে পৃথু রাজা হইয়া রাজ্য পালন করিতে লাগিলে, জরা, দুর্ভিক্ষ, মনঃপীড়া ও রোগ এবং সর্পভয়, চৌরভয় ও মনুষ্যগণের পরস্পর ভয় উৎপন্ন হয় নাই ॥১২১॥

পৃথু যখন সমুদ্র অতিক্রম করিবার উপক্রম করিতেন; তখন সমুদ্রের জল স্তব্ধ হইয়া থাকিত এবং তিনি যখন গমন করিতেন, তখন পর্ব্বত সকল তাঁহাকে পথ ছাড়িয়া দিত। তাহাতে তাঁহার রথের ধ্বজও ভগ্ন হইত না ॥১২২॥

পৃথুরাজা সতর বার এই পৃথিবীকে দোহন করিয়া সর্ব্বপ্রকার শস্য এবং যক্ষ, রাক্ষস ও নাগসমূহের মধ্যে যাহার যে দ্রব্য অভীষ্ট হইয়াছিল, তাহা আবিষ্কার করিয়াছিলেন ॥১২৩॥

ব্রাহ্মণানাং ক্ষতত্রাণাত্ততঃ ক্ষত্রিয় উচ্যতে।
প্রথিতা ধর্ম্মতশ্চেয়ং পৃথিবী বহুভিঃ স্মৃতা ॥১২৫॥
স্থাপনঞ্চাকরোদ্বিষ্ণুঃ স্বয়মেব সনাতনঃ।
নাতিবর্ত্তিষ্যতে কশ্চিদ্রাজংস্ত্বামিতি ভারত! ॥১২৬॥
তপসা ভগবান্ বিষ্ণুরাবিবেশ চ ভূমিপম্।
দেববন্নরদেবানাং নমতে যং জগন্নৃপ! ॥১২৭॥

ভারতকৌমুদী

"য এষ রাজন্! রাজেতি শব্দশ্চরতি ভারত!। কথমেষ সমুৎপন্নস্তন্মে ব্রূহি পরন্তপ!॥" ইত্যেতদধ্যায়প্রথমগতযুধিষ্ঠিরপ্রশ্নানাং ক্রমেণোত্তরমাহ শ্লোকজাতেন তেনেতি। ধর্ম্ম এব উত্তরঃ শ্রেষ্ঠো যস্য সঃ। রঞ্জিতা নানাবিধোপকারৈরনুরক্তীকৃতাঃ, শব্দাতে উচ্যতে। তথা চ—রঞ্জয়তীতি রাজা পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। অতএব কালিদাসোঽপ্যাহ রঘুবংশে—"রাজা প্রকৃতিরঞ্জনাৎ" ॥১২৪॥

ব্রাহ্মণানামিতি। ক্ষতাৎ সর্ব্ববিধহানিতস্ত্রাণাৎ রক্ষণাৎ। অতএব ভারবিরপ্যাহ—"স কিংসখা সাধু ন শাস্তি যোঽধিপম্" ... কালিদাসেনাপ্যুক্তম্—"ক্ষতাৎ কিল ত্রায়ত ইত্যুদগ্রঃ ক্ষত্রস্য শব্দো ভুবনেষু রূঢ়ঃ।" প্রথিতেতি পৃথিবীত্যপি পৃষোদরাদিত্বাৎ সাধুঃ ॥১২৫॥

স্থাপনমিতি। ত্বাং নাতিবর্ত্তিষ্যতে শক্ত্যা নাতিক্রমিষ্যতি ইত্যুক্তেতি শেষঃ ॥১২৬॥

তপসেতি। ভূমিপং পৃথুম্। নরদেবানাং রাজ্ঞাং মধ্যে ॥১২৭॥

ভারতভাবদীপঃ

ভবিষ্যামীতি শেষঃ। স্বেতি স্বচ্ছঃ পাঠঃ ॥১০৭—১১০॥ সাংবৎসরো জ্যোতিষিকঃ ॥১১১॥ আত্মনা স্বশরীরেণ সহাষ্টমঃ পৃথুর্বিষ্ণোঃ সকাশাদিত্যর্থঃ। তথা হি বিষ্ণুঃ প্রথমঃ, বিরজা দ্বিতীয়ঃ, কীর্ত্তিমাংস্তৃতীয়ঃ, কর্দ্দমশ্চতুর্থঃ, অনঙ্গঃ পঞ্চমঃ, অতিবলঃ ষষ্ঠঃ, বেনঃ সপ্তমঃ, পৃথুরষ্টম ইতি ॥১১২—১২৪॥ প্রথিতাবনতা

মহাত্মা পৃথু এই জগতে তৎকালে একমাত্র ধর্ম্মকেই প্রধান কর্ত্তব্যরূপে নির্দ্দিষ্ট করিয়াছিলেন এবং সুশাসনের গুণে সমস্ত প্রজাকেই নিজের অনুরক্ত করিয়াছিলেন। সেই জন্যই অদ্যাপি রাজ্যরক্ষককে রাজা বলিয়া থাকে ॥১২৪॥

সর্ব্বপ্রকার ক্ষতি হইতে ব্রাহ্মণকে রক্ষা করিতেন বলিয়া, সকলেই পৃথুকে ক্ষত্রিয় বলিত এবং মর্ত্ত্যলোক ধর্ম্মের গুণে তৎকালে প্রথিত হইয়াছিল বলিয়া পৃথিবী নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিল ॥১২৫॥

ভরতনন্দন! সনাতন বিষ্ণু নিজেই এই কথা বলিয়া পৃথুকে রাজত্ব পদে স্থাপন করিয়াছিলেন যে—'রাজা পৃথু! কোন ব্যক্তিই তোমাকে অতিক্রম করিতে পারিবে না' ॥১২৬॥

রাজা যুধিষ্ঠির! সমগ্র জগৎটাই দেবতার ন্যায় যে পৃথুর নিকট সর্ব্বদা অবনত থাকিত; সেই পৃথুর শরীরে তাঁহারই তপস্যার গুণে ভগবান্ বিষ্ণু প্রবেশ করিয়াছিলেন (এবং বলিয়াছিলেন—) ॥১২৭॥

দণ্ডনীত্যা চ সততং রক্ষিতব্যং নরেশ্বর ! ।
নাধর্ষয়েত্তথা কশ্চিচ্চারনিষ্পন্দদর্শনাৎ ॥১২৮॥
শুভং হি কর্ম্ম রাজেন্দ্র ! শুভত্বায়োপকল্পতে ।
আত্মনা কারণৈশ্চৈব সমস্যেহ মহীক্ষিতঃ ॥১২৯॥
কো হেতুর্যদ্বশে তিষ্ঠেল্লোকো দৈবাদৃতে গুণাৎ ।
বিষ্ণোর্ললাটাৎ কমলং সৌবর্ণমভবত্তদা ॥১৩০॥
শ্রীঃ সম্ভূতা যতো দেবী পত্নী ধর্ম্মস্য ধীমতঃ ।
শ্রিয়ঃ সকাশাদর্থশ্চ জাতো ধর্ম্মেণ পাণ্ডব ! ॥১৩১॥

ভারতকৌমুদী

দণ্ডেতি। রক্ষিতব্যং রাজ্যম্, চারৈর্গুপ্তচরৈঃ যৎ নিষ্পন্দমচলং ধ্রুবসত্যমিতি যাবৎ দর্শনং লোকানামবস্থাবগমস্তস্মাৎ, ন আধর্ষয়েৎ নাভিভবেৎ ॥১২৮॥

নন্বেকস্য পৃথোঃ কর্ম্মণা কথং জগতঃ শুভং জাতমিত্যাহ শুভমিতি। হে রাজেন্দ্র ! ইহ লোকে, আত্মনা স্বভাবেন, কারণৈর্ব্যবহারৈশ্চ শুভং কর্ম্ম সমস্য সর্ব্বত্র সমদর্শিনঃ, মহীক্ষিতো রাজ্ঞঃ, শুভত্বায় জগত এব শুভজননায় উপকল্পতে প্রভবতি। অতএব পৃথোরপি তথাত্বাত্তথাত্বমিতি ভাবঃ ॥১২৯॥

উক্তার্থে যুক্তিমাহ ক ইতি। লোকো যৎ রাজ্ঞো বশে তিষ্ঠেৎ, তত্র তস্য দৈবাৎ ভাগ্যাৎ, গুণাৎ দয়াদাক্ষিণ্যাদেশ্চ, ঋতে বিনা, অন্যঃ কো হেতুর্ভবিতুমর্হতি অপি তু কোঽপি নেত্যর্থঃ। তথা চ তদানীং পৃথোর্দৈবাৎ গুণাদেব চ লোকস্তস্য বশে তস্থাবিতি ভাবঃ। অন্যাঞ্চ যুক্তিং বক্তুমুপক্রমতে বিষ্ণোরিতি। তদা পৃথুরাজত্বকালে ॥১৩০॥

শ্রীরিতি। যতো যস্মাৎ কমলাৎ, ধর্ম্মস্য পত্নী পত্নীবৎ সহচারিণী, শ্রীঃ সম্পদ্দেবতা, সম্ভূতা, ধর্ম্মেণ তস্যাঃ শ্রিয়ঃ সকাশাৎ, অর্থো ধনম্, জাতঃ। পত্ন্যা পত্ন্যাঃ পুত্র ইবেতি ভাবঃ ॥১৩১॥

ভারতভাবদীপঃ

চেতি বিগ্রহে বর্ণলোপবিকারাভাবঃ পৃথবী ॥১২৫॥ স্থাপনং মর্য্যাদাম্ ॥১২৬—১২৭॥ দণ্ডেতি রক্ষিতব্যং রাজ্যং তচ্চাস্যো ন আধর্ষয়েৎ। তত্র হেতুঃ—চারাণাং নিষ্পন্দঃ সঞ্চারস্তদ্ধারা দর্শনং লোকবৃত্তান্তস্য দৃষ্ট্বা চ পালনং তত ইত্যর্থঃ, আত্মনা চিহ্নেন কারণৈঃ ক্রিয়াভিশ্চ সমস্য মহীক্ষিতঃ

'নরনাথ ! তুমি সর্ব্বদা দণ্ডনীতি শাস্ত্র অনুসরণ করিয়া রাজ্য পালন করিবে এবং তুমি গুপ্তচরদ্বারা পুঙ্খানুপুঙ্খরূপে লোকের সমস্ত অবস্থা জানিতে পারিবে বলিয়া; কোন লোকই তোমার রাজ্য আক্রমণ করিতে পারিবে না' ॥১২৮॥

রাজশ্রেষ্ঠ ! পক্ষপাতশূন্য রাজার শুভ কর্ম্ম সকল তাঁহার স্বভাব ও ব্যবহারের গুণে জগতেরই শুভ উৎপাদন করিতে সমর্থ হয় ॥১২৯॥

সমগ্র জগৎ রাজার যে বশীভূত হইয়া থাকে, সে বিষয়ে রাজার ভাগ্য ও গুণ-ব্যতীত অন্য কোন্ কারণ হইতে পারে ? (সে যাহা হউক,) সেই পৃথুর রাজত্ব সময়ে বিষ্ণুর ললাট দেশ হইতে একটী স্বর্ণময় পদ্ম উৎপন্ন হইয়াছিল ॥১৩০॥

অথ ধর্ম্মস্তথৈবার্থঃ শ্রীশ্চ রাজ্যে প্রতিষ্ঠিতা।
সুকৃতস্য ক্ষয়াচ্চৈব স্বর্লোকাদেত্য মেদিনীম্ ॥১৩২॥
পার্থিবো জায়তে তাত! দণ্ডনীতিবিশারদঃ।
মহত্ত্বেন চ সংযুক্তো বৈষ্ণবেন নরো ভুবি ॥১৩৩॥ (যুগ্মকম্)
বুদ্ধ্যা ভবতি সংযুক্তো মাহাত্ম্যঞ্চাধিগচ্ছতি।
স্থাপিতঞ্চ ততো দেবৈর্ন কশ্চিদতিবর্ত্ততে।
তিষ্ঠত্যেকস্য চ বশে তঞ্চেদং ন বিধীয়তে ॥১০৪॥
শুভং হি কর্ম্ম রাজেন্দ্র! শুভত্বায়োপকল্পতে।
তুল্যস্যৈকস্য যস্যায়ং লোকো বচসি তিষ্ঠতি ॥১৩৫॥

ভারতকৌমুদী

অথেতি। অথ তজ্জন্মানন্তরম্। সুকৃতস্য পুণ্যস্য, ভোগেন ক্ষয়াৎ পরম্। বৈষ্ণবেন বিষ্ণুসম্বন্ধিনা ॥১৩২—১৩৩॥

বুদ্ধ্যেতি। ভবতি পার্থিব ইত্যনুবৃত্তিঃ। স্থাপিতং তং পার্থিবম্। তস্যৈকস্য পার্থিবস্য চ বশে, জগত্তিষ্ঠতি; তং পার্থিবং প্রতি চ ইদং জগতো বশীভূতত্বেনাবস্থানম্, ন বিধীয়তে বিধাত্রা। অপি তু তদ্গুণাদেবেতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩৪॥

শুভমিতি। তুল্যস্য সর্ব্বত্র সমদর্শিনঃ অথবা সমানকরচরণাদিমতঃ, বচসি আদেশে ॥১৩৫॥

ভারতভাবদীপঃ

কথেতি সম্বন্ধঃ ॥১২৮—১২৯॥ বিষ্ণুর্ভূমিপমাবিবেশেত্যুক্তং তত্রোপপত্তিঃ ক ইত্যাহেন ॥১৩০॥ শ্রীঃ পালয়িত্রী ॥১৩১—১৩৩॥ স্থাপিতমভিষিক্তম্ একস্য রাজ্ঞো বশে ইদং তিষ্ঠতি তং চেদং

পাণ্ডুনন্দন! ধীমান্ ধর্ম্মের সহচারিণী লক্ষ্মীদেবী যে পদ্ম হইতে উৎপন্ন হইয়াছিলেন। ধর্ম্মের প্রভাবে সেই লক্ষ্মীদেবী হইতে অর্থ প্রাদুর্ভূত হইয়াছিল ॥১৩১॥

তা'র পর, পৃথুর রাজ্যে ধর্ম্ম, অর্থ ও লক্ষ্মী প্রতিষ্ঠিত হইয়াছিল। বৎস যুধিষ্ঠির! এদিকে মানুষ, ভোগে পুণ্য ক্ষয় হইয়া গেলে, স্বর্গলোক হইতে মর্ত্তালোকে আসিয়া, দণ্ডনীতিবিশারদ ও বিষ্ণুর মাহাত্ম্যযুক্ত রাজা হইয়া জন্ম গ্রহণ করে ॥১৩২—১৩৩॥

তদনন্তর সেই রাজা রাজ্যশাসনের উপযোগিনী বুদ্ধি ও মাহাত্ম্য লাভ করেন; আর দেবতারা রাজত্বপদে স্থাপন করেন বলিয়া কেহই তাঁহাকে অতিক্রম করিতে পারে না। তৎপরে সমগ্র জগৎটাই একমাত্র সেই রাজার অধীনে থাকে। কিন্তু বিধাতা এই অধীনতা করেন না। রাজার গুণেই প্রজারা তাহার অধীন হইয়া পড়ে ॥১৩৪॥

রাজশ্রেষ্ঠ! হস্তপদপ্রভৃতি অঙ্গ সকল সমান হইলেও সমস্ত লোক, যে এক

যোঽস্য বৈ মুখমদ্রাক্ষীৎ সৌম্যং সোঽস্য বশানুগঃ।
সুভগং চার্থবন্তঞ্চ রূপবন্তঞ্চ পশ্যতি ॥১৩৬॥
মহত্ত্বাত্তস্য দণ্ডস্য নীতির্বিস্পষ্টলক্ষণা।
নয়াচারশ্চ বিপুলো যেন সর্ব্বমিদং ততম্ ॥১৩৭॥
আগমশ্চ পুরাণানাং মহর্ষীণাঞ্চ সম্ভবঃ।
তীর্থবংশশ্চ বংশশ্চ নক্ষত্রাণাং যুধিষ্ঠির ! ॥১৩৮॥
সকলং চতুরাশ্রম্যং চাতুর্হোত্রং তথৈব চ।
চাতুর্ব্বর্ণ্যং তথৈবাত্র চাতুর্বিদ্যঞ্চ কীর্ত্তিতম্ ॥১৩৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

য ইতি। অস্য পৃথোঃ। বশানুগোঽভূৎ। তত্র হেতুমাহ সুভগমিতি। সুভগং প্রীতিকরম্, অর্থবন্তং শুভলক্ষণবন্তম্, রূপবন্তঞ্চ পৃথুং পশ্যতি স্ম ॥১৩৬॥

পুনরপি প্ররোচনার্থং তস্যৈব ব্রহ্মপ্রণীতস্য শাস্ত্রস্য বিষয়ান্ বিবৃণুতে মহত্ত্বাদিতি। মহত্ত্বাৎ বিশালত্বাৎ। নয়াচারো নীতিপ্রতিষ্ঠিতব্যবহারঃ, যেন নয়াচারেণ, ইদং জগৎ, ততমদ্যাপি ব্যাপ্তম্। আগম উৎপত্তিঃ। তীর্থানাং বংশঃ সমূহঃ, নক্ষত্রাণাং বংশোঽপি সমূহ এব। চতুরাশ্রমাঃ ব্রহ্মচর্য্যাদয়শ্চত্বার আশ্রমাঃ, চাতুর্হোত্রং হোতাচার্য্যো ব্রহ্মা সদস্যশ্চেতি চত্বারো হোমসাধকাঃ, চাতুর্ব্বর্ণ্যং ব্রাহ্মণ-ক্ষত্রিয় বৈশ্য-শূদ্রাশ্চত্বারো বর্ণাঃ, চাতুর্ব্বিদ্যম্ আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিশ্চেতি চতস্রো বিদ্যাশ্চ। অত্র ব্রহ্মপ্রণীতে শাস্ত্রে, এতৎ সর্ব্বং কীর্ত্তিতম্ ॥১৩৭—১৩৯॥

ভারতভাবদীপঃ

লক্ষীকৃতা ন বিদীর্য্যতে ইদং জগদ্বিধানসামর্থ্যং ন ভবতি ॥১৩৪॥ তুল্যাস্ত হস্ত্যাশ্বরথৈঃ সমস্য ॥১৩৫॥ অস্য রাজ্ঞঃ সৌম্যং মুখমদ্রাক্ষীৎ সুভগাদিরূপং চৈনং পশ্যতাস্য দৃষ্টঃ স রাজা বশানুগ আজ্ঞাকারী ॥

ব্যক্তির আদেশের অধীন হইয়া থাকে ; সেই এক ব্যক্তিরই শুভকর্ম্ম সমগ্র জগতের শুভ উৎপাদন করিতে সমর্থ হয় ॥১৩৫॥

যে লোক পৃথুর সুন্দর মুখমণ্ডল দর্শন করিত ; সেই লোকই পৃথুর বশীভূত হইত। কেন না, সেই লোক পৃথুকে প্রিয়মূর্ত্তি, শুভলক্ষণসম্পন্ন ও রূপবান দেখিত ॥১৩৬॥

সে যাহা হউক, যুধিষ্ঠির ! ব্রহ্মপ্রণীত সেই বিশাল শাস্ত্রে এই সমস্ত বিষয়ও বর্ণিত হইয়াছিল। সুস্পষ্টলক্ষণ দণ্ডনীতি এবং নীতিপ্রতিষ্ঠিত যে আচারে অদ্যাপি এই জগৎ ব্যাপ্ত রহিয়াছে, সেই বিশাল নীতিপ্রতিষ্ঠিত আচার, পুরাণশাস্ত্র ও মহর্ষিগণের উৎপত্তি, তীর্থসমূহ ও নক্ষত্রসমূহ, ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রম, হোতা ও আচার্য্যপ্রভৃতি চারিপ্রকার ঋত্বিক্, ব্রাহ্মণপ্রভৃতি চারিবর্ণ, আর তর্কবিদ্যাপ্রভৃতি চারিপ্রকার বিদ্যা ॥১৩৭—১৩৯॥

(১৩৭)···নয়চারশ্চ···বঙ্গ বৰ্দ্ধ,···নয়শ্চারশ্চ···নি।

ইতিহাসশ্চ বেদাশ্চ ন্যায়ঃ কৃৎস্নশ্চ বর্ণিতঃ।
তপো জ্ঞানমহিংসা চ সত্যাসত্যে নয়ঃ পরঃ ॥১৪০॥
বৃদ্ধোপসেবা দানঞ্চ শৌচমুত্থানমেব চ।
সর্ব্বভূতানুকম্পা চ সর্ব্বমত্রোপবর্ণিতম্ ॥১৪১॥
ভুবি চাধোগতং যচ্চ তচ্চ সর্ব্বং সমর্পিতম্।
তস্মিন্ পৈতামহে শাস্ত্রে পাণ্ডবৈতন্ন সংশয়ঃ ॥১৪২॥
ততো জগতি রাজেন্দ্র! সততং শব্দিতং বুধৈঃ।
দেবাশ্চ নরদেবাশ্চ তুল্যা ইতি বিশাংপতে! ॥১৪৩॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং মহত্ত্বং প্রতি রাজসু।
কার্ৎস্ন্যেন ভরতশ্রেষ্ঠ! কিমন্যদিহ বর্ত্ততে ॥১৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে সূত্রাধ্যায়ে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

ইতীতি। ন্যায় ঔচিত্যম্। নয়ো ধর্ম্মনীতিঃ ॥১৪০॥

বৃদ্ধেতি। বৃদ্ধোপসেবা তদুপদেশগ্রহণায়। উত্থানং কার্য্যোদ্যমঃ ॥১৪১॥

ভুবীতি। অধোগতং পাতালস্থম্। সমর্পিতং বিন্যস্তম্ ॥১৪২॥

তত ইতি। শব্দিতমুক্তম্। নরদেবা রাজানঃ ॥১৪৩॥

ভারতভাবদীপঃ

জ্ঞেয়ম্ ॥১৩৬॥ মহত্ত্বাদিতি দণ্ডসামর্থ্যাদেব লোকে নীত্যাদিকং দৃশ্যত ইত্যর্থঃ ॥১৩৭॥ আগমাদিকং চাত্র গ্রন্থে কীর্ত্তিতম্ ॥১৩৮—১৪৪॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ ॥৫৮॥

ইতিহাস, বেদ, সমস্ত ন্যায়, তপস্যা, জ্ঞান, অহিংসা, সত্য, মিথ্যা এবং উত্তম ধর্ম্মনীতিও সেই শাস্ত্রে কথিত হইয়াছিল ॥১৪০॥

বৃদ্ধসেবা, দান, শৌচ, কার্য্যোদ্যম এবং সমস্ত প্রাণীর প্রতি দয়া, এই সমস্ত বিষয়ই ব্রহ্মা সেই শাস্ত্রে বর্ণনা করিয়াছিলেন ॥১৪১॥

পাণ্ডুনন্দন! ভূতলে ও পাতালে যে কিছু আছে, সে সমস্তই সেই ব্রহ্মসংহিতায় উল্লিখিত ছিল; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৪২॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! তদবধি অভিজ্ঞ লোকেরা জগতে এইরূপ ঘোষণা করিয়া আসিতেছেন যে—'দেবতা ও রাজা সমান' ॥১৪৩॥

(১৪২)…বাচোগতং…নি। * '…ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ।

ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ।

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

ততঃ পুনঃ স গাঙ্গেয়মভিবাদ্য পিতামহম্।
প্রাঞ্জলির্নিয়তো ভূত্বা পর্য্যপৃচ্ছদ্‌যুধিষ্ঠিরঃ ॥১॥
কে ধর্ম্মাঃ সর্ব্ববর্ণানাং চাতুর্ব্বর্ণ্যস্য কে পৃথক্।
চাতুর্ব্বর্ণ্যাশ্রমাণাঞ্চ রাজধর্ম্মাশ্চ কে মতাঃ ॥২॥
কেন বৈ বর্দ্ধতে রাষ্ট্রং রাজা কেন বিবর্দ্ধতে।
কেন পৌরাশ্চ ভৃত্যাশ্চ বর্দ্ধন্তে ভরতর্ষভ! ॥৩॥
কোষং দণ্ডঞ্চ দুর্গঞ্চ সহায়ান্ মন্ত্রিণস্তথা।
ঋত্বিক্‌পুরোহিতাচার্য্যান্ কীদৃশান্ বর্জয়েন্নৃপঃ ॥৪॥

ভারতকৌমুদী

এতদিতি। মহত্ত্বং প্রতি প্রাধান্যবিষয়ে। অন্যং তব প্রষ্টব্যম্ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

———:*:———

তত ইতি। গাঙ্গেয়ং গঙ্গাপুত্রং ভীষ্মম্। নিয়তস্তদুক্তিশ্রবণে নিবেশিতচিত্তঃ ॥১॥

ক ইতি। কে সাধারণাঃ। চাতুর্ব্বর্ণ্যস্য চতুর্ণাং বর্ণানাম্ ॥২॥

কেনেতি। কেন উপায়েন, বর্দ্ধতে উন্নতিং লভতে। ভৃত্যা অমাত্যাদয়ঃ ॥৩॥

ভরতশ্রেষ্ঠ! এই আমি তোমার নিকট রাজাদের প্রাধান্যবিষয়ে সমস্ত কারণ বলিলাম। এখন তোমার আর কি জিজ্ঞাস্য আছে, তাহা বল' ॥১৭॥

———:০:———

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠির পিতামহ ভীষ্মকে অভিবাদন করিয়া, কৃতাঞ্জলি ও একাগ্রচিত্ত হইয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন—॥১॥

'ব্রাহ্মণপ্রভৃতি সমস্ত বর্ণেরই সাধারণ ধর্ম্ম কি? সেই চারিবর্ণের পৃথক্ পৃথক্ ধর্ম্মই বা কি? এবং চারিবর্ণের চারিপ্রকার আশ্রমের ও রাজাদের ধর্ম্মই বা কি? ॥২॥

ভরতশ্রেষ্ঠ! কোন্ উপায়ে রাজ্যের উন্নতি হয়? কি করিয়া রাজা বিশেষ উন্নতি লাভ করেন? এবং কি প্রকারেই বা পুরবাসিগণ ও রাজকর্ম্মচারিগণ উন্নতিশালী হইতে পারে? ॥৩॥

কেষু বিশ্বসিতব্যং স্যাদ্রাজ্ঞা কস্যাঞ্চিদাপদি।
কুতো বাত্মা দৃঢ়ং রক্ষ্যস্তন্মে ব্রূহি পিতামহ! ॥৫॥
দ্বৈধীভাবে চ ভৃত্যানাং শপথঃ কীদৃশো ভবেৎ।
অধর্ম্মস্য ফলং যচ্চ শপথস্য বিলঙ্ঘনে ॥৬॥
সর্ব্বমেতদ্‌যথাতত্ত্বং ব্যবহারঞ্চ তাদৃশম্।
সমাসব্যাসযোগেন কথয়স্ব পিতামহ! ॥৭॥

ভীষ্ম উবাচ।

নমো ধর্ম্মায় মহতে নমঃ কৃষ্ণায় বেধসে।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য ধর্ম্মান্ বক্ষ্যামি শাশ্বতান্ ॥৮॥

ভারতকৌমুদী

কোষমিতি। দণ্ডং দণ্ডসাধনং সৈন্যম্। বেদোক্তকর্ম্মমাত্রকারিণ ঋত্বিজঃ বেদস্মৃতিপুরাণতন্ত্রোক্তসর্ব্বকর্ম্মকারিণঃ পুরোহিতঃ আচার্য্যাশ্চ দ্বারপণ্ডিতাদয় উপাধ্যায়াস্তান্ ॥৪॥

কেম্বিতি। কেষু অমাত্যাদিষু। কুতঃ কীদৃশাজ্জনাৎ ॥৫॥

দ্বৈধীতি। দ্বৈধীভাবে সাধুত্বে অসাধুত্বে বা সন্দিগ্ধে। বিলঙ্ঘনে জাতস্য ॥৬॥

সর্ব্বমিতি। যথাতত্ত্বং যাথার্থ্যমনতিক্রম্য, ব্যবহারমাচারম্। সমাসঃ সংক্ষেপঃ ব্যাসো বিস্তরশ্চ তয়োর্যোগেন যথাসম্ভবং সম্বন্ধেন ॥৭॥

নম ইতি। প্রাগ্ বিবৃতমেতৎ ॥৮॥

ভারতভাবদীপঃ

ততঃ পুনরিতি ॥১॥ সর্ব্ববর্ণানামনুলোমবিলোমজাদীনাং চাতুর্ব্বর্ণ্যস্য যে আশ্রমাঃ, ব্রাহ্মণস্য চত্বার আশ্রমাঃ, ক্ষত্রিয়স্য ত্রয়ো বৈশ্যস্য দ্বৌ, শূদ্রস্যৈক ইতি তেষাম্ ॥২—৮॥ সর্ব্ববর্ণধর্ম্মানাহ—

রাজা কি প্রকার কোষ, সৈন্য, দুর্গ, সহায়, মন্ত্রী, ঋত্বিক্, পুরোহিত ও আচার্য্যকে পরিত্যাগ করিবেন? ॥৪॥

পিতামহ! কোনও বিপদ উপস্থিত হইলে, রাজা কাহাদের উপর বিশ্বাস করিবেন এবং কাহা হইতেই বা দৃঢ়ভাবে আত্মরক্ষা করিবেন, তাহা আমার নিকট বলুন ॥৫॥

রাজকর্ম্মচারিগণের উপরে সন্দেহ জন্মিলে, তাহাদের কিরূপ শপথ হইবে এবং সেই শপথলঙ্ঘনজাত পাপের যে ফল হয়, তাহাও বলুন ॥৬॥

পিতামহ! এই সমস্ত বিষয় ও তাদৃশ আচারের বিষয় যথাসম্ভব সংক্ষেপ ও বিস্তরক্রমে এবং যথাযথভাবে আমার নিকট বলুন' ॥৭॥

(৬—৭) ইদং শ্লোকদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ সো নাস্তি। (৮)···নমস্কৃত্বা ধর্ম্মং বক্ষ্যামি শাশ্বতম্—পি।

অক্রোধঃ সত্যবচনং সংবিভাগঃ ক্ষমা তথা।
প্রজনঃ স্বেষু দারেষু শৌচমদ্রোহ এব চ ॥৯॥
আর্জ্জবং ভৃত্যভরণং নবৈতে সার্ব্ববর্ণিকাঃ।
ব্রাহ্মণস্য তু যো ধর্ম্মস্তত্তে বক্ষ্যামি কেবলম্ ॥১০॥ (যুগ্মকম্)
দমমেব মহারাজ! ধর্ম্মমাহুঃ পুরাতনম্।
স্বাধ্যায়াভ্যসনঞ্চৈব তত্র কর্ম্ম সমাপ্যতে ॥১১॥
তঞ্চেদ্বিত্তমুপাগচ্ছেদ্বর্ত্তমানং স্বকর্ম্মণি।
অকুর্ব্বাণং বিকর্ম্মাণি শান্তং প্রজ্ঞানতর্পিতম্ ॥১২॥
কুর্ব্বীতাপত্যসন্তানমথো দদ্যাদ্‌যজেত চ।
সংবিভজ্য হি ভোক্তব্যং ধনং সদ্ভিরিতীর্য্যতে ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অক্রোধ ইতি। সংবিভাগঃ সংবিভজ্য পরিজনাদিভ্যঃ অন্নদানম্। প্রজনঃ প্রজন্যতে অপত্যমুৎপাদ্যতে অনেনেতি প্রজনো রমণম্। শৌচং পবিত্রতা, আর্জ্জবং যথাস্থানং সরলতা। সার্ব্ববর্ণিকাঃ ধর্ম্মাঃ। কেবলং একম্ ॥৯—১০॥

দমমিতি। দমমিন্দ্রিয়দমনম্, ধর্ম্মং ব্রাহ্মণস্য, পুরাতনং চিরন্তনম্, স্বাধ্যায়ানাং বেদানাম্ অভ্যসনং পুনঃ পুনরনুশীলনম্, তত্র স্বাধ্যায়াভ্যসনে সতি, কর্ম্ম সাংসারিকব্যয়াদি, সমাপ্যতে ব্রাহ্মণেন নির্ব্বাহ্যতে যাজনাদিসাধকত্বাদিতি ভাবঃ ॥১১॥

তমিতি। ব্রহ্মচর্য্যানন্তরং বিত্তং ধনং কর্ত্তৃ, স্বকর্ম্মণি যাজনাদৌ বর্ত্তমানম্, বিকর্ম্মাণি পরসেবাদীনি বিরুদ্ধকর্ম্মাণি, অকুর্ব্বাণম্, শান্তং শমগুণান্বিতং প্রজ্ঞানেন প্রকৃষ্টশাস্ত্রজ্ঞানেন তর্পিতং প্রসন্নীকৃতঞ্চ,

ভীষ্ম বলিলেন—'সর্ব্বশ্রেষ্ঠ ধর্ম্মকে নমস্কার, সৃষ্টিকর্ত্তা কৃষ্ণকে নমস্কার এবং ব্রাহ্মণগণকে নমস্কার করিয়া, আমি সনাতন ধর্ম্ম বলিতেছি ॥৮॥

ক্রোধ পরিত্যাগ করা, সত্যবাক্য বলা, বিভাগ করিয়া পরিজনদিগকে অন্ন দান করা, ক্ষমা, আপন ভার্য্যার সহিত রমণ, পবিত্রতা, কাহারও প্রতি দ্রোহ না করা, সরলতা এবং পোষ্যবর্গের ভরণপোষণ করা—এই নয়টী সমস্ত বর্ণেরই সাধারণ ধর্ম্ম। তা'র পর, যুধিষ্ঠির! এক ব্রাহ্মণের যে ধর্ম্ম, তাহা আমি তোমার নিকট বলিতেছি ॥৯—১০॥

মহারাজ! ইন্দ্রিয়দমনই ব্রাহ্মণের চিরন্তন ধর্ম্ম এবং বেদাভ্যাসও ব্রাহ্মণের সনাতন ধর্ম্ম। কেন না, সেই বেদাভ্যাসেই ব্রাহ্মণের সাংসারিককার্য্য নির্ব্বাহিত হইয়া থাকে ॥১১॥

(৯)···সংবিভাগশ্চ সর্ব্বশঃ···নি। (১৩)···ইতীষ্যতে···নি।

পরিনিষ্ঠিতকার্য্যস্তু স্বাধ্যায়েনৈব ব্রাহ্মণঃ।
কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যান্মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে ॥১৪॥
ক্ষত্রিয়স্যাপি যো ধর্ম্মস্তং তে বক্ষ্যামি ভারত!।
দদ্যাদ্রাজন্! ন যাচেত যজেত চ ন যাজয়েৎ ॥১৫॥
নাধ্যাপয়েদধীয়ীত প্রজাশ্চ পরিপালয়েৎ।
নিত্যোদ্যুক্তো দস্যুবধে রণে কুর্য্যাৎ পরাক্রমম্ ॥১৬॥
যে তু ক্রতুভিরীজানাঃ শ্রুতবন্তশ্চ ভূমিপাঃ।
য এবাহবজেতারস্ত এষাং লোকজিত্তমাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তং ব্রাহ্মণম্ উপাগচ্ছেৎ দক্ষিণাগ্রহণাদিনা আশ্রয়েৎ; তদা স ব্রাহ্মণঃ, অপত্যসন্তানং দারপরিগ্রহেণ পুত্রাদ্যপত্যবিস্তারং কুর্ব্বীত। অথো তদ্বিত্তং পাত্রেভ্যো দদ্যাৎ তেন বিত্তেন যজেত চ, ভোক্তব্যং পরিজনৈঃ সহ। ঈর্য্যতে উচ্যতে ॥১২—১৩॥

পরীতি। পরিনিষ্ঠিতানি সমাপ্তানি কার্য্যাণি যেন সঃ। মৈত্রঃ সর্ব্বপ্রিয়ঃ ॥১৪॥

ক্ষত্রিয়স্যেতি। দদ্যাদিত্যাদৌ সর্ব্বত্র ক্ষত্রিয় ইতি শেষঃ ॥১৫॥

নেতি। নাধ্যাপয়েৎ বেদান্। দস্যুবধে তস্করোচ্ছেদে ॥১৬॥

য ইতি। ঈজানা যজন্তঃ। লোকজিত্তমাঃ স্বর্গাধিকারিশ্রেষ্ঠাঃ ॥১৭॥

যে ব্রাহ্মণ ব্রহ্মচর্য্যানুষ্ঠানের পর আপন কার্য্যেই নিরত থাকেন, বিরুদ্ধ কার্য্য করেন না এবং সর্ব্বদা শান্তস্বভাব ও শাস্ত্রজ্ঞানে প্রসন্নচিত্ত থাকেন, কোন উপায়ে সাংসারিক ব্যয়-নির্ব্বাহোপযোগী ধন উপস্থিত হইবার সম্ভব হইলে সেই ব্রাহ্মণ দার-পরিগ্রহ করিয়া বংশ বিস্তার করিবেন, দান করিবেন, যজ্ঞ করিবেন এবং ভাগ ভাগ করিয়া সেই ধন ভোগ করিবেন—এই কথাই মহর্ষিরা বলিয়া থাকেন ॥১২—১৩॥

একমাত্র বেদাভ্যাসেই ব্রাহ্মণের সমস্ত কার্য্য সমাপ্ত হয়; সুতরাং তিনি অন্য কার্য্য করিতেও পারেন, নাও করিতে পারেন। তবে তিনি সমস্ত প্রাণীরই সুহৃৎ হইবেন। এইরূপ হইলেই তাঁহাকে ব্রাহ্মণ বলা হয় ॥১৪॥

ভরতনন্দন রাজা! ক্ষত্রিয়ের যে ধর্ম্ম তাহাও আমি তোমার নিকট বলিতেছি। ক্ষত্রিয় দানই করিবেন, কিন্তু কাহারও নিকট কিছুই প্রার্থনা করিবেন না এবং যজন করিবেন, কিন্তু যাজন করিবেন না ॥১৫॥

ক্ষত্রিয় কাহাকেও বেদাধ্যয়ন করাইবেন না অথ চ নিজে বেদ অধ্যয়ন করিবেন, প্রজা পালন করিবেন, চোর-ডাকাতের উচ্ছেদে সর্ব্বদা উদ্যোগী থাকিবেন এবং যুদ্ধে পরাক্রম প্রকাশ করিবেন ॥১৬॥

(১৪)…বৈ দ্বিজঃ…নি। (১৫)…দদ্যাদ্রাজা…নি।

অবিক্ষতেন দেহেন সমরাদ্‌যো নিবর্ত্ততে।
ক্ষত্রিয়ো নাস্য তৎ কর্ম্ম প্রশংসন্তি পুরাবিদঃ ॥১৮॥
এবং হি ক্ষত্রবন্ধূনাং ধর্ম্মমাহুঃ প্রধানতঃ।
নাস্য কৃত্যতমং কিঞ্চিদন্যদ্দস্যুনিবর্হণাৎ ॥১৯॥
দানমধ্যয়নং যজ্ঞো রাজ্ঞাং ক্ষেমো বিধীয়তে।
তস্মাদ্রাজ্ঞা বিশেষেণ যোদ্ধব্যং ধর্ম্মমীপ্সতা ॥২০॥
স্বেষু ধর্ম্মেষ্ববস্থাপ্য প্রজাঃ সর্ব্বা মহীপতিঃ।
ধর্ম্মেণ সর্ব্বকৃত্যানি শমনিষ্ঠানি কারয়েৎ ॥২১॥
পরিনিষ্ঠিতকার্য্যস্তু নৃপতিঃ পরিপালয়েৎ।
কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যাদৈন্দ্রো রাজন্য উচ্যতে ॥২২॥

ভারতকৌমুদী

অবীতি। নিবর্ত্ততে পলায়তে। পুরাবিদঃ ইতিহাসজ্ঞাঃ ॥১৮॥

এবমিতি। ক্ষত্রবন্ধূনাং যুদ্ধে পলায়নাদিনা ক্ষত্রিয়াধমানামপি, প্রধানতঃ প্রধানম্, কৃত্যতমং প্রধানং কর্ত্তব্যম্, দস্যুনির্বহণাৎ তস্করোচ্ছেদাৎ ॥১৯॥

দানমিতি। ক্ষেমো ধর্ম্মজনকতয়া মঙ্গলকরঃ। তস্মাদপি বিশেষেণ প্রাধান্যেন ॥২০॥

স্বেষ্বিতি। শমনিষ্ঠানি শান্তিযুক্তানি, কারয়েৎ সচিবাদিভিঃ ॥২১॥

পরীতি। পরিনিষ্ঠিতানি সমাপিতানি কার্য্যাণি সুহৃদাদৌ সামপ্রয়োগাদীনি যেন সঃ, পরিপালয়েৎ প্রজা ইতি শেষঃ, অন্যৎ যাগাদিকম্। ঐন্দ্র ইন্দ্রতুল্যঃ ॥২২॥

ক্ষত্রিয়দিগের মধ্যে যাঁহারা যজ্ঞ করেন, শাস্ত্রজ্ঞ হন এবং যুদ্ধে জয় লাভ করেন; তাঁহারাই ক্ষত্রিয়দের মধ্যে প্রধানতঃ স্বর্গের অধিকারী হইয়া থাকেন ॥১৭॥

যে ক্ষত্রিয় অক্ষতদেহে যুদ্ধ হইতে পলায়ন করেন, ইতিহাসজ্ঞ পণ্ডিতেরা তাঁহার সে কার্য্যের প্রশংসা করেন না ॥১৮॥

যুদ্ধে পলায়ন করায় অধম ক্ষত্রিয় হইলেও তাঁহার ইহাই প্রধান ধর্ম্ম যে, চোর-ডাকাত নিবারণ অপেক্ষা অন্য কোন প্রধান কর্ত্তব্য হয় না ॥১৯॥

দান, অধ্যয়ন ও যজ্ঞ রাজার পক্ষে ধর্ম্মজনক বটে; কিন্তু তদপেক্ষাও অধিক ধর্ম্মাভিলাষী রাজা যুদ্ধ করিবেন ॥২০॥

রাজা প্রজাগণকে আপন আপন ধর্ম্মে স্থাপন করিয়া মন্ত্রিপ্রভৃতিদ্বারা শান্তভাবে সমস্ত কার্য্য করাইবেন ॥২১॥

রাজা সুহৃৎপ্রভৃতির সঙ্গে সামদানাদি কার্য্য সম্পূর্ণ করিয়া প্রজাগণকেই পালন করিতে থাকিবেন। তৎকালে তিনি যাগপ্রভৃতি অন্য কার্য্য করিতেও পারেন, নাও

(১৯)···মার্গমাহুঃ···বঙ্গ বর্দ্ধ। (২২)···পরিপালনাৎ···পি নি।

বৈশ্যস্যাপি যো হি ধর্ম্মস্তং তে বক্ষ্যামি শাশ্বতম্ ।
দানমধ্যয়নং যজ্ঞঃ শৌচেন ধনসঞ্চয়ঃ ॥২৩॥
পিতৃবৎ পালয়েদ্বৈশ্যো যুক্তঃ সর্ব্বান্ পশূনিহ ।
বিকর্ম্ম তদ্ভবেদন্যৎ কর্ম্ম যৎ স সমাচরেৎ ॥২৪॥
রক্ষয়া স হি তেষাং বৈ মহৎ সুখমবাপ্নুয়াৎ ।
প্রজাপতির্হি বৈশ্যায় সৃষ্ট্বা পরিদদৌ পশূন্ ॥২৫॥
ব্রাহ্মণায় চ রাজ্ঞে চ সর্ব্বাঃ পরিদদে প্রজাঃ ।
তস্য বৃত্তিং প্রবক্ষ্যামি যচ্চ তস্যোপজীবনম্ ॥২৬॥

ভারতকৌমুদী

বৈশ্যস্যেতি। শাশ্বতং নিত্যম্। শৌচেন পবিত্রভাবেন ॥২৩॥

পিতৃবদিতি। যুক্তঃ সর্ব্বদোদ্যোগী, অন্যৎ পরসেবাদিকং যৎ কর্ম্ম স বৈশ্যঃ সমাচরেৎ তৎ তস্য বিকর্ম্ম বিরুদ্ধং কর্ম্ম ভবেৎ ॥২৪॥

রক্ষয়েতি। তেষাং পশূনাম্। পরিদদৌ পরিপালনায়েবেতি ভাবঃ ॥২৫॥

ব্রাহ্মণায়েতি। পরিদদে প্রজাপতিরেব হিতসাধনায় পালনায় চেতি ভাবঃ। তস্য বৈশ্যস্য প্রকরণাৎ। উপজীবনং জীবিকানির্ব্বাহব্যাপারম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

অক্রোধ ইতি সার্দ্ধেন ॥৯—১০॥ তত্রাধ্যয়নে তাবতৈব নৈষ্ঠিকঃ কৃতার্থো ভবতীত্যর্থঃ ॥১১॥ স্বয়মুপাগতে বিত্তে দারক্রিয়াপূর্ব্বকমপত্যসন্তানমিচ্ছেৎ স ইত্যাহ দ্বাভ্যাং—তং চেদিতি ॥১২—১৬॥ ষণ্নাং ধেননাং

করিতে পারেন। যে রাজা এইভাবে প্রজা পালন করেন, তাঁহাকে সকলেই রাজশ্রেষ্ঠ বলে ॥২২॥

যুধিষ্ঠির ! বৈশ্যেরও যাহা চিরন্তন ধর্ম্ম, তাহা আমি তোমার নিকট বলিতেছি। দান, বেদাধ্যয়ন, যজ্ঞ এবং পবিত্রভাবে ধন সঞ্চয় করা এইগুলিই বৈশ্যের ধর্ম্ম ॥২৩॥

বৈশ্য সর্ব্বদা উদ্যোগী হইয়া পিতার ন্যায় সর্ব্বপ্রকার পশু পালন করিবেন। কিন্তু তিনি পশু পালন ভিন্ন অন্য যে কর্ম্ম করিবেন, তাহা তাঁহার পক্ষে বিরুদ্ধ কর্ম্ম করা হইবে ॥২৪॥

বৈশ্য একমাত্র পশুরক্ষা দ্বারাই গুরুতর সুখ পাইবেন। কারণ, বিধাতা পশু সৃষ্টি করিয়া তাহা বৈশ্যকেই দিয়াছিলেন ॥২৫॥

আর বিধাতা সর্ব্বপ্রকার প্রজা সৃষ্টি করিয়া তাহাদিগকে হিতসাধনার্থে ব্রাহ্মণকে এবং পালনার্থে রাজাকে দান করিয়াছিলেন। সে যাহা হউক, বৈশ্যের ব্যবসায় ও তাহার জীবিকানির্ব্বাহের উপায় আমি বলিতেছি ॥২৬॥

(২৩)···ইন্দ্রো··পি। (২৪)···বিকর্ম্মন্ ভবেদন্যৎ কর্ম্ম যত্তৎ সমাচরেৎ···পি।

ষণ্ণামেকাং পিবেদ্ধেনুং শতাচ্চ মিথুনং হরেৎ।
লব্ধাচ্চ সপ্তমং ভাগং তথা শৃঙ্গে কলা খুরে ॥২৭॥
শস্যানাং সর্ব্ববীজানামেষা সাংবৎসরী ভৃতিঃ।
ন চ বৈশ্যস্য কামঃ স্যান্ন রক্ষেয়ং পশূনিতি ॥২৮॥
বৈশ্যে চেচ্ছতি নান্যেন রক্ষিতব্যাঃ কথঞ্চন।
শূদ্রস্যাপি হি যো ধর্ম্মস্তং তে বক্ষ্যামি ভারত! ॥২৯॥
প্রজাপতির্হি বর্ণানাং দাসং শূদ্রমকল্পয়ৎ।
তস্মাচ্ছূদ্রস্য বর্ণানাং পরিচর্য্যা বিধীয়তে ॥৩০॥

ভারতকৌমুদী

ষণ্ণামিতি। রাজ্ঞঃ ষণ্ণাং ধেনূনাং পালকো বৈশ্য একাং ধেনুং তদ্দুগ্ধমিত্যর্থঃ পিবেৎ। তদেব তস্য বেতনমিতি ভাবঃ। স্বরক্ষিতাৎ রাজ্ঞো গবাং শতাৎ, গোমিথুনং ধেনুবৃষয়োর্যুগ্মং স্ববেতনরূপেণ বৈশ্যো হরেৎ। তথা লব্ধাৎ তদ্দুগ্ধবিক্রয়প্রাপ্তাদ্ধনাৎ সপ্তমং ভাগং বা বৈশ্যো হরেৎ। কিঞ্চ গবামেব শৃঙ্গে খুরে বা লব্ধধনাৎ কলা ষোড়শভাগৈকভাগঃ, বৈশ্যো বেতনরূপেণ প্রাপ্তব্য ইত্যর্থঃ ॥২৭॥

শস্যানামিতি। এষা ঈদৃশী সাংবৎসরী সংবৎসরনিষ্পাদ্যা ভৃতিঃ পালকস্য বৈশ্যস্য বেতনম্, কাম ইচ্ছা, পশূন্ অন্যস্য ॥২৮॥

বৈশ্য ইতি। ইচ্ছতি পশূন্ পালয়িতুমিতি শেষঃ। অন্যেন বর্ণেন। রক্ষিতব্যা অন্যস্য পশবঃ ॥২৯॥

প্রজেতি। বর্ণানাং ব্রাহ্মণাদীনাং ত্রয়াণাম্, দাসং কিঙ্করম্ ॥৩০॥

বৈশ্য যদি রাজা বা অন্যের সাতটী ধেনু এক বৎসর পর্য্যন্ত পালন করেন, তাহা হইলে তিনি উহার একটী ধেনুর দুগ্ধ পান করিতে পারিবেন; (উহাই তাঁহার বেতনস্বরূপ হইবে।) বৈশ্য অন্যের একশত ধেনু পালন করিলে, তাহার মধ্য হইতে একটী ধেনু ও একটী বৃষ তিনি বেতনস্বরূপ লইবেন। অথবা তিনি সেই দুগ্ধ বিক্রয়লব্ধ ধন হইতে সাত ভাগের একভাগ পাইবেন কিংবা সেই সকল গরুর শৃঙ্গ বা ক্ষুর বিক্রয় হইলে, তৎপ্রাপ্তধনের ষোলভাগের এক ভাগ বৈশ্য পাইবেন ॥২৭॥

বৈশ্য এক বৎসর যাবৎ অন্যের শস্য বা সর্ব্বপ্রকার বীজ রক্ষা করিলে, তাহাতেও তাঁহার এইরূপই বেতন হইবে। কিন্তু বৈশ্যের এইরূপ ইচ্ছা হইতে পারিবে না যে, আমি অন্যের পশু পালন করিব না ॥২৮॥

আবার ওদিকেও বৈশ্য যদি অন্যের পশু পালন করিবার ইচ্ছা করেন, তাহা হইলে অন্য বর্ণ কোন প্রকারেই অন্যের পশু পালন করিবে না। ভরতনন্দন! এখন শূদ্রের যে ধর্ম্ম, তাহাও আমি তোমার নিকট বলিতেছি ॥২৯॥

(২৭)…লয়ে…নি। (২৯)…তস্তে বক্ষ্যামি শাশ্বতম্…পি।

তেষাং শুশ্রূষণাচ্চৈব মহৎ সুখমবাপ্নুয়াৎ।
শূদ্র এতান্ পরিচরেত্ত্রীন্ বর্ণাননুপূর্ব্বশঃ ॥৩১॥
সঞ্চয়াংশ্চ ন কুর্ব্বীত জাতু শূদ্রঃ কথঞ্চন।
পাপীয়ান্ হি ধনং লব্ধ্বা বশে কুর্য্যাদ্গরীয়সঃ ॥৩২॥
রাজ্ঞা বা সমনুজ্ঞাতঃ কামং কুর্ব্বীত ধার্ম্মিকঃ।
তস্য বৃত্তিং প্রবক্ষ্যামি যচ্চ তস্যোপজীবনম্ ॥৩৩॥
অবশ্যং ভরণীয়ো হি বর্ণানাং শূদ্র উচ্যতে।
ছত্রং বেষ্টনমৌশীরমুপানদ্ব্যজনানি চ ॥৩৪॥
যাতযামানি দেয়ানি শূদ্রায় পরিচারিণে।
অধার্য্যাণি বিশীর্ণানি বসনানি দ্বিজাতিভিঃ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। অবাপ্নুয়াদাস্যৌচিত্যাৎ। অনুপূর্ব্বশঃ ব্রাহ্মণাদিক্রমেণ ॥৩১॥

সঞ্চয়ানিতি। জাতু কদাচিৎ। পাপীয়ান্ অধমো জনঃ। গরীয়সঃ শ্রেষ্ঠান্ ॥৩২॥

রাজ্ঞেতি। কামং যথেষ্টং সঞ্চয়ম্, কুর্ব্বীতেত্যনুবৃত্তিঃ। বৃত্তিং ব্যবসায়ম্, উপজীবনং জীবিকোপায়ম্ ॥৩৩॥

অবশ্যমিতি। বর্ণানাং ব্রাহ্মণাদীনাং ত্রয়াণাম্। বেষ্টনম্ উষ্ণীষাদি, ঔশীরং স্বাভাব্যাবশিষ্টমনুলেপনম্, উপানৎ চর্ম্মপাদুকা স্বত্যক্তা। যাতযামানি পর্য্যুষিতান্নাদীনি ॥৩৪—৩৫॥

ভারতভাবদীপঃ

রক্ষকো বৈশ্য একস্যাঃ ক্ষীরং স্ববেতনং হরেৎ শতস্য রক্ষকো বর্ষে এক গোবৃষভমিথুনং বেতনং হরেৎ। বাণিজ্যে তু লব্ধাৎ সপ্তমং ভাগং ধনিকাদ্ধরেৎ গবয়াদিশৃঙ্গবাণিজ্যে লাভাৎ সপ্তমমেব। খুরে পশুবিশেষখুরে মহামূল্যে কলাষোড়শো ভাগঃ ॥২৭॥ এবং শস্যানামপি সপ্তমমেবাংশং হরেৎ ॥২৮—৩২॥ কুর্ব্বীত সঞ্চয়ানিত্যপকৃষ্যতে, ধার্ম্মিকঃ কর্ম্মপ্রধানঃ ন তু ভোগলোভপ্রধানঃ ॥৩৩॥ ঔশীরং বেষ্টনম্,

বিধাতাই শূদ্রকে অন্য তিন বর্ণের দাস কল্পনা করিয়াছেন; সুতরাং অন্য তিন বর্ণের পরিচর্য্যা করাই শূদ্রের পক্ষে বিহিত রহিয়াছে ॥৩০॥

শূদ্র ব্রাহ্মণপ্রভৃতি তিন বর্ণের শুশ্রূষা করিয়া বিশেষ সুখলাভ করে; অতএব শূদ্র যথাক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের পরিচর্য্যা করিবে ॥৩১॥

শূদ্র কোন সময়েই কোন প্রকারেই ধন সঞ্চয় করিবে না। কারণ, অধম ব্যক্তি ধন সঞ্চয় করিয়া উত্তম ব্যক্তিগণকে বশীভূত করিয়া থাকে ॥৩২॥

অথবা শূদ্র ধার্ম্মিক থাকিয়া রাজার অনুমতিক্রমে ধন সঞ্চয় করিতে পারে। এখন সেই শূদ্রের বৃত্তি ও জীবিকানির্ব্বাহের উপায় বলিতেছি ॥৩৩॥

(৩১)···ত্রীন্ বর্ণাননসূয়কঃ—পি।

শূদ্রায়ৈব প্রদেয়ানি তস্য ধর্ম্মধনং হি তৎ।
যশ্চ কশ্চিদ্দ্বিজাতীনাং শূদ্রঃ শুশ্রূষুরাব্রজেৎ ॥৩৬॥
কল্প্যাং তস্য তু তেনাহুর্ব্বৃত্তিং ধর্ম্মবিদো জনাঃ।
দেয়ঃ পিণ্ডোঽনপত্যায় ভর্ত্তব্যৌ বৃদ্ধদুর্ব্বলৌ ॥৩৭॥
শূদ্রেণ তু ন হাতব্যো ভর্ত্তা কস্যাঞ্চিদাপদি।
অতিরেকেণ ভর্ত্তব্যো ভর্ত্তা দ্রব্যপরিক্ষয়ে ॥৩৮॥

ভারতকৌমুদী

শূদ্রায়েতি। প্রদেয়ানি জীর্ণচ্ছত্রাদীনি। দ্বিজাতীনাং মধ্যে ॥৩৬॥

কল্প্যামিতি। কল্প্যাং নির্দ্ধারণীয়াম্, তস্য শূদ্রস্য, তেন দ্বিজাতিনা, বৃত্তিং বেতনাদিকম্। অনপত্যায় আশ্রিতায় দ্বিজাতয়ে, দেয়স্তত্তদ্বর্ণেন দাতব্যঃ, বৃদ্ধদুর্বলৌ দ্বিজাতী। দেয়ো ভর্ত্তব্যা বিত্যুভয়ত্রাপি শূদ্রেণেতি শেষঃ ॥৩৭॥

শূদ্রেণেতি। ভর্ত্তা দ্বিজাতিঃ। অতিরেকেণ স্ববেতনাদপ্যধিকেন ॥৩৮॥

ভারতভাবদীপঃ

বীরণমূলকৃতা ছদিঃ ॥৩৪॥ যাতযামানি ভুক্তভোগানি জীর্ণানীতি যাবৎ ॥৩৫॥ দ্বিজাতীনাং মধ্যে যৎ কঞ্চিৎ প্রতি ॥৩৬॥ তেন দ্বিজাতিনা ॥৩৭॥ অতিরেকেণ স্বকুটুম্বপোষণাদাধিক্যেন, ভর্ত্তা পোষ্যঃ ॥৩৮॥

শূদ্র ব্রাহ্মণপ্রভৃতি তিন বর্ণের অবশ্য ভরণীয়। অতএব ব্রাহ্মণপ্রভৃতি তিন বর্ণ জীর্ণ ছত্র ও শিরোবেষ্টন, নিজ ব্যবহৃতাবশিষ্ট অনুলেপন, পুরাতন জুতা ও পাখা এবং পর্য্যুষিত অন্নপ্রভৃতি পরিচারক শূদ্রকে সমর্পণ করিবেন। কারণ, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জীর্ণ বস্ত্রপ্রভৃতি নিজেরা ব্যবহার করিবেন না ॥৩৪—৩৫॥

শূদ্র পরিচর্য্যা করিবার ইচ্ছা করিয়া ব্রাহ্মণপ্রভৃতি তিন বর্ণের মধ্যে যাহার নিকট উপস্থিত হইবে, তিনি নিজ ব্যবহৃত জীর্ণ বস্ত্রপ্রভৃতি সেই শূদ্রকে দান করিবেন। শূদ্রের পক্ষে তাহাই ধর্ম্মধন ॥৩৬॥

ধর্ম্মজ্ঞ লোকেরা বলিয়া থাকেন যে, আশ্রিত দ্বিজাতিই শূদ্রের বৃত্তি নির্দ্ধারিত করিয়া দিবেন। সেই দ্বিজাতি সন্তানশূন্য হইলে, শূদ্রই তাঁহার সবর্ণ ব্যক্তিদ্বারা তাঁহার পিণ্ডদান করাইবে এবং সেই দ্বিজাতি বৃদ্ধ বা অসমর্থ হইলে, তাঁহার ভরণ-পোষণও করিবে ॥৩৭॥

কোন আপদেই শূদ্র প্রভুকে পরিত্যাগ করিবে না এবং সেই প্রভু কোন কারণে নিঃস্ব হইয়া পড়িলে, শূদ্র অন্য স্থান হইতেও ধন সংগ্রহ করিয়া তাঁহার ভরণপোষণ করিবে ॥৩৮॥

(৩৭)···তেন তু তে প্রাহুঃ···বঙ্গ।

নহি স্বমস্তি শূদ্রস্য ভর্তৃহার্য্যধনো হি সঃ।
উক্তস্ত্রয়াণাং বর্ণানাং যজ্ঞস্তস্য চ ভারত!।
স্বাহাকারবষট্‌কারৌ মন্ত্রঃ শূদ্রে ন বিদ্যতে ॥৩৯॥
তস্মাচ্ছূদ্রঃ পাকযজ্ঞৈর্যজেতাব্রতবান্ স্বয়ম্।
পূর্ণপাত্রময়ীমাহুঃ পাকযজ্ঞস্য দক্ষিণাম্ ॥৪০॥
শূদ্রঃ পৈজবনো নাম সহস্রাণাং শতং দদৌ।
ঐন্দ্রাগ্নেন বিধানেন দক্ষিণামিতি নঃ শ্রুতম্ ॥৪১॥

ভারতকৌমুদী

নহীতি। স্বং স্বস্বত্বাস্পদীভূতং দ্রব্যম, ভর্ত্রা দ্বিজাতিনা হার্য্যং নেয়ং ধনং যস্য সঃ "ভার্য্যা পুত্রশ্চ দাসশ্চ ত্রয় এবাধনাঃ স্মৃতাঃ। যত্তে সমধিগচ্ছন্তি যস্যৈতে তস্য তদ্ধনম্ ॥" ইতি স্মৃত্যেকবাক্যত্বাৎ। ত্রয়াণাং বর্ণানাং শুশ্রূষৈবেতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

তস্মাদিতি। তস্মাৎ স্বাহামন্ত্রেঽনধিকারাৎ যজ্ঞমন্ত্রাণাঞ্চ প্রায়েণ তদন্তত্বাৎ। পাকযজ্ঞৈ-র্ব্রাহ্মণাদিকৃতৈঃ, অব্রতবান্ শ্রুত্যুক্তনিয়মশূন্যঃ। পূর্ণপাত্রময়ীং তণ্ডুলাদিপূর্ণমেকং মৃন্ময়াদিপাত্রম্। নীলকণ্ঠোক্তন্তু প্রমাণশূন্যতয়া হেয়ম্ ॥৪০॥

ইতিহাসং প্রমাণয়তি শূদ্র ইতি। পৈজবন ইতি ডিত্থাদিবৎ রূঢ়ঃ শব্দঃ। সহস্রাণাং শতং পাত্রক্তপূর্ণপাত্রাণাং লক্ষম্। ঐন্দ্রাগ্নেন ইন্দ্রাগ্নিযাগসম্বন্ধিনা ॥৪১॥

ভারতভাবদীপঃ

অর্জ্জিত ভৃত্যার্জ্জিতমপি ধনং শূদ্রস্য স্বামিনৈব হার্য্যম্। যথোক্তম্—"ত্রয় এবাধনা রাজন্! ভার্য্যা দাসস্তথা সুতঃ। যত্তে সমধিগচ্ছন্তি যস্যৈতে তস্য তদ্ধনম্ ॥" ইতি তস্মাদযুক্তমুক্তং ভর্তৃহার্য্যধনো হি স ইতি তস্য চ শূদ্রস্য চামন্ত্রকো যজ্ঞোঽস্তীত্যর্থঃ ॥৩৯॥ তস্মাদিতি। পাকযজ্ঞৈঃ ক্ষুদ্রযজ্ঞৈর্গ্রহশান্তিবৈশ্বদেবাদিভির্যজেত অব্রতবান্ শ্রৌতব্রতোপায়হীনঃ "অষ্টমুষ্টির্ভবেৎ কিঞ্চিৎ কিঞ্চিদষ্টৌ তু পুষ্কলম্। পুষ্কলানি তু চত্বারি পূর্ণপাত্রং প্রচক্ষতে ॥" ইত্যুক্তলক্ষণপূর্ণপাত্রময়ী যজ্ঞে গবামিব পূর্ণপাত্রাণামেব গণনা যজ্ঞানুসারেণ মন্ত্রাস্ত্বেষাং পৌরাণিকা নাম মন্ত্রা বা প্রণববর্জ্জিতা ইতি সর্ব্বং শূদ্রপদ্ধত্যুক্তং দ্রষ্টব্যম্ ॥৪০॥ সহস্রাণাং শতং লক্ষং পূর্ণপাত্রাণি ঐন্দ্রাগ্নস্য বিধির্যথা শ্রৌতে চরোঃ পশোর্ব্বা বিধিস্তথৈবামন্ত্রকমস্য বিধানং

ভরতনন্দন! কোন ধনই শূদ্রের নিজের নাই। কারণ, প্রভুই শূদ্রের ধন পাইয়া থাকেন এবং ব্রাহ্মণপ্রভৃতি তিন বর্ণের শুশ্রূষাই শূদ্রের যজ্ঞ। আর স্বাহা ও বষট্‌কার মন্ত্রে শূদ্রের অধিকার নাই ॥৩৯॥

শূদ্র নিজে বেদোক্ত নিয়মশূন্য হইয়া ব্রাহ্মণাদিকৃত চরুপ্রভৃতিদ্বারা যজ্ঞ করিবে এবং শিষ্টেরা বলেন—তাহার সেই যজ্ঞের দক্ষিণা হইবে পূর্ণপাত্র ॥৪০॥

আমাদের শুনা আছে—পৈজবননামক এক শূদ্র ইন্দ্রাগ্নিযাগের বিধান অনুসারে আপন যজ্ঞের দক্ষিণারূপে এক লক্ষ পূর্ণপাত্র দান করিয়াছিলেন ॥৪১॥

যতো হি সর্ব্ববর্ণানাং যজ্ঞস্তস্যৈব ভারত ! ।
অগ্রে সর্ব্বেষু যজ্ঞেষু শ্রদ্ধাযজ্ঞো বিধীয়তে ॥৪২॥
দৈবতং হি মহচ্ছ্রদ্ধা পবিত্রং যজতাঞ্চ যৎ ।
দৈবতং হি পরং বিপ্রাঃ স্বেন স্বেন পরস্পরম্ ॥৪৩॥
অযজন্নিহ সত্রৈস্তে তৈস্তৈঃ কামৈঃ সমাহিতাঃ ।
সংসৃষ্টা ব্রাহ্মণৈরেব ত্রিষু বর্ণেষু সৃষ্টয়ঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

নন্বাত্মনো দীক্ষাদ্যভাবেঽপি কেবলদক্ষিণাদানেন কথং শূদ্রস্য যজ্ঞঃ সম্পদ্যত ইত্যাহ যত ইতি। সর্ববর্ণানাং ব্রাহ্মণাদীনাং দ্বিজাতীনাম্, যজ্ঞ এব তস্য শূদ্রস্যাপি যজ্ঞঃ তৎসেবয়া তৎসম্পাদকত্বাৎ। তত্র চ তস্য শ্রদ্ধায়া আবশ্যকত্বমিত্যাহ অগ্র ইতি। শ্রদ্ধা চাস্তিক্যতয়া দৃঢ়ো বিশ্বাসঃ ॥৪২॥

কথমেতদিত্যাহ দৈবতমিতি। যদ্যস্মাৎ, দৈবতং দেব ইব ফলসম্পাদনহেতুঃ, বিপ্রাশ্চ সর্ব্বেষামেব বর্ণানাং পরং দৈবতং সাক্ষাদ্যজ্ঞসম্পাদনাৎ। অতএব চ সর্ব্ব এব বর্ণাঃ স্বেন স্বেন কর্ম্মণা পরস্পরং যজ্ঞসম্পাদকা ভবন্তীতি শেষঃ ॥৪৩॥

ইতোঽপি ব্রাহ্মণকৃতযাগেনাপি সর্ব্বেষামেব তৎফলভাগিত্বমিত্যাহ অযজন্নিতি। ব্রাহ্মণৈর্ত্রিষু বর্ণেষু অপরেষাং ক্ষত্রিয়াদীনাং ত্রয়াণাং বর্ণানাম্, সৃষ্টয়ঃ সম্পাদিতা ইতি শেষঃ। অতএব ব্রাহ্মণৈরেব সংসৃষ্টাঃ, তে ক্ষত্রিয়াদয়স্ত্রয়ো বর্ণাঃ, সমাহিতাঃ, একাগ্রমনসঃ সন্তঃ, তৈস্তৈঃ স্বাভি- লষিতৈঃ কামৈঃ, সত্রৈঃ পুত্রযাগাদিভিঃ অযজন্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

তেন ॥৪১॥ নন্বু তস্মাচ্ছূদ্রো যজ্ঞেঽনবক্লৃপ্ত ইতি শ্রুতেঃ কথমস্য যজ্ঞোঽপি যজ্ঞ ইত্যাশঙ্ক্যাহ যত ইতি। সর্ব্ববর্ণানাং ত্রৈবর্ণিকানাং যো যজ্ঞঃ স তস্যৈব শূদ্রস্যৈব ভবতি তস্য তৎ সেবকত্বাৎ যথা হি শ্রদ্ধয়া গুর্ব্বগ্নীন্ পরিচরত উপকোশলস্যাগ্নয়ো ব্রহ্মবিদ্যাং দত্তবন্ত এবং শ্রদ্ধয়া ব্রাহ্মণাদীনারাধয়তঃ শূদ্রস্যাপি ব্রাহ্মণকৃতযজ্ঞফলভাগিত্বমস্ত্যেবেত্যর্থঃ। সার্দ্ধঃ শ্লোকঃ ॥৪২—৪৩॥ সৃষ্টয়ঃ সন্তানানি তেন

ভরতনন্দন ! যেহেতু দ্বিজাতিগণের যজ্ঞই শূদ্রের যজ্ঞ ; সেই হেতু সমস্ত যজ্ঞের প্রথমেই শূদ্রের তাহাতে দৃঢ়বিশ্বাস থাকা বিহিত হইয়াছে ॥৪২॥

কারণ, যজ্ঞকারিগণের দৃঢ়বিশ্বাসই পরম দেবতা ও পবিত্র এবং ব্রাহ্মণেরাও পরম দেবতা। অতএব ক্ষত্রিয়প্রভৃতি বর্ণেরা আপন আপন কর্ম্মদ্বারাই পরস্পর ফলভাগী হইয়া থাকেন ॥৪৩॥

ব্রাহ্মণগণই অপর তিন বর্ণের সৃষ্টিকর্ত্তা ; সুতরাং ব্রাহ্মণসৃষ্ট সেই ক্ষত্রিয়প্রভৃতি তিন বর্ণ একাগ্রচিত্ত হইয়া সেই সেই কামনা করিয়া, নানাবিধ যজ্ঞ করিয়া আসিতেছেন ॥৪৪॥

---

(৪৪)···কামৈঃ সমাহিতৈঃ···বর্দ্ধ।

দেবানামপি যে দেবা যদ্‌ব্রূয়ুস্তে পরং হিতম্।
তস্মাদ্বর্ণৈঃ সর্ব্বযজ্ঞাঃ সংসৃজ্যন্তে ন কাম্যয়া ॥৪৫॥
ঋগ্‌যজুঃসামবিৎ পূজ্যো নিত্যং স্যাদ্দেববদ্দ্বিজঃ।
অনৃগ্‌যজুরসামা চ প্রাজাপত্য উপদ্রবঃ।
যজ্ঞো মনীষয়া তাত! সর্ব্ববর্ণেষু ভারত! ॥৪৬॥
নাস্য যজ্ঞকৃতো দেবা ঈহন্তে নেতরে জনাঃ।
ততঃ সর্ব্বেষু বর্ণেষু শ্রদ্ধাযজ্ঞো বিধীয়তে ॥৪৭॥

ভারতকৌমুদী

যজ্ঞাদৌ ব্রাহ্মণোপদেশস্যৈব গ্রাহ্যত্বমিত্যাহ দেবানামিতি। যে ব্রাহ্মণাঃ, দেবাঃ তপঃপ্রভাবেণ প্রাধান্যাৎ, হিতং সর্ব্বেষামেব বর্ণানাং হিতজনকম্। সংসৃজ্যন্তে ব্রাহ্মণোপদেশেনৈব সম্পাদ্যন্তে, ন কাম্যয়া ন স্বেচ্ছয়া ॥৪৫॥

ঋগিতি। দ্বিজো ব্রাহ্মণাদিবর্ণত্রয়ম্। প্রাজাপত্যঃ প্রজাপতিসন্তানঃ শূদ্রস্তু উপ দ্বিজাতীনাং সমীপে দ্রবতি সেবার্থং গচ্ছতীতি সঃ। মনীষয়া বেদজ্ঞানেনৈব যজ্ঞঃ সম্পাদ্যতে। তেন চ শূদ্রস্য বেদানধিকারাৎ সাক্ষাদ্‌যজ্ঞেঽনধিকার ইত্যাশয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

নেতি। দেবা ব্রাহ্মণাঃ, ইতরে জনাঃ ক্ষত্রিয়া বৈশ্যাশ্চ, যজ্ঞকৃতঃ প্রৌঢ়প্রবৃত্ত্যা যজ্ঞকারিণঃ অস্য শূদ্রস্য ন ঈহন্তে যজ্ঞসম্পাদনায় ন চেষ্টন্তে তদনধিকারেণ নিরাপোদয়াৎ। শ্রদ্ধাযজ্ঞঃ সেবামাত্রেণৈব ফলোৎপত্তৌ দৃঢ়বিশ্বাসঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

সর্ব্বেষাং বর্ণানাং ব্রাহ্মণজত্বাদস্যোব শূদ্রস্যাপি যজ্ঞেঽধিকার ইত্যর্থঃ ॥৬৪॥ যদ্‌ব্রূয়ুস্তে তদেব পরং হিতং বর্ণৈঃ সশূদ্রৈঃ সর্ব্বযজ্ঞাঃ শ্রৌতাঃ স্মার্ত্তাশ্চ ন কাময়া স্বভাবাৎ সংসৃজ্যন্তে ইতি পূর্ব্বশ্লোপ- ... ॥৬৫॥ অত্র হেতুমাহ ঋগিতি। দ্বিজস্ত্রৈবর্ণিকঃ পূজ্যঃ শূদ্রেণোপদ্রবতীতি তৎসমীপগামিত্বাদুপদ্রবো দাসঃ শূদ্রঃ স বেদহীনোঽপি প্রাজাপত্যঃ প্রজাপতিদেবতাকঃ যথাগ্নেয়ো ব্রাহ্মণ ঐন্দ্রঃ ক্ষত্রিয়স্তদ্বৎ তথা চ মানসে দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগাত্মকে যজ্ঞে সর্ব্বে বর্ণা অধিক্রিয়ন্ত ইত্যর্থঃ। সার্দ্ধঃ শ্লোকঃ ॥৬৬॥ অস্য মানসযজ্ঞকর্ত্তু র্দেবা ইতরে জনাশ্চ ন ঈহন্তে ইতি নাঽপি তু শ্রদ্ধাপূতত্বাৎ সর্ব্বেঽপ্যস্য যজ্ঞে ভাগং কাময়ন্ত ইত্যর্থঃ। নাস্য যজ্ঞস্য ত ইতি পাঠে এবং যজ্ঞং দেবা অপি কর্ত্তুং ন ঈহন্তে ন সমর্থা

যাঁহারা দেবগণেরও দেবতা সেই ব্রাহ্মণেরা যাহা বলেন, তাহা অপর সকল বর্ণেরই হিতজনক। অতএব অপর সকল বর্ণ ই সেই ব্রাহ্মণগণের উপদেশ অনুসারেই সমস্ত যজ্ঞ করিয়া থাকেন; কিন্তু আপন আপন ইচ্ছা অনুসারে করেন না ॥৪৫॥

বৎস ভরতনন্দন! দ্বিজাতিরা ঋক্, যজু ও সামবেদে অধিকারী বলিয়া সর্ব্বদাই দেবতার ন্যায় গৌরবের যোগ্য। কিন্তু শূদ্র ঋক্, যজু ও সাম ইহার কোন বেদেই অধিকারী নয় বলিয়া সেরূপ গৌরবের যোগ্য নহে। কিন্তু কেবল দ্বিজাতিগণের সেবা কার্য্যেরই যোগ্য ॥৪৬॥

স্বং দৈবতং ব্রাহ্মণঃ স্বেন নিত্যং পরান্ বর্ণানযজন্নৈবমাসীৎ।
অধরো বিতানঃ সংসৃষ্টো বৈশ্যো ব্রাহ্মণস্ত্রিষু বর্ণেষু যজ্ঞসৃষ্টঃ ॥৪৮॥
তস্মাদ্বর্ণা ঋজবো জ্ঞাতবর্ণাঃ সংসৃজ্যন্তে তস্য বিকার এব।
একং সাম যজুরেকমৃগেকা বিপ্রশ্চৈকো নিশ্চয়ে তেষু সৃষ্টঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

স্বমিতি। ব্রাহ্মণঃ স্বেন তপোব্রতাদিকর্ম্মণা অন্যেষাং বর্ণানাং স্বমাত্মীয়ং দৈবতমেব। অতএব স ব্রাহ্মণঃ, পরান্ বর্ণান্ ক্ষত্রিয়াদীন্, অযজন্ যজ্ঞমকুর্ব্বন্ এবং নাসীৎ। বৈশ্যশ্চ সংসৃষ্টো যজ্ঞে হোত্রাদিরূপেণ সংপৃক্তো যদি স্যাৎ, তদা স বিতানো যজ্ঞঃ অধরো নিকৃষ্টঃ স্যাৎ। কিন্তু একো ব্রাহ্মণ এব অপরেষু ত্রিষু বর্ণেষু যজ্ঞায় সৃষ্টো বিধাত্রা জনিতঃ। অতঃ ক্ষত্রিয়স্যাপি সাক্ষাৎকর্তৃত্বং নিরস্তম্ ॥৪৮॥

তস্মাদিতি। বিধাত্রা তস্মাদেকস্মাৎ ব্রাহ্মণাদেব অপরে ক্ষত্রিয়াদয়ো বর্ণাঃ সংসৃজ্যন্তে অতএব তে ক্ষত্রিয়াদয়ঃ ঋজবো ব্রাহ্মণবদেব সরলাঃ, তস্য ব্রাহ্মণস্য জ্ঞাতিবর্ণাশ্চ ভবন্তি। কিঞ্চ তৎ ক্ষত্রিয়াদিবর্ণত্রয়ম, তস্য ব্রাহ্মণস্য বিকার এব ততৎ কন্যাপরিণয়নাধিকারাৎ সন্তান এব। উক্তার্থে দৃষ্টান্তমাহ একমিতি। একমক্ষরম্ অকার ইত্যর্থঃ, যথা সাম জাতম, একমক্ষরমকারঃ যথা যজুর্জাতম, যথা চ ঋক্ একা একাকারজাতা, তথা একো বিপ্রঃ তেষু ক্ষত্রিয়াদিষু জনকতয়া নিশ্চয়ে বিধাত্রা সৃষ্টঃ। "অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষ স্পর্শোষ্মভির্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতী"তি শ্রুতেঃ ॥৪৯॥

ভারতভাবদীপঃ

ভবন্তীতি যোজনা ॥৪৭॥ বর্ণত্রয়হীনস্য শূদ্রস্য কথং পাকযজ্ঞেষ্বধিকার ইত্যাশঙ্ক্যাহ স্বং দৈবতং ব্রাহ্মণঃ স্বেন নিত্যং পরান্ বর্ণান্ যজন্নৈবমাসীৎ। অধরো বিতানঃ সংসৃষ্টো বৈশ্যো ব্রাহ্মণস্ত্রিষু বর্ণেষু যজ্ঞসৃষ্ট ইতি। ব্রাহ্মণস্ত্রয়াণামপি বর্ণানাং স্বমসাধারণং দৈবতমতঃ কারণাত্তু স্বে আত্মীয়া ব্রাহ্মণঃ পরান্ বর্ণাস্তদ্দিশ্য নাযজন্নিতি নৈবাসীদপি ত্বনুকম্পয়েনানুকম্পয়াণাহং ... যজ্ঞা ইত্যেবং ক্ষত্রিয়স্যৈব যাগং কৃতবন্ত এবেত্যেবমেবাসীদেবং পুরাকল্পপ্রদর্শনমুখেনায়ং বিধিরুক্তঃ। অযজন্নিতি পরস্মৈপদপ্রয়োগস্ত পরগামিত্বাৎ ক্রিয়াফলস্য যুক্তঃ। অধরো নীচঃ বৈবাহিকাদ্যৌপাসনাদিঃ, বিতানোঽগ্নীনাং বিস্তরঃ তস্যাধরো লৌকিকা এব পঞ্চকুণ্ডবিধানাদৌ জ্ঞেয়াঃ, এককুণ্ডেনৈব

ব্রাহ্মণ, ক্ষত্রিয় বা বৈশ্য যজ্ঞকারী শূদ্রের যজ্ঞ সম্পাদনের চেষ্টা করেন না। অতএব সমস্ত বর্ণের সেই সেই যজ্ঞে দৃঢ়বিশ্বাস থাকাই শূদ্রের পক্ষে বিহিত হইয়া থাকে ॥৪৭॥

ব্রাহ্মণ আপন কর্ম্মদ্বারাই সর্ব্বদা অন্যান্য বর্ণের আপন আপন দেবতাস্বরূপ হইয়া থাকেন। অতএব সেই ব্রাহ্মণ অন্যান্য বর্ণের যজ্ঞ করেন নাই এমন কখন হয় নাই। কিন্তু বৈশ্য যে যজ্ঞে আচার্য্যপ্রভৃতি কার্য্যে ব্যাপৃত হন, সে যজ্ঞ নিকৃষ্ট বলিয়া গণ্য হইয়া থাকে; কিন্তু একমাত্র ব্রাহ্মণকেই অপর তিন বর্ণের যজ্ঞের আচার্য্যপ্রভৃতিরূপে বিধাতা সৃষ্টি করিয়াছেন ॥৪৮॥

---

(৪৮)...অধরো বিতানস্তথ তত্র সৃষ্টো ন ব্রাহ্মণস্ত্রিষু বর্ণেষু রাজন্!—নি।

অত্র গাথা যজ্ঞগীতাঃ কীর্ত্তয়ন্তি পুরাবিদঃ।
বৈখানসানাং রাজেন্দ্র! মুনীনা যষ্টুমিচ্ছতাম্ ॥৫০॥
উদিতেঽনুদিতে বাপি শ্রদ্দধানো জিতেন্দ্রিয়ঃ।
বহ্নিং জুহোতি ধর্ম্মেণ শ্রদ্ধা বৈ কারণং মহৎ ॥৫১॥
যৎ স্কন্নমস্য তৎ পূর্ব্বং যদস্কন্নং তদুত্তরম্।
বহূনি যজ্ঞরূপাণি নানাকর্ম্মফলানি চ ॥৫২॥

ভারতকৌমুদী

অত্রেতি। গাথা গানচ্ছন্দোবদ্ধবাক্যানি। বৈখানসানাং বনবাসিনাম্ ॥৫০॥

উদিত ইতি। উদিতে সূর্য্যে। শ্রদ্ধা ফলে বিশ্বাস এব তত্র মহৎ কারণম্ ॥৫১॥

ভারতভাবদীপঃ

এব লৌকিকঃ। স বাহণ খলু যত্র ক চ হোষ্যন্ স্যাদিত্যুপক্রম্যাগ্নিং প্রতিষ্ঠাপ্যেতি গৃহ্যকারৈর্দর্শিতঃ সংসৃষ্ট ইতি তত্রাপি মন্ত্রসংসর্গ উচ্যতে। বৈশ্যো বৈশ্যগৃহাদানীতঃ শ্রৌতেঽপি বিট্কুলাদ্বিত্তবতো বেতি বৈশ্যগৃহাদ্দক্ষিণাগ্ন্যর্থমগ্ন্যানয়নং দৃশ্যতে, যস্মাদেবং তস্মাদ্ব্রাহ্মণস্ত্রিষ্বপি বর্ণেষু যজ্ঞঃ সৃষ্টো যেন স যজ্ঞস্রষ্টা ভবতীত্যর্থঃ। পাঠান্তরে বৈশ্যপদে বিভক্তিলোপ আর্ষঃ ॥৪৮॥ যস্মাত্রিষু বর্ণেষু ব্রাহ্মণো যজ্ঞস্রষ্টা তস্মাৎ সর্ব্বেঽপি বর্ণা ঋজবঃ সাধব এব যজ্ঞসংযোগাৎ। এবং ধর্ম্মসাম্যেঽপি জ্ঞাতিসাম্যং নাস্তীত্যাশঙ্ক্যাহ—জ্ঞাতিবর্ণা অপি ক্ষত্রিয়বৈশ্যশূদ্রাস্তস্য ব্রাহ্মণস্যৈব বিকারে ক্ষত্রিয়াদি-কন্যাসূৎপন্নে মূর্দ্ধাভিষিক্তাদৌ সংসৃজ্যন্ত এব; তেন ধর্ম্মতো জন্মতশ্চ সর্ব্বে বর্ণা ব্রাহ্মণসংসৃষ্টা ইতি স্থিতম্। তত্র হেতুমাহ—এক ইতি। তেষু তত্ত্বনিশ্চয়ে ক্রিয়মাণে একো বিপ্রো ব্রহ্মৈব প্রথমো ব্রাহ্মণঃ সৃষ্টো জাতঃ ব্রাহ্মণসন্ততিত্বাৎ সর্ব্বেঽপ্যেতে ব্রাহ্মণা এবেত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—একং সামেতি। "অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষা স্পর্শোষ্মভির্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতি॥" ইতি শ্রুতেরেকমকাররূপমেবাক্ষরং যথা সামাদিরূপং তথা ব্রহ্মৈব ব্রাহ্মণাদিরূপমিত্যর্থঃ ॥৪৯॥ বৈখানসানাং বানপ্রস্থানাং গাথা যজ্ঞস্তুতিশ্লোকাঃ, যজ্ঞগীতা বিষ্ণুগীতাঃ ॥৫০—৫১॥ যৎ স্কন্নমিতি। রৌদ্রং গবি

বিধাতা একমাত্র সেই ব্রাহ্মণ হইতে অপর তিন বর্ণকে সৃষ্টি করিয়া থাকেন; সুতরাং অপর তিন বর্ণ ব্রাহ্মণের তুল্যই সরল এবং তাঁহার জ্ঞাতিবর্ণ বলিয়াই গণ্য হন; সুতরাং অপর তিন বর্ণ সেই ব্রাহ্মণেরই সন্তান। ঋক্, যজু ও সামবেদ যেমন একমাত্র অকার হইতে আবির্ভূত হইয়াছিল; সেইরূপ একমাত্র ব্রাহ্মণ হইতেই অপর তিন বর্ণ আবির্ভূত হইয়াছে। অতএব ব্রাহ্মণই অপর তিন বর্ণের উৎপাদক ॥৪৯॥

রাজশ্রেষ্ঠ! প্রাচীন অভিজ্ঞ লোকেরা এই বিষয়ে বনবাসী যজ্ঞাভিলাষী মুনি-গণের যজ্ঞসম্বন্ধী স্তুতিশ্লোকগুলির উল্লেখ করিয়া থাকেন—॥৫০॥

'সূর্য্য উদিত হইলে, কিংবা তাঁহার অনুদিত অবস্থায় শ্রদ্ধাশীল ও জিতেন্দ্রিয় লোক সকল যে হোম করিয়া থাকেন, শ্রদ্ধাই তাহার প্রধান কারণ ॥৫১॥

তানি যঃ সংপ্রজানাতি জ্ঞাননিশ্চয়নিশ্চিতঃ।
দ্বিজাতিঃ শ্রদ্ধয়োপেতঃ স যষ্টুং পুরুষোঽর্হতি ॥৫৩॥ (যুগ্মকম্)
স্তেনো বা যদি বা পাপো যদি বা পাপকৃত্তমঃ।
যষ্টুমিচ্ছতি যজ্ঞং যঃ সাধুমেব বদন্তি তম্ ॥৫৪॥
ঋষয়স্তং প্রশংসন্তি সাধু চৈতদসংশয়ম্।
সর্ব্বথা সর্ব্বদা বর্ণৈর্যষ্টব্যমিতি নির্ণয়ঃ ॥৫৫॥
নহি যজ্ঞসমং কিঞ্চিত্ত্রিষু লোকেষু বিদ্যতে।
তস্মাদ্‌যষ্টব্যমিত্যাহুঃ পুরুষেণানসূয়তা।
শ্রদ্ধাপবিত্রমাশ্রিত্য যথাশক্তি যথেচ্ছয়া ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি
রাজধর্ম্মে বর্ণাশ্রমধর্ম্মকথনে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

যদিতি। অস্য হোতুঃ, যৎ হবনম্, স্বস্থং বায়ুদেবতাকং ভবতি, "স্বস্থমপি মরুদ্দৈবতং ভবতি" ইতি শ্রুতেঃ। তৎ হবনম্, ষোড়শানামগ্নিহোত্রাণাং মধ্যে, পূর্ব্বং প্রথমম্, অস্বস্থং বায়ুভিন্নদেবতাকম্, উত্তরং চরমম্। বহূনি যানি যজ্ঞানাং রূপাণি, নানাকর্ম্মফলানি চ বেদে উক্তানীতি শেষঃ। জ্ঞাননিশ্চয়েন অসন্দিগ্ধজ্ঞানেন নিশ্চিতো নিশ্চিতবিষয়ঃ ॥৫২—৫৩॥

স্তেন ইতি। স্তেনশ্চৌরঃ, পাপঃ স্বল্পপাপযুক্তঃ। যষ্টুং কর্ত্তুম্ ॥৫৪॥

ঋষয় ইতি। এতৎ কর্ম্ম। বর্ণৈঃ সর্ব্বৈরেব, যষ্টব্যং যজ্ঞঃ কর্ত্তব্যঃ ॥৫৫॥

সেই হোতাদের যে হোমের দেবতা বায়ু, সেই হোমই ষোড়শপ্রকার হোমের মধ্যে প্রথম এবং যে হোমের দেবতা বায়ু নহেন, সেই হোম শেষ। আর বেদে যজ্ঞের যে বহুপ্রকার এবং নানাবিধ কর্ম্মের ফল উক্ত হইয়াছে; তাহা যিনি জানেন এবং যজ্ঞ বিষয়ে অসন্দিগ্ধজ্ঞানশালী হন, সেই শ্রদ্ধাশীল দ্বিজাতিই যজ্ঞ করিতে পারেন ॥৫২—৫৩॥

চোরই হউক, অল্প পাপীই হউক, কিংবা গুরুতর পাপীই হউক, যে মানুষ যজ্ঞ করিবার ইচ্ছা করে; তাহাকে সকলে সাধুই বলে ॥৫৪॥

ঋষিরাও তাহার প্রশংসা করেন। কেন না, এ কার্য্য যে ভাল, সে বিষয়ে কোন সন্দেহ নাই। অতএব ব্রাহ্মণপ্রভৃতি চারিবর্ণই সর্ব্বদা সর্ব্বপ্রকারে যজ্ঞ করিবেন, ইহা ধর্ম্মশাস্ত্রের নির্ণয় ॥৫৫॥

* '…ষষ্টিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ।

ষষ্টিতমোঽধ্যায়ঃ।

———:*:———

ভীষ্ম উবাচ।

আশ্রমাণাং মহাবাহো! শৃণু সত্যপরাক্রম!।
চতুর্ণামপি নামানি কর্ম্মাণি চ যুধিষ্ঠির! ॥১॥
বানপ্রস্থং ভৈক্ষচর্য্যং গার্হস্থ্যঞ্চ মহাশ্রমম্।
ব্রহ্মচর্য্যাশ্রমং প্রাহুশ্চতুর্থং ব্রাহ্মণৈর্বৃতম্ ॥২॥

ভারতকৌমুদী

নহীতি। যজ্ঞসমং ফলজনকমিতি শেষঃ। অনসূয়তা পরদোষমননাবিমুখতা। শ্রদ্ধয়া ফলোৎপত্তৌ দৃঢ়বিশ্বাসেন পবিত্রং ভাবম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং-ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

আশ্রমাণামিতি। হে সত্যপরাক্রম। জ্ঞানেন তৎপ্রদর্শনাদিতি ভাবঃ ॥১॥

বানেতি। বনে প্রতিষ্ঠন্ত ইতি বনপস্থাস্তেষাময়মিতি বানপ্রস্থস্তম্, ভিক্ষাচর্য্যাস্ত্যাস্মিন্নিতি ভৈক্ষচর্য্যাস্তম্, গৃহস্থানামস্মিন্নিতি গার্হস্থ্যস্তম্। অস্য মহাশ্রমত্বঞ্চ অন্যাশ্রমাণামুপজীব্যত্বাৎ। বৃতং গৃহীতম্। ব্যুৎক্রমনির্দ্দেশঃ স্বমতে তত্তৎ প্রাধান্যাৎ ॥২॥

ভারতভাবদীপঃ

সত্যাগবায়ুপাস্যইমিত্যাদিবহ্বৃচব্রাহ্মণে ষোড়শকমগ্নিহোত্রমুক্তম্। তৎ মাকত্ বিদ্যমানমিতি স্বয়মপি নরান্দেবত্বাং ভবতীতি তৎপূর্ব্বমাশ্বমগ্নিহোত্রং যদস্য, যথাবিধিলক্ষণুত্তরং সক্রোৎকৃষ্টম্, বহুনীতি রৌদ্রাদীনি ॥৫২॥ তানি ষোড়শাগ্নিহোত্ররূপাণি ॥৫৩॥ রুদ্রং বিষ্ণুং বহ্নিং যজ্ঞদানাদিনা আরাধিতুম্ ॥৫৪॥ ঋষয় ইতি সার্দ্ধঃ ॥৫৫॥ শ্রদ্ধা পবিত্রং যথা স্যাত্তথা যষ্টব্যমিতি সম্বন্ধঃ। আশ্রিত্য শাস্ত্রমিতি শেষ. ॥৫৬॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৭॥

এই ত্রিভুবনে যজ্ঞের তুল্য ফলজনক অন্য কোন কর্ম্মই নাই। অতএব জ্ঞানীরা বলেন—মানুষ অসূয়া পরিত্যাগপূর্ব্বক শ্রদ্ধা ও পবিত্রভাব অবলম্বন করিয়া শক্তি ও ইচ্ছা অনুসারে যজ্ঞ করিবে' ॥৫৬॥

———:*:———

ভীষ্ম বলিলেন—'মহাবাহু সত্যপরাক্রম যুধিষ্ঠির! এখন তুমি চারিটী আশ্রমেরই নাম ও কর্ম্ম সকল শ্রবণ কর ॥১॥

জটাধরণসংস্কারং দ্বিজাতিত্বমবাপ্য চ।
আধানাদীনি কর্ম্মাণি প্রাপ্য বেদমধীত্য চ ॥৩॥
সদারো বাপ্যদারো বা আত্মবান্ সংযতেন্দ্রিয়ঃ।
বানপ্রস্থাশ্রমং গচ্ছেৎ কৃতকৃত্যো গৃহাশ্রমাৎ ॥৪॥ (যুগ্মকম্)
তত্রারণ্যকশাস্ত্রাণি সমধীত্য স ধর্ম্মবিৎ।
ঊর্দ্ধরেতাঃ প্রব্রজিত্বা গচ্ছত্যক্ষরসাত্মতাম্ ॥৫॥
এতান্যেব নিমিত্তানি মুনীনামূর্দ্ধরেতসাম্।
কর্ত্তব্যানীহ বিপ্রেণ রাজন্নাদৌ বিপশ্চিতা ॥৬॥

ভারতকৌমুদী

বানপ্রস্থধর্ম্মমাহ দ্বাভ্যাং যুগ্মকেন জটেতি। প্রথমমুপনয়নসংস্কারেণ দ্বিজাতিত্বম্, ব্রহ্মচর্য্যানন্তরেন জটধরণসংস্কারঞ্চাবাপ্য, আধানাদীনি অগ্নিগ্রহণাদীনি। সদারো বাপ্যদারো বেতি "পুত্রেষু দারান্ নিক্ষিপ্য বনং গচ্ছেৎ সহৈব বা।" ইতি স্মৃত্যনুসারাৎ। আত্মবান্ রাগদ্বেষাদিত্যাগেন প্রশস্তচিত্তঃ, কৃতকৃত্যো জনিতপুত্রাদিঃ। এতেনাস্য ব্রহ্মচর্য্য-গার্হস্থ্যপূর্ব্বকত্বং সূচিতম্ ॥৩—৪॥

তত্রেতি। আরণ্যকশাস্ত্রাণি বৃহদারণ্যকাদীন্যধ্যাত্মশাস্ত্রাণি। ঊর্দ্ধরেতা ব্রহ্মচারী, অক্ষরসাত্মতাং ব্রহ্মণি লীনতাম্ ॥৫॥

এতানীতি। এতানি দ্বিজাতিত্বপ্রাপ্ত্যাদীনি, নিমিত্তানি মুক্তিলাভকারণানি ॥৬॥

ভারতভাবদীপঃ

আশ্রমাণামিতি ॥১॥ বানপ্রস্থমিতি পাঠক্রমো ন বিবক্ষিতঃ। চতুর্থং সন্ন্যাসং তঞ্চ জটাধারণ সংস্কারমবাপ্য চেতি চো ভিন্নক্রমঃ; চান্মুক্তিনঞ্চ বদন্তি ॥২॥ দ্বিজাতিত্বমবাপ্য বেদমধীত্য আধানাদীনি কর্ম্মাণি প্রাপ্য বানপ্রস্থাশ্রমং গচ্ছেদিত্যন্বয়ঃ ॥৩—৪॥ আরণ্যকানাং বানপ্রস্থানাং শাস্ত্রাণি শাসনানি সমধীত্য সম্যগনুষ্ঠানেন প্রাপ্য, অক্ষরসাত্মতাং কৈবল্যম্ ॥৫॥ এতানি দ্বিজত্বাবাপ্ত্যাদীনি, এবশব্দঃ

বানপ্রস্থ, প্রব্রজ্যা, গার্হস্থ্য ও ব্রহ্মচর্য্য—এই চারিটী আশ্রমের নাম। ব্রাহ্মণেরা এই চারিটী আশ্রমই অবলম্বন করিয়াছেন ॥২॥ *

উপনয়নসংস্কার, জটাধারণ, অগ্নিগ্রহণ ও বেদাধ্যয়ন করিয়া, ক্রমে গৃহস্থ প্রশস্তচিত্ত ও জিতেন্দ্রিয় হইয়া কৃতকৃত্য অবস্থায় ভার্য্যাকে গৃহে রাখিয়া কিংবা ভার্য্যার সহিত মিলিত হইয়া সেই গার্হস্থ্যাশ্রম হইতে বানপ্রস্থাশ্রমে গমন করিবে ॥৩—৪॥

সেই ধর্ম্মজ্ঞ মানুষ সেই বানপ্রস্থাশ্রমে থাকিয়া অধ্যাত্মশাস্ত্র অধ্যয়ন করিয়া ঊর্দ্ধরেতা হইয়া ক্রমে প্রব্রজ্যা অবলম্বন করিয়া নির্ব্বাণমুক্তি লাভ করেন ॥৫॥

রাজা! জ্ঞানবান্ ব্রাহ্মণ ঊর্দ্ধরেতা মুনিগণের আচরিত এই সকল উপায়ই প্রথমে অবলম্বন করিবেন ॥৬॥

চরিতব্রহ্মচর্য্যস্য ব্রাহ্মণস্য বিশাংপতে ! ।
ভৈক্ষচর্য্যাস্বধীকারঃ প্রশস্ত ইহ মোক্ষিণঃ ॥৭॥
যত্রাস্তমিতশায়ী স্যান্নিরাশীরনিকেতনঃ।
যথোপলব্ধজীবী স্যান্মুনির্দান্তো জিতেন্দ্রিয়ঃ ॥৮॥
নিরাশীঃ স্যাৎ সর্ব্বসমো নির্ভোগো নির্ব্বিকারবান্।
বিপ্রঃ ক্ষেমাশ্রমং প্রাপ্তো গচ্ছত্যক্ষরসাত্মতাম্ ॥৯॥
অধীত্য বেদান্ কৃতসর্ব্বকৃত্যঃ সন্তানমুৎপাদ্য সুখানি ভুক্ত্বা।
(১৭) যদা ভুবি জয়ী রাজা··· নিবিশেয়ুঃ কথঞ্চন···বঙ্গ···বর্দ্ধ। (১৯)···কস্তস্য ব্রাহ্মণ স্ত্রাতা···বঙ্গ···বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

তপসা ব্রহ্মচর্য্যেণ শস্ত্রেণ চ বলেন চ।
অমায়য়া মায়য়া চ নিয়ন্তব্যং তদা ভবেৎ ॥২০॥
ক্ষত্রিয়স্যাতিবৃত্তস্য ব্রাহ্মণেষু বিশেষতঃ।
ব্রহ্মৈব সংনিয়ন্তৃ স্যাৎ ক্ষত্রং হি ব্রহ্মসম্ভবম্ ॥২১॥
অদ্ভ্যোঽগ্নির্ব্রহ্মতঃ ক্ষত্রমশ্মনো লোহমুত্থিতম্।
তেষাং সর্ব্বত্রগং তেজঃ স্বস্বযোনিষু শাম্যতি ॥২২॥
যদা ছিনত্ত্যয়োঽশ্মানমগ্নিশ্চাপোঽভিগচ্ছতি।
ক্ষত্রং বা ব্রাহ্মণং দ্বেষ্টি তদা শাম্যন্তি তে ত্রয়ঃ ॥২৩॥
তস্মাৎ ব্রহ্মণি শাম্যন্তি ক্ষত্রিয়াণাং যুধিষ্ঠির!।
সমুদীর্ণান্যজেয়ানি তেজাংসি চ বলানি চ ॥২৪॥

ভারতকৌমুদী

তপসেতি। বলেন দৈহিকশক্ত্যা। অমায়য়া সারল্যেন, মায়য়া কূটকৌশলেন চ নিয়ন্তব্যং ব্রাহ্মণেন ক্ষত্রং যথাস্থানে স্থাপ্যম্ ॥২০॥

ক্ষত্রিয়স্যেতি। অতিবৃত্তস্য অতিক্রান্তস্য মর্য্যাদালঙ্ঘনকারিণ ইত্যর্থঃ। ব্রহ্ম ব্রাহ্মণ এব, ব্রহ্মণো ব্রাহ্মণাৎ সম্ভবতীতি তৎ ॥২১॥

অদ্ভ্য ইতি। অগ্নিরদ্ভ্যো জলাৎ, ক্ষত্রং ব্রহ্মতো ব্রাহ্মণাৎ, লোহঞ্চ অশ্মনঃ পাষাণাৎ, উত্থিতমুৎপন্নম্। অতএব তেষামগ্ন্যাদীনাং সর্ব্বত্রকং তেজঃ স্বস্বযোনিষু নিজ-নিজ-কারণেষু, শাম্যতি নিবর্ত্ততে ॥২২॥

যদেতি। অয়ো লোহময়মস্ত্রং কর্ত্তৃ, অশ্মানং পাষাণং ছিনত্তি; অগ্নিশ্চ অপো জলম্। অভিগচ্ছতি। তে অয়ঃ প্রভৃতয়ঃ ॥২৩॥

ভীষ্ম বলিলেন—'তখন ব্রাহ্মণই তপস্যা, ব্রহ্মচর্যা, অস্ত্র ও দৈহিক শক্তিদ্বারা সরলভাবে কিংবা কূটকৌশলে ক্ষত্রিয়গণকে স্বধর্মে নিয়মিত করিবেন ॥২০॥

যখন ক্ষত্রিয় বিশেষভাবে ব্রাহ্মণের মর্য্যাদা লঙ্ঘন করিতে থাকে, তখন ব্রাহ্মণই সেই ক্ষত্রিয়ের নিয়ামক হইবেন, কারণ, ক্ষত্রিয় ব্রাহ্মণ হইতেই উৎপন্ন হইয়াছে ॥২১॥

অগ্নি জল হইতে, ক্ষত্রিয় ব্রাহ্মণ হইতে এবং লৌহ পাষাণ হইতে উৎপন্ন হইয়াছে। অতএব, সেই অগ্নি প্রভৃতির সর্ব্বব্যাপী তেজ আপন আপন কারণ জল প্রভৃতিতে নিবৃত্তি পাইয়া থাকে ॥২২॥

যখন লৌহময় অস্ত্র, পাষাণ ছেদন করিতে আরম্ভ করে, অগ্নি জলের দিকে যায় এবং ক্ষত্রিয় ব্রাহ্মণকে বিদ্বেষ করে, তখনই সেই তিনটী পদার্থ বিনষ্ট হয় ॥২৩॥

(২২)…স্বাসু যুবোনি…বজ…বর্দ্ধ।

ব্রহ্মবীর্য্যে মৃদৌ ভূতে ক্ষত্রবীর্য্যে চ দুর্ব্বলে।
দুষ্টেষু সর্ব্ববর্ণেষু ব্রাহ্মণান্ প্রতি ভারত ! ॥২৫॥
যে তত্র যুদ্ধং কুর্ব্বন্তি ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ।
ব্রাহ্মণান্ পরিরক্ষন্তো ধর্ম্মমাত্মনমেব চ ॥২৬॥
মনস্বিনো মন্যুমন্তঃ পুণ্যশ্লোকা ভবন্তি তে।
ব্রাহ্মণার্থং হি সর্ব্বেষাং শস্ত্রগ্রহণমিষ্যতে ॥২৭॥ (বিশেষকম্)
অতিস্বিষ্টমধীতানাং লোকানতিতপস্বিনাম্।
অনাশকাগ্ন্যাহিতানাং শূরা যান্তি পরাং গতিম্ ॥২৮॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। ব্রহ্মণি ব্রাহ্মণে। সমুদীর্ণানি উদ্‌গতানি ॥২৪॥

ব্রহ্মেতি। ব্রহ্মণো ব্রাহ্মণস্য বীর্য্যে। সর্ব্ববর্ণেষু বৈশ্যাদিষু। ত্যক্ত্বা ত্যক্তুমুদ্যমং কৃত্বা। মন্যুমন্তঃ ক্রোধবন্তঃ, পুণ্যশ্লোকাঃ পবিত্রযশসঃ ॥২৫—২৭॥

অতীতি। শূরাস্তে বীরাঃ, অতিস্বিষ্টং অতিশোভনো যজ্ঞো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা, অধীতানাং কৃতবেদাধ্যয়নানাম্, অতিতপস্বিনাম্, ন আশকা অনাশকা অভোজিনো নিত্যোপবাসিনশ্চেত্যর্থঃ। অগ্নিরাহিতঃ স্থাপিতো যৈ স্তে চ তেষাম্, লোকান্ স্বর্গান্ পরাং গতিং মুক্তিঞ্চ যান্তি ॥২৮॥

ভারতভাবদীপঃ

নিয়ন্তবাং ক্ষত্রং ব্রাহ্মণেনেতি শেষঃ ॥২০—২৪॥ সর্ব্বৈর্ব্বর্ণৈর্ব্রহ্মক্ষত্রয়োরভিভবে ব্রাহ্মণার্থং ক্ষত্রেণ মর্ত্তব্যমেবেত্যাহ, ব্রহ্মেত্যাদিনা ॥২৫—২৭॥ অতীতি। যজ্ঞাধ্যয়নতপোযুক্তানামনশনাগ্নিপ্রবেশকারিণামপ্যপেক্ষয়া ব্রাহ্মণার্থং ম্রিয়মাণ উৎকৃষ্টান্ লোকানাপ্নোতীত্যর্থঃ ॥২৮॥ এবং যুদ্ধধর্ম্মেণ ॥২৯॥

অতএব যুধিষ্ঠির ! অন্যের অজেয় ক্ষত্রিয়গণের তেজ ও বল ব্রাহ্মণের নিকট যাইয়াই নিবৃত্তি পাইয়া থাকে ॥২৪॥

বৈশ্য প্রভৃতি সমস্তবর্ণ সর্ব্বপ্রকারে ব্রাহ্মণগণের প্রতি দুর্ব্যবহার করিতে থাকিলে, ব্রাহ্মণের শক্তি কোমল হইয়া পড়িলে এবং ক্ষত্রিয়ের শক্তি হ্রাস পাইলে যে মনস্বীরা ক্রুদ্ধ হইয়া ব্রাহ্মণ, ধর্ম্ম ও আপনাদিগকে রক্ষা করিবার জন্য নিজেদের প্রাণত্যাগের উদ্যম করিয়া, সেই সময়ে বৈশ্যপ্রভৃতির সঙ্গে যুদ্ধ করেন, তাঁহারা পুণ্যশ্লোক হইয়া থাকেন। কারণ, ব্রাহ্মণরক্ষার জন্য সকলেরই অস্ত্রগ্রহণ করা মনস্বিগণের অভীষ্ট ॥২৫—২৭॥

অধিক যজ্ঞ, বহু বেদাধ্যয়ন ও সাতিশয় তপস্যাকারীদিগের এবং নিত্য উপবাসী ও সাগ্নিকগণের যে সকল স্বর্গ হইয়া থাকে, সেই বীরেরা সেই সকল স্বর্গ ও নির্ব্বাণমুক্তি লাভ করিয়া থাকেন ॥২৮॥

(২৫)···ব্রাহ্মণান্ প্রতি সর্ব্বশঃ···বঙ্গ···বর্দ্ধ।

ব্রাহ্মণস্ত্রিষু বর্ণেষু শস্ত্রং গৃহ্নন্ ন দুষ্যতি ।
এষ এবাত্মনস্ত্যাগো নান্যং ধর্ম্মং বিদুর্জনাঃ ॥২৯॥
তেভ্যো নমশ্চ ভদ্রঞ্চ যে শরীরাণি জুহ্বতি ।
ব্রহ্মদ্বিষো জিঘাংসন্তস্তেষাং নোঽস্তু সলোকতা ।
ব্রহ্মলোকজিতঃ স্বর্গ্যান্ বীরাংস্তান্ মনুরব্রবীৎ ॥৩০॥
যথাশ্বমেধাবভৃথে স্নাতাঃ পূতা ভবন্ত্যত ।
দুষ্কৃতস্য প্রণাশেন তথা শস্ত্রহতা রণে ॥৩১॥
ভবত্যধর্ম্মো ধর্ম্মো হি ধর্ম্মাধর্ম্মাবুভাবপি ।
কারণাদ্দেশকালস্য দেশকালঃ স তাদৃশঃ ॥৩২॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ ইতি। ত্রিষু বর্ণেষু ক্ষত্রিয়াদিবর্ণত্রয়রক্ষার্থে ॥২৯॥

তেভ্য ইতি। নমঃ অস্মাকং মন্বাদীনাং নমস্কারঃ, ভদ্রং মঙ্গলঞ্চ ভবত্বিতি শেষঃ, জুহ্বতি সমরানলে, ব্রহ্মদ্বিষোব্রাহ্মণদ্বেষিণো বেদদ্বেষিণো বা। নোঽস্মাকং মন্বাদীনাং সলোকতা সমানলোকবাসিতা। স্বর্গ্যান্ স্বর্গাদনপেতান্ ॥ ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

যথেতি। অশ্বমেধস্য যজ্ঞস্য অবভৃতে সমাপ্তিজলে। দুষ্কৃতস্য পাপিষ্ঠস্য, প্রণাশেন প্রণাশোদ্দেশেন ॥৩১॥

নন্বু ব্রাহ্মণস্যাস্ত্রধারণমধর্ম্ম এবেতি কৃতস্তস্য পূতত্বমিত্যাহ ভবতীতি। দেশকালস্য কারণাৎ অধর্ম্মোঽপি ধর্ম্মো ভবতি, তথা ধর্ম্মাধর্ম্মাবুভাবপি সম্ভবতঃ, রক্ষার্থিনাং ধর্ম্মঃ বিদ্রোহিণাঞ্চাধর্ম্ম ইতি ভাবঃ। স ব্রাহ্মণস্যাস্ত্রধারণসম্বন্ধী ॥৩২॥

ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণের রক্ষার জন্য ব্রাহ্মণ অস্ত্রধারণ করিয়াও দোষভাগী হন না, এবং ইহাই তাঁহার আত্মত্যাগ, এতদ্ভিন্ন অন্য কোন ধর্ম্ম তৎকালে তাঁহার নাই, এইরূপই মনস্বীরা মনে করেন ॥২৯॥

মনু বলিয়াছেন—'যাঁহারা বেদদ্বেষী বা ব্রাহ্মণদ্বেষী লোকদিগকে বিনাশ করিবার জন্য আপনাদের শরীরগুলিকে সমরানলে আহুতি দেন, আমি তাঁহাদিগকে নমস্কার করি এবং তাঁহাদের মঙ্গল কামনা করি, আর তাঁহারা আসিয়া আমাদের সমান লোকে বাস করুন, ইহা ইচ্ছা করি। বিশেষতঃ তাঁহারাই ব্রহ্মলোকবিজয়ী ও সমস্ত স্বর্গের অধিকারী, ইহা মনে করি' ॥৩০॥

মানুষ অশ্বমেধ যজ্ঞ সমাপ্তিকালে তাহার জলে স্নান করিয়া যেমন পবিত্র হয়; তেমন পাপিষ্ঠ বিনাশের জন্য যুদ্ধে অস্ত্রহত হইয়াও পবিত্র হইয়া থাকে ॥৩১॥

(২৯)···এবমেবাত্মনস্ত্যাগাৎ···বঙ্গ···বর্দ্ধ। (৩০)···জুহ্বতে···ব্রহ্মদ্বিষো নিযচ্ছন্তঃ··· বঙ্গ বর্দ্ধ।
(৩১)···দুষ্কৃতঃ সুকৃতশ্চৈব···নি।

মৈত্রাঃ ক্রূরাণি কুর্ব্বন্তো জয়ন্তি স্বর্গমুত্তমম্।
ধর্ম্ম্যাঃ পাপানি কুর্ব্বাণা গচ্ছন্তি পরমাং গতিম্ ॥৩৩॥
ব্রাহ্মণস্ত্রিষু কালেষু শস্ত্রং গৃহ্নন্ ন দুষ্যতি।
আত্মত্রাণে বর্ণদোষে দুর্দ্দম্যনিয়মেষু চ ॥৩৪॥

যুধিষ্ঠির উবাচ।

অভ্যুত্থিতে দস্যুবলে ক্ষত্রার্থে বর্ণসঙ্করে।
সংপ্রমূঢ়েষু বর্ণেষু যদ্যন্যোঽভিভবেদ্বলী ॥৩৫॥

ভারতকৌমুদী

মৈত্রা ইতি। মৈত্রা উপকারেণ লোকমিত্রতার্থিন উতঙ্কাদয়ঃ। ক্রূরাণি সর্পসত্রাদীনি। ধর্ম্ম্যা ধর্ম্মাদনপেতাঃ ক্ষত্রিয়াঃ, পাপাণি লোকসংহারেণাধর্ম্মান্, গচ্ছন্তি ধর্ম্মস্থাপনোদ্দেশাৎ ॥৩৩॥

ব্রাহ্মণ ইতি। বর্ণদোষে ক্ষত্রিয়াদৌ বিকর্ম্মস্থে, দুর্দ্দম্যানাং তস্করাদীনাং নিয়মেষু দমনেষু চ ॥৩৪॥

অভীতি। অভ্যুত্থিতে বৃদ্ধিং প্রাপ্তে, ক্ষত্রার্থে উৎপথগামিনো রাজ্ঞো দমনার্থে, বর্ণসঙ্করে অবাধব্যভিচারেণ বর্ণসঙ্করোৎপত্তিসম্ভবে, বর্ণেষু ব্রাহ্মণাদিষু, সংপ্রমূঢ়েষু কর্ত্তব্যজ্ঞানহীনেষু চ

ভারতভাবদীপঃ

নোঽস্মাকমস্ত্ব ॥৩০॥ যথেতি ততস্তথা ॥৩১॥ ভবতীতি ধর্ম্মাধর্ম্মৌ ক্রমাদধর্ম্মো ধর্ম্মশ্চ ভবতঃ কারণবিশেষাৎ ॥৩২॥ মৈত্রা উতঙ্কপরাশরাদয়ঃ ক্রূরাণি সর্পরাক্ষসসত্রাদীনি। ধর্ম্ম্যা ধর্ম্মাদনপেতাঃ ক্ষত্রিয়াঃ পাপানি পররাষ্ট্রাবমর্দ্দাদীনি। অধর্ম্মস্য ধর্ম্মত্বে উদাহরণদ্বয়মুক্তম্। ইদমেবাহিংসাখ্য-ধর্ম্মাশ্রয়েঽধর্ম্মরূপমপি ভবতীতি জ্ঞেয়ম্ ॥৩৩॥ বর্ণদোষে ক্ষত্রিয়াদিষূৎপথগামিষু সৎসু ॥৩৪॥ দস্যূদয়ে সতি ক্ষত্রার্থে প্রজাপালননিমিত্তং লোকেষু মূঢ়েষু বর্ণসঙ্করেঽন্যোন্যং দারাহরণাদৌ প্রবৃত্তে সতি যদ্যন্যোঽক্ষত্রিয়ো বলী দস্যূনভিভবেৎ প্রজাশ্চ দস্যুভ্যো রক্ষেত্তর্হি স রাজা কার্যং কুর্য্যান্ন বা

দেশ ও কাল অনুসারে অধর্ম্ম ও ধর্ম্ম হয়; আবার ধর্ম্মও হয় অধর্ম্মও হয়। কেননা, সেই দেশ ও কাল সেইরূপই হইয়া থাকে ॥৩২॥

মানুষ পরের উপকারের জন্য পাপকার্য্য করিয়াও উত্তমস্বর্গের অধিকারী হয় এবং ধর্ম্মনিষ্ঠ ক্ষত্রিয়েরা পাপকার্য্য করিয়াও পরম গতি লাভ করেন ॥৩৩॥

আত্মরক্ষা, বর্ণগণের বিরুদ্ধকর্ম্মদোষ ও দস্যুতস্কর দমন এই তিনটী সময়ে ব্রাহ্মণ অস্ত্রধারণ করিয়াও দোষী হন না ॥৩৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ক্ষত্রিয়শ্রেষ্ঠ! দস্যুসৈন্য আক্রমণের জন্য উদ্যোগী হইলে, ক্ষত্রিয় উৎপথগামী হইয়া পড়িলে, ব্যভিচার নিবন্ধন বর্ণসঙ্করের সম্ভাবনা থাকিলে এবং সমস্ত বর্ণই কর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িলে, যদি ক্ষত্রিয় ভিন্ন অপর কোন বলবান্ লোক সেই দস্যুসৈন্য প্রভৃতিকে দমন করিতে পারেন; যদি ব্রাহ্মণ বা বৈশ্য কিংবা

(৩৪)· আত্মত্রাণে দস্যুদোষে সর্ব্বস্বহরণে তথা···নি। (৩৫)·· সংপ্রমূঢ়েষু ক্ষেত্রেষু···বঙ্গ, সংপ্রমূঢ়েষু ক্ষত্রেষু···বর্দ্ধ।

ব্রাহ্মণো যদি বা বৈশ্যঃ শূদ্রো বা রাজসত্তম !
দস্যুভ্যোঽথ প্রজা রক্ষেদ্দণ্ডং ধর্ম্মেণ ধারয়ন্ ॥৩৬॥
কার্য্যং কুর্য্যান্নবা কুর্য্যাৎ স বার্য্যো বা ভবেন্নবা ।
তস্মাচ্ছাস্ত্রং গ্রহীতব্যমন্যত্র ক্ষত্রবন্ধুতঃ ॥৩৭॥ (বিশেষকম্)

ভীষ্ম উবাচ ।

অপারে যো ভবেৎ পারমপ্লবে যঃ প্লবো ভবেৎ ।
শূদ্রো বা যদি বাপ্যন্যঃ সর্ব্বথা মানমর্হতি ॥৩৮॥
যমাশ্রিত্য নরা রাজন্ ! বর্ত্তয়েয়ুর্যথাসুখম্ ।
অনাথাস্তপ্যমানাশ্চ দস্যুভিঃ পরিপীড়িতাঃ ॥৩৯॥
তমেব পূজয়েয়ুস্তে প্রীত্যা স্বমিব বান্ধবম্ ।
মহদ্ধ্যভীষ্টং কৌরব্য ! কর্ত্তা সম্মানমর্হতি ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সৎস্ব, যদি অন্যো বলী অভিভবেৎ দস্যুবলাদীন্ দময়েৎ। হে রাজসত্তম ! ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! কার্য্যং শাসনাদিরাজকর্ম্ম, স বা আর্য্যঃ স্বামী রাজেতি যাবৎ। ক্ষত্রবন্ধুতঃ নিকৃষ্টাৎ ক্ষত্রিয়াৎ, অন্যত্র অন্যেন, তস্মাৎ ব্রাহ্মণাদেঃ শস্ত্রং গ্রহীতব্যং বা ॥৩৫—৩৭॥

অপার ইতি। অপারে পূর্ব্বোক্তে বিপৎসাগরে। পারং তীরস্বরূপঃ, অপ্লবে তরীরহিতে তস্মিন্নেব বিপৎসাগরে, প্লবস্তরীস্বরূপঃ। মানং রাজগৌরবম্ ॥৩৮॥

যমিতি। বর্ত্তয়েয়ুঃ জীবিকাং সম্পাদয়েয়ুঃ। অভীষ্টং রক্ষণম্, কর্ত্তেতি তৃন্ প্রত্যয়ান্তং পদম্, অতএব কর্ম্মণি ন ষষ্ঠী ॥৩৯—৪০॥

শূদ্র ধর্ম্মানুসারে দণ্ডধারণ করিয়া সেই দস্যুগণ হইতে প্রজাগণকে রক্ষা করিতে সমর্থ হন, তাহা হইলে সেই ব্রাহ্মণ বা বৈশ্য বা শূদ্র রাজকার্য্য করিবেন কিনা ? অথবা রাজাই হইবেন কিনা ? কিংবা সেই নিকৃষ্ট ক্ষত্রিয় ভিন্ন অন্য কোন সৎক্ষত্রিয় তাঁহাদের নিকট হইতে অস্ত্র ফিরাইয়া লইবেন ?' ॥৩৫—৩৭॥

ভীষ্ম বলিলেন—'যে শূদ্র কিংবা অন্য যে কোন বর্ণ অপার বিপৎসাগরে পারস্বরূপ হন, কিংবা তরীবিহীন বিপৎসাগরে তরীস্বরূপ হইয়া পড়েন, তিনি সর্ব্বপ্রকারেই রাজসম্মান পাইবার যোগ্য ॥৩৮॥

রাজা ! কৌরবনন্দন ! রক্ষকবিহীন, দস্যুপীড়িত ও ভয়সন্তপ্ত মানুষেরা যাঁহাকে অবলম্বন করিয়া যথাসুখে জীবনযাত্রা নির্ব্বাহ করে, তাঁহাকেই তাহারা আপন বান্ধবের ন্যায় প্রীতি সহকারে পূজা করিবে এবং সেই বিশেষ অভীষ্টসম্পাদনকারী ব্যক্তিই রাজসম্মান পাইবার যোগ্য ॥৩৯—৪০॥

(৩৭)···ন স্ম শস্ত্রং গ্রহীতব্যম্···নি। (৩৯) অনাথাঃ পরিকাল্যন্তঃ···বঙ্গ···বৰ্দ্ধ। (৪০)···অভীরভীক্ষ্ণং কৌরব্য !···বঙ্গ বৰ্দ্ধ।

কিমুক্ষাবহতা কৃত্যং কিং ধেন্বা বাপ্যদুগ্ধয়া।
বন্ধ্যয়া ভার্য্যয়া কোঽর্থঃ কোঽর্থো রাজ্ঞাপ্যরক্ষতা ॥৪১॥
যথা দারুময়ো হস্তী যথা চর্ম্মময়ো মৃগঃ।
যথা হ্যদক্ষঃ পুরুষঃ পথি ক্ষেত্রং যথোষরম্ ॥৪২॥
এবং বিপ্রোঽনধীয়ানো রাজা যশ্চ ন রক্ষিতা।
মেঘো ন বর্ষতে যশ্চ সর্ব্ব এব নিরর্থকাঃ ॥৪৩॥ (যুগ্মকম্)
নিত্যং যস্তু সতোরক্ষেদসতশ্চ নিবর্ত্তয়েৎ।
স এব রাজা কর্ত্তব্যস্তেন সর্ব্বমিদং ধৃতম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথ তত্র পূর্ব্বো রাজা পুনর্গ্রাহ্যো ন বেত্যাহ ত্রিভিঃ কিমিতি। অবহতা ভারং বোঢ়ুমশক্নুবতা, উক্ষ্ণা বৃষেণ, কিং কৃত্যং কার্য্যং সম্ভবতি, অপি তু কিমপি নেত্যর্থঃ। এবমন্যত্র। অর্থঃ প্রয়োজনম্ ॥৪১॥

যথেতি। দারুময়ঃ কাষ্ঠময়ঃ। ক্ষেত্রং ভূমিঃ, উষরং ক্ষারমৃত্তিকাময়ম্, অনধীয়ানো বেদান্ ॥৪২—৪৩॥

নিত্যমিতি। সতঃ সজ্জনান্, নিবর্ত্তয়েদসৎকর্ম্মণঃ। ধৃতং রক্ষিতং ভবেদিতি শেষঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

আদ্যঃ স্বামী চ ভবেন্ন বা? আদ্যে অক্ষত্রিয়োঽপি মান্যঃ স্যাৎ অন্ত্যে সর্ব্বনাশ ইত্যাহ ত্রিভিঃ, অভ্যুত্থিত ইতি ॥৩৫—৩৭॥ আত্মমেব পক্ষমুপাদত্তে অপার ইত্যাদিনা ॥৩৮—৪৪॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬॥

যে বৃষ ভারবহন করিতে পারে না, তাহার দ্বারা কোন কার্য্য হয়? যে ধেনু দুগ্ধদান করে না, তাহা দ্বারাই বা কোন্ প্রয়োজন সাধিত হইতে পারে? যে ভার্য্যা বন্ধ্যা, তাহাদ্বারাই বা কোন্ প্রয়োজন সিদ্ধ হয়? এবং যে রাজা রক্ষা করিতে পারেন না, সে রাজাদ্বারাই বা কি প্রয়োজন সাধিত হইতে পারে? ॥৪১॥

কাষ্ঠময়হস্তী যেমন, চর্ম্মময়হরিণ যেমন, কার্য্যে অনিপুণ পুরুষ যেমন এবং পথে উষরভূমি যেমন, তেমনই অনধ্যায়ী ব্রাহ্মণ, অরক্ষক রাজা এবং অবর্ষাকারী মেঘ। কেন না, উহারা সকলেই নিরর্থক ॥৪২—৪৩॥

(৪১) কিন্তে ধেঽড়ুহো নোহ্যাঃ···বঙ্গ···বর্দ্ধ। কিমনড়ুহা যো ন বহেৎ···নি। (৪২)···যথা হ্যনর্থঃ ষণ্ডো বৈ···পি···বঙ্গ···বর্দ্ধ। (৪৪)···নিবর্হয়েৎ···পি। *···অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

ক সমুত্থাঃ কথংশীলা ঋত্বিজঃ স্যুঃ পিতামহ!।
কথংবিধাশ্চ রাজেন্দ্র! তদ্‌ব্রূহি বদতাং বর! ॥১॥

ভীষ্ম উবাচ।

প্রতিকর্ম্মপরাচার ঋত্বিজাং স্ম বিধীয়তে।
ছন্দঃ সামাদি বিজ্ঞায় দ্বিজানাং শ্রুতমেব চ ॥২॥

ভারতকৌমুদী

কেতি। ক কস্মিন্ নিমিত্তে, সমুত্থাঃ সমুৎপন্নাঃ, কথংশীলাঃ কীদৃশস্বভাবাঃ ॥১॥

প্রতীতি। প্রতিকর্ম্ম শান্তিকপৌষ্টিকাদিকং কার্য্যং তৎপর আচার ইতি সঃ। ছন্দঃ অনুষ্টু-বাদিকম্, সামাদিবেদত্রয়ম্, শ্রুতং মীমাংসাদিশাস্ত্রঞ্চ বিজ্ঞায় স্থিতানাম্, দ্বিজানাং ব্রাহ্মণানাম্, ঋত্বিজামিতি সম্বন্ধঃ ॥২॥

ভারতভাবদীপঃ

স্বাম্যমাত্যসুহৃৎকোশরাষ্ট্রদুর্গবলানাং সপ্তানাং রাজ্যপ্রকৃতিনাং মধ্যে স্বামিরূপা প্রকৃতিঃ ঋত্বিক্ পুরোহিতনৃপভেদেন ত্রিবিধা, তত্রাভ্যর্হিতত্বাৎ প্রথমং পুরোহিতস্ততঃ শেষিত্বাদ্রাজ্ঞা চ নিরূপিত ইদানীমৃত্বিজো নিরূপয়তি—কেত্যাদিনা। কসমুত্থাঃ কস্মিন্নিমিত্ত উদিতাঃ কিমেষাং কর্ত্তব্যং কর্ম্মেত্যর্থঃ ॥১॥ প্রতীতি। যথা যোগশাস্ত্রে মৈত্র্যাদিভিশ্চিত্তপ্রসাদনার্থ্যং প্রতিকর্ম্ম বিধীয়তে এবং রাজ্ঞাং শান্তিকপৌষ্টীকাদিকর্ম্ম প্রয়োগশুদ্ধ্যার্থ্যং প্রতিকর্ম্ম ঋত্বিগ্‌ভিঃ কর্ত্তব্যম্। তত্র পরাচারো-হত্যন্তাভিযোগেনাচরণমৃত্বিজাং বিধীয়তে কীদৃশানাং ছন্দো ঋচঃ সাম আদিপদার্থো যজুঃ শ্রুতং

যিনি সর্ব্বদা সজ্জনদিগকে রক্ষা করিতে পারেন এবং অসজ্জনদিগকে অসৎকর্ম্ম হইতে নিবর্ত্তিত করিতে সমর্থ হন; তাঁহাকেই রাজা করা উচিত। কেন না, তাঁহা-দ্বারাই এই সমস্ত রক্ষিত হইতে পারে' ॥৪৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ বাগ্মিপ্রধান পিতামহ! পুরোহিতগণ কি নিমিত্ত উৎপন্ন হইয়াছেন, তাঁহাদের স্বভাবই বা কিরূপ হইবে এবং প্রকারই বা কীদৃশ হওয়া উচিত; তাহা আপনি বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ছন্দ, সামাদি তিনটী বেদ ও মীমাংসাদি শাস্ত্র যাঁহারা জানেন,

(১) ক সমর্থাঃ···নি।

যে ত্বেকরতয়ো নিত্যং ধীরাশ্চ প্রিয়বাদিনঃ।
পরস্পরস্য সুহৃদঃ সমন্তাৎ সমদর্শিনঃ ॥৩॥
আনৃশংস্যং সত্যবাক্যমকুসীদমথার্জ্জবম্।
অদ্রোহোঽনভিমানশ্চ হ্রীস্তিতিক্ষা দমঃ শমঃ ॥৪॥
ধীমান্ সত্যধৃতির্দান্তো ভূতানামবিহিংসকঃ।
অকামদ্বেষসংযুক্তস্ত্রিভিঃ শুক্লৈঃ সমন্বিতঃ ॥৫॥
অহিংসকো জ্ঞানতৃপ্তঃ স ব্রহ্মাসনমর্হতি।
এতে মহর্ত্বিজস্তাত! সর্ব্বে মান্যা যথার্হতঃ ॥৬॥

ভারতকৌমুদী

য ইতি। একস্মিন্নেব যাজ্যহিতসাধনে রতিরনুরাগো যেষাং তে ॥৩॥

আনৃশংস্যমিতি। আনৃশংস্যং কোমলতা, অকুসীদং উত্তমর্ণভাবেন ধনবৃদ্ধিরাহিত্যম্, আর্জ্জবং সরলতা, হ্রীর্লজ্জা, তিতিক্ষা সহিষ্ণুতা, দমো বহিরিন্দ্রিয়দমনম্। শমঃ অন্তরিন্দ্রিয়নিগ্রহঃ। ইতি তেষাং শীলানি ॥৪॥

ধীমানিতি। সত্যধৃতি র্যথার্থধৈর্য্যঃ, দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ। শুক্লৈর্নির্দ্দোষৈঃ, ত্রিভিঃ পিতৃবংশ-মাতৃবংশব্যবহারৈঃ ॥৫॥

অহিংসক ইতি। ব্রহ্মাসনং হোত্রাদীনাং চতুর্ণাং মধ্যে ব্রহ্মণঃ পদম্। এতে হোত্রাদয়ঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

মীমাংসা তানি বিজ্ঞায় স্থিতানামিতি শেষঃ ॥২॥ এবং কসমুখা ইত্যস্যোত্তরমুক্ত্বা কিংশীলা ইত্যস্যোত্তরমাহ—যে ত্বিতি ॥৩॥ কথম্বিধা ইত্যস্যাহ ত্রিভিঃ—অনৃশংসা ইতি ॥৪॥ ত্রিভিঃ শ্রুতবৃত্তবংশৈঃ শুক্লৈর্নির্দ্দোষৈঃ ॥৫॥ মহর্ত্বিজো ব্রহ্মাদয় উপর্ত্বিজো ব্রাহ্মণাচ্ছংস্যাদয়স্তে যথার্হতো

সেইরূপ ব্রাহ্মণগণই পুরোহিত হইবার যোগ্য, এবং যজমানের শান্তিকর্ম্ম ও পুষ্টিকর্ম্ম প্রভৃতি করাই তাঁহাদের পক্ষে বিহিত হইয়াছে ॥২॥

আর যাঁহারা সর্ব্বদা একমাত্র যজমানের হিতসাধনে নিরত থাকেন, ধীর, প্রিয়বাদী, পরস্পরের সুহৃদ্ ও সর্ব্বত্র সমদর্শী হন, তাঁহারা পুরোহিত হইবার যোগ্য ॥৩॥

কোমলতা, সত্য বাক্য, অনুত্তমর্ণতা, সরলতা, অদ্রোহ, অনভিমান, লজ্জা, সহিষ্ণুতা এবং বহিরিন্দ্রিয় ও অন্তরিন্দ্রিয়দমন এইগুলি তাঁহাদের স্বভাব ॥৪॥

পুরোহিতগণ বুদ্ধিমান্, যথার্থ ধৈর্য্যশালী, জিতেন্দ্রিয়, প্রাণিগণের অহিংসাকারী, কাম ও দ্বেষরহিত এবং বিশুদ্ধ মাতৃবংশ, পিতৃবংশ, ও ব্যবহারসমন্বিত হইবেন ॥৫॥

বৎস! যিনি কাহারও হিংসা করেন না এবং আত্মজ্ঞানেই তৃপ্তিলাভ করেন,

(৩) ইতঃ প্রভৃতি বহব এব পাঠভেদা দৃশ্যন্তে।

যুধিষ্ঠির উবাচ।

যদিদং বেদবচনং দক্ষিণাসু বিধীয়তে।
ইদংদেয়মিদংদেয়ং ন কচিদ্ব্যবতিষ্ঠতে ॥৭॥
নেদং প্রতিধনং শাস্ত্রমাপদ্ধর্ম্মা নু শাস্ত্রতঃ।
আজ্ঞা শাস্ত্রস্য ঘোরেয়ং ন শক্তিং সমবেক্ষতে ॥৮॥
শ্রদ্ধাবতা চ যষ্টব্যমিত্যেষা বৈদিকী শ্রুতিঃ।
মিথ্যোপেতস্য যজ্ঞস্য কিমু শ্রদ্ধা করিষ্যতি ॥৯॥

ভারতকৌমুদী

যদিতি। কচিদপি বস্তুনি ন ব্যবতিষ্ঠতে নিশ্চয়েন নাবতিষ্ঠতে ॥৭॥

নেতি। ধনং প্রতি দক্ষিণার্থদেয়ধনবিষয়ে, ইদং দ্বাদশশতদক্ষিণাবিধানাত্মকং শাস্ত্রম্, আপদ্ধর্ম্মানুশাস্ত্রতঃ আপদ্ধর্ম্মশাস্ত্রাপেক্ষকং ন, দরিদ্রস্য তদ্দানাসম্ভবাৎ। অতএব ইয়ং শাস্ত্রস্যাজ্ঞা ঘোরা। যেন হি শক্তিং দাতুর্দানসামর্থ্যম্, ন সমবেক্ষতে ॥৮॥

অথ দরিদ্রো ন যজতামেবেত্যাহ শ্রদ্ধেতি। "যাবতীর্গাস্তাবন্তি বাসাংসি চরূন্ বা দদ্যাৎ" ইতি দরিদ্রবিষয়ে দ্বাদশশতগোদক্ষিণাস্থানে চরুত্রয়দানমনুকল্পোঽস্তি, স চ মূল্যস্যাত্যন্তবৈষম্যান্মিথ্যাবৎ প্রতিভাতি। তাদৃশমিথ্যোপেতস্য যজ্ঞস্য সম্বন্ধে যজমানস্য শ্রদ্ধা কিমু করিষ্যতি ॥৯॥

ভারতভাবদীপঃ

যথাযোগ্যং মান্যা ধনাদিনা আরাধনীয়াঃ ॥৬॥ ঋত্বিক্প্রসঙ্গাত্তদ্দানার্থাং দক্ষিণাং বিচারয়তি— যদিদমিতি। ন কচিদ্ব্যবতিষ্ঠতে ব্যবস্থাং প্রাপ্নোতি অল্পেঽপ্যপচ্ছেদনিমিত্তে সর্ব্বস্বদক্ষিণাবিধানা-দুত্তরক্রতুবলাপলোপপ্রাপ্তেঃ ॥৭॥ ততশ্চ নেদং শাস্ত্রং প্রতিধনং ধনবিভাগাভিপ্রায়মপি ত্বাপৎ-কল্পাভিপ্রায়ং দ্বাদশশতদক্ষিণাদানাসমর্থস্য সর্ব্বস্বদানং বিধেয়ং অন্যথা দরিদ্রস্য যাগ এব ন ঘটেতেত্যর্থঃ ॥৮॥ নন্বু যাবতীর্গাস্তাবন্তি বাসাংসি চরূন্ বা দদ্যাদিতি দরিদ্রং প্রত্যনুকল্পোঽপ্যস্তীতি চেন্নেত্যাহ—মিথ্যেতি। গোঃ স্থানে চরুমাত্রদানং মিথ্যাচারস্তদুপেতো যজ্ঞঃ শ্রদ্ধয়াঽপি ন সম্পূর্য্যেত

তিনি ব্রহ্মার আসন পাইবার যোগ্য। আর এই মহাপুরোহিতেরা সকলেই যোগ্যতা-নুসারে মাননীয়' ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—'দক্ষিণাসম্বন্ধে এই যে বেদবাক্য দেখা যায় 'ইহা দিবে, ইহা দিবে' এই বেদবিধান কিন্তু কোন নির্দ্দিষ্টবস্তুর উপরে অবস্থিত নহে ॥৭॥

দক্ষিণার্থদেয় ধন বিষয়ে এই শাস্ত্র কিন্তু আপৎকল্পের শাস্ত্রাপেক্ষী নহে। অতএব এই শাস্ত্রের এই আদেশ ভীষণই বটে। কেন না, ইহা যজমানের শক্তি অপেক্ষা করে না ॥৮॥

ওদিকে 'শ্রদ্ধাশীল ব্যক্তি যজ্ঞ করিবে' এরূপ বেদবাক্য রহিয়াছে অথ চ মিথ্যা-বিধানযুক্ত যজ্ঞসম্বন্ধে শ্রদ্ধা কি করিবে!' ॥৯॥

---

(৮)···দেয়ং প্রতিধনং শাস্ত্রমাপদ্ধর্ম্মা ন শাস্ত্রতঃ···নি।

ভীষ্ম উবাচ।

ন বেদানাং পরিভবান্ন শাঠ্যেন ন মায়য়া।
কশ্চিন্মহদবাপ্নোতি মা তে ভূদ্বুদ্ধিরীদৃশী ॥১০॥
যজ্ঞাঙ্গং দক্ষিণা তাত! বেদানাং পরিবৃংহণম্।
ন যজ্ঞা দক্ষিণাহীনা স্তারয়ন্তি কথঞ্চন ॥১১॥
শক্তিস্তু পূর্ণপাত্রেণ সম্মিতা ন সমা ভবেৎ।
অবশ্যং তাত! যষ্টব্যং ত্রিভির্ব্বর্ণৈর্যথাবিধি ॥১২॥

ভারতকৌমুদী

নেতি। পরিভবাৎ তাদৃশমিথ্যাবিধানদর্শনেন তিরস্কারাৎ। মহৎ ফলম্। ঈদৃশী মিথ্যাবিধান-বিষয়া ॥১০॥

যজ্ঞেতি। হে তাত! বৎস! দক্ষিণা যজ্ঞস্যাঙ্গম্; তচ্চ বেদানাং বেদোক্তযজ্ঞানাং পরিবৃংহণং পূর্ণতাজনকম্। অতএব দক্ষিণাহীনা যজ্ঞাঃ কথঞ্চনাপি ন পাপাৎ তারয়ন্তি। তেন চ দরিদ্রেণাপি যথোক্তদক্ষিণানুকল্পরূপমাত্রমপি দেয়মিতি ভাবঃ ॥১১॥

ধনীদরিদ্রভেদেন দক্ষিণাভেদাবশ্যম্ভাবেঽপি ফলসাম্যমাহ শক্তিরিতি। পূর্ণপাত্রেণ লোকপ্রসিদ্ধ-পূর্ণপাত্রমাত্রদানেন, সম্মিতা সম্যক্ পরিমিতা, দরিদ্রস্য শক্তিঃ, ধনিনো দ্বাদশশতদানশক্ত্যা সমা তুল্যা ন ভবেৎ, মূল্যস্যাতিবৈষম্যাৎ, তথাপি ধনীদরিদ্রনির্ব্বিশেষেণ ত্রিভির্ব্রাহ্মণাদিভির্বর্ণৈরবশ্যমেব যথাবিধি যষ্টব্যং যজ্ঞঃ কর্ত্তব্যঃ। দক্ষিণামূল্যবৈষম্যেঽপি সর্ব্বথা ফলসাম্যাৎ, "স্বল্পে মহতি বা তুল্যং ফলমাঢ্যদরিদ্রয়োঃ" ইতি স্মৃতেরিতি ভাবঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥৯॥ সর্ব্বস্বদানশাস্ত্রং দরিদ্রপরং কুর্ব্বতো বেদাবজ্ঞাশাঠ্যং চ ভবতীতি নেদং শাস্ত্রতাৎপর্য্য-মিত্যাহ—নেতি। মহৎ পদম্ ॥১০—১১॥ পূর্ণপাত্রেণেতি যথাসক্তুপ্রস্থস্য দানমশ্বমেধাদপাধিকং

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! বেদের নিন্দা শঠতা কিংবা ছলপ্রয়োগদ্বারা কেহই যজ্ঞের পূর্ণ ফললাভ করিতে পারে না। অতএব তোমার যেন এরূপ বুদ্ধি হয় না ॥১০॥

বৎস! দক্ষিণা যজ্ঞের অঙ্গ, এবং তাহা বেদোক্ত যজ্ঞসকলের পরিপূর্ণতাজনক। অতএব দক্ষিণাবিহীন যজ্ঞ পাপ হইতে উদ্ধার করে না ॥১১॥

বৎস! দরিদ্রের যে কতটুকু দক্ষিণা দিবার শক্তি আছে তাহা কেবল পূর্ণপাত্রদান দ্বারাই বুঝা যায়, অতএব, দরিদ্রের সেই শক্তি দ্বাদশশতদক্ষিণাদানসমর্থ ধনীর শক্তির সহিত সমান হইতে পারে না, তথাপি ধনী ও দরিদ্রনির্ব্বিশেষে ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য এই তিনবর্ণ যথাবিধানে অবশ্যই যজ্ঞ করিবেন ॥১২॥

(১১)···ন মন্ত্রাঃ···নি।

সোমো রাজা ব্রাহ্মণানামিত্যেষা বৈদিকী স্থিতিঃ।
তঞ্চ বিক্রেতুমিচ্ছন্তি ন বৃথা বৃত্তিরিষ্যতে ॥১৩॥
তেন ক্রীতেন যজ্ঞেন ততো যজ্ঞঃ প্রতায়তে।
ইত্যেবং ধর্ম্মতো খ্যাতমৃষিভির্ধর্ম্মচারিভিঃ ॥১৪॥
পুমান্ যজ্ঞশ্চ সোমশ্চ ন্যায়বৃত্তো যদা ভবেৎ।
অন্যায়বৃত্তঃ পুরুষো ন পরস্য ন চাত্মনঃ ॥১৫॥
শারীরং বৃত্তমাস্থায় ইত্যেষা শ্রূয়তে শ্রুতিঃ।
নাতিসম্যক্ প্রণীতানি ব্রাহ্মণানাং মহাত্মনাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

দরিদ্রস্য ব্রাহ্মণস্য পক্ষে যজ্ঞসাধনার্থসংগ্রহোপায়মাহ সোম ইতি। সোমশ্চন্দ্রঃ তদাত্মকঃ সোমরস ইত্যর্থঃ। তং সোমরসঞ্চ ব্রাহ্মণা বিক্রেতুমিচ্ছন্তি যজ্ঞোপযুক্তার্থসংগ্রহায়েতি ভাবঃ। কিন্তু বৃথা যজ্ঞেতরবিষয়সাধনরূপা বৃত্তিঃ সোমবিক্রয়প্রবৃত্তিস্তেষাং মুনিভির্নেষ্যতে ॥১৩॥

তেনেতি। তেন সোমরসবিক্রয়লব্ধেন ধনেন, ক্রীতো যো যজ্ঞো যজ্ঞোপকরণং তেন, যজ্ঞঃ প্রতায়তে বিস্তারেণানুষ্ঠীয়তে। ধর্ম্মতো ধর্ম্মানুসারেণ ॥১৪॥

পুমানিতি। যদা পুমান্ ন্যায়েন বৃত্তঃ প্রবৃত্তঃ অশঠো ভবেৎ, যদা চ যজ্ঞশ্চ, সোমঃ সোমরসশ্চ, ন্যায়বৃত্তঃ অশাঠ্যেন সম্পাদিতো ভবেৎ, তদৈব যজ্ঞঃ সফলো ভবেদিতি শেষঃ। অন্যায়বৃত্তঃ পুরুষঃ, পরস্য নোপকারী, আত্মনশ্চ নোপকারকঃ ॥১৫॥

শারীরমিতি। শারীরং বৃত্তং যজ্ঞোপযোগিধনার্জ্জনায়াসম্, আস্থায় অবলম্ব্য, যজ্ঞাদৌ প্রবৃত্তানাং

ভারতভাবদীপঃ

তত্ত্বদ্দরিদ্রস্য পূর্ণপাত্রং দ্বাদশশতসমমিত্যর্থঃ ॥১২॥ সোমবিক্রয়াদিনাঽপ্যর্থং প্রসাধ্য যষ্টব্যমিত্যাহ দ্বাভ্যাং—সোম ইতি। বৃথা যজ্ঞাদিনিমিত্তং বিনা বৃত্তির্বর্ত্তনং নেষ্যতে ॥১৩॥ তেন সোমবিক্রয়লব্ধেন ধনেন ক্রীতো যো যজ্ঞঃ সোমস্তেন যজ্ঞঃ প্রতায়তে ॥১৪॥ ন্যায়বৃত্তঃ শাঠ্যাদিরহিতঃ ॥১৫॥

এইরূপ বেদোক্তবিধান আছে যে সোম ব্রাহ্মণগণের রাজা; ব্রাহ্মণগণ যজ্ঞোপযোগী অর্থসংগ্রহের জন্য সেই সোমরস বিক্রয় করিবার ইচ্ছা করেন; কিন্তু তাঁহারা তাহা বৃথা বিক্রয় করিতে ইচ্ছা করেন না ॥১৩॥

সেই সোমরসবিক্রয়লব্ধ ধনদ্বারা যজ্ঞের উপকরণ সকল ক্রয় করা হয়, তাহার পরে সেই সকল উপকরণদ্বারা বিস্তৃতভাবে যজ্ঞ করা হইয়া থাকে, ধর্ম্মপরায়ণ ঋষিরা ধর্ম্মানুসারে এইরূপ অভিমত প্রকাশ করিয়াছেন ॥১৪॥

পুরুষ, যজ্ঞ ও সোমরস এই তিনটীই যখন ন্যায়সম্পন্ন হইবে তখনই যজ্ঞ সম্পন্ন হইবে। আর পুরুষ যখন অন্যায়পরায়ণ হয়, তখন সে পরের বা নিজের কাহারও উপকারী হয় না ॥১৫॥

তপো যজ্ঞাদপি শ্রেষ্ঠমিত্যেষা পরমা শ্রুতিঃ।
তত্তে তপঃ প্রবক্ষ্যামি বিদ্বংস্তদপি মে শৃণু ॥১৭॥
অহিংসা সত্যবচনমানৃশংস্যং দমো ঘৃণা।
এতত্তপো বিদুর্ধীরা ন শরীরস্য শোষণম্ ॥১৮॥
অপ্রামাণ্যঞ্চ বেদানাং শাস্ত্রাণাঞ্চাতিলঙ্ঘনম্।
অব্যবস্থা চ সর্ব্বত্র তদ্বৈনাশনমাত্মনঃ ॥১৯॥
নিবোধ দশহোতৄণাং বিধানং পার্থ! যাদৃশম্।
চিত্তঃ স্রুক্ চিত্তমাজ্যঞ্চ পবিত্রং জ্ঞানমুত্তমম্।
ন শাঠ্যং ন চ জিহ্মত্বং কালো দেশশ্চ তে দশ ॥২০॥

ভারতকৌমুদী

মহাত্মনাং ব্রাহ্মণানাম্, অতিসম্যক্প্রণীতানি কৃতান্যপি যজনানি, ন ফলং জনয়ন্তীতি শেষঃ; তত্র শাঠ্যাদিসম্ভবাদিতি ভাবঃ ॥১৬॥

অথ সোমবিক্রয়স্যাপ্যসম্ভবে কিং কার্য্যমিত্যাহ তপ ইতি। তপঃ অনুপদমুচ্যমানম্ ॥১৭॥

অহিংসেতি। আনৃশংস্যং সর্ব্বভূতেষু কোমলতা, দম ইন্দ্রিয়দমনম্ ॥১৮॥

নিষেধ্যান্যাহ অপ্রামাণ্যমিতি। অব্যবস্থা লোকাচারবিরুদ্ধাচরণম্ তৎ সর্ব্বম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

শরীরেতি। দেহধারণমাত্রমাস্থায় প্রবৃত্তানাং ব্রাহ্মণানাং প্রণীতানি প্রণীতাগ্নিসাধ্যানি যজ্ঞাদীনি নাতিসম্যক্ হিংসাময়ত্বান্ন শুভং তৎ ॥১৬॥ কিং তর্হি শুভমত আহ—তপ ইতি ॥১৭॥ অহিংসেতি তপঃ অধ্যয়নং তদর্থানুসন্ধানং চ ঘৃণা দয়া ত্রপা বা ॥১৮—১৯॥ কর্ম্মাণ্যপি জ্ঞানপরাণ্যেবেত্যাহ—

যে সকল মহাত্মা ব্রাহ্মণ কেবল শরীরের পরিশ্রম অবলম্বন করিয়া অতি সমীচীনভাবে যজ্ঞাদি সম্পাদন করেন, তাহার মধ্যেও হিংসাপ্রভৃতি থাকে বলিয়া, তাহাও বিশেষ ফলজনক হয় না, এইরূপই শ্রুতিবাক্য শুনা যায় ॥১৬॥

জ্ঞানবান্ যুধিষ্ঠির! যজ্ঞ অপেক্ষাও তপস্যা শ্রেষ্ঠ, এরূপ পরম বেদবাক্য শুনা যায়, আমি তোমার নিকট সেই তপস্যার বিষয় বলিতেছি, তুমি তাহাও আমার নিকট শ্রবণ কর ॥১৭॥

অহিংসা, সত্য বাক্য, কোমলতা, ইন্দ্রিয়দমন ও সর্ব্বভূতে দয়া, জ্ঞানীরা এই গুলিকেই তপস্যা বলিয়া মনে করেন, কিন্তু কেবল শরীরশোষণকে তপস্যা বলেন না ॥১৮॥

বেদের অপ্রামাণ্য বলা, স্মৃতিপ্রভৃতি অন্যান্য শাস্ত্রের লঙ্ঘন করা এবং সর্ব্বত্র অব্যবস্থা, এইগুলি আত্মনাশের মূল ॥১৯॥

(২০) তৃতীয়াদ্ধং…পি বঙ্গ বদ্ধ নাস্তি।

সর্ব্বং জিহ্মং মৃত্যুপদমার্জ্জবং ব্রহ্মণঃ পদম্ ।
এতাবান্ জ্ঞানবিষয়ঃ কিং প্রলাপঃ করিষ্যতি ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

নিবোধেতি। দশ দশবিধম্, বিধীয়তে অনেনেতি বিধানমুপকরণম্। চিত্তিরুৎকটা প্রবৃত্তিঃ, স্রুক্ চমসাদি, চিত্তং নির্ম্মলং মনঃ, আজ্যং ঘৃতম্, পবিত্রং কুশময়ং প্রসিদ্ধম্, উত্তমং জ্ঞানং সম্যগ্‌বিধিবোধঃ, জিহ্মত্বং কুটিলতা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

সর্ব্বমিতি। জিহ্মং কুটিলত্বম্, মৃত্যোঃ পদং স্থানম্, আর্জ্জবং সারল্যম্, ব্রহ্মণো নির্ব্বাণস্য। জ্ঞানবিষয়ো যজ্ঞবিষয়ে প্রলাপো ভ্রান্তানামনর্থকং বাক্যম্ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি রাজধর্ম্মে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

নিবোধেতি। দশহোতৃণাং চিত্তিঃ স্রুক্ চিত্তমাজ্যমিত্যাদীনাং মন্ত্রাণাং চিত্তিঃ সন্ধানং জীবব্রহ্মণো-রেকীকরণসাধনং যোগস্তৎস্থানেঽত্র স্রুক্। হোতব্যং দ্রব্যং পরাত্মনি প্রবিলাপনীয়ং চিত্তং তৎস্থানেঽত্রাজ্যমিতি। যজ্ঞজ্ঞানং তদেবাত্যন্তং পবিত্রং ন কেবলো যজ্ঞ ইত্যর্থঃ ॥২০॥ জিহ্মং শাঠ্যং আর্জ্জবমবক্রত্বম্ ॥২১॥

ইতি শান্তিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৭॥

——:০:——

পৃথানন্দন! হোতাদের যেরূপ দশপ্রকার যজ্ঞোপকরণ আছে, তাহা তুমি শ্রবণ কর—যজ্ঞে প্রবল প্রবৃত্তি, স্রুক্ স্রুবপ্রভৃতি পাত্র, নির্ম্মল চিত্ত, ঘৃত, পবিত্র, উত্তম বিধিজ্ঞান, অশাঠ্য অকুটিলতা, দেশও কাল ॥২০॥

সর্ব্বপ্রকার কুটিলতাই মৃত্যু সাধন করে, আর সর্ব্বপ্রকার সরলতাই নির্ব্বাণ-মুক্তিসাধক হয়, কেবল ইহাই জানিবার বিষয়; তাহাতে ভ্রান্তদিগের অনর্থক বাক্য কি করিবে' ॥২১॥

——:০:——

* একোনাশীতিতমোঽধ্যায়ঃ···বঙ্গ বর্দ্ধ সি।

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

যদপ্যল্পতরং কর্ম্ম তদপ্যেকেন দুষ্করম্।
পুরুষেণাসহায়েন কিমু রাজ্ঞা পিতামহ ! ॥১॥
কিংশীলঃ কিং সমাচারো রাজ্ঞোঽথ সচিবো ভবেৎ।
কীদৃশে বিশ্বসেদ্রাজা কীদৃশে ন চ বিশ্বসেৎ ॥২॥

ভীষ্ম উবাচ।

চতুর্ব্বিধানি মিত্রাণি রাজ্ঞাং রাজন্ ! ভবন্ত্যুত।
সহার্থো ভজমানশ্চ সহজঃ কৃত্রিমস্তথা ॥৩॥

ভারতকৌমুদী

যদিতি। কর্ম্ম একৈকপরিবারপোষণাদি। ক্ষুদ্রমেকৈকসাংসারিকং কর্ম্ম অসহায়েনৈকপুরুষেণ দুষ্করম্, রাজ্ঞস্থ বৃহদেব রাজ্যকর্ম্ম, তস্য চৈকাকিনো রাজ্ঞঃ সর্ব্বথা দুষ্করত্বমেবেতি সহায়া আবশ্যকা এবেতি ভাবঃ ॥১॥

সহায়ানাঞ্চ মধ্যে সচিব এব প্রথম ইতি তৎপ্রকারান্ পৃচ্ছতি কিমিতি। কিংশীলঃ কীদৃশস্বভাবঃ, কিংসমাচারঃ কীদৃশাচারশ্চ ॥২॥

চতুরিতি। সহ সমানঃ অর্থঃ প্রয়োজনং যস্য স সহার্থঃ, একঃ শক্রর্যাভ্যামুভাভ্যাং দমনীয়স্তাবুভৌ

ভারতভাবদীপঃ

এবং স্বামিসম্পদং নিবিচ্যামাত্যসম্পদং বিবিনক্তি—যদপীত্যাদিনা ॥১॥ যজ্ঞবদ্রাজ্যমপ্যেকাকিনা কর্ত্তুমশক্যমত ঋত্বিজামিব সচিবানামপি পরীক্ষাঽবশ্যং কর্ত্তব্যেত্যর্থঃ ॥২॥ উত্তরমাহ—চতুর্ব্বিধানীতি।

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ ! এক একটী সংসারের যে অতি অল্প অল্প কার্য্য থাকে, নিঃসহায় এক একটী লোকের তাহাও সম্পাদন করা দুষ্কর হইয়া পড়ে; তাহাতে রাজার কার্য্য অতি বৃহৎ; সুতরাং একাকী রাজা কি করিয়া তাহা সম্পাদন করিবেন। (অতএব রাজার রাজকার্য্যসম্পাদনে সহায় গ্রহণ করা অত্যন্ত আবশ্যক। তাহার মধ্যে মন্ত্রী প্রধান সহায়) ॥১॥

সেই রাজমন্ত্রীর কিরূপ স্বভাব এবং কিরূপ আচার হওয়া উচিত? আর রাজা কিরূপ লোকের উপরে বিশ্বাস করিবেন, কিরূপ লোকের উপরেই বা বিশ্বাস করিবেন না ?' ॥২॥

(১)···কিমু রাজাম্···নি। (২) রাজ্ঞো যঃ···নি।

ধর্ম্মাত্মা পঞ্চমং মিত্রং স তু নৈকস্য ন দ্বয়োঃ।
যতো ধর্ম্মস্ততো বা স্যাৎ মধ্যস্থো বা ততো ভবেৎ ॥৪॥
যস্তস্যার্থো ন রোচেত ন তং তস্য প্রকাশয়েৎ।
ধর্ম্মাধর্ম্মেণ রাজানশ্চরন্তি বিজিগীষবঃ ॥৫॥

ভারতকৌমুদী

সহার্থো নাম মিত্রে। ভজমানঃ সেবমানঃ, পিতৃপিতামহক্রমেণাগতঃ সহায়ো ভজমানাখ্যং মিত্রম্। সহজঃ পিতৃস্বস্ত্রীয়াদিঃ। কৃত্রিমো ধনদানাদিদ্বারা সম্পাদিতঃ সহায়ঃ ॥৩॥

ধর্ম্মেতি। ধর্ম্মাত্মা পঞ্চমং মিত্রম্। স চ কস্যাপ্যেকস্য মিত্রং ন ভবতি, দ্বয়োরপি চ মিত্রং ন সম্পদ্যতে। তর্হি তস্য মিত্রত্বমেব কুত ইত্যাহ যত ইতি। যতো যত্রপক্ষে ধর্ম্মঃ, ততস্তত্রপক্ষ এব মিত্রং স্যাৎ। বা অথবা স ততস্তত্র মধ্যস্থো নিরপেক্ষো ভবেৎ, উভয়ত্রাপ্যধর্ম্মদর্শনাৎ ॥৪॥

কিঞ্চাহ য ইতি। যোঽর্থো বিষয়ঃ, তস্য ধার্ম্মিকস্য অধর্ম্মসংস্পৃষ্টতয়া ন রোচেত, তস্যাস্তিকে তমর্থং ন প্রকাশয়েৎ। অথ রাজ্ঞা কথমধর্ম্মসংস্পৃষ্টোঽর্থো গৃহ্যত ইত্যাহ ধর্ম্মেতি। বিজিগীষবো বিজেতুমিচ্ছবঃ; রাজানো হি ধর্ম্মাধর্ম্মেণৈব চরন্তি ব্যবহরন্তি, কেবলধর্ম্মেণ কেবলাধর্ম্মেণ চ কার্য্যসিদ্ধেরভাবাদিতি ভাবঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

সহার্থঃ অয়ং শত্রুকভাভ্যামুন্মূলনীয়োঽস্য রাজ্যমুভাভ্যাং বিভজ্য গ্রাহ্যমিতি পণপূর্ব্বং কৃতঃ। ভজমানঃ পিতৃপৈতামহক্রমাগতঃ সহজো মাতৃস্বস্ত্রীয়াদিঃ। কৃত্রিমো ধনাদিনা আবর্জ্জিতঃ ॥৩॥ নৈকস্যেতি। পক্ষপাতশূন্যঃ ন দ্বয়োরিত্যুভয়বেতনত্বেন কপটকারী। যোঽপ্রার্থিতোঽপি ধর্ম্ম পক্ষপাতী ভবতি তস্যোদাসীনত্বে তু যো ধর্ম্মস্থঃ স তমাশ্রয়েদিত্যর্থঃ ॥৪॥ অর্থো ধর্ম্মাপেতত্বাৎ স্বয়মপি সেঽর্থস্ত্যাজ্য ইত্যাশঙ্ক্যাহ—ধর্ম্মেতি। কেবলেন ধর্ম্মেণ জিগীষবো ন সিধ্যন্তীত্যর্থঃ ॥৫॥ মধ্যমৌ

ভীষ্ম বলিলেন—'নরনাথ! রাজাদের চতুর্ব্বিধ মিত্র (সহায়) হইতে পারে। এক—সহার্থ (একপ্রয়োজনযুক্ত), দ্বিতীয়—ভজমান (পিতৃপিতামহক্রমে আগত), তৃতীয়—সহজ (পিস্তুত ভাই প্রভৃতি), আর চতুর্থ—কৃত্রিম (ধনদানাদিদ্বারা সম্পাদিত সহায়) ॥৩॥

ধর্ম্মাত্মা মানুষমাত্রই পঞ্চম সহায় বা মিত্র; সেই ধর্ম্মাত্মা মানুষ এক জনেরও সহায় হয় না, আবার দুই জনেরও সহায় হয় না; কিন্তু যে পক্ষে ধর্ম্ম দেখেন তিনি সেই পক্ষেরই সহায় হন এবং কোন পক্ষেরই ধর্ম্ম না দেখিলে সম্পূর্ণ নিরপেক্ষ থাকেন ॥৪॥

যে বিষয়টী অধর্ম্মসংস্পৃষ্ট বলিয়া সেই ধার্ম্মিক লোকের অভিপ্রেত নহে, সে বিষয়

(৪)···ধর্ম্মাত্মা পঞ্চমশ্চাপি মিত্রম্···ধর্ম্মস্থো বা···বঙ্গ বর্দ্ধ। (৫) অত্র দাক্ষিণাত্যপুস্তকে বিবিধা এব পাঠভেদা দৃশ্যন্তে।

চতুর্ণাং মধ্যমৌ শ্রেষ্ঠৌ নিত্যং শঙ্ক্যৌ তথাঽপরৌ।
সর্ব্বে নিত্যং শঙ্কিতব্যাঃ প্রত্যক্ষং কার্য্যমাত্মনঃ ॥৬॥
নহি রাজ্ঞা প্রমাদো বৈ কর্ত্তব্যো মিত্ররক্ষণে।
প্রমাদিনং হি রাজানং লোকাঃ পরিভবন্ত্যুত ॥৭॥
অসাধুঃ সাধুতামেতি সাধুর্ভবতি দারুণঃ।
অরিশ্চ মিত্রং ভবতি মিত্রং চাপি প্রদুষ্যতি ॥৮॥
অনিত্যচিত্তঃ পুরুষস্তস্মিন্ কো জাতু বিশ্বসেৎ।
তস্মাৎ প্রধানং যৎকার্য্যং প্রত্যক্ষং তৎসমাচরেৎ ॥৯॥

ভারতকৌমুদী

চতুর্ণামিতি। চতুর্ণাং মিত্রাণাং মধ্যে মধ্যমৌ ভজমানসহজৌ; শ্রেষ্ঠৌ সহসা বিপক্ষত্বাসম্ভবাৎ। তথা অপরৌ সহার্থকৃত্রিমৌ, নিত্যং শঙ্ক্যৌ বিপক্ষীভাবেনাশঙ্কনীয়ৌ, সহার্থস্য কুতোঽপি প্রবলতালাভেনাক্রমণসম্ভবাৎ, কৃত্রিমস্য চ পরপক্ষাদধিকধনলাভেন বিপক্ষতায়া অবশ্যম্ভাবাদিতি ভাবঃ। সর্ব্বে চত্বার এব নিত্যং শঙ্কিতব্যাঃ, তেষামপি স্বার্থান্বেষিত্বাৎ। অতএব আত্মনো মন্ত্রিশাসনাদিকং কার্য্যং তেষাং প্রত্যক্ষং শঙ্কিতব্যম্, তচ্চ ন কর্ত্তব্যমিত্যর্থঃ ॥৬॥

নহীতি। প্রমাদঃ অনবধানতা। পরিভবন্তি অবজানন্তি ॥৭॥

অসাধুরিতি। এতি কার্য্যবশাৎ প্রাপ্নোতি। অতঃ সর্ব্বৈরেব শঙ্কিতব্যমিত্যাশয়ঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

ভজমানসহজৌ। অপরৌ সহার্থকৃত্রিমৌ আস্থঃ ফলপ্রাপ্তিকালে বলবাংশ্চেৎ সর্ব্বমপজিহীর্ষতীতি শঙ্ক্য এব। কৃত্রিমো বিশেষধনলাভাৎ পরকীয়ো ভবিষ্যতীতি সোঽপি শঙ্ক্য এব, সর্ব্বে পঞ্চাপি প্রত্যক্ষং কার্য্যমুদ্দিশ্য মন্ত্রিতমপি দুষ্টামাত্যনিগ্রহাদিকং কার্য্যং পঞ্চানামপি সমক্ষং ন কুর্য্যাদিত্যর্থঃ ॥৬॥ নহীতি। কুমিত্রং সর্ব্বথা হন্তব্যমেবেত্যর্থঃ ॥৭॥ যস্মানৃণাং চলচিত্তত্বাদ্বিপর্য্যাসো মিত্রাদীনাং দৃশ্যতে

তাঁহার নিকট প্রকাশ করিবেন না। কেন না, জয়াভিলাষী রাজারা ধর্ম্ম ও অধর্ম্ম উভয় লইয়াই চলিয়া থাকেন ॥৫॥

উক্ত চতুর্ব্বিধ মিত্রের মধ্যে ভজনান ও সহজ এই দুই প্রকার মিত্রই শ্রেষ্ঠ, অপর দুই প্রকার মিত্রের উপরে সর্ব্বদাই আশঙ্কা করিতে হইবে। তারপর সর্ব্বপ্রকার মিত্রের উপরেই আশঙ্কা রাখিতে হইবে। অতএব, রাজা নিজের মন্ত্রিপ্রভৃতির শাসন মিত্রদের সমক্ষে করিবেন না ॥৬॥

রাজা মিত্ররক্ষার পক্ষে কখনও অনবধানতা করিবেন না। কারণ, অনবধানতাযুক্ত রাজাকে সকলেই অবজ্ঞা করে ॥৭॥

কার্য্যবশতঃ অসাধুও সাধু হয়, আবার সাধুও ভীষণ হইয়া যায় এবং শত্রুও মিত্র হয়, আবার মিত্রও শত্রু হইয়া পড়ে ॥৮॥

একান্তেন হি বিশ্বাসঃ কৃৎস্নো ধর্ম্মার্থনাশকঃ।
অবিশ্বাসশ্চ সর্ব্বত্র মৃত্যুর্নাপি বিশিষ্যতে ॥১০॥
অকালমৃত্যুর্বিশ্বাসোঽবিশ্বসন্ হি বিপদ্যতে।
যস্মিন্ করোতি বিশ্বাসমিচ্ছতস্তস্য জীবতি ॥১১॥
তস্মাদ্বিশ্বসিতব্যঞ্চ শঙ্কিতব্যঞ্চ কেষুচিৎ।
এষা নীতিগতিস্তাত! লক্ষ্যা চৈব সনাতনী ॥১২॥
যং মন্যেত মমাভাবাদিমমর্থাগমঃ স্পৃশেৎ।
নিত্যং তস্মাৎ শঙ্কিতব্যমমিত্রং তদ্বিদুর্বুধাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

ইদানীং বিশ্বাসাবিশ্বাসবিষয়ে উত্তরমাহ অনিত্যেতি। জাতু কদাচিৎ। প্রত্যক্ষমাত্মন এব ॥৯॥

একান্তেনেতি। মৃত্যুর্মৃত্যুতুল্যঃ, নাপি বিশিষ্যতে তয়োর্ভেদো নৈব ক্রিয়তে, উভাভ্যামপি প্রাণহরণাৎ ॥১০॥

অকালেতি। অকালমৃত্যুস্তৎস্বরূপঃ, অবিশ্বসন্ সর্ব্বত্র। তস্য ইচ্ছতঃ তদিচ্ছামাত্রে-ণৈবেত্যর্থঃ ॥১১॥

তস্মাদিতি। নীতের্গতিরবস্থা, লক্ষ্যা অবশ্যং পর্য্যালোচ্যা ॥১২॥

ভারতভাবদীপঃ

তস্মাৎ কচিদপি বিশ্বাসমকৃত্বা কোশদুর্গাদিসংখ্যারক্ষণং স্বপ্রত্যক্ষমেব কুর্য্যাদ্রাজেত্যাহ দ্বাভ্যাং—অসাধুরিতি ॥৮—৯॥ অত্যন্তং বিশ্বাসাবিশ্বাসাবপি বিরুদ্ধাবিত্যাহ ত্রিভিঃ—একান্তেনেতি ॥১০—১২॥

যুধিষ্ঠির! মানুষের মনের ভাব সর্ব্বদা একপ্রকার থাকে না। অতএব, তাহার উপরে কে কখন বিশ্বাস করে? সুতরাং যে কার্য্যটী প্রধান হইবে, রাজা তাহা নিজের সমক্ষে করিবেন ॥৯॥

কোন ব্যক্তির উপরে সর্ব্বপ্রকারে দৃঢ়বিশ্বাস করিলে, কখনও ধর্ম্ম ও অর্থ দুইই নষ্ট হইয়া যায়, আবার সর্ব্বত্র অবিশ্বাস করিলেও তাহা মৃত্যুরই তুল্য হয়, এমন কি সে অবিশ্বাস ও মৃত্যুর কোনই ভেদ থাকে না ॥১০॥

বিশ্বাস করাটা অকালমৃত্যুস্বরূপ; আবার সর্ব্বত্র অবিশ্বাস করিয়াও মানুষ বিপন্ন হয়। যাহার উপরে বিশ্বাস করা হয়, তাহার ইচ্ছানুসারেই মানুষ জীবিত থাকে ॥১১॥

অতএব, বৎস! কতকগুলি লোকের উপরে বিশ্বাসও করিতে হইবে, আবার আশঙ্কাও করিতে হইবে; এই চিরন্তন নীতির উপরে তুমি সর্ব্বদাই লক্ষ্য রাখিবে ॥১২॥

(১০)···মৃত্যুনাপি বিশিষ্যতে···বঙ্গ বৰ্দ্ধ। (১২)···লক্ষ্মীশ্চৈষা সনাতনী···নি।

যস্য ক্ষেত্রাদপ্যুদকং ক্ষেত্রমন্যস্য গচ্ছতি।
ন তত্রানিচ্ছতস্তস্য ভিদ্যেরন্ সর্ব্বসেতবঃ ॥১৪॥
তথৈবাত্যুদকাদ্ভীতস্তস্য ভেদনমিচ্ছতি।
যমেবং লক্ষণং বিদ্যাত্তমমিত্রং বিনির্দ্দিশেৎ ॥১৫॥
যস্তু বৃদ্ধ্যা ন তৃপ্যেত ক্ষয়ে দীনতরো ভবেৎ।
এতদুত্তমমিত্রস্য নিমিত্তমভিচক্ষতে ॥১৬॥

ভারতকৌমুদী

যমিতি। অর্থাগমঃ অর্থসম্পৎ, স্পৃশেৎ সংক্রামেৎ ॥১৩॥

অমিত্রপ্রকারং দর্শয়তি দ্বাভ্যাং যস্যেতি। যস্য ক্ষেত্রাদুদকমপি অন্যস্য ক্ষেত্রং গচ্ছতি, তত্র তেন, অন্যস্য ক্ষেত্রিকস্য অনিচ্ছতঃ সতঃ অনিচ্ছন্তং তমনাদৃত্যেত্যর্থঃ। সর্ব্বসেতবঃ সর্ব্বজলবন্ধা ন ভিদ্যেরন্ ন ভজ্যেরন্, জলাতিরেকেন তস্যান্যস্য শস্যনাশসম্ভবাৎ ॥১৪॥

তথেতি। তস্য জলবন্ধস্য। এবং লক্ষণমীদৃশম্ ॥১৫॥

য ইতি। বৃদ্ধ্যা উন্নত্যা, ন তৃপ্যেত তদধিকবৃদ্ধিলিপ্সাস্থিতেঃ। নিমিত্তং লক্ষণম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

অবিশ্বাসস্থানান্যাহ—যমিতি। ময়ি মৃতেঽয়ং রাজা ভবিষ্যতীতি যং মন্যেত প্রতিবেশী ভ্রাতা বা পুত্রো বাঽস্য তস্মাচ্ছঙ্কিতব্যমেবেত্যর্থঃ ॥১৩॥ অমিত্রস্য লক্ষণান্তরমাহ—যস্যেতি দ্বাভ্যাম্। যথা মহাতটাকসেতুসমীপে যস্য ক্ষেত্রং স চেৎ সেতুং রক্ষতি তর্হি ততোঽর্ব্বাচীনানি ক্ষেত্রাণি সমোদকানি সম্যক্ ফলন্তি। স চেৎ সেতুং ভিনত্তি তদা অতি জলপ্রবাহাৎ ক্ষেত্রাণামুপঘাতো ভবতি। এবং মহতি শত্রৌ সীমান্তপালঃ সম্যক্ সীমাং পালয়তি তদা পররাষ্ট্রাত্তুত্তমপণ্যাগমেন স্বরাষ্ট্রং সুখভাক্ ভবতি স চেৎ সীমাং ভিনত্তি তদা স্বং রাজ্যং বিপক্ষপ্রবেশান্নশ্যতি। তত্র যস্মাৎ সীমান্তপালাদ্ভয়ং সম্ভাবিতং স শত্রুরিতি জ্ঞেয়ম্। যদ্ধীনৌ শত্রুপ্রকোপাপ্রকোপৌ সোঽন্তপালোঽপ্যবিশ্বসনীয় ইত্যর্থঃ। অক্ষরার্থঃ স্পষ্টঃ ॥১৪—১৫॥ মিত্রলক্ষণমাহ—যস্ত্বিতি। বৃদ্ধ্যা ন তৃপ্যেত এতদুক্তমিতি চ পাঠান্তরে

আমার অভাবেও আমার অর্থসম্পত্তি ইহার উপরে যাইয়া বর্ত্তিবে, এইরূপ যাহাকে মনে করিবে, তাহার উপরে সর্ব্বদাই আশঙ্কা রাখিবে। এবং তাহাকেই পণ্ডিতেরা অমিত্র বলিয়া মনে করেন ॥১৩॥

যাহার ক্ষেত্র হইতে জলও অন্যের ক্ষেত্রে যায়, সে স্থলে সেই ব্যক্তি অপরের ইচ্ছা-ব্যতীত জলের সকল বাঁধ ভাঙ্গিয়া দিবে না ॥১৪॥

সে স্থলে অধিক জলের জন্য ভীত হইয়া যে ব্যক্তি সেই নিজের জলের বাঁধ ভাঙ্গিয়া দিতে ইচ্ছা করে, তাহাকে শত্রু বলিয়া জানিবে ॥১৫॥

যাহার উন্নতিতে যাহার আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না এবং যাহার অবনতিতে যে

(১৬) যস্ত বৃদ্ধ্যা…বন্ধ,…ন তপ্যেত · নি।

যং মন্যেত মমাভাবাদস্যাভাবো ভবেদিতি।
তস্মিন্ কুর্ব্বীত বিশ্বাসং যথা পিতরি বৈ তথা ॥১৭॥
তং শক্ত্যা বর্দ্ধমানশ্চ সর্ব্বতঃ পরিবৃংহয়েৎ।
নিত্যং ক্ষতাদ্বারয়তি যো ধর্ম্মেষ্বপি কর্ম্মসু ॥১৮॥
ক্ষতাদ্ভীতং বিজানীয়াদুত্তমং মিত্রলক্ষণম্।
যে যস্য ক্ষতমিচ্ছন্তি তে তস্য রিপবঃ স্মৃতাঃ ॥১৯॥
ব্যসনান্নিত্যভীতো যঃ সমৃদ্ধ্যা যো ন তুষ্যতি।
যৎ স্যাদেবংবিধং মিত্রং তদাত্মসমমুচ্যতে ॥২০॥
রূপবর্ণস্বরোপেতস্তিতিক্ষুরনসূয়কঃ।
কুলীনঃ শীলসম্পন্নঃ স তে স্যাৎ প্রত্যনন্তরঃ ॥২১॥

ভারতকৌমুদী

যমিতি। অস্যাভাবঃ শোকাদিনা মরণম্ ॥১৭॥

তস্মিতি। বর্দ্ধমান উন্নতিং লভমানো জনঃ, পরিবৃংহয়েৎ পরিবর্দ্ধয়েৎ ক্ষতাদ্বিপদঃ, বারয়তি রক্ষেদিত্যর্থঃ ॥১৮॥

ক্ষতাদিতি। ক্ষতাদ্ বিপদঃ। উত্তমং মিত্রলক্ষণং তদ্দয়মেবেত্যর্থঃ। ক্ষতং বিপদমেব ॥১৯॥

ব্যসনাদিতি। ব্যসনাদ্ বিপত্তেঃ, ন তুষ্যতি ঈর্ষান্বিতো ন ভবতি আত্মসমং স্বতুল্যম্ ॥২০॥

পৃষ্টং সচিবমাহ শ্লোকজাতেন রূপেতি। রূপং সৌন্দর্য্যম্, বর্ণো গৌরাদিঃ, স্বরশ্চারুক্ষঃ

অত্যন্ত কাতর হয়, সে ব্যক্তিই সেই ব্যক্তির উত্তম মিত্র ; পণ্ডিতেরা ইহাকেই উত্তম মিত্রের লক্ষণ বলিয়া থাকেন ॥১৬॥

'আমার অভাবে ইহারও অভাবই হইবে ; এইরূপ যাহাকে মনে করিবে, পিতার ন্যায় তাহার উপরেই বিশ্বাস করিবে ॥১৭॥

যে লোক ধর্ম্মকার্য্যে বা অন্যান্য কার্য্যে সর্ব্বদা বিপদ হইতে রক্ষা করে, উন্নতিপরায়ণ লোক, শক্তি অনুসারে সে ব্যক্তিকে উন্নত করিবার চেষ্টা করিবে ॥১৮॥

নিজের বিপদে যাহাকে ভীত বলিয়া জানিবে, তাহাকেই মিত্র বলিয়া মনে করিবে। কেন না, উহাই উত্তম মিত্রের লক্ষণ। আর যাহারা বিপদেরই কামনা করে, তাহাদিগকে শত্রু বলিয়া জানিবে ॥১৯॥

যিনি নিজের বিপদে সর্ব্বদা ভীত হন এবং নিজের সমৃদ্ধিতে ঈর্ষান্বিত হন না, তিনি নিজেরই তুল্য মিত্র বলিয়া কথিত হইয়া থাকেন ॥২০॥

(১৮)···তং শক্ত্যা বর্দ্ধমানশ্চ···নি। (১৯)···যে তস্য···বঙ্গ বর্দ্ধ। (২১)···কুলসম্পন্নঃ স তস্মাৎ··· বঙ্গ বৰ্দ্ধ।

মেধাবী স্মৃতিমান্ দক্ষঃ প্রকৃত্যা চানৃশংস্যবান্।
যো মানিতোঽমানিতো বা ন চ দুষ্যেৎ কদাচন ॥২২॥
ঋত্বিগ্বা যদি বাচার্য্যঃ সখা বাত্যন্তসংস্তুতঃ।
গৃহে বসেদমাত্যস্তে স স্যাৎ পরমপূজিতঃ ॥২৩॥
স তে বিদ্যাৎ পরং মন্ত্রং প্রকৃতিং চার্থধর্ম্ময়োঃ।
বিশ্বাসস্তে ভবেত্তত্র যথা পিতরি বৈ তথা ॥২৪॥
নৈব দ্বৌ ন ত্রয়ঃ কার্য্যা ন মৃষ্যেরন্ পরস্পরম্।
একার্থে হ্যেব ভূতানাং ভেদো ভবতি সর্ব্বদা ॥২৫॥

ভারতকৌমুদী

কণ্ঠধ্বনিস্বৈরূপেতঃ, তিতিক্ষুঃ ক্ষমাবান, অনসূয়কঃ পরদোষানাবিষ্কারী, প্রত্যনন্তরঃ সচিবরূপেণ সন্নিহিতঃ, ॥২১॥

মেধাবীতি। দক্ষঃ সর্ব্বকার্য্যনিপুণঃ, আনৃশংস্যবান্, কোমলতাযুক্তঃ। দুষ্যেৎ বিকৃতবুদ্ধির্ভবেৎ ॥২২॥

ঋত্বিগিতি। অত্যন্তসংস্তুতঃ অতীব পরিচিতঃ, "সংস্তবঃ স্যাৎ পরিচয়" ইত্যমরঃ ॥২৩॥

স ইতি। প্রকৃতিং স্বভাবম্ উৎপত্তিহেতুং বা ॥২৪॥

ভারতভাবদীপঃ

ইদমেবামিত্রলক্ষণং, অদানেতি চ চ্ছেদঃ ॥১৬॥ যন্মিত্রং কত্তু ॥১৭—২৩॥ স ইতি। তত্রার্থপ্রকৃতিধর্ম্মপ্রকৃতিরর্থধর্ম্মপ্রকৃতিশ্চেতি ত্রেধা প্রকৃতিস্তাম্, তত্রাদ্যা—"কৃষির্ব্বণিক্পথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরকরাদানং শূন্যানাং চ নিবেশনম্। অষ্টৌ সন্ধানকর্ম্মাণি প্রযুক্তানি মনীষিভি"রিতি সন্ধানমর্থপ্রাপ্তিঃ ; তথা—"দুর্গাধ্যক্ষো বলাধ্যক্ষো ধর্ম্মাধ্যক্ষশ্চমূপতিঃ। পুরোধা বৈদ্যদৈবজ্ঞৌ সপ্তপ্রকৃতয়স্ত্বিমা" ইতি। তত্র ধর্ম্মাধ্যক্ষো ধর্ম্মপ্রকৃতিঃ, অন্যেঽর্থধর্ম্মপ্রকৃতয় ইতি বিবেকঃ ॥২৪॥

যুধিষ্ঠির! রূপ, বর্ণ ও মধুর স্বরযুক্ত, সহিষ্ণু, পরদোষের অনাবিষ্কারক, সৎকুলোৎপন্ন এবং সৎস্বভাবসম্পন্ন ব্যক্তিই তোমার মন্ত্রী হইবেন ॥২১॥

যিনি মেধাবী, স্মৃতিশক্তিশালী, সর্ব্বকার্য্যনিপুণ ও কোমলস্বভাব হইবেন, এবং যিনি সম্মানিত হউন বা অপমানিতই হউন, কখনও বিকৃত হইয়া না পড়েন (তিনিই তোমার মন্ত্রী হইবেন) ॥২২॥

পুরোহিত, আচার্য্য কিংবা বিশেষ পরিচিত সখা, তোমার মন্ত্রী হইয়া গৃহে সম্মানের সহিত বাস করিবেন ॥২৩॥

তিনি তোমার গুপ্তমন্ত্রণা এবং ধর্ম্ম ও অর্থের উৎপত্তির কারণ জানিবেন; আর তোমারও যেন পিতায় ন্যায় তাঁহার উপরে বিশ্বাস হয় ॥২৪॥

(২২)...ন সন্দুষ্যেৎ...নি। (২৩)...অত্যন্তসৎকৃতঃ...নি। (২৪) সংবিদ্যাঃ পরমং মিত্রম্...নি

কীর্ত্তিপ্রধানো যস্তু স্যাদ্ যশ্চ স্যাৎ সময়ে স্থিতঃ।
সমর্থান্ যশ্চ ন দ্বেষ্টি নানার্থান্ কুরুতে চ যঃ ॥২৬॥
যো ন কামাদ্ভয়াল্লোভাৎ ক্রোধাদ্বা ধর্ম্মমুৎসৃজেৎ।
দক্ষঃ পর্য্যাপ্তবচনঃ স তে স্যাৎ প্রত্যনন্তরঃ ॥২৭॥ (যুগ্মকম্)
কুলীনঃ শীলসম্পন্নস্তিতিক্ষুরবিকত্থনঃ।
শূরশ্চার্য্যশ্চ বিদ্বাংশ্চ প্রতিপত্তিবিশারদঃ ॥২৮॥
এতে হ্যমাত্যাঃ কর্ত্তব্যাঃ সর্ব্বকর্ম্মস্ববস্থিতাঃ।
পূজিতাঃ সংভিক্তাশ্চ সুসহায়াঃ স্বনুষ্ঠিতাঃ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথ কতি সচিবাঃ কর্ত্তব্যা ইত্যাহ নেতি। দ্বৌ সচিবৌ ত্রয়ঃ সচিবা বা। কুত ইত্যাহ নেতি। মৃষ্যেরন্ সহেরন্। ভূতানাং প্রাণিনাং ভেদো মতবৈষম্যম্ ॥২৫॥

কীর্ত্তীতি। কীর্ত্তিপ্রধানঃ কার্য্যনৈপুণ্যেন নিতরাং যশস্বী, সময়ে সদাচারে। সমর্থান্ সর্ব্বকর্ম্ম-সম্পাদনশক্তানন্যান্। দক্ষঃ সর্ব্বকার্য্যকুশলঃ, পর্য্যাপ্তবচনো বাক্পটুঃ। প্রত্যনন্তরঃ সদা সন্নিহিতো মন্ত্রী ॥২৬—২৭॥

কুলীন ইতি। তিতিক্ষুঃ ক্ষমাবান্, অবিকত্থনঃ অনাত্মশ্লাঘাকরঃ। আর্য্যঃ সাধুঃ, প্রতিপত্তি-বিশারদঃ কর্ত্তব্যাকর্ত্তব্যবিবেচননিপুণঃ। সংবিভক্তাস্তারতম্যেন স্থাপিতাঃ, সুষ্ঠু অনুষ্ঠিতং ক্রিয়া যেষাং তে ॥২৮—২৯॥

ভারতভাবদীপঃ

একার্থে একস্মিন্ প্রয়োজনে এক এবাধ্যক্ষঃ কার্য্যশ্চারৈস্তু তদ্গুণদোষান্ সঙ্কলয়েন্ন ত্বেকার্থে দ্বাবধ্যক্ষৌ কার্য্যাবিত্যাহ—একার্থে ইতি ॥২৫॥ সময়ে নীতিমর্য্যাদায়াম্ ॥২৬॥ প্রত্যনন্তরঃ প্রতিনিধিঃ প্রধানঃ ইতি যাবৎ ॥২৭॥ প্রতিপত্তিবিশারদঃ কার্য্যাকার্য্যবিবেককুশলঃ ॥২৮॥ স্বনুষ্ঠিতাঃ সুষ্ঠু অনুষ্ঠিতং কর্ত্তব্যং

তুমি দুই জনকে বা তিন জনকে প্রধান মন্ত্রী করিও না। কেন না, তাহা হইলে তাঁহারা পরস্পরকে সহ্য করিবেন না। কারণ, একই বিষয়ে সর্ব্বদাই প্রাণিগণের পরস্পর মতভেদ হইয়া থাকে ॥২৫॥

যিনি অত্যন্ত যশস্বী ও সদাচারী হইবেন, যিনি শক্তিশালী অন্য ব্যক্তিগণের উপরে বিদ্বেষ করিবেন না, যিনি ইচ্ছা করিয়া অনর্থ ঘটাইবেন না এবং যিনি কাম, ক্রোধ, লোভ ও ভয়বশতঃ ধর্ম্ম পরিত্যাগ করিবেন না, এইরূপ সর্ব্বকার্য্যনিপুণ ও বাক্পটু লোকই যেন তোমার ঘনিষ্ঠ মন্ত্রী হন ॥২৬—২৭॥

সৎকুলোৎপন্ন, সৎস্বভাবসম্পন্ন, ক্ষমাশীল, অনাত্মশ্লাঘাকারী, বীর, সাধুপ্রকৃতি, বিদ্বান্ ও কর্ত্তব্যাকর্ত্তব্যবিবেচনে সুনিপুণ, এইরূপ লোকদিগকেই তুমি মন্ত্রী করিবে। তাঁহারা তোমার সমস্ত কার্য্যেই থাকিবেন, সম্মানিত হইবেন, এবং প্রধান সহায়

কৃৎস্নমেতে বিনিক্ষিপ্তাঃ প্রতিরূপেষু কর্ম্মসু।
যুক্তা মহৎসু কার্য্যেষু শ্রেয়াংস্যুত্থাপয়ন্ত্যত ॥৩০॥
এতে কর্ম্মাণি কুর্ব্বন্তি স্পর্দ্ধমানা মিথঃ সদা।
অনুতিষ্ঠন্তি চৈবার্থমাচক্ষাণাঃ পরস্পরম্ ॥৩১॥
জ্ঞাতিভ্যশ্চৈব বুধ্যেথা মৃত্যোরিব ভয়ং সদা।
উপরাজেব রাজর্দ্ধিং জ্ঞাতির্ন সহতে সদা ॥৩২॥
ঋজোর্মৃদোর্ব্বদান্যস্য হ্রীমতঃ সত্যবাদিনঃ।
নান্যো জ্ঞাতের্মহাবাহো! বিনাশমভিনন্দতি ॥৩৩॥
অজ্ঞাতয়োঽপ্যসুখদা জ্ঞাতয়োঽপি সুখাবহাঃ।
অজ্ঞাতিমন্তং পুরুষং পরে চাভিভবন্ত্যত ॥৩৪॥

ভারতকৌমুদী

কৃৎস্নমিতি। প্রতিরূপেষু অনুরূপেষু কর্ম্মসু, বিনিক্ষিপ্তা নিযুক্তাঃ, এতে মন্ত্রিণঃ, মহৎস্বপি কার্য্যেষু যুক্তা অভিনিবিষ্টাঃ সন্তঃ, কৃৎস্নং যথা স্যাত্তথা, শ্রেয়াংসি রাজ্ঞো মঙ্গলানি, উত্থাপয়ন্তি উৎপাদয়ন্তি ॥৩০॥

এত ইতি। মিথঃ পরস্পরম্। অর্থং কার্য্যম্, আচক্ষাণা ব্রুবাণাঃ ॥৩১॥

জ্ঞাতিভ্য ইতি। উপরাজা সমীপবর্ত্তী রাজা আত্মাধীনঃ। রাজ্ঞঃ স্বস্য, ঋদ্ধিং সম্পদম্ ॥৩২॥

ঋজোরিতি। হে মহাবাহো! জ্ঞাতেরন্যো জনঃ, ঋজোঃ সরলপ্রকৃতেঃ, মৃদোঃ কোমলস্বভাবস্য, বদান্যস্য দানশীলস্য, হ্রীমতো লজ্জাবতঃ সত্যবাদিনশ্চ রাজ্ঞঃ বিনাশং নাভিনন্দতি আনন্দেন ন স্তৌতি; জ্ঞাতিস্তু অভিনন্দত্যেবেত্যর্থঃ। অতএব জ্ঞাতিভ্যো ভয়ং বুধ্যেথা ইতি ভাবঃ ॥৩৩॥

হইয়া, সমীচীনভাবে সমস্ত কার্য্যের অনুষ্ঠান করিবেন; আবার তুমিও তাঁহাদিগকে প্রধান ও অপ্রধানভেদে স্থাপন করিবে ॥২৮—২৯॥

তুমি অনুরূপকার্য্যে ইঁহাদিগকে নিযুক্ত করিলে, ইঁহারাও প্রধান প্রধান কার্য্যে মনোযোগী হইয়া, সর্ব্বপ্রকারে তোমায় মঙ্গল সম্পাদন করিবেন ॥৩০॥

ইঁহারা সর্ব্বদাই পরস্পর স্পর্দ্ধা করিয়া কার্য্য করেন, এবং পরস্পরের সহিত পরামর্শ করিয়া কঠিন কঠিন কার্য্যের অনুষ্ঠান করেন ॥৩১॥

যুধিষ্ঠির! তুমি সর্ব্বদাই মৃত্যুর ন্যায় জ্ঞাতিজনের ভয় করিয়া চলিবে। কেন না, জ্ঞাতিরা অধীনস্থ রাজার ন্যায় রাজার সমৃদ্ধি সহ্য করে না ॥৩২॥

মহাবাহু যুধিষ্ঠির! জ্ঞাতিভিন্ন অন্য কোন ব্যক্তি সরলপ্রকৃতি, কোমলস্বভাব, দাতা, লজ্জাশীল ও সত্যবাদী ব্যক্তির বিনাশের অভিনন্দন করে না ॥৩৩॥

(৩০)..শ্রেয়াংস্যুৎপাদয়ন্ত্যত...নি। (৩২) জ্ঞাতিভ্যো বিভিয়াশ্চৈব মৃত্যোরিব যতব্রতা...নি।
(৩৪) অজ্ঞাতিতোঽপি ন সুখা নাবজ্ঞেয়াস্ততঃপরম্...বঙ্গ বর্দ্ধ।

নিকৃতস্য নরৈরন্যৈর্জ্ঞাতিরেব পরায়ণম্ ।
নান্যো নিকারং সহতে জ্ঞাতির্জ্ঞাতেঃ কদাচন ॥৩৫॥
আত্মানমেব জানাতি নিকৃতং বান্ধবৈরপি ।
তেষু সন্তি গুণাশ্চৈব নৈর্গুণ্যং চৈব লক্ষ্যতে ॥৩৬॥
নাজ্ঞাতিরনুগৃহ্ণাতি ন চাজ্ঞাতির্নমস্যতি ।
উভয়ং জ্ঞাতিবর্গেষু দৃশ্যতে সাধ্বসাধু চ ॥৩৭॥
সম্মানয়েৎ পূজয়েচ্চ বাচা নিত্যঞ্চ কর্ম্মণা ।
কুর্য্যাচ্চ প্রিয়মেতেভ্যো নাপ্রিয়ং কিঞ্চিদাচরেৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

অজ্ঞাতয় ইতি। লোকস্বভাববৈচিত্র্যাদিতি ভাবঃ ॥৩৪॥

নিকৃতস্যেতি। নিকৃতস্য অপমানিতস্য, পরায়ণং পরমাশ্রয়ঃ, অন্যো জ্ঞাতিঃ কদাচনাপি জ্ঞাতেনিকারমপমানং ন সহতে। অতএব জ্ঞাতিরাদরণীয় এবেত্যাশয়ঃ ॥৩৫॥

আত্মানমিতি। জ্ঞাতিঃ খলু বান্ধবৈরবান্ধবৈরপি চ, নিকৃতমপমানিতম্, জ্ঞাতিমবলোকেতি শেষঃ। আত্মানমেব নিকৃতং জানাতি মন্যতে, তেষু জ্ঞাতিষু গুণা দয়াদাক্ষিণ্যাদয়ঃ সন্তি; অথ চ জ্ঞাতিভিন্নেষু জ্ঞাতিষু, নৈর্গুণ্যং গুণহীনতা লক্ষ্যত ইব ॥৩৬॥

নেতি। নমস্যতি অবনতস্তিষ্ঠতি। উভয়ং বৃত্তম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

যেষাং তে ॥২৯॥ কৃৎস্নমপ্রতিকঞ্চুকং যথা স্যাত্তথা বিনিক্ষিপ্য অধিকৃতাঃ, প্রতিরূপেষ্বনুরূপেষু কর্ম্মস্বায়ব্যয়সঙ্কলনাদিষু কার্য্যেষু পরাভিভবাদিষু ॥৩০—৩১॥ উপরাজা সমীপবর্ত্তী সামন্তঃ ॥৩২—৩৪॥ নিকৃতস্য লজ্জিতস্য নান্যঃ পরায়ণং কথঞ্চ কথমপি ন সহতে ইত্যন্বয়ঃ ॥৩৫॥ বান্ধবৈঃ সম্বন্ধিভির্নিকৃতে

আবার জ্ঞাতিভিন্ন অন্য লোকেরাও মানুষের দুঃখ উৎপাদন করে এবং জ্ঞাতিরাও সুখসম্পাদন করিয়া থাকে। তবে একথা সত্য যে, অন্য লোকেরা জ্ঞাতিহীন মানুষকে অভিভূত করিয়া থাকে ॥৩৪॥

অন্য লোক মানুষের অপমান করিলে জ্ঞাতিই তাহার প্রধান অবলম্বন হয়, কারণ, এক জ্ঞাতি অপর জ্ঞাতির অপমান কখনও সহ্য করে না ॥৩৫॥

আত্মীয় বা অনাত্মীয় লোক কোন জ্ঞাতির অপমান করিলে, অপর জ্ঞাতি আপনাকেই অপমানিত বলিয়া মনে করে, এবং জ্ঞাতির সমস্ত গুণ রহিয়াছে; তথাপি অন্য জ্ঞাতি তাহার গুণহীনতাই যেন দেখিতে পায় ॥৩৬॥

জ্ঞাতিভিন্ন অপর লোক অনুগ্রহ করেনা এবং জ্ঞাতিভিন্ন অন্য লোক অবনত হইয়া থাকে না, আর জ্ঞাতিবর্গে ভালমন্দ দুইই দেখা যায় ॥৩৭॥

---

(৩৭)···নাজ্ঞাতির্ভিন্নস্তে···নি।